শ্রীশ্রীনিতাই-গৌর-সীতানাথাঃ জয়ন্তু



শ্রীশ্রীচৈতন্যলীলার আদিব্যাস শ্রীশ্রীনিত্যানন্দকৃপা-পাত্র

অপ্রাকৃত মহাকবি শ্রীশ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

শ্রীশ্রীচৈতন্যভাগবত

অন্ত্যখণ্ড

অকিঞ্চন—

নিত্যলীলাপ্রবিষ্ট—শ্রীশ্রীমৎ-পুরীদাস গোস্বামী মহাশয়

কর্ত্তৃক সম্পাদিত

শ্রীশ্রীনিতাই-গৌর-সীতানাথাঃ জয়ন্তু

* শ্রীকৃষ্ণচৈতন্য-শচীসুত-গৌরগুণধাম *

সূচীপত্র

অন্ত্যখণ্ড

শ্রীশ্রীনিত্যানন্দগৌরচন্দ্রৌ জয়তঃ

শ্রীশ্রীগৌড়ীয়-গৌরব-গ্রন্থ-গুটিকা—

শ্রীশ্রীচৈতন্যলীলার আদিব্যাস শ্রীশ্রীনিত্যানন্দকৃপা-পাত্র

অপ্রাকৃত মহাকবি শ্রীশ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

শ্রীশ্রীচৈতন্যভাগবত

অন্ত্যখণ্ড

প্রথম অধ্যায়

শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রায় নমঃ *

(মঙ্গলাচরণ)

তথা হি শ্রীমুরারিগুপ্তস্য কড়চায়াম্—

অবতীর্ণৌ স-কারুণ্যৌ পরিচ্ছিন্নৌ সদীশ্বরৌ। শ্রীকৃষ্ণচৈতন্যনিত্যানন্দৌ দ্বৌ ভ্রাতরৌ ভজে॥ ১

নমস্ত্রিকাল-সত্যায়, জগন্নাথ-সুতায় চ। স-ভৃত্যায় স-পুত্রায়, স-কলত্রায় তে নমঃ॥ ২

জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য লক্ষ্মীকান্ত। জয় জয় নিত্যানন্দ-বল্লভ একান্ত॥ ৩

জয় জয় বৈকুণ্ঠ-ঈশ্বর ন্যাসিরাজ। জয় জয় গৌরচন্দ্র-ভকত-সমাজ॥ ৪

জয় জয় পতিতপাবন গৌরচন্দ্র। দান দেহ' হৃদয়ে তোমার পদ-দ্বন্দ্ব॥ ৫

বিভিন্ন পুঁথির ও মুদ্রিত-গ্রন্থের পাঠান্তরের সাংকেতিক-চিহ্ন—'ক' প্রায় দেড় শত বৎসরের প্রাচীন কলিকাতা-বিশ্ববিদ্যালয়ে রক্ষিত ৪৯৭ সংখ্যক করলিপি; 'খ' ১৬৭০ তম শকাব্দে (=১১৫৫তম বঙ্গাব্দে) লিখিত বরাহনগর শ্রীমদ্-ভাগবতাচার্য পাদের শ্রীপাটস্থিত শ্রীগৌরাঙ্গ-গ্রন্থমন্দিরে রক্ষিত ৪৯৪-সংখ্যক করলিপি; 'গ' ১৬৮০ তম শকাব্দে (=১১৬৫ তম বঙ্গাব্দে) লিখিত ঢাকা-বিশ্ববিদ্যালয়ে রক্ষিত ২৩৫২ সি-সংখ্যক করলিপি; 'ঘ' ১১২৭ তম বঙ্গাব্দে লিখিত বঙ্গীয়-সাহিত্য-পরিষদে রক্ষিত ২০৮-সংখ্যক করলিপি; 'ঙ' বরাহনগর শ্রীমদ্ভাগবতাচার্য পাদের শ্রীপাটস্থিত শ্রীগৌরাঙ্গ-গ্রন্থ-মন্দিরে রক্ষিত ৪৭৯-সংখ্যক করলিপি; 'চ' ১২০৪ তম বঙ্গাব্দে লিখিত শ্রীব্রজমণ্ডল হইতে সংগৃহীত করলিপি; 'ছ' শ্রীপাট দেন্দুড় হইতে সংগৃহীত করলিপি; 'জ' ১২০৭ তম বঙ্গাব্দে লিখিত ঢাকা-বিশ্ববিদ্যালয়ে রক্ষিত ২০৫-সংখ্যক করলিপি; 'ঝ' ৪২৮ তম শ্রীচৈতন্যাব্দে (=১৩২১ তম বঙ্গাব্দে) শ্রীঅতুলকৃষ্ণ গোস্বামি-সম্পাদিত মুদ্রিত-গ্রন্থ (২য় সংস্করণ); 'ঞ' ১৩২০ তম বঙ্গাব্দে বহরমপুরস্থিত রাধারমণ-যন্ত্রে শ্রীরামদেবমিশ্র-কর্তৃক প্রকাশিত মুদ্রিতগ্রন্থ; 'ক্বচিৎপাঠ'—কোন কোন মুদ্রিত শ্রীচৈতন্যভাগবত গ্রন্থের পাদটীকায় অনুল্লিখিত পুঁথির বা মুদ্রিত-পুস্তকের বিশেষ বিশেষ পাঠ।

* শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রায় নমঃ [ক, গ], শ্রীশ্রীকৃষ্ণচৈতন্য জয়তি [খ], শ্রীশ্রীরাধাকৃষ্ণৌ জয়তঃ [ঘ], শ্রীকৃষ্ণচৈতন্যায় নমঃ [ছ]; ৪ (৩য়) শ্রীগৌরসুন্দর [ঘ, ঙ, জ]; ৫ (৩য়) -নায়ক [ক], (১ম) জয় শ্রীভকত- [খ, গ, ঘ, ঝ], চৈতন্যের ভকত- [ঙ, জ]।

জয় জয় শেষ-রমা-অজ-ভব-নাথ। জীব-প্রতি কর' প্রভু! শুভদৃষ্টিপাত ॥ ৬
ভক্তগোষ্ঠী-সহিত গৌরাঙ্গ জয় জয়। শুনিলে চৈতন্যকথা ভক্তি লভ্য হয় ॥ ৭
শেষখণ্ড-কথা ভাই! শুন এক-চিত্তে। নীলাচলে গৌরচন্দ্র আইলা যে-মতে ॥ ৮
করিয়া সন্ন্যাস বৈকুণ্ঠের অধীশ্বর। সে রাত্রি আছিলা প্রভু কণ্টক-নগর ॥ ৯
করিলেন মাত্র প্রভু সন্ন্যাস-গ্রহণ। মুকুন্দেরে আজ্ঞা হৈল করিতে কীর্তন ॥ ১০
'বোল বোল' বলি' প্রভু আরম্ভিলা নৃত্য। চতুর্দিগে গাইতে লাগিলা সব ভৃত্য ॥১১
শ্বাস, হাস, স্বেদ, কম্প, পুলক, হুঙ্কার। না জানি—কতেক হয় প্রেমের বিকার ॥১২
কোটিসিংহ-প্রায় যেন বিশাল গর্জন। আছাড় দেখিতে ভয় পায় সর্বজন ॥ ১৩
কোন্ দিগে দণ্ড কমণ্ডলু বা পড়িল। নিজ-প্রেমে বৈকুণ্ঠের পতি মত্ত হৈল ॥ ১৪
নাচিতে নাচিতে প্রভু গুরুরে ধরিয়া। আলিঙ্গন করিলেন বড় তুষ্ট হৈয়া ॥ ১৫
পাইয়া প্রভুর অনুগ্রহ-আলিঙ্গন। ভারতীর প্রেমভক্তি হইল তখন ॥ ১৬
পাক দিয়া দণ্ড-কমণ্ডলু দূরে ফেলি'। সুকৃতি ভারতী নাচে 'হরি হরি' বলি' ॥ ১৭
বাহ্য দূরে গেল ভারতীর প্রেমরসে। গড়াগড়ি যায়, বস্ত্র না সম্বরে' শেষে ॥ ১৮
ভারতীরে কৃপা হৈল প্রভুর দেখিয়া। সর্বগণ 'হরি' বোলে ডাকিয়া ডাকিয়া ॥ ১৯
সন্তোষে গুরুর সঙ্গে প্রভু করে' নৃত্য। দেখিয়া পরম-সুখে গায় সব ভৃত্য ॥ ২০
চারি-বেদে ধ্যানে যাঁ'রে দেখিতে দুষ্কর। তাঁ'র সঙ্গে সাক্ষাতে নাচয়ে ন্যাসিবর ॥২১
কেশব-ভারতী-পা'য়ে বহু নমস্কার। অনন্ত-ব্রহ্মাণ্ড-নাথ শিষ্য-রূপে যাঁ'র ॥ ২২
এইমত সর্বরাত্রি গুরুর সংহতি। নৃত্য করিলেন বৈকুণ্ঠের অধিপতি ॥ ২৩
প্রভাত হইলে প্রভু বাহ্য প্রকাশিয়া। চলিলেন গুরু-স্থানে বিদায় হইয়া ॥ ২৪
"অরণ্যে প্রবিষ্ট মুই হইমু সর্বথা। প্রাণনাথ মোর কৃষ্ণচন্দ্র পাঙ যথা ॥" ২৫
গুরু বোলে "আমিহ চলিমু তোমা'সঙ্গে। থাকিমু তোমার সঙ্গে সংকীর্তন-রঙ্গে ॥২৬

পাদটীকায় ব্যবহৃত প্রথম-বন্ধনীর বামদিকে মুদ্রিত সংখ্যাটি মূল পয়ারের পংক্তির ক্রমিক-সংখ্যা-নির্দেশক (এই সংখ্যাগুলি পয়ারের বামপার্শ্বে বা প্রান্তে ৫,১০,১৫ ইত্যাদিক্রমে গ্রন্থের প্রতিপৃষ্ঠায় মুদ্রিত আছে); (১ম), (২য়), (৩য়) এইরূপ প্রথম-বন্ধনীর মধ্যস্থিত সংখ্যাগুলি—ঐ পংক্তিতে যতগুলি পদ আছে, তাহাদের সংখ্যা-জ্ঞাপক; হাইফেন্-দ্বারা সংযুক্ত সমাসবদ্ধ একাধিক পদগুলি একটিমাত্র পদরূপে গণিত হইয়াছে; পাঠান্তরের পর [ক], [খ], [গ]—এইরূপ তৃতীয়-বন্ধনীর মধ্যস্থিত বর্ণগুলি—উপরি-বর্ণিত পুঁথির ও মুদ্রিত গ্রন্থের পরিচায়ক সাংকেতিক-চিহ্ন। সমাসবদ্ধ-পদস্থ প্রথমপদের পাঠান্তরে—দক্ষিণে হাইফেন্, শেষপদের পাঠান্তরে—বামে হাইফেন্ এবং মধ্যপদের পাঠান্তরে—দক্ষিণে ও বামে, দুইদিকে হাইফেন্ ব্যবহৃত হইয়াছে।

৩ (৪র্থ) -মনে [ঘ, জ], (৮ম) যেমনে [ঘ, জ]; ৬ (৭ম—৯ম) দেখিয়া পরম সুখ পায় [চ]; ৭ (৩য়) প্রেম [ক, খ, গ, চ], (১১শ) আনন্দ- [ক, ঘ], অন্তর- [খ, ছ], অনন্ত [গ, চ, জ, ঝ, ঞ]; ৮ (৩য়) বিলাস [ঘ], হুঙ্কার [জ]; ১১ (২য়,৩য়) বৈকুণ্ঠ-নায়কের আলিঙ্গন [ঘ, ঙ, জ], (৫ম বিষ্ণু- [ক, খ, ঘ, ঙ, চ, জ, ঝ]; ১৩ (৮ম) বাস [ঘ, ঙ, জ]; ১৪ (৬ষ্ঠ) নিরবধি [ক, খ, গ]; ১৭ (২য়) মোর [ক], বহুক [জ]; ১৯ (৯ম) করিয়া [ঘ, ঝ, ঞ]; ২০ (১ম—৪র্থ) প্রভু কহে মুই চলি' যাইব [চ], (৭ম, ৮ম) কৃষ্ণচন্দ্র দেখা [চ]; ২১ (৯ম) কৃষ্ণকথা- [খ], কৃষ্ণপ্রেম- [জ]।

কৃপা করি' প্রভু সঙ্গে লইলেন তানে। অগ্রে গুরু করিয়া চলিলা প্রভু বনে ॥ ২৭
তবে চন্দ্রশেখর-আচার্যে কোলে করি'। উচ্চস্বরে কান্দিতে লাগিলা গৌরহরি ॥২৮
"গৃহে চল, তুমি সর্ব বৈষ্ণবের স্থানে। কহিও সভারে,—'আমি চলিলাঙ বনে' ॥ ২৯
গৃহে চল, তুমি দুঃখ না ভাবিহ মনে। তোমার হৃদয়ে আমি বন্দী সর্বক্ষণে ॥ ৩০
তুমি মোর পিতা—মুঞি নন্দন তোমার। জন্ম জন্ম তুমি প্রেম-সংহতি আমার ॥"৩১
এতেক বলিয়া তানে ঠাকুর চলিলা। মূর্ছাগত হঞা চন্দ্রশেখর পড়িলা ॥ ৩২
কৃষ্ণের অচিন্ত্য শক্তি বুঝন না যায়। অতএব সে-বিরহে প্রাণ রক্ষা পায় ॥ ৩৩
ক্ষণেকে চৈতন্য পাঞা শ্রীচন্দ্রশেখর। নবদ্বীপ-প্রতি তিঁহো চলিলা সত্বর ॥ ৩৪
তবে নবদ্বীপে চন্দ্রশেখর আইলা। সভা'স্থানে কহিলেন, "প্রভু বনে গেলা" ॥ ৩৫
শ্রীচন্দ্রশেখর-মুখে শুনি' ভক্তগণ। আর্তনাদে লাগিলেন করিতে ক্রন্দন ॥ ৩৬
অদ্বৈত শুনিবা মাত্র হইলা মূর্ছিত। প্রাণ নাহি দেহে, প্রভু পড়িলা ভূমিত ॥ ৩৭
শচীঠাকুরাণী রহে শুনি' জড় হৈয়া। কৃত্রিম-পুতলি যেন আছে দাণ্ডাইয়া ॥ ৩৮
ভক্ত-পত্নী সব যত পতিব্রতাগণ। ভূমিতে পড়িয়া সভে করেন ক্রন্দন ॥ ৩৯
কোটি-মুখ হইলেও সে-সব বিলাপ। বর্ণিতে না পারি তাঁ'সভার অনুতাপ ॥ ৪০
অদ্বৈত বোলয়ে, "মোর না রহে জীবন।" বিদরে পাষাণ কাষ্ঠ শুনি' সে ক্রন্দন ॥৪১
অদ্বৈত বোলয়ে, "আর কি কার্য জীবনে ?—সে-হেন ঠাকুর মোরে ছাড়িলা যখনে ॥৪২
প্রবিষ্ট হইমু আজি সর্বথা গঙ্গায়। দিনে লোক ধরিবেক, চলিমু নিশায় ॥" ৪৩
এইমত প্রভুর বিরহে ভক্তগণ। সভার হইল বড় চিত্ত উচাটন ॥ ৪৪
কোনমতে চিত্তে কেহো স্বাস্থ্য নাহি পায়। দেহ ছাড়িবারে সভে নিরবধি চায় ॥ ৪৫
যদ্যপিও সভেই পরম-মহাধীর। তভু কেহো কা'রেও করিতে নারে' স্থির ॥ ৪৬
ভক্তগণ দেহত্যাগ ভাবিলা নিশ্চয়। জানি' সভা' প্রবোধি' আকাশবাণী হয় ॥ ৪৭
"দুঃখ না ভাবিহ অদ্বৈতাদি ভক্তগণ! সভে সুখে কর' কৃষ্ণচন্দ্র-আরাধন ॥ ৪৮
সেই প্রভু এই দিন-দুই-চারি-ব্যাজে। আসিয়া মিলিব তোমা' সভাকার মাঝে ॥৪৯
দেহত্যাগ কেহো কিছু না ভাবিহ মনে। পূর্বমত সভে বিহরিবা প্রভু-সনে ॥" ৫০
শুনিঞা আকাশ-বাণী সর্বভক্তগণ। দেহত্যাগ প্রতি সভে ছাড়িলেন মন ॥ ৫১
করি' অবলম্বন প্রভুর গুণ-নাম। শচী বেঢ়ি' ভক্তগণ থাকে আবরাম ॥ ৫২

---

৪ (১১শ) আছি [ক], বসি [ঙ, ঞ]; ৭ (২য়) অনন্ত [চ]; ১০ (৪র্থ—৬ষ্ঠ) আর্তনাদ করি সভে করেন [খ, ঙ, চ]; ১১ (১ম—৪র্থ) শুনিঞা হইয়া মাত্র অদ্বৈত [ক, ঘ, চ, ছ, জ, ঝ, ঞ]; ১২ (১ম) শচীদেবী [ক, গ, ঘ, ঙ, চ, জ, ঞ], (২য়, ৩য়) নীরব হইলা [ক], বোল রহিলেন [গ], বোল হরিলেন [ঘ, জ], বোল শুনি রহে [ঙ, চ], (৬ষ্ঠ) চিত্রের পুতলি [চ, ছ], (৭ম) প্রায় [ঘ, জ]; ১৭ (৩য়) মুঞি [ক, খ, ঙ]; ১৮ (২য়, ৩য়) বিরহে সকল [খ, গ, ঝ, ঞ]; ১৯ (৪র্থ) স্বস্তি [ক, চ], (৮ম) এড়িবারে [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ, ঝ, ঞ]; ২৪ (৭ম) পূর্ববৎ [ঘ], পুনরপি [চ]; ২৫ (৩য়) মহা- [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ, ঝ]; ২৬ (৩য়) কৃষ্ণের [ছ], (৩য়, ৪র্থ) সভে প্রভুর নাম [চ], (৪র্থ) গুণগ্রাম [ঘ, জ]।

তবে গৌরচন্দ্র সন্ন্যাসীর চূড়ামণি। চলিলা পশ্চিম-মুখে করি' হরিধ্বনি ॥ ৫৩
নিত্যানন্দ, গদাধর, মুকুন্দ-সংহতি। গোবিন্দ পশ্চাতে, আগে কেশবভারতী ॥ ৫৪
চলিলেই মাত্র প্রভু মত্ত-সিংহ-প্রায়। লক্ষ কোটি লোক পাছে পাছে কান্দি' যায় ॥ ৫৫
চতুর্দিগে বন ভাঙ্গি' লোক সব ধায়। সভারে করেন প্রভু কৃপা অমায়ায় ॥ ৫৬
"সভে ঘরে যাহ, গিয়া লহ কৃষ্ণনাম। সভার হউক কৃষ্ণচন্দ্র ধন প্রাণ ॥ ৫৭
ব্রহ্মা-শিব-শুকাদি যে-রস বাঞ্ছা করে। হেন রস হউ তোমা সভার শরীরে ॥" ৫৮
বর শুনি' সর্বলোক কান্দে উচ্চস্বরে। পরবশ-প্রায় সভে আইলেন ঘরে ॥ ৫৯
রাঢ়ে আসি' গৌরচন্দ্র হইলা প্রবেশ। অদ্যাপিহ সেই ভাগ্যে ধন্য রাঢ়দেশ ॥ ৬০
রাঢ়দেশ-ভূমি যত দেখিতে সুন্দর। চতুর্দিগে অশ্বত্থ-মণ্ডলী মনোহর ॥ ৬১
স্বভাব-সুন্দর স্থান শোভে গাভীগণে। দেখিয়া আবিষ্ট প্রভু হৈলা সেইক্ষণে ॥ ৬২
'বোল বোল' বলি' প্রভু আরম্ভিলা নৃত্য। চতুর্দিগে গাইতে লাগিলা সব ভৃত্য ॥ ৬৩
হুঙ্কার গর্জন করে' বৈকুণ্ঠের রায়। জগতের চিত্তবৃত্তি শুনি' শোধ পায় ॥ ৬৪
এইমত প্রভু ধন্য করি' রাঢ়দেশ। সর্বপথে চলিলেন করি' নৃত্যাবেশ ॥ ৬৫
প্রভু বোলে, "বক্রেশ্বর আছেন যে-বনে। তথাই যাইমু মুঞি থাকিমু নির্জনে ॥" ৬৬
এত বলি' প্রভু প্রেমাবেশে চলি' যায়। নিত্যানন্দ-আদি সভে পাছে পাছে ধায় ॥ ৬৭
অদ্ভুত প্রভুর নৃত্য, অদ্ভুত কীর্তন। শুনি' মাত্র ধাইয়া আইসে সর্বজন ॥ ৬৮
যদ্যপিহ কোন দেশে নাহি সংকীর্তন। কেহো নাহি দেখে কৃষ্ণপ্রেমের ক্রন্দন ॥ ৬৯
তথাপিহ প্রভুর দেখি' অদ্ভুত ক্রন্দন। দণ্ডবত হইয়া পড়য়ে সর্বজন ॥ ৭০
তঁহি মধ্যে কেহো কেহো অত্যন্ত পামর। তা'রা বোলে, "এত কেনে কান্দেন বিস্তর ?" ৭১
সেই সব জন এবে প্রভুর কৃপায়। সেই প্রেম সঙরিয়া কান্দি' গড়ি যায় ॥ ৭২
সকল ভুবন এবে গায় গৌরচন্দ্র। তথাপিহ সবে নাহি গায় ভূতবৃন্দ ॥ ৭৩
শ্রীকৃষ্ণচৈতন্য-নামে বিমুখ যে-জন। নিশ্চয় জানিহ সেই পাপী ভূতগণ ॥ ৭৪
হেনমতে নৃত্যরসে বৈকুণ্ঠের নাথ। চলিয়া যায়েন সর্ব-ভক্তগণ-সাথ ॥ ৭৫
দিন-অবশেষে প্রভু এক ধন্য গ্রামে। রহিলেন পুণ্যবন্ত-ব্রাহ্মণ-আশ্রমে ॥ ৭৬
ভিক্ষা করি' মহাপ্রভু করিলা শয়ন। চতুর্দিগে বেঢ়িয়া শুইলা ভক্তগণ ॥ ৭৭
প্রহর-খানেক নিশা থাকিতে ঠাকুর। সভা' ছাড়ি' পলাইয়া গেলা কথোদূর ॥ ৭৮
শেষে সভে উঠিয়া চাহেন ভক্তগণ। না দেখিয়া প্রভু সভে করেন ক্রন্দন ॥ ৭৯

---

১ (৩য়) প্রভুন্যাসি- [চ], সর্বন্যাসি- [ক্বচিৎ পাঠ], (৪র্থ) শিরোমণি [জ]; ৪ (৫ম,৬ষ্ঠ) কান্দি যায় [গ,ঘ, ঞ], পাছে যায় [জ]; ৫ (৬ষ্ঠ) হরিনাম [ক, গ, ঘ, জ, ঝ]; ৭ (৮ম) আইলা ঘরে [ক্বচিৎ পাঠ]; ৮ (৩য়) মহাপ্রভু [ক, জ]; ১২ (৪র্থ) ত্রিদশের [ক], শ্রীবৈকুণ্ঠ- [ছ], (৯ম) শুদ্ধি [ক], সুখ [থ, ঘ, ছ], শৌস্থ্য বা সাধ [ক্বচিৎ পাঠ]; ১৫ (১ম—৩য়) এতেক বলিয়া [ঞ], (৪র্থ) নৃত্যাবেশে [ঘ, জ]; ১৯ (১১শ, ১২শ) কান্দে নিরন্তর [ছ]; ২১ (৭ম) মাত্র [ঘ, জ]; ২৪ (২য়) শ্রমে [ক, চ]।

সর্ব-গ্রাম বিচার করিয়া ভক্তগণ। প্রান্তর-ভূমিতে তবে করিলা গমন ॥ ৮০
নিজ-প্রেমরসে বৈকুণ্ঠের অধীশ্বর। প্রান্তরে রোদন করে' করি' উচ্চস্বর ॥ ৮১
"কৃষ্ণরে প্রভুরে আরে কৃষ্ণ মোর বাপ!" বলিয়া রোদন করে' সর্ব-জীবনাথ ॥ ৮২
হেন সে ডাকিয়া কান্দে ন্যাসি-চূড়ামণি। ক্রোশেকের পথ যায় রোদনের ধ্বনি ॥৮৩
কথো-দূরে থাকিয়া সকল ভক্তগণ। শুনেন প্রভুর অতি অদ্ভুত রোদন ॥ ৮৪
চলিলেন সভে ক্রন্দনের অনুসারে। দেখিলেন সভে—প্রভু কান্দে উচ্চস্বরে ॥ ৮৫
প্রভুর ক্রন্দনে কান্দে সর্বভক্তগণ। মুকুন্দ লাগিলা তবে করিতে কীর্তন ॥ ৮৬
শুনিয়া কীর্তন প্রভু লাগিলা নাচিতে। আনন্দে গায়েন সভে বেঢ়ি' চারিভিতে ॥৮৭
এইমত সর্বপথে নাচিয়া নাচিয়া। যায়েন পশ্চিম-মুখে আনন্দিত হৈয়া ॥ ৮৮
ক্রোশ-চারি সকলে আছেন বক্রেশ্বর। সেই স্থানে ফিরিলেন শ্রীগৌরসুন্দর ॥ ৮৯
নাচিয়া যায়েন প্রভু পশ্চিমাভিমুখে। পূর্বমুখ পুন হইলেন নিজসুখে ॥ ৯০
পূর্বমুখে চলিয়া যায়েন নিজ-রসে। অন্তর-আনন্দে প্রভু অট্ট-অট্ট হাসে' ॥ ৯১
বাহ্য প্রকাশিয়া প্রভু নিজ-কুতূহলে। বলিলেন, "আমি চলিলাঙ নীলাচলে ॥ ৯২
জগন্নাথ-প্রভুর হইল আজ্ঞা মোরে।—'নীলাচলে তুমি ঝাট আইস সত্বরে' ॥" ৯৩
এত বলি' চলিলেন হঞা পূর্বমুখ। ভক্তগণ পাইলেন পরানন্দ-সুখ ॥ ৯৪
তান ইচ্ছা তিঁহো সে জানেন সবে মাত্র। তান অনুগ্রহে জানে' তান কৃপাপাত্র ॥৯৫
কী ইচ্ছায় চলিলেন বক্রেশ্বর-প্রতি। কেনে বা না গেলা,—বুঝে কাহার শকতি ?৯৬
হেন বুঝি, করি' প্রভু বক্রেশ্বর-ব্যাজ। ধন্য করিলেন সব রাঢ়ের সমাজ ॥ ৯৭
গঙ্গা-মুখী হইয়া চলিলা গৌরচন্দ্র। নিরবধি দেহে নিজ-প্রেমের আনন্দ ॥ ৯৮
ভক্তিশূন্য সর্বদেশ, না জানে' কীর্তন। কা'রো মুখে নাহি কৃষ্ণনাম-উচ্চারণ ॥ ৯৯
প্রভু বোলে, "হেন দেশে আইলাঙ কেনে?—'কৃষ্ণ হেন নাম' কা'রো না শুনি বদনে ॥
কেনে হেন দেশে মুঞি করিলুঁ পয়ান। না রাখিমু দেহ মুঞি ছাড়োঁ এই প্রাণ ॥"১০১
হেনই সময়ে ধেনু রাখে শিশুগণ। তা'র মধ্যে সুকৃতি আছয়ে এক জন ॥ ১০২
হরিধ্বনি করিতে লাগিল আচম্বিত। শুনিয়া হইলা প্রভু অতি হরষিত ॥ ১০৩
'হরিবোল' বাক্য প্রভু শুনি' শিশুমুখে। বিচার করিতে লাগিলেন মহাসুখে ॥১০৪

---

১ (৬ষ্ঠ) সভে [ঘ, ঙ, চ, জ]; ৩ (১০ম) ত্রিদশের নাথ [ক], -লোকনাথ [জ]; ৪ (৩য়,৪র্থ) রোদন করে [ঘ, জ], (৬ষ্ঠ) ক্রোশ এক [ক, ঘ, চ, জ], (৯ম) ক্রন্দনের [ঘ, চ, জ], ১১ (৬ষ্ঠ) প্রভু [গ, চ, ঞ], (৬ষ্ঠ—৮ম) হইলেন প্রেমানন্দ-সুখে [ঘ, জ], হইলেন পরানন্দ-সুখে [ঙ]; ১২ (২য়) নাচিয়া [ঘ, ছ, জ], (৪র্থ) নিত্যরসে [খ, গ, ঙ, ঝ, ঞ], নৃত্যাবেশে [ঘ, চ, ছ, জ], (৫ম) অত্যন্ত- [ক], অনন্ত- [ঘ, জ], প্রেমানন্দে মহা- [ঞ], (৭ম) মহা- [ক, খ, গ, ছ, জ]; (৭ম,৮ম) মহানন্দে ভাসে [ঘ], ১৪ (৯ম) সকালে [ক, খ]; ১৮ (৩য়) মহা- [ক]; ১৯ (৭ম) কৃষ্ণ- [ছ]; ২১ (৭ম, ৮ম) 'কৃষ্ণ' নাম হেন [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঞ]; ২৪ (১ম, ২য়) হরি বলি' গাইতে [চ]; ২৫ (১ম) হরি নাম [চ], (১ম, ২য়) 'হরি হরি' বোল [ক], (৯ম) প্রেম সুখে [ঙ, ছ]।

"দিন-তিন ধরি' যত দেখিলাঙ গ্রাম। কাহারো মুখেতে না শুনিলুঁ হরিনাম ॥১০৫
আচম্বিতে শিশুমুখে শুনি' হরিধ্বনি। কী হেতু ইহার—সভে কহ দেখি শুনি ?"১০৬
প্রভু বোলে, "গঙ্গা কত দূর এথা হৈতে ?" সভে বলিলেন, "এক-প্রহরের পথে ॥"১০৭
প্রভু বোলে, "এ-মহিমা কেবল গঙ্গার। অতএব এথা হরিনামের সঞ্চার ॥ ১০৮
গঙ্গার বাতাস কিবা লাগিয়াছে এথা ? অতএব শুনিলাঙ হরিগুণ-গাথা ?" ১০৯
গঙ্গার মহিমা ব্যাখ্যা করিতে ঠাকুর। গঙ্গা-প্রতি অনুরাগ বাঢ়িল প্রচুর ॥ ১১০
প্রভু বোলে, "আজি আমি সর্বথা গঙ্গায়। মজ্জন করিমু" এত বলি' চলি' যায় ॥১১১
মত্তসিংহ-প্রায় চলিলেন গৌরসিংহ। পাছে ধাইলেন সব চরণের ভৃঙ্গ ॥ ১১২
গঙ্গা-দরশনাবেশে প্রভুর গমন। লাগ্ নাহি পায় কেহো—যত ভক্তগণ ॥ ১১৩
সবে এক নিত্যানন্দ-সিংহ করি' সঙ্গে। সন্ধ্যাকালে গঙ্গাতীরে আইলেন রঙ্গে ॥১১৪
নিত্যানন্দ-সঙ্গে করে' গঙ্গায় মজ্জন। 'গঙ্গা গঙ্গা' বলি' বহু করিলা ক্রন্দন ॥ ১১৫
পূর্ণ করি করিলেন গঙ্গাজল পান। পুনঃপুন স্তুতি করি' করেন প্রণাম ॥ ১১৬
"প্রেমরস-স্বরূপ তোমার দিব্য জল। শিব সে তোমার তত্ত্ব জানেন সকল ॥ ১১৭
সকৃত তোমার নাম করিলে শ্রবণ। তা'র বিষ্ণুভক্তি হয়, কি পুন ভক্ষণ ॥ ১১৮
তোমার প্রসাদে সে 'শ্রীকৃষ্ণ' হেন নাম। স্ফুরয়ে জীবের মুখে,—ইথে নাহি আন ॥১১৯
কীট পক্ষী শৃগাল কুক্কুর যদি হয়। তথাপি তোমার যদি নিকটে বসয় ॥ ১২০
তথাপি তাহার যত ভাগ্যের উপমা। অন্যত্রের কোটীশ্বর নহে তা'র সমা ॥ ১২১
পতিত তারিতে সে তোমার অবতার। তোমার সমান তুমি বিনা নাহি আর ॥"১২২
এইমত স্তুতি করে' শ্রীগৌর-সুন্দর। শুনিয়া জাহ্নবীদেবী লজ্জিত-অন্তর ॥ ১২৩
যে-প্রভুর পাদপদ্মে বসতি গঙ্গার। সে-প্রভু করয়ে স্তুতি,—হেন অবতার ॥ ১২৪
যে শুনয়ে গৌরাঙ্গের গঙ্গা-প্রতি স্তুতি। তা'র হয় শ্রীকৃষ্ণচৈতন্যে রতি মতি ॥ ১২৫

'চ'—অধ্যায় শেষ

নিত্যানন্দ-সংহতি সে নিশা সেই গ্রামে। আছিলেন কোন পুণ্যবন্তের আশ্রমে ॥১২৬
তবে আর-দিনে কথোক্ষণে ভক্তগণ। আসিয়া প্রভুর পাইলেন দরশন ॥ ১২৭
তবে প্রভু সর্বভক্তগণ করি' সঙ্গে। নীলাচল-প্রতি শুভ করিলেন রঙ্গে ॥ ১২৮

---

১ (১ম, ২য়) -দুই-চারি [ঘ, জ, ঞ], (৭ম) বদনে [ঙ, চ, ছ]; ২ (৮ম) ভাই [চ], মোরে [ছ]; ৪ (৭ম, ৮ম) হরিকথা নামের [ক, খ, গ, ঘ, ঙ], (৯ম) প্রচার [ঞ], ১১ (৮ম) প্রভু [খ, চ], (১০ম) স্তবন [ঘ, ঙ, জ, ঞ]; ১২ (৭ম—৯ম) শ্লোক পঢ়ি করয়ে [ঘ, ঙ, জ]; ১৭ (৫ম) মহিমা [ঘ, ঙ, চ, ছ, জ], (১০ম) সীমা [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ]; ১৮ (২য়, ৩য়) -পাবন-হেতু [ঘ], (৭ম—৯ম) তুলনা তোমা বিনে [ঘ, জ]; ১৯ (৭ম) -বিস্তর [ঘ, ছ, জ]; ২১(৩য়) চৈতন্যের [গ,চ], (৮ম) শ্রীচৈতন্যচন্দ্রে [ঙ]; শ্রীকৃষ্ণ-চরণে [চ], (৮ম, ৯ম) চৈতন্যের প্রতি দৃঢ় [ছ], এই পংক্তির পর 'চ' পুঁথিতে শ্রীকৃষ্ণচৈতন্য…জান। বৃন্দাবনদাস…গান ॥ এই পুষ্পিকা সহ প্রথম অধ্যায় শেষ হইয়াছে এবং দ্বিতীয় অধ্যায় আরম্ভে অধিক পাঠ—জয় জয় ন্যাসিমণি জয় দ্বিজরাজ। জয় জয় চৈতন্যের ভক্তের সমাজ ॥ জয় জয় নিত্যানন্দ-রায়। জীব নিস্তারয়ে প্রভু পরম- কৃপায় ॥"; ২৩ (৭ম,৮ম) বড় ভাগ্যবন্তের [ক, ঘ, জ]।

প্রভু বোলে, "শুন নিত্যানন্দ মহামতি! সত্বরে চলহ তুমি নবদ্বীপ-প্রতি ॥ ১২৯
শ্রীবাসাদি যত আছে ভাগবতগণ। সভার করহ গিয়া দুঃখ-বিমোচন ॥ ১৩০
এই কথা গিয়া তুমি কহিবে সভারে।—আমি যামু নীলাচলচন্দ্র দেখিবারে ॥ ১৩১
সভার অপেক্ষা আমি করিমু শান্তিপুরে। রহিবাঙ শ্রীঅদ্বৈত-আচার্যের ঘরে ॥ ১৩২
তাঁ'সভা' লইয়া তুমি আসিবা সত্বরে। আমি যাই হরিদাসের ফুলিয়া-নগরে' ॥"১৩৩
নিত্যানন্দে পাঠাইয়া শ্রীগৌরসুন্দর। চলিলেন মহাপ্রভু ফুলিয়া-নগর ॥ ১৩৪
প্রভুর আজ্ঞায় মহামল্ল নিত্যানন্দ। নবদ্বীপে চলিলেন পরম আনন্দ ॥ ১৩৫
প্রেমরসে মহামত্ত নিত্যানন্দ-রায়। হুঙ্কার গর্জন প্রভু করয়ে সদায় ॥ ১৩৬
মত্ত-সিংহ-প্রায় প্রভু আনন্দে বিহ্বল। বিধি-নিষেধের পার বিহার-সকল ॥ ১৩৭
ক্ষণেকে কদম্ববৃক্ষে করি' আরোহণ। বাজায় মোহন বেণু ত্রিভঙ্গমোহন ॥ ১৩৮
ক্ষণেকে দেখিয়া গোষ্ঠে গড়াগড়ি যায়। বৎস-প্রায় হইয়া গাভীর দুগ্ধ খায় ॥ ১৩৯
আপনা-আপনি সর্বপথে নৃত্য করে'। বাহ্য নাহি জানে' ডুবি' আনন্দ-সাগরে ॥১৪০
কখনো বা পথে বসি' করেন রোদন। হৃদয় বিদরে' তাহা করিতে শ্রবণ ॥ ১৪১
কখনো হাসেন অতি মহা-অট্ট-হাস। কখনো বা শিরে বস্ত্র বান্ধি' দিগ্‌বাস ॥ ১৪২
কখনো বা স্বানুভাবে অনন্ত-আবেশে। সর্প-প্রায় হইয়া গঙ্গার স্রোতে ভাসে ॥১৪৩
অনন্তের ভাবে প্রভু গঙ্গার উপরে। ভাসিয়া যায়েন—দেখি অতি মনোহরে ॥ ১৪৪
অচিন্ত্য অগম্য নিত্যানন্দের মহিমা। ত্রিভুবনে অদ্বিতীয়-কারুণ্যের সীমা ॥ ১৪৫
এইমত গঙ্গামধ্যে ভাসিয়া ভাসিয়া। নবদ্বীপে প্রভু-ঘাটে মিলিলা আসিয়া ॥ ১৪৬
আপনা সম্বরি নিত্যানন্দ-মহাশয়। প্রথমে উঠিলা আসি' প্রভুর আলয় ॥ ১৪৭
আসি' দেখে আইর দ্বাদশ-উপবাস। সবে কৃষ্ণশক্তি-বলে দেহে আছে শ্বাস ॥ ১৪৮
যশোদার ভাবে আই পরম-বিহ্বল। নিরবধি নয়নে বহয়ে প্রেমজল ॥ ১৪৯
যা'রে দেখে আই, তাহারেই বার্তা কহে।—"মথুরার লোক কি তোমরা সব হয়ে?১৫০
কহ কহ রাম-কৃষ্ণ আছেন কেমনে?" বলিয়া মূর্ছিত হঞা পড়েন তখনে ॥ ১৫১
ক্ষণে বোলে আই, "ওই শুনি—বেণু বাজে। অক্রূর আইল কিবা পুন গোষ্ঠমাঝে?"১৫২
এইমত আই কৃষ্ণবিরহ-সাগরে। ডুবিয়া আছেন,—বাহ্য নাহি কলেবরে ॥ ১৫৩
নিত্যানন্দ-মহাপ্রভু হেনই সময়। আইর চরণে আসি' দণ্ডবত হয় ॥ ১৫৪

---

৪ (৭ম,৮ম) -আচার্য-মন্দিরে [ঙ, চ]; ৭ (৩য়) মহামত্ত [গ, ঞ,]; ৯ (৬ষ্ঠ) পর [ক]; ১৪ (৫ম—১০ম) "কথন উলঙ্গ হয়ে না সম্বরে বাস ॥" [ছ]; ১৫ (৩য়) আবির্ভাবে [ঘ], আত্মভাবে [জ]; (৩য়,৪র্থ) অনুভাবে আনন্দ [চ], স্বানুভাবাবেশের [ক্বচিৎ পাঠ], (৮ম) মাঝে [থ, ঞ], জলে [ছ]; ১৭ (২য়) অনন্ত [চ]; ১৮ (৭ম) উঠিল [ক, ঞ]; ১৯ (৬ষ্ঠ) ভাসি [গ], মহা- [ঘ, জ]; ২০ (৬ষ্ঠ) কৃষ্ণভক্তি- [ঘ, ঙ, জ, ঞ]; ২১ (৩য়) শচী [ছ] (৪র্থ) সদাই-বিহ্বল [ক]; ২৩(৮ম) আই [ক, গ]; ২৪(৬ষ্ঠ) শিঙ্গা [ক, থ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ]; (৮ম—১১শ) কৃষ্ণ আইলেন পুন কি [ছ]।

নিত্যানন্দে দেখি' সব ভাগবতগণ। উচ্চস্বরে লাগিলেন করিতে ক্রন্দন ॥ ১৫৫
"বাপ্ বাপ্!" বলি' আই হইলা মূর্ছিত। তখনে না জানি—কেবা পড়ে কোন্ ভিত ॥১৫৬
নিত্যানন্দ-মহাপ্রভু সভা করি কোলে। সিঞ্চিলেন সভার শরীর প্রেমজলে ॥ ১৫৭
শুভ-বাণী নিত্যানন্দ কহেন সভারে। "সত্বরে চলহ সভে প্রভু দেখিবারে ॥ ১৫৮
শান্তিপুরে গেলা প্রভু আচার্যের ঘরে। আমি আইলাঙ তোমা'সভারে নিবারে ॥"১৫৯
চৈতন্য-বিরহে জীর্ণ সর্ব-ভক্তগণ। পূর্ণ হৈলা শুনি' নিত্যানন্দের বচন ॥ ১৬০
সভেই হইলা অতি আনন্দে বিহ্বল। উঠিল পরমানন্দ কৃষ্ণ-কোলাহল ॥ ১৬১
যে-দিবসে গেলা প্রভু করিতে সন্ন্যাস। সে-দিবস অবধি আইর উপবাস ॥ ১৬২
দ্বাদশ-উপাস তাঁ'র, নাহিক ভোজন। চৈতন্য-প্রভাবে সবে আছয়ে জীবন ॥ ১৬৩
দেখি' নিত্যানন্দ বড় দুঃখিত অন্তর। আইরে প্রবোধি' বোলে মধুর উত্তর ॥ ১৬৪
"কৃষ্ণের রহস্য কোন্ না জান' বা তুমি। তোমারে বা কিবা কহিবারে জানি আমি ॥১৬৫
তিলার্ধেকো চিত্তে নাহি করিবা বিষাদ। বেদেও কি পাইবেন তোমার প্রসাদ ?১৬৬
বেদে যাঁ'রে নিরবধি করে' অন্বেষণ। সে-প্রভু তোমার পুত্র—সভার জীবন ॥ ১৬৭
হেন-প্রভু বক্ষে হাথ দিয়া আপনার। আপনে সকল ভার লইলা তোমার ॥ ১৬৮
'ব্যবহার পরমার্থ—যতেক তোমার। মোর দায়' প্রভু বলিয়াছে বারবার ॥ ১৬৯
ভাল হয় যেমতে, প্রভু সে-সব জানে'। সুখে থাক তুমি—দেহ সমর্পিয়া তানে ॥১৭০
শীঘ্র গিয়া কর', মাতা! কৃষ্ণের রন্ধন। আনন্দিত হউক সকল ভক্তগণ ॥ ১৭১
তোমার হস্তের অন্নে সভাকার আশ। তোমার উপাসে হয় কৃষ্ণ-উপবাস ॥ ১৭২
তুমি যে নৈবেদ্য কর' করিয়া রন্ধন। মোহোর একান্ত তাহা খাইবারে মন ॥" ১৭৩
তবে আই শুনি' নিত্যানন্দের বচন। পাসরি' বিরহ গেলা করিতে রন্ধন ॥ ১৭৪
কৃষ্ণের নৈবেদ্য করি' আই পুণ্যবতী। অগ্রে দিলা নিত্যানন্দ-স্বরূপের প্রতি ॥১৭৫
তবে আই সর্ব-বৈষ্ণবেরে অগ্রে দিয়া। করিলেন ভোজন সভারে সন্তোষিয়া ॥১৭৬
পরম-আনন্দ হইলেন ভক্তগণ। দ্বাদশ উপাসে আই করিলা ভোজন ॥ ১৭৭
তবে সর্বভক্তগণ নিত্যানন্দ-সঙ্গে। প্রভু দেখিবারে সজ্জ করিলেন রঙ্গে ॥ ১৭৮
এ-সব আখ্যান যত নবদ্বীপবাসী। শুনিলেন "গৌরচন্দ্র হইলা সন্ন্যাসী ॥" ১৭৯
শুনিয়া অদ্ভুত নাম 'শ্রীকৃষ্ণচৈতন্য'। সর্বলোক 'হরি' বলি' বোলে, "ধন্য ধন্য" ১৮০
ফুলিয়া-নগরে প্রভু আছেন—শুনিঞা। দেখিতে চলিলা সর্বলোক হর্ষ হঞা ॥ ১৮১

---

৯ (৬ষ্ঠ) মাত্র [ঙ, ছ, ঞ]; ১০ (৬ষ্ঠ—১০ম) "আই প্রবোধিল প্রভু মধুর উত্তরে ॥" [চ]; ১১ (৩য়) মাতা [চ, ছ]; ১২ (৩য়, ৪র্থ) তুমি না কর [চ]; ১৫ "মোর দায় প্রভু বলিয়াছে বারবার। আরবার আসিয়া যে করিমু উদ্ধার ॥" [খ]; ১৭ (২য়) যাই [ক], (৭ম—৯ম) সন্তোষ হউক এবে সর্ব- [ঞ]; ২০ (২য়) শচী [ছ]; ২১ (৭ম) দিয়া [খ, গ, ঘ, জ, ঝ]; ২৪ (৪র্থ—৮ম) "চলিলেন শান্তিপুর পরানন্দ-রঙ্গে" [চ], (৬ষ্ঠ, ৭ম) সাজ হইলেন [ক], সব চলিলেন [গ]; ২৫ (৩য়) জানে [ছ]; ২৬ (৮ম) করে [ঘ, জ]; ২৭ (৭ম, ৮ম) সভে হরষিত [ঘ, জ]।

কিবা বৃদ্ধ, কিবা শিশু, কি পুরুষ, নারী। আনন্দে চলিলা সভে বলি' 'হরি হরি' ॥১৮২
পূর্বে যে পাষণ্ডী সব করিল নিন্দন। তা'রাও সপরিকরে করিল গমন ॥ ১৮৩
"গূঢ়রূপে নবদ্বীপে লইলেন জন্ম। না জানিয়া নিন্দা করিলাঙ তান কর্ম ॥ ১৮৪
এবে লই গিয়া তাঁ'র চরণে শরণ। তবে সব অপরাধ হইব খণ্ডন ॥" ১৮৫
এইমত বলি' লোক মহানন্দে যায়। হেন নাহি জানি লোক কত পথে ধায় ॥ ১৮৬
অনন্ত অর্বুদ লোক হৈল খেয়াঘাটে। খেয়া দিতে নারে নাইয়া পড়িল সঙ্কটে ॥১৮৭
কেহো বান্ধে ভেলা, কেহো ঘট বুকে করে'। কেহো বা কলার গাছ ধরিয়া সাঁতারে ॥১৮৮
কত বা হইল লোক—নাহি সমুচ্চয়। যে যেমতে পারে' সেইমতে পার হয় ॥ ১৮৯
সহস্র-সহস্র লোক এক নায়ে চঢ়ে। কথো-দূর গিয়া মাত্র নৌকা ডুবি' পড়ে ॥ ১৯০
ভাসে সর্বলোক, 'হরি' বোলে উচ্চস্বরে। তথাপিহ চিত্তে কেহো বিষাদ না করে' ॥১৯১
হেন সে আনন্দ জন্মি-আছয়ে অন্তরে। সর্বলোক ভাসে যেন আনন্দ-সাগরে ॥ ১৯২
যে না জানে' সাঁতারিতে, সেহো ভাসে সুখে। ঈশ্বর-প্রভাবে কূল পায় বিনা দুঃখে ॥১৯৩
কতদিগে লোক পার হয়—নাহি জানি। সবে এক চতুর্দিগে শুনি হরিধ্বনি ॥ ১৯৪
এইমত আনন্দে চলিল সর্বলোক। পাসরিয়া সভে ক্ষুধা তৃষ্ণা গৃহ শোক ॥ ১৯৫
আইল সকল লোক ফুলিয়া-নগরে। ব্রহ্মাণ্ড স্পর্শিয়া 'হরি' বোলে উচ্চস্বরে ॥ ১৯৬
শুনিয়া অপূর্ব অতি উচ্চ হরিধ্বনি। বাহির হইলা সর্ব-ন্যাসি-শিরোমণি ॥ ১৯৭
কি অপূর্ব শোভা সে—কহিলে কিছু নয়। কোটিচন্দ্র যেন আসি' হইল উদয় ॥ ১৯৮
সর্বদা শ্রীমুখে 'হরে কৃষ্ণ হরে হরে'। বলিতে আনন্দধারা নিরবধি ঝরে ॥ ১৯৯
চতুর্দিগে সর্বলোক দণ্ডবত হয়। কে কা'র উপরে পড়ে—নাহি সমুচ্চয় ॥ ২০০
কণ্টক-ভূমিতে লোক নাহি করে' ভয়। আনন্দিত সর্বলোক দণ্ডবত হয় ॥ ২০১
সর্বলোক 'ত্রাহি' ত্রাহি' বোলে হস্ত তুলি'। এমত করয়ে গৌরচন্দ্র কুতূহলী ॥ ২০২
অনন্ত অর্বুদ লোক এত সে হইল। কি প্রান্তর কিবা গ্রাম—সকল পূরিল ॥ ২০৩
নানা গ্রাম হৈতে লোক লাগিল আসিতে। কেহো নাহি যায় ঘরে সে-মুখ দেখিতে ॥২০৪
হইতে লাগিল বড় লোকের গহল। 'ফুলিয়া'-নগর পূর্ণ হইল সকল ॥ ২০৬
দেখি' গৌরচন্দ্রের শ্রীমুখ মনোহর। সর্ব-লোক পূর্ণ হৈল বাহির অন্তর ॥ ২০৭

---

২ (৮ম) সব পরিহরি [ঘ, জ]; ৩ (৭ম—১০ম) আমরা করিল মন্দ-কর্ম [ছ], (১০ম) ধর্ম [ক, খ, গ, ঝ]; ৬ (১ম—৪র্থ) ক্ষণেকে আইলা লোক সর্ব- [ছ], (৬ষ্ঠ—৯ম) খেয়ারি করিতে পার [ক, খ, গ, ঙ, ছ, জ, ঝ, ঞ]; ৮ (৪র্থ) নৌকা [ক, গ, ঘ], এই পংক্তির পর 'ছ' পুঁথিতে অধিক পাঠ—গর্ভবতী নারি চলে ঘন শ্বাস বয়। চৈতন্যের নাম করি' সেহো পার হয় ॥ অন্ধ, খোঁড়া লোক সব চলে সাথে সাথে। চৈতন্যের নামেতে প্রশস্ত পথ দেখে ॥"; ১৪ (৬ষ্ঠ—৯ম) ক্ষুধা তৃষ্ণা গৃহ-ধর্ম [ঘ, জ, ঞ]; ১৬ (৮ম) -চূড়ামণি [ক, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঞ]; ১৭ (৫ম) কথন [ক, ঝ, ঞ], (১১শ) করিল [ক, গ, ঘ, চ, জ, ঝ]; ২২ (৪র্থ, ৫ম) একত্র [ক, খ, ঘ, চ]; ২৪ (৪র্থ, ৫ম) লোক-কোলাহল [ক], (৫ম) গহন [ঘ, ছ, জ, ঞ], (৮ম,৯ম) হৈল সুশোভন [ঘ, জ], (৬ষ্ঠ—৯ম) "গৌরাঙ্গ-পূর্ণিত মন হৈল সর্বজন ॥" [ঞ]।

তবে প্রভু কৃপাদৃষ্টি করিয়া সভারে। চলিলেন শান্তিপুরে আচার্যের ঘরে ॥ ২০৭
সংভ্রমে আচার্য দেখি' নিজ-প্রাণনাথ। পাদপদ্মে পড়িলেন হঞা দণ্ডপাত ॥ ২০৮
আর্তনাদে লাগিলেন ক্রন্দন করিতে। না ছাড়েন পাদপদ্ম দুই বাহু হৈতে ॥ ২০৯
শ্রীচরণ অভিষেক করি' প্রেমজলে। আনন্দে মূর্ছিত হইলেন পদতলে ॥ ২১০
দুই হস্তে তুলি' প্রভু লইলেন কোলে। আচার্যও ভাসিলা প্রভুর প্রেমজলে ॥ ২১১
স্থির হঞা ঠাকুর বসিলা কথোক্ষণে। উঠিল পরমানন্দ অদ্বৈত-ভবনে ॥ ২১২
দিগম্বর শিশুরূপ অদ্বৈত-তনয়। নাম—শ্রীঅচ্যুতানন্দ মহাজ্যোতির্ময় ॥ ২১৩
পরম সর্বজ্ঞ তিঁহো অচিন্ত্য-প্রভাব। যোগ্য অদ্বৈতের পুত্র সেই মহাভাগ ॥ ২১৪
ধূলাময় সর্ব অঙ্গ, হাসিতে হাসিতে। জানিয়া আইলা প্রভু-চরণ দেখিতে ॥ ২১৫
আসিয়া পড়িলা গৌরচন্দ্র-পদতলে। ধূলার সহিত প্রভু লইলেন কোলে ॥ ২১৬
প্রভু বোলে, "অচ্যুত! আচার্য মোর পিতা। সে-সম্বন্ধে তোমায় আমায় দুই-ভ্রাতা ॥" ২১৭
অচ্যুত বোলেন, "তুমি দৈবে জীব-সখা। সবে কে তোমার বাপ্?—এই নাহি লেখা ॥"
হাসে প্রভু ভক্তগণ অচ্যুত বচনে। বিস্ময় সভার বড় উপজিল মনে ॥ ২১৯
"এ-সকল কথা ত শিশুর কভু নয়! না জানি জন্মিয়াছে কোন্ মহাশয়?" ২২০
হেনই সময়ে শ্রীঅনন্ত নিত্যানন্দ। আইলা নদীয়া হৈতে সঙ্গে ভক্তবৃন্দ ॥ ২২১
শ্রীবাসাদি-ভক্তগণ দেখিয়া ঠাকুর। লাগিলেন হরিধ্বনি করিতে প্রচুর ॥ ২২২
দণ্ডবত হইয়া সকল ভক্তগণ। ক্রন্দন করেন সভে ধরি' শ্রীচরণ ॥ ২২৩
সভারে করিলা প্রভু আলিঙ্গন দান। সভেই প্রভুর নিজ-প্রাণের সমান ॥ ২২৪
আর্তনাদে ক্রন্দন করেন ভক্তগণ। শুনিয়া পবিত্র হয় সকল ভুবন ॥ ২২৫
কৃষ্ণপ্রেমানন্দে কান্দে যে সুকৃতি জন। সে-ধ্বনি-শ্রবণে সর্ব-বন্ধ-বিমোচন ॥ ২২৬
চৈতন্য-কৃপায় ব্যক্ত হৈল হেন ধন। ব্রহ্মাদি-দুর্লভ-রস ভুঞ্জে' যে-তে-জন ॥ ২২৭
ভক্তগণে দেখি' প্রভু পরম-হরিষে। নৃত্য আরম্ভিলা প্রভু নিজ-প্রেম-রসে ॥ ২২৮
সত্বরে গাইতে লাগিলেন ভক্তগণ। 'বোল বোল' বলি' প্রভু গর্জে ঘনে-ঘন ॥ ২২৯
ধরিয়া বুলেন নিত্যানন্দ মহাবলী। অলক্ষিতে অদ্বৈত লয়েন পদধূলি ॥ ২৩০
অশ্রু, কম্প, পুলক, হুঙ্কার, অট্টহাস। কিবা সে অদ্ভুত অঙ্গ-ভঙ্গীর প্রকাশ ॥ ২৩১
কিবা সে মধুর পদ-চালন-ভঙ্গিমা। কিবা সে শ্রীহস্ত-চালনাদির উপমা ॥ ২৩২
কি কহিমু সে বা প্রেমধারের মাধুরী। আনন্দে তুলিয়া বাহু বোলে, 'হরি হরি' ॥ ২৩৩

---

১ (৮ম) অদ্বৈতের [ঘ, চ, জ]; ৩ (৩য়, ৪র্থ) করিতে ক্রন্দন [চ, ঞ], (৮ম—১০ম) অমূল্য রতন [চ]; ৮ (৪র্থ) অকথ্য- [ক, গ, ঞ], অতর্ক্য- [খ, চ, ঝ]; ৯ (১ম, ২য়) ধূলায় ধূসর [ছ, ঝ]; ১০ (৭ম) করিলেন] ক, ঘ, জ]; ১১ (৩য়) অদ্বৈত- [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ]; ১২ (৪র্থ) সর্ব [চ], (৬ষ্ঠ, ৭ম) সেবকে [ক, ঘ, ঙ, ছ, জ], (৬ষ্ঠ—১২শ) "সভাকার বাপ তুমি এই বেদে-লেখা ॥"; ২২ (১ম) প্রসাদে [চ, ঞ], (৬ষ্ঠ) -ভোগ [ঘ, জ], -প্রেম [ঞ]; ২৫ (৯ম, ১০ম (হৈল প্রেম-পরকাশ [ঞ]; ২৬ (৮ম) মহিমা [ক, খ, ঝ]; ২৭ (৫ম) প্রেমরসের [ঝ]।

রসময় নৃত্য অতি অদ্ভুত-কথন। দেখি' পরানন্দে ডুবিলেন ভক্তগণ॥ ২৩৪
হারাইয়াছিল প্রভু সব ভক্তগণ। হেন-প্রভু পুনর্বার দিলা দরশন॥ ২৩৫
আনন্দে নাহিক বাহ্য কাহারো শরীরে। প্রভু বেঢ়ি' সভেই উল্লাসে নৃত্য করে' ॥২৩৬
কেবা কা'র গা'য়ে পড়ে, কেবা কারে ধরে'। কেবা কা'র চরণ ধরিয়া বক্ষে করে' ॥২৩৭
কেবা কা'রে ধরি' কান্দে, কেবা কিবা বোলে। কেহো কিছু নাহি জানে' প্রেম-কুতুহলে॥
সপার্ষদে নৃত্য করে' বৈকুণ্ঠ-ঈশ্বর। এমত অপূর্ব হৈল পৃথিবী-ভিতর॥ ২৩৯
"হরি বোল, হরি বোল, হরি বোল, ভাই!" ইহা বিনা আর কিছু শুনিতে না পাই ॥২৪০
কী আনন্দ হৈল সেই অদ্বৈত-ভবনে। সে-মর্ম জানেন সবে সহস্রবদনে॥ ২৪১
আপনে ঠাকুর সভা' ধরি' জনে-জনে। সর্ব-বৈষ্ণবেরে করে' প্রেম-আলিঙ্গনে ॥২৪২
পাইয়া বৈকুণ্ঠ-নায়কের আলিঙ্গন। বিশেষে আনন্দে মত্ত হয় ভক্তগণ॥ ২৪৩
'হরি' বলি' সর্বগণে করে' সিংহনাদ। পুনঃপুন বাঢ়ে আরো সভার উন্মাদ॥ ২৪৪
সাঙ্গোপাঙ্গে নৃত্য করে' বৈকুণ্ঠের পতি। পদভরে টলমল করে' বসুমতী॥ ২৪৫
নিত্যানন্দ-মহাপ্রভু পরম-উদ্দাম। চৈতন্য বেঢ়িয়া নাচে মহাজ্যোতির্ধাম॥ ২৪৬
আনন্দে অদ্বৈত নাচে করয়ে হুঙ্কার। সভেই চরণ ধরে'—যে পায় যাহার॥ ২৪৭
নবদ্বীপে যেন হৈল আনন্দ-প্রকাশ। সেইমত নৃত্য, গীত, সকল বিলাস॥ ২৪৮
কথোক্ষণে মহাপ্রভু শ্রীগৌরসুন্দর। স্বানুভাবে বৈসে বিষ্ণু-খট্টার উপর॥ ২৪৯
জোড়-হস্তে সভে রহিলেন চারি-ভিতে। প্রভু লাগিলেন নিজ-তত্ত্ব প্রকাশিতে ॥২৫০
"মুঞি কৃষ্ণ মুঞি রাম মুঞি নারায়ণ। মুঞি মৎস্য মুঞি কূর্ম বরাহ বামন॥ ২৫১
মুঞি পৃশ্নিগর্ভ হয়গ্রীব মহেশ্বর। মুঞি বুদ্ধ কল্কি হংস মুঞি হলধর॥ ২৫২
মুঞি নীলাচলচন্দ্র কপিল নৃসিংহ। দৃশ্যাদৃশ্য সব—মোর চরণের ভৃঙ্গ॥ ২৫৩
মোহোর সে গুণগ্রাম বোলে সর্ববেদে। মোহরে সে অনন্ত-ব্রহ্মাণ্ড-কোটি সেবে' ॥২৫৪
মুঞি সর্বকালরূপী, ভক্তগণ বিনে। সকল আপদ খণ্ডে মোহর স্মরণে॥ ২৫৫
দ্রৌপদীরে লজ্জা হৈতে মুঞি উদ্ধারিলুঁ। জতু-গৃহে মুঞি পঞ্চ-পাণ্ডবে রাখিলুঁ॥ ২৫৬
বৃকাসুর বধি' মুঞি রাখিলুঁ শঙ্কর। মুঞি উদ্ধারিমুঁ মোর গজেন্দ্র কিঙ্কর॥ ২৫৭
মুঞি সে করিলুঁ প্রহ্লাদেরে বিমোচন। মুঞি সে করিলুঁ গোপবৃন্দেরে রক্ষণ॥ ২৫৮
মুঞি সে করিলু পূর্ব অমৃত বণ্টন। বধিঞা অসুর, রক্ষা কৈলুঁ দেবগণ॥ ২৫৯
মুঞি সে বধিলুঁ মোর ভক্তদ্রোহী কংস। মুঞি সে করিলুঁ দুষ্ট রাবণনির্বংশ॥ ২৬০

---

২ (৩য়) যত [ঘ, জ]; ৩ (৪র্থ) সভার [ঙ]; ৯ (৩য়) সব [ক], তবে [ঝ]; ১৩ (৫ম) কান্দে [ঙ]; ১৫ (৪র্থ) প্রেমের বিকার [গ], (৮ম) আনন্দ- [গ], করিল [ঘ, ঙ, জ]; ১৬ (৪র্থ) স্বানুভাবাবেশে [কচিৎ পাঠ]; ১৭ (৭ম) -প্রেম [ক, খ, ঙ]; ১৮ (১১শ) নৃসিংহ [ঘ]; ২০ (৬ষ্ঠ) যত [ঘ, ঙ, জ]; ২১ (৫ম) চারিবেদে [খ]; ২২ (৮ম, ৯ম) মোর দরশনে [ঘ, জ]; ২৩ (৬ষ্ঠ) যৌ- [ক, খ, ঙ], যতু- [ঞ]; ২৫ (৯ম) ব্রজগোপের [ঘ, জ]; ২৬ (৫ম) -মথন [ক, খ, গ, ঘ, ঙ, ছ, জ, ঝ, ঞ], (৬ষ্ঠ) বধিয়া [ক, ঘ, জ]।

মুঞি সে ধরিলুঁ বাম হাতে গোবর্ধন। মুঞি সে করিলুঁ কালি নাগের দমন ॥ ২৬১
মুঞি করোঁ সত্যযুগে তপস্যা-প্রচার। ত্রেতাযুগে যজ্ঞ লাগি' করোঁ অবতার ॥ ২৬২
এই মুঞি অবতীর্ণ হইয়া দ্বাপরে। পূজা-ধর্ম বুঝাইলুঁ সকল-লোকেরে ॥ ২৬৩
কত মোর অবতার বেদেও না জানে'। সম্প্রতি আইলুঁ মুঞি কীর্তন-কারণে ॥২৬৪
কীর্তন-আরম্ভে প্রেমভক্তির বিলাস। অতএব কলিযুগে আমার প্রকাশ ॥ ২৬৫
সর্ব বেদে পুরাণে আশ্রয় মোর চায়। ভক্তের আশ্রমে মুঞি থাকি সর্বদায় ॥ ২৬৬
ভক্ত বিনা আমার দ্বিতীয় আর নাই। ভক্ত মোর পিতা মাতা বন্ধু পুত্র ভাই ॥ ২৬৭
যদ্যপি স্বতন্ত্র আমি স্বতন্ত্র বিহার। তথাপিহ ভক্তবশ-স্বভাব আমার ॥ ২৬৮
তোমরা সে জন্ম-জন্ম সংহতি আমার। তোমা'সভা' লাগি মোর সর্ব অবতার ॥২৬৯
তিলার্ধেকো আমি তোমা'সভারে ছাড়িয়া। কোথাহ না থাকি—সভে সত্য জান' ইহা ॥"
এইমত তত্ত্ব প্রভু কহে করুণায়। শুনি' সব ভক্তগণ কান্দে উচ্চরা'য় ॥ ২৭১
পুনঃপুন সভে দণ্ডপ্রণাম করিয়া। উঠেন পড়েন কাকু করেন কান্দিয়া ॥ ২৭২
কী আনন্দ হইল সে অদ্বৈতের ঘরে। যে-রস হইল পূর্বে নদীয়া-নগরে ॥ ২৭৩
পূর্ণ-মনোরথ হইলেন ভক্তগণ। যতেক পূর্বের দুঃখ হইল খণ্ডন ॥ ২৭৪
প্রভু সে জানেন ভক্তদুঃখ খণ্ডাইতে। হেন-প্রভু দুঃখী জীব না ভজে' কেমতে ? ২৭৫
করুণাসাগর গৌরচন্দ্র মহাশয়। দোষ নাহি দেখে প্রভু, গুণ মাত্র লয় ॥ ২৭৬
ক্ষণেকে ঐশ্বর্য সম্বরিয়া মহাধীর। বাহ্য প্রকাশিয়া প্রভু হইলেন স্থির ॥ ২৭৭
সভারে লইয়া প্রভু গঙ্গাস্নানে গেলা। জাহ্নবীতে বহুবিধ জলক্রীড়া কৈলা ॥ ২৭৮
সভার সহিত আইলেন করি' স্নান। তুলসীরে প্রদক্ষিণ কৈলা জলদান ॥ ২৭৯
বিষ্ণুগৃহে প্রদক্ষিণ নমস্কার করি'। সভা লঞা ভোজনে বসিলা গৌরহরি ॥ ২৮০
মধ্যে বসিলেন প্রভু নিত্যানন্দ-সঙ্গে। চতুর্দিগে সর্বগণ বসিলেন রঙ্গে ॥ ২৮১
সর্বাঙ্গে চন্দন—প্রভু প্রফুল্ল-বদন। ভোজন করেন চতুর্দিগে ভক্তগণ ॥ ২৮২
বৃন্দাবন-মধ্যে যেন গোপগণ-সঙ্গে। রাম কৃষ্ণ ভোজন করেন সেই রঙ্গে ॥ ২৮৩
সেইসব কথা প্রভু সভারে কহিয়া। ভোজন করেন প্রভু হাসিয়া হাসিয়া ॥ ২৮৪
কা'র শক্তি আছে ইহা সব বর্ণিবারে। তাঁহার কৃপায় যেই বোলান যাঁহারে ॥ ২৮৫
ভোজন করিয়া প্রভু চলিলেন মাত্র। ভক্তগণ লুঠি খাইলেন শেষ-পাত্র ॥ ২৮৬

---

৬ (৪র্থ, ৫ম) আগমে মোহ [ক], আশ্রমে মোরে [গ, চ, ছ, ঞ], (৭ম) ভক্তির [ক, চ], (৮ম) আশ্রয়ে [গ, ঘ, জ], (১১শ) সর্বথায় [খ, ঘ, চ, ছ, জ]; ৮ (২য়)ঈশ্বর [চ]; ১০ (৮ম) আমি [গ, ঘ, ছ, জ]; ১১ (১০ম উর্ধ্বরায় [খ, গ, ঙ, ছ, জ, ঝ], উভরায় [ঘ, চ, ঞ]; ১২ (৭ম) স্তুতি [ক]; ১৩ (৯ম) পূর্ণ [ঘ]; ১৪ (৫ম) বিরহ- [ক], আছিল [ছ]; ১৫ (৭ম, ৮ম) দয়ানিধি [ছ]; ১৬ (৭ম—৯ম) মাত্র গুণ সব [ক]; ১৯ (৩য়—৫ম) আইলা করি গঙ্গাস্নান [চ, জ]; ২৩ (৩য়) -শিশু- [ঘ, ছ, জ], -বৃন্দ- [চ], (৮ম) যেন [চ, ঞ]; ২৬ (৭ম—৯ম) লুটিলেন অবশেষ পাত্র [গ]।

ভব্য ভব্য বৃদ্ধ সব হৈলা শিশুমতি। এইমত হয় কৃষ্ণভক্তির শকতি ॥ ২৮৭
যে সুকৃতি-জনে শুনে এ-সব আখ্যান। তাহারে মিলয়ে গৌরচন্দ্র ভগবান্ ॥ ২৮৮
পুন প্রভু-সঙ্গে ভক্তগণ-দরশন। পুনর্বার ঐশ্বর্য-আবেশে সংকীর্তন ॥ ২৮৯
সর্ব বৈষ্ণবের প্রভু-সংহতি ভোজন। ইহা যে শুনয়ে, তা'রে মিলে প্রেমধন ॥ ২৯০
শ্রী(কৃষ্ণ)চৈতন্য-নিত্যানন্দচান্দ পঁহু জান। বৃন্দাবনদাস তছু পদযুগে গান ॥ ২৯১

ইতি শ্রীচৈতন্যভাগবতে অন্ত্যখণ্ডে শ্রীমদদ্বৈতাচার্যগৃহে পুনঃ সম্মেলনং
নাম প্রথমোঽধ্যায়ঃ ॥ ১

২ (২য়, ৩য়) শুনে ভণে [ছ], ৩ (৪র্থ—৬ষ্ঠ) "পুন সে ঐশ্বর্য পুন নাম-সংকীর্তন ॥" [ঞ]; (৫ম) ঐশ্বর- [গ]; ৫ (১ম) শ্রীকৃষ্ণচৈতন্য- , (২য়, ৩য়) জান [ক, গ, ঘ, ঙ· চ, জ, ঝ, ঞ]।

দ্বিতীয় অধ্যায়

জয় জয় গৌরচন্দ্র জয় সর্বপ্রাণ। জয় দুষ্ট-ভয়ঙ্কর জয় শিষ্টত্রাণ ॥ ১
জয় শেষ রমা অজ ভবের ঈশ্বর। জয় কৃপাসিন্ধু দীনবন্ধু ন্যাসিবর ॥ ২
ভক্তগোষ্ঠী-সহিত গৌরাঙ্গ জয় জয়। কৃপা কর' প্রভু! যেন তোঁহে মন রয় ॥ ৩
হেনমতে শ্রীগৌরসুন্দর শান্তিপুরে। করিলা অশেষ রঙ্গ অদ্বৈতের ঘরে ॥ ৪
বহুবিধ আপন-রহস্য-কথা-রঙ্গে। সুখে রাত্রি গোঙাইলা ভক্তগণ-সঙ্গে ॥ ৫
পোহাইল নিশা, প্রভু করি' নিজ-কৃত্য। বসিলেন চতুর্দিগে বেঢ়ি' সব ভৃত্য ॥ ৬
প্রভু বোলে, "আমি চলিলাঙ নীলাচলে। কিছু দুঃখ না ভাবিহ তোমরা সকলে ॥ ৭
নীলাচলচন্দ্র দেখি' আমি পুনর্বার। আসিয়া হইব সঙ্গী তোমা'সভাকার ॥ ৮
সভে গিয়া সুখে গৃহে করহ কীর্তন। জন্ম-জন্ম তুমি-সব আমার জীবন ॥" ৯
ভক্তগণ বোলে, "প্রভু! যে তোমার ইচ্ছা। কা'র শক্তি তাহা করিবারে পারে' মিছা ॥১০
তথাপিহ হইয়াছে দুর্ঘট সময়। সে—রাজ্যে এখন কেহো পথ নাহি বয় ॥ ১১
দুই রাজায় হঞাছে অত্যন্ত বিবাদ। মহাযুদ্ধ স্থানে-স্থানে পরম প্রমাদ ॥ ১২
যাবত উৎপাত নাহি উপশম হয়। তাবত বিশ্রাম কর যদি চিত্তে লয় ॥" ১৩

১০ (১ম—৪র্থ) জয় জয় জয় গৌরচন্দ্র [ক, গ, ঞ], (৩য়, ৪র্থ) শ্রীগৌরসুন্দর [ঙ], (৪র্থ, ৫ম) সর্বজীবপ্রাণ [ঘ, জ], সর্বভক্তপ্রাণ [চ], জয় নিত্যানন্দ [ছ], (৫ম) ভগবান্ [গ], (৬ষ্ঠ—৯ম) "জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্ত-বৃন্দ ॥" [ছ], (৮ম, ৯ম) শিষ্টজনত্রাণ [ঘ, ঙ, চ, জ]; ১২ (৫ম—১১শ) "শুনিলে চৈতন্যকথা ভক্তি লভ্য হয় ॥" [ঙ, ঞ]; ১৩ (৬ষ্ঠ) লীলা [ঘ, জ]; ১৫ (৫ম) নিত্য- [ঝ]; ১৭ (৬ষ্ঠ, ৭ম) রহিব সঙ্গে [চ], (৭ম) সঙ্গ [ক, গ, ঘ, ঙ, ছ, জ, ঝ, ঞ]; ২১ (৬ষ্ঠ, ৭ম) মহাদস্যু-স্থানে পথে [ঘ, জ, ঞ]; ২২ (৩য়) কিছু [ক, ছ, জ, ঝ]।

প্রভু কহে, "যে-সে কেনে উৎপাত না হয়। অবশ্য চলিমু মুঞি—কহিলুঁ নিশ্চয়॥"১৪
বুঝিলেন অদ্বৈত প্রভুর চিত্তবৃত্তি। চলিবেন নীলাচলে, নহিব নিবৃত্তি॥ ১৫
জোড়হস্তে সত্যকথা লাগিলা কহিতে। "কে পারে' তোমার পথ-নিরোধ করিতে?১৬
সর্ব-বিঘ্ন—কিঙ্করের কিঙ্কর তোমার। তোমারে করিতে বিঘ্ন শক্তি আছে কা'র?১৭
যখনে করিয়া-আছ চিত্ত নীলাচলে। তখনে চলিবা প্রভু! মহাকুতূহলে॥" ১৮
শুনিয়া অদ্বৈত-বাক্য প্রভু সুখী হৈলা। পরম-সন্তোষে 'হরি' বলিতে লাগিলা॥ ১৯
সেইক্ষণে মহাপ্রভু মত্তসিংহ-গতি। চলিলেন শুভ করি' নীলাচল-প্রতি॥ ২০
ধাইয়া চলিলা পাছে সর্ব-ভক্তগণ। কেহো নাহি পারে' সম্বরিবারে ক্রন্দন॥ ২১
কথোদূরে গিয়া প্রভু শ্রীগৌরসুন্দর। সভা' প্রবোধেন বলি' মধুর উত্তর॥ ২২
"চিত্তে কেহো কোন কিছু না ভাবিহ ব্যথা। তোমা'সভা' আমি নাহি ছাড়িমু সর্বথা॥২৩
কৃষ্ণনাম লহ সভে বসি' গিয়া ঘরে। আমিহ আসিমু দিন-কথোক-ভিতরে॥" ২৪
এত বলি' মহাপ্রভু সর্ব-বৈষ্ণবেরে। প্রত্যেকে প্রত্যেকে ধরি' আলিঙ্গন করে'॥২৫
প্রভুর নয়ন-জলে সর্ব-ভক্তগণ। সিঞ্চিত হইয়া অঙ্গ করেন ক্রন্দন॥ ২৬
এইমত নানারূপে সভা' প্রবোধিঞা। চলিলেন প্রভু দক্ষিণাভিমুখ হঞা॥ ২৭
কান্দিয়া কান্দিয়া প্রেমে সব ভক্তগণ। উঠেন পড়েন পৃথিবীতে অনুক্ষণ॥ ২৮
যেন গোপীসব কৃষ্ণ মথুরা চলিলে। ডুবিলেন মহা-শোকসমুদ্রের জলে॥ ২৯
যেমতে রহিল তাঁহা'সভার জীবন। সেইমত বিরহে রহিলা ভক্তগণ॥ ৩০
দৈবে সে-ই প্রভু, ভক্তগণো সে-ই সব। উপমাও সে-ই সে, সেই সে অনুভব॥ ৩১
জীবন-মরণ কৃষ্ণ-ইচ্ছায় সে হয়। বিষ বা অমৃত ভক্ষিলেও কিছু নয়॥ ৩২
যেমতে যাহারে কৃষ্ণচন্দ্র রাখে মারে। তাহা বিনা আর কেহো করিতে না পারে॥৩৩
হেনমতে শ্রীগৌরসুন্দর নীলাচলে। আইলেন চলিয়া আপন-কুতূহলে॥ ৩৪
নিত্যানন্দ, গদাধর, মুকুন্দ, গোবিন্দ। সংহতি জগদানন্দ আর ব্রহ্মানন্দ॥ ৩৫
পথে প্রভু পরীক্ষা করেন সভা'-প্রতি। "কী সম্বল আছে, বল, কাহার সংহতি॥ ৩৬
কেবা কী দিয়াছে কা'রে পথের সম্বল? নিষ্কপটে মোর স্থানে কহত সকল॥" ৩৭
সভে বোলে, "প্রভু! বিনা তোমার আজ্ঞার। কা'র দ্রব্য লৈতে শক্তি আছে বা কাহার॥"
শুনিয়া ঠাকুর বড় সন্তোষ হইলা। শেষে সেই লক্ষ্যে তত্ত্ব কহিতে লাগিলা॥ ৩৯

২(৪র্থ) চিত্তবৃত্ত [ক,গ,জ,ঝ,ঞ], চিত্তবিত্ত [ঘ], (৫ম) চলিলেন [ক,খ,গ,ঘ,ঙ,চ,জ], (৮ম) নিবৃত্ত [ক,খ,গ,ঘ], নিবর্ত [ঘ, জ]; ৩(৮ম) পথ-বিরোধ [ক, খ, গ, ঘ, ঙ, জ]; ৪ (১ম) যত- [খ, ঙ], (২য়) কি করিব [ক, খ, ঙ]; ৫ (৭ম) তুমি [ছ]; ৮ [২য়) চলই [ছ], (৭ম, ৮ম) সম্বরিতে পারয়ে [ক]; ১০ (৩য়, ৪র্থ) কিছু আর [ক]; ১১ (১ম—৪র্থ) কৃষ্ণকথা সভাই বলহ [চ]; ১২ (৫ম—৭ম) প্রত্যক্ষে সভারে প্রভ [ছ]; ১৫ (৩য়, ৪র্থ) সব প্রেমে [ক], সব প্রেম- [খ, ঘ, জ], সব প্রিয়- [গ], সব প্রেমী [ঙ], (৯ম) ঘনে ঘন [ঘ]; ১৯ (১ম, ২য়) যে করেন মনে কৃষ্ণ ইচ্ছায় [ঝ]; ২১ (৬ষ্ঠ) পরম- [ঘ, জ]; ২২ (৩য়) মুরারি [চ]; ২৫ (৭ম) পর- [ঙ]; ২৬ (৫ম) পাইলা [ক] (৮ম) ক্ষণে [ঘ, ছ]।

প্রভু বোলে, "কাহারো যে কিছু না লইলা। ইহাতে আমার বড় সন্তোষ করিলা ॥ ৪০
ভোক্তব্য অদৃষ্টে থাকে যে-দিনে লিখন। অরণ্যেহ আসি' মিলে অবশ্য তখন ॥ ৪১
প্রভু যা'রে যে-দিনে বা না লিখে আহার। রাজপুত্র হউ, তভু উপাস তাহার ॥ ৪২
থাকিলেও খাইতে না পারে' আজ্ঞা-বিনে। অকস্মাত কোন্দল করয়ে কা'রো সনে ॥ ৪৩
ক্রোধ করি' বোলে, 'মুঞি না খাইমু ভাত।' দিব্য করি' রহে নিজ-শিরে দিয়া হাথ ॥৪৪
অথবা সকল ভক্ষ্য হৈল বিদ্যমান। আচম্বিতে দেহে জ্বর হৈল অধিষ্ঠান ॥ ৪৫
জ্বরবেদনায় কোথা থাকিল ভক্ষণ! অতএব ঈশ্বরের ইচ্ছা সে কারণ ॥ ৪৬
ত্রিভুবনে কৃষ্ণ দিয়াছেন অন্নছত্র। ঈশ্বরের ইচ্ছা থাকে—মিলিব সর্বত্র ॥" ৪৭
আপনে ঈশ্বর সর্বজনেরে শিখায়। ইহাতে বিশ্বাস যা'র, সে-ই সুখ পায় ॥ ৪৮
যে-তে-মতে কেনে কোটি-প্রযত্ন না করে'। ঈশ্বরের ইচ্ছা হৈলে সেই ফল ধরে' ॥ ৪৯
হেনমতে প্রভু তত্ত্ব কহিতে কহিতে। উত্তরিলা আসি' 'আটিসারা-নগরেতে ॥ ৫০
সেই আটিসারা-গ্রামে মহাভাগ্যবান্। আছেন পরম সাধু—শ্রীঅনন্ত-নাম ॥ ৫১
রহিলেন প্রভু আসি' তাঁহার আলয়। কি কহিমু আর তাঁ'র ভাগ্য-সমুচ্চয় ॥ ৫২
অনন্ত-পণ্ডিত অতি পরম উদার। পাইয়া পরমানন্দ, বাহ্য নাহি আর ॥ ৫৩
বৈকুণ্ঠের পতি আসি' অতিথি হইলা। সন্তোষে ভিক্ষার সজ্জ করিতে লাগিলা ॥৫৪
সর্ব-গণ-সহ প্রভু করিলেন ভিক্ষা। সন্ন্যাসীরে ভিক্ষা-ধর্ম করাইলা শিক্ষা ॥ ৫৫
সর্বরাত্রি কৃষ্ণ-কথা-কীর্তন-প্রসঙ্গে। আছিলেন অনন্ত-পণ্ডিতগৃহে রঙ্গে ॥ ৫৬
শুভদৃষ্টি অনন্তপণ্ডিত-প্রতি করি'। প্রভাতে চলিলা প্রভু বলি' 'হরি হরি' ॥ ৫৭
দেখি' সর্বতাপ হরে' সে চন্দ্রবদন। 'হরি' বলি' সর্বলোক ডাকে অনুক্ষণ ॥ ৫৮
যোগেন্দ্র-হৃদয় অতি দুর্লভ-চরণ। হেন-প্রভু চলি' যায়—দেখে সর্বজন ॥ ৫৯
এইমত প্রভু জাহ্নবীর কূলে কূলে। আইলেন 'ছত্রভোগে' মহাকুতুহলে ॥ ৬০
সেই ছত্রভোগে গঙ্গা হঞা শতমুখী। বহিতে আছেন সর্বলোকে করি' সুখী ॥ ৬১
জলময় শিবলিঙ্গ আছে সেইস্থানে। 'অম্বুলিঙ্গঘাট' করি' বোলে সর্বজনে ॥ ৬২
অম্বুলিঙ্গ শ্রীশঙ্কর হৈলা যে-নিমিত্ত। সেই কথা কহি, শুন হঞা একচিত্ত ॥ ৬৩
পূর্বে ভগীরথ করি' গঙ্গা-আরাধন। গঙ্গা আনিলেন বংশ-উদ্ধার-কারণ ॥ ৬৪
গঙ্গার বিরহে শিব বিহ্বল হইয়া। শিব আইলেন শেষে গঙ্গা সঙরিয়া ॥ ৬৫

---

২ (৬ষ্ঠ—১০ম) "অরণ্যে আসিয়া যে মিলয়ে ভক্ষণ ॥" [ঘ, জ]; ৩ (২য়—৫ম) বলে কৃষ্ণ যে দিন [গ], (৮ম) কোটীশ্বর [জ]; ৫ (৯ম, ১০ম) করিলেক [গ, ঘ, জ, ঞ]; ৬ (৩য়) দ্রব্য [ক, খ, ঙ, চ, জ, ঝ, ঞ]; ৭ (৭ম) আজ্ঞা [ঘ, জ]; ৮ (২য়) প্রভু [ঘ, জ], (৬ষ্ঠ) আজ্ঞা [জ]; ১০ (১ম, ২য়) যেমত তেমতে [চ], (১ম—৩য়) যেন তেন মতে কেন প্রযত্ন [ছ], (৯ম) অবশ্য [চ]; ১১ (৮ম) আঠিসারা [ঞ]; ১২ (৬ষ্ঠ) ধার্মিক [চ]; ১৪ (১ম)-আচার্য [ঘ, জ]; ১৫ (৮ম) কার্য [চ]; ১৬ (৭ম) করাঞা [ক, গ, ঘ, জ]; ২৩ (৭ম) ঘোষে [ঙ]।

গঙ্গার বিরহে শিব সেই ছত্রভোগে। বিহ্বল হইলা অতি গঙ্গা-অনুরাগে ॥ ৬৬
গঙ্গা দেখি' মাত্র শিব গঙ্গায় পড়িলা। জলরূপে শিব জাহ্নবীতে মিশাইলা ॥ ৬৭
জগন্মাতা জাহ্নবীও দেখিয়া শঙ্কর। পূজা করিলেন ভক্তি করিয়া বিস্তর ॥ ৬৮
শিব সে জানেন গঙ্গাভক্তির মহিমা। গঙ্গাও জানেন শিবভক্তির যে সীমা ॥ ৬৯
গঙ্গাজল-স্পর্শে শিব হৈলা জলময়। গঙ্গাও পূজিলা শিবে করিয়া বিনয় ॥ ৭০
জলরূপে শিব রহিলেন সেই-স্থানে। 'অম্বুলিঙ্গ-ঘাট' বলি' ঘোষে' সর্বজনে ॥ ৭১
গঙ্গা-শিব-প্রভাবে সে ছত্রভোগ-গ্রাম। হইল পরম ধন্য মহাতীর্থ নাম ॥ ৭২
তথি-মধ্যে বিশেষ মহিমা হৈল আর। পাইয়া চৈতন্যচন্দ্র-চরণ-বিহার ॥ ৭৩
ছত্রভোগ গেলা প্রভু অম্বুলিঙ্গঘাটে। শতমুখী গঙ্গাধারা দেখিলা নিকটে ॥ ৭৪
দেখিয়া হইলা প্রভু আনন্দে বিহ্বল। 'হরি' বলি' হুঙ্কার করেন কোলাহল ॥ ৭৫
আছাড় খায়েন নিত্যানন্দে কোলে করি'। সর্বগণে জয় দিয়া বোলে, 'হরি হরি' ॥৭৬
আনন্দ-আবেশে প্রভু সর্বগণে লঞা। সেই ঘাটে স্নান করিলেন সুখী হঞা ॥ ৭৭
অনেক কৌতুকে প্রভু কৈলা গঙ্গাস্নানে। বেদব্যাস তাহা সব লিখিব পুরাণে ॥ ৭৮
স্নান করি' মহাপ্রভু উঠিলেন কূলে। যে-বস্ত্র পরেন, সেই তিতে প্রেমজলে ॥ ৭৯
পৃথিবীতে বহে এক শতমুখী ধার। প্রভুর নয়ানে বহে শতমুখী আর ॥ ৮০
অপূর্ব দেখিয়া সভে হাসে ভক্তগণ। হেন মহাপ্রভু গৌরচন্দ্রের ক্রন্দন ॥ ৮১
সেই গ্রামে অধিকারী রামচন্দ্র-খান। যদ্যপি বিষয়ী, তভু মহাভাগ্যবান্ ॥ ৮২
অন্যথা প্রভুর সঙ্গে তা'র দেখা কেনে? দৈবগতি আসিয়া মিলিলা সেইস্থানে ॥ ৮৩
দেখিয়া প্রভুর তেজ ভয় হৈল মনে। দোলা হৈতে সত্বরে নামিলা সেইক্ষণে ॥ ৮৪
দণ্ডবত হইয়া পড়িল ভূমিতলে। প্রভুর নাহিক বাহ্য প্রেমানন্দজলে ॥ ৮৫
"হা হা জগন্নাথ! প্রভু বোলে ঘনে-ঘন। পৃথিবীতে পড়ি' ঘন করয়ে ক্রন্দন ॥ ৮৬
দেখিয়া প্রভুর আর্তি রামচন্দ্রখান। অন্তরে বিদীর্ণ হৈল সজ্জনের প্রাণ ॥ ৮৭
"কেমতে আর্তির এই হয় সম্বরণ?" কান্দে, আর এইমত চিন্তে' মনে-মন ॥ ৮৮
"ত্রিভুবনে হেন আছে?—দেখি' সে ক্রন্দন। বিদীর্ণ না হয় কাষ্ঠ-পাষাণের মন?"৮৯
কিছু স্থির হঞা বৈকুণ্ঠের চূড়ামণি। রামচন্দ্র-খানে জিজ্ঞাসিলেন, "কে তুমি?"৯০
কোন্ জাতি কিবা নাম কহত আমারে। তোমা দেখি সুখী বড় হইলুঁ অন্তরে ॥৯১
তবে রামচন্দ্রখান জুড়ি' দুই কর। নিজ নিবেদন করে' প্রভুর গোচর ॥" ৯২

---

১ (২য়, ৩য়) গঙ্গারে দেখিয়া [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ ঝ]; ৫ (৬ষ্ঠ—৮ম) পূজিলা অতি করিয়া [খ, ঘ, চ, ছ, জ]; ৬ (৬ষ্ঠ) করি [গ, ছ, ঞ]; ৭ (১ম) -প্রসাদে [ঘ, জ], (৬ষ্ঠ) পুণ্য [ক]; ৯ (৬ষ্ঠ) গঙ্গা প্রভু [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ, ঝ]; ১৫ (৩য়, ৪র্থ) শতমুখী প্রেম- [চ]; ১৮ (১ম) নহিলে [ছ]; ১৯ (১০ম) নাম্বিলা [ক, খ, ঘ, চ]; ২১ (১ম) প্রভু [ঙ]; ২৫ (৬ষ্ঠ) -পাঁরে [গ]।

সম্ভ্রমে করিয়া দণ্ডবত করজোড়। বোলে, "প্রভু! দাস-অনুদাস মুঞি তোর॥"৯৩
তবে শেষে সর্বলোকে লাগিল কহিতে। "এই অধিকারী, প্রভু! দক্ষিণ দেশেতে॥"৯৪
প্রভু বোলে, "তুমি অধিকারী বড় ভাল। নীলাচলে আমি যাই কেমতে সকাল?"৯৫
বহয়ে আনন্দধারা কহিতে কহিতে। 'নীলাচলচন্দ্র!' বলি' পড়িলা ভূমিতে॥ ৯৬
রামচন্দ্রখান বোলে, "শুন মহাশয়! যে-আজ্ঞা তোমার, সেই কর্তব্য নিশ্চয়॥ ৯৭
সবে প্রভু! হইয়াছে বিষম সময়। সে-দেশে এ-দেশে কেহো পথ নাহি বয়॥ ৯৮
রাজারা ত্রিশূল পুঁতিয়াছে স্থানে-স্থানে। পথিক পাইলে 'জাসু' বলি' লয় প্রাণে॥৯৯
কোন্ দিগ দিয়া বা পাঠাঙ লুকাইয়া। তাহাতে ডরাঙ, প্রভু! শুন মন দিয়া॥১০০
মুঞি সে নস্কর, এথাকার মোর ভার। নাগালি পাইলে, আগে সংশয় আমার॥১০১
তথাপিহ প্রভু! যে-তে কেনে মোর নয়। যে তোমার আজ্ঞা, তাহা করিমু নিশ্চয়॥১০২
যদি মোরে 'ভৃত্য' হেন জ্ঞান থাকে মনে। তবে এথা ভিক্ষা আজি কর' সর্বগণে॥১০৩
জাতি, প্রাণ ধন কেনে মোর না যায়। আজি রাত্রে তোমা' পাঠাইমু সর্বথায়॥১০৪
শুনিঞা হইলা সুখী বৈকুণ্ঠের নাথ। হাসি' তা'রে করিলেন শুভদৃষ্টিপাত॥ ১০৫
দৃষ্টিমাত্র তা'র সর্ব-বন্ধ-ক্ষয় করি'। ব্রাহ্মণ-আশ্রমে রহিলেন গৌরহরি॥ ১০৬
ব্রাহ্মণ-মন্দিরে হৈল পরম মঙ্গল। প্রত্যক্ষ পাইল সব সুকৃতির ফল॥ ১০৭
নানা-যত্নে দৃঢ়-ভক্তিযোগ-চিত্ত হঞা। প্রভুর রন্ধন বিপ্র করিলেন গিঞা॥ ১০৮
নামে সে ঠাকুর মাত্র করেন ভোজন। প্রেমাবেশে অবকাশ নাহি একক্ষণ॥ ১০৯
ভিক্ষা করে' প্রভু প্রিয়বর্গ সন্তোষার্থ। নিরবধি প্রভুর ভোজন—পরমার্থ॥ ১১০
বিশেষে, চলিলা যে-অবধি জগন্নাথে। নামে সে ভোজন প্রভু করে' সেই হৈতে॥১১১
নিরবধি জগন্নাথ-প্রতি আর্তি করি'। আইসেন সর্ব পথ আপনা' পাসরি'॥ ১১২
কা'রে বোলে রাত্রি-দিন পথের সঞ্চার। কিবা জল কিবা স্থল কিবা পারাবার॥১১৩
কিছু নাহি জানে' প্রভু ডুবি' ভক্তিরসে। প্রিয়বর্গ রাখে নিরবধি রহি' পাশে॥১১৪
যে-আবেশ মহাপ্রভু করেন প্রকাশ। তাহা কে কহিতে পারে' বিনা বেদব্যাস?১১৫
ঈশ্বরের চরিত্র বুঝিতে শক্তি কা'র? কখন কিরূপে কৃষ্ণ করেন বিহার? ১১৬
কা'রে বা করেন আর্তি, কান্দেন কাহারে। এ মর্ম জানিতে নিত্যানন্দ শক্তি ধরে'॥১১৭
নিজ-ভক্তি-রসে ডুবি' বৈকুণ্ঠের রায়। আপনা না জানে' প্রভু আপন-লীলায়॥১১৮

---

২ (১০ম) রাজ্যেতে [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ]; ৬ (৭ম) এখন [ছ]; ৭ (১ম—৩য়) রাজার রক্ষক সব আছে [ছ], (৭ম) যাসু [ক, গ], জাশু [ঝ]; ৯ (১ম—৬ষ্ঠ) "মুঞি লক্ষসেনার অধিকারী সে রাজার।" [ছ], (৩য়) রক্ষক [জ]; ১০ (৭ম—১২শ) "রাত্রে আজি তোমা লৈয়া থুইব তথায়॥" [ছ], (৯ম) ইচ্ছা [ক], (১০ম) প্রভু [চ]; ১৪ (১ম) দৃষ্টিপাতে [ঘ, চ, ছ, ঞ]: ১৫ (৩য়) আনন্দ [চ]; ১৭ (৭ম) নিজাবেশে [গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ]; ১৮ (৪র্থ) নিজবর্গ- [গ]; ২১ (৫ম) সন্তার [ঞ], (১০ম, ১১শ) পার বা ও'পার [ঙ, ঝ]; ২২ (৬ষ্ঠ) প্রেম-রসে [খ]; ২৩ (৭ম) বর্ণিতে [ঘ, জ]।

আপনেই জগন্নাথ ভাবেন আপনে। আপনে করিয়া আর্তি লওয়ায়েন জনে ॥ ১১৯
যদি কৃপাদৃষ্টি না করেন জীব-প্রতি। তবে কা'র আছে তানে জানিতে শকতি ?১২০
নিত্যানন্দ-আদি সর্ব প্রিয়বর্গ লঞা। ভোজন করিতে প্রভু বসিলেন গিঞা ॥১২১
কিছুমাত্র অন্ন প্রভু পরিগ্রহ করি'। উঠিলেন হুঙ্কার করিয়া গৌরহরি ॥ ১২২
আবিষ্ট হইলা প্রভু করি' আচমন। "কতদূর জগন্নাথ ?" বোলে ঘনে-ঘন ॥ ১২৩
মুকুন্দ লাগিলা মাত্র কীর্তন করিতে। আরম্ভিলা বৈকুণ্ঠের ঈশ্বর নাচিতে ॥ ১২৪
পুণ্যবন্ত যত যত ছত্রভোগ-বাসী। সভে দেখে,—নৃত্য করে' বৈকুণ্ঠ-বিলাসী ॥১২৫
অশ্রু, কম্প, পুলক, হুঙ্কার, স্তম্ভ, ঘর্ম। কত হয়—কে জানে সে বিকারের মর্ম ? ১২৬
কিবা সে অদ্ভুত নয়নের প্রেম-ধার। ভাদ্রমাসে যে-হেন গঙ্গার অবতার ॥ ১২৭
পাক দিয়া নৃত্য করিতে যে ছুটে জল। তাহাতেই লোক স্নান করিল সকল ॥ ১২৮
ইহারে সে কহি প্রেমময় অবতার। এ-শক্তি চৈতন্যচন্দ্র বিনা নাহি আর ॥ ১২৯
এইমত গেল রাত্রি দ্বিতীয় প্রহর। স্থির হইলেন প্রভু শ্রীগৌরসুন্দর ॥ ১৩০
সকল লোকের চিত্তে যেন 'ক্ষণপ্রায়'। সভার নিস্তার হৈল চৈতন্যকৃপায় ॥ ১৩১
হেনই সময়ে কহে রামচন্দ্রখান। "নৌকা আসি' ঘাটে প্রভু হৈল বিদ্যমান ॥" ১৩২
সেইক্ষণে 'হরি' বলি' শ্রীগৌরসুন্দর। উঠিলেন গিয়া প্রভু নৌকার উপর ॥ ১৩৩
শুভদৃষ্ট্যে লোকেরে বিদায় দিয়া ঘরে। চলিলেন প্রভু 'নীলাচলে' নিজপুরে ॥ ১৩৪
প্রভুর আজ্ঞায় শ্রীমুকুন্দ মহাশয়। কীর্তন করেন, প্রভু নৌকায় বিজয় ॥ ১৩৫
অবুধ নাইয়া বোলে, "হইল সংশয়। বুঝিলাঙ আজি আর প্রাণ নাহি রয় ॥ ১৩৬
কূলেতে উঠিলে বাঘে লইয়া পালায়। জলে পড়িলে সে কুম্ভীরে ধরি' খায় ॥ ১৩৭
নিরন্তর এ পানীতে ডাকাইত ফিরে'। পাইলেই, ধন প্রাণ—দুই নাশ করে' ॥১৩৮
এতেকে যাবত উড়িয়ার দেশ পাঞি। তাবত নীরব হও, সকল গোসাঞি !" ১৩৯
সঙ্কোচ হইলা সভে নাইয়ার বোলে। প্রভু সে ভাসেন নিরবধি প্রেমজলে ॥ ১৪০
ক্ষণেকে উঠিলা প্রভু করিয়া হুঙ্কার। সভারে বোলেন, "কেনে ভয় কর' কা'র ?১৪১
এই না সম্মুখে সুদর্শনচক্র ফিরে'। বৈষ্ণবজনের নিরবধি বিঘ্ন হরে' ॥ ১৪২
কিছু চিন্তা নাহি, কর' কৃষ্ণসংকীর্তন। তোরা কি না দেখ হের ফিরে' সুদর্শন ?"১৪৩
শুনিয়া প্রভুর বাক্য সর্ব-ভক্তগণ। আনন্দে লাগিলা সভে করিতে কীর্তন ॥ ১৪৪
ব্যপদেশে মহাপ্রভু কহেন সভারে। "নিরবধি সুদর্শন ভক্তে রক্ষা করে' ॥ ১৪৫

---

১ (৩য়) চিন্তেন [ঘ, জ], (৮ম, ৯ম) লওয়ায় নিজগণে [ক], বুঝায়েন আনে [ঘ, জ]; ৩(৩য়) নিজগণ [ঘ]; ৬ (৩য়) নাম- [ঙ]; ৮ (৫ম) দৈন্য [ঘ]; ৯ (৯ম) সঞ্চার [ঘ]; ১২ (৪র্থ) তৃতীয় [ক, খ, গ, ঙ, চ, ছ, ঝ], (৮ম) কিছু [গ]; ১৫ (৬ষ্ঠ, ৭ম) প্রভু আসি' [ছ]; ১৮ (২য়) নাবিক [জ]; ২১ (৮ম, ৯ম) হই থাকহ [চ], (৯ম) শুনহ [ঙ, ঞ]; ২২ (৪র্থ) নাবিকের [ঙ, জ, ঞ]; ২৪ (৮ম, ৯ম) রক্ষা করে [খ, ঙ]; ২৫ (৬ষ্ঠ—১১শ) তোমরা কি নাহি দেখ চক্র [চ]; ২৬ (৯ম) ক্রন্দন [খ, চ]; ২৭ (১ম) উপদেশ [ঘ]।

যে পাপিষ্ঠ বৈষ্ণবের পক্ষ হিংসা করে’। সুদর্শন-অগ্নিতে সে পাপী পুড়ি’ মরে ॥১৪৬
বিষ্ণুচক্র সুদর্শন রক্ষক থাকিতে। কা’র শক্তি আছে ভক্তজনেরে লঙ্ঘিতে ?” ১৪৭
এইমত শ্রীগৌরচন্দ্রের গোপ্যকথা। তাঁ’র কৃপা যা’রে, সে-ই বুঝয়ে সর্বথা ॥ ১৪৮
চ—অধ্যায় শেষ
হেনমতে মহাপ্রভু সংকীর্তন-রসে। প্রবেশ করিলা আসি’ শ্রীউৎকলদেশে ॥ ১৪৯
উত্তরিল গিয়া নৌকা শ্রীপ্রয়াগঘাটে। নৌকা হৈতে মহাপ্রভু উঠিলেন তটে ॥ ১৫০
প্রবেশ করিলা গৌরচন্দ্র ওড্রদেশে। ইহা যে শুনয়ে, সে ভাসয়ে প্রেমরসে ॥ ১৫১
আনন্দে ঠাকুর ওড্রদেশ হঞা পার। সর্বগণ-সহিত হইলা নমস্কার ॥ ১৫২
সেইস্থানে আছে তা’র ‘গঙ্গাঘাট’ নাম। তথি গৌরচন্দ্র প্রভু করিলেন স্নান ॥ ১৫৩
যুধিষ্ঠির-স্থাপিত মহেশ তথি আছে। স্নান করি’ তাঁ’রে নমস্করিলেন পাছে ॥ ১৫৪
ওড্রদেশে প্রবেশ করিলা গৌরচন্দ্র। গণ-সহ হইলেন পরম আনন্দ ॥ ১৫৫
এক দেবস্থানেতে থুইয়া সভাকারে। আপনে চলিলা প্রভু ভিক্ষা করিবারে ॥ ১৫৬
যা’র ঘরে গিয়া প্রভু উপসন্ন হয়ে। সে বিগ্রহ দেখিতে কাহার মোহ নহে ? ১৫৭
আঁচল পাতেন প্রভু শ্রীগৌরসুন্দর। সভেই তণ্ডুল আনি’ দেয় ত সত্বর ॥ ১৫৮
ভক্ষ্য দ্রব্য উৎকৃষ্ট যে থাকে যা’র ঘরে। সভেই সন্তোষে আনি’ দেয় প্রভু-করে ॥১৫৯
‘জগতের অন্নপূর্ণা’ যে-লক্ষ্মীর নাম। সে-লক্ষ্মী মাগয়ে যাঁ’র পাদপদ্মে স্থান ॥ ১৬০
হেন-প্রভু আপনে সকল ঘরে-ঘরে। ন্যাসিরূপে ভিক্ষা-ছলে জীবে ধন্য করে’ ॥১৬১
ভিক্ষা করি’ প্রভু হঞা হরষিত-মন। আইলেন যথা বসি’ আছে ভক্তগণ ॥ ১৬২
ভক্ষ্য দ্রব্য দেখি’ সভে লাগিলা হাসিতে। সভেই বোলেন, “প্রভু ! পারিবা পুষিতে ॥”
সন্তোষে জগদানন্দ করিলা রন্ধন। সভার সংহতি প্রভু করিলা ভোজন ॥ ১৬৪
সর্বরাত্রি সেই গ্রামে করি’ সংকীর্তন। উষঃকালে মহাপ্রভু করিলা গমন ॥ ১৬৫
কথোদূর গেলে মাত্র দানী দুরাচার। রাখিলেক, দান চাহে, না দেয় যাইবার ॥১৬৬
দেখিয়া প্রভুর তেজ পাইল বিস্ময়। জিজ্ঞাসিল, “তোমার কতেক লোক হয় ?”১৬৭
প্রভু বোলে, “আমার জগতে কেহো নহে। আমিহ কাহারো নহি—কহিলুঁ নিশ্চয়ে ॥
এক আমি, দুই নহি, সকল—আমার।” কহিতে নয়ানে অবিরত বহে ধার ॥ ১৬৯
দানী বোলে, “গোসাঞি ! করহ শুভ তুমি। এ-সভার দান পাইলে ছাড়ি’ দিমু আমি ॥”

১ (৫ম) নিন্দা [ঘ, ছ], (৭ম, ৮ম) সুদর্শনচক্রে সেই [ক]; ৩ (৪র্থ—৮ম) তাঁহার কৃপায় এই জানিয়ে [ক], এই পংক্তির পর চ-পুঁথিতে পুষ্পিকাসহ তৃতীয় অধ্যায় শেষ হইয়াছে; ৫(৫ম) হইলা [খ, গ, ঘ, ঙ, ছ, জ, ঝ, ঞ]; ১০ (৮ম) পূজা করিলেন [ছ]; ১৩ (৫ম, ৬ষ্ঠ) হন উপসন্ন [ঞ], (৭ম—১২শ) “দরশনেই সর্বচিত্ত হয়েন প্রসন্ন ॥” [ঞ]; ১৫ (৩য়) উত্তম [ক, ঘ, জ]; ১৭ শ পংক্তির পর অধিক পাঠ—“কুলবতী গবাক্ষ-দুয়ারে মুখ তুলি। প্রভুর বদন দেখি কান্দে হরি বলি’ ॥” [ছ]; ১৯ (১১শ) পালিতে [ক]; ২২ (১ম) কথোক্ষণে [খ]; ২৩ (৬ষ্ঠ) জিজ্ঞাসেন [ক, খ, ঙ, চ, ছ, ঞ]; ২৫ (৪র্থ, ৫ম) নাহি সর্বথা [ক, গ], নহি বচন [ছ]।

শুভ করিলেন প্রভু ‘গোবিন্দ’ বলিয়া। কথোদূরে সভা’ ছাড়ি’ বসিলেন গিয়া ॥১৭১
সভা’ পরিহরি’ প্রভু করিলা গমন। হরিষে বিষাদ হৈলা সব ভক্তগণ ॥ ১৭২
দেখিয়া প্রভুর অতি নিরপেক্ষ লীলা। অন্যোঽন্যে সর্বগণে হাসিতে লাগিলা ॥ ১৭৩
পাছে প্রভু সভা ছাড়ি’ করেন গমন। এতেকে বিষাদ আসি’ ধরিলেক মন ॥ ১৭৪
সভা প্রবোধেন নিত্যানন্দ, “চিন্তা নাঞি। আমা’-সভা’ ছাড়িয়া না যাবেন গোসাঞি ॥”
দানী বোলে, “তোমরা ত সন্ন্যাসীর নহ। এতেকে যে আমার উচিত, দান দেহ’ ॥”১৭৬
কথোদূরে প্রভু সর্ব-পার্ষদে ছাড়িয়া। হেঁট মাথা করি’ মাত্র কান্দেন বসিয়া ॥ ১৭৭
কাষ্ঠ-পাষাণ দ্রবে’ শুনি’ সে-ক্রন্দন। অদ্ভুত দেখিয়া দানী গণে’ মনে-মন ॥ ১৭৮
দানী বোলে, “এ পুরুষ নর কভু নহে! মনুষ্যের নয়নে কি এত ধারা বহে?” ১৭৯
সভারে জিজ্ঞাসে’ দানী প্রণতি করিয়া। “কে তোমরা, কা’র লোক, কহ ত ভাঙ্গিয়া?”
সভে বলিলেন, “অই ঠাকুর সভার। ‘শ্রীকৃষ্ণচৈতন্য’ নাম শুনিয়াছ তাঁ’র ॥ ১৮১
সভেই উহান ভৃত্য আমরা সকল।”—কহিতে সভার আঁখি বহি’ পড়ে জল ॥ ১৮২
দেখিয়া সভার প্রেম মুগ্ধ হৈল দানী। দানীর নয়ন দুই বহি’ পড়ে পানি ॥ ১৮৩
আথেব্যথে দানী গিয়া প্রভুর চরণে। দণ্ডবত হঞা বোলে বিনয়-বচনে ॥ ১৮৪
কোটি-কোটি জন্মে যত ছিল অমঙ্গল। তোমা’ দেখি’ আজি প্রভু খণ্ডিল সকল ॥ ১৮৫
অপরাধ ক্ষমা কর’ করুণাসাগর। চল নীলাচলে গিয়া দেখহ সত্বর ॥ ১৮৬
দানী-প্রতি প্রভু করি’ শুভদৃষ্টিপাত। ‘হরি’ বলি’ চলিলেন সর্বজীবনাথ ॥ ১৮৭
সভার করিব গৌরসুন্দর উদ্ধার। বিনা পাপী বৈষ্ণব নিন্দক দুরাচার ॥ ১৮৮
অসুর দ্রবিল চৈতন্যের গুণ-নামে। অত্যন্ত দুষ্কৃতি পাপী—সেই নাহি মানে’ ॥ ১৮৯
হেনমতে নীলাচলে বৈকুণ্ঠের নাথ। চলিলেন সভারে করিয়া দৃষ্টিপাত ॥ ১৯০
নিজ-প্রেমানন্দে প্রভু পথ নাহি জানে’। অহর্নিশ সুবিহ্বল প্রেমরস-পানে ॥ ১৯১
এইমতে মহাপ্রভু চলিতে চলিতে। কথোদিনে উত্তরিলা সুবর্ণরেখাতে ॥ ১৯২
সুবর্ণরেখার জল পরম নির্মল। স্নান কৈলা প্রভু সঙ্গে বৈষ্ণব-সকল ॥ ১৯৩
স্নান করি’ স্বর্ণরেখা-নদী ধন্য করি’। চলিলেন শ্রীগৌরসুন্দর নরহরি ॥ ১৯৪
রহিলা অনেক পাছে নিত্যানন্দচন্দ্র। সংহতি তাঁহার সবে শ্রীজগদানন্দ ॥ ১৯৫
কথোদূরে গৌরচন্দ্র বসিলেন গিঞা। নিত্যানন্দস্বরূপের অপেক্ষা করিঞা ॥ ১৯৬

---

৩ (৫ম) পেলা [ক, খ, গ ঙ, চ, ছ, ঝ, ঞ]; ৬ (৫ম) গোসাঞির [ক]; ৭ (৩য়, ৪র্থ) ভক্তগণেরে [ক], সর্ব গণেরে [ঘ, জ]; ৮ (৮ম) গুণে [ক, গ, ঙ, চ, ছ], ভাবে [খ, ঞ], কান্দে [ঘ, জ]; ১১ (৫ম) আমার [ঘ, জ]; ১২ (৯ম—১১শ) করে ছল ছল [ছ]; ১৩ (৮ম—১১শ) নয়ানে নিরবধি বহে [ঘ], নয়ানে অবিরত বহে [ঙ]; ১৫ (৪র্থ, ৫ম) আছিল মঙ্গল [ক, খ, গ, ঞ], (৯ম, ১০ম) পূর্ণ হৈল [ক, খ, গ, ঞ], প্রভু ঘুচিল [চ]; ১৬ (৯ম) ঈশ্বর [ক]; ১৯ (৪র্থ) গুণগ্রামে [ছ]; ২৫ (৫ম) সঙ্গতি [ঘ, ঞ]; ২৬ (২য়, ৩য়) গৌরহরি রহিলেন [ঘ]।

চৈতন্য-আবেশে মত্ত নিত্যানন্দরায়। বিহ্বলের প্রায় ব্যবসায় সর্বথায় ॥ ১৯৭
কখনো হুঙ্কার করে', কখনো রোদন। ক্ষণে মহা অট্ট-হাস, ক্ষণে বা গর্জন ॥ ১৯৮
ক্ষণে বা নদীর মাঝে এড়েন সাঁতার। ক্ষণে সর্ব-অঙ্গে ধূলা মাখেন অপার ॥ ১৯৯
ক্ষণে বা যে আছাড় খায়েন প্রেমরসে। চূর্ণ হৈল অঙ্গ—হেন সর্বলোক বাসে' ॥২০০
আপনা' আপনি নৃত্য করেন কখনে। টলমল করয়ে পৃথিবী ততক্ষণে ॥ ২০১
এ-সকল কথা তানে কিছু চিত্র নহে। অবতীর্ণ আপনে অনন্ত-মহাশয়ে ॥ ২০২
নিত্যানন্দ-প্রভুতে এ-সব শক্তি হয়ে। নিরবধি গৌরচন্দ্র যাহান হৃদয়ে ॥ ২০৩
নিত্যানন্দস্বরূপে থুইয়া এক-স্থানে। চলিলা জগদানন্দ ভিক্ষা-অন্বেষণে ॥ ২০৪
ঠাকুরের দণ্ড শ্রীজগদানন্দ বহে। দণ্ড থুঞা নিত্যানন্দ-স্বরূপেরে কহে ॥ ২০৫
"ঠাকুরের দণ্ডে মন দিও সাবধানে। ভিক্ষা করি' আমিহ আসিমু এইক্ষণে ॥" ২০৬
আথেব্যথে নিত্যানন্দ দণ্ড ধরি' করে। বসিলেন সেইস্থানে বিহ্বল-অন্তরে ॥ ২০৭
দণ্ড হাথে করি' হাসে নিত্যানন্দরায়। দণ্ডের সহিত কথা কহেন লীলায় ॥ ২০৮
"অহে দণ্ড! আমি যাঁ'রে বহিয়ে হৃদয়ে। সে তোমারে বহিবেক—এ ত যুক্ত নহে ॥"২০৯
এত বলি' নিত্যানন্দ পরম প্রচণ্ড। ফেলিলেন দণ্ড ভাঙ্গি' করি' তিন খণ্ড ॥ ২১০
ঈশ্বরের ইচ্ছা, মাত্র ঈশ্বর সে জানে'। কেনে ভাঙ্গিলেন দণ্ড, জানিমু কেমনে? ২১১
নিত্যানন্দ জ্ঞাতা গৌরচন্দ্রের অন্তর। নিত্যানন্দেরেও জানে' শ্রীগৌরসুন্দর ॥২১২
যুগে-যুগে দুই ভাই—শ্রীরাম-লক্ষ্মণ। দোঁহার অন্তর দোঁহে জানে' অনুক্ষণ ॥ ২১৩
একবস্তু দুইভাগ—ভক্তি বুঝাইতে। গৌরচন্দ্রে জানি' সবে নিত্যানন্দ হৈতে ॥২১৪
বলরাম বিনা অন্য চৈতন্যের দণ্ড। ভাঙ্গিবারে পারে'—হেন কে আছে প্রচণ্ড? ২১৫
সকল বুঝায় ছলে শ্রীগৌরসুন্দরে। যে জানয়ে মর্ম, সেই জন সুখে তরে' ॥ ২১৬
দণ্ড ভাঙ্গি' নিত্যানন্দ আছেন বসিয়া। ক্ষণেকে জগদানন্দ মিলিলা আসিয়া ॥২১৭
ভগ্ন দণ্ড দেখি' মহা হইলা বিস্মিত। অন্তরে জগদানন্দ হইলা চিন্তিত ॥ ২১৮
বার্তা জিজ্ঞাসিলেন, "দণ্ড ভাঙ্গিলেক কে?" নিত্যানন্দ বোলে, "দণ্ড ধরিলেক যে ॥২১৯
আপনার দণ্ড প্রভু ভাঙ্গিলা আপনে। তাঁ'র দণ্ড ভাঙ্গিতে কি পারে' অন্য জনে?" ২২০
শুনি' বিপ্র আর না করিলা প্রত্যুত্তর। ভাঙ্গা দণ্ড লঞা মাত্র চলিলা সত্বর ॥ ২২১
বসিয়া আছেন যথা শ্রীগৌরসুন্দর। ভাঙ্গা দণ্ড ফেলি' দিলা প্রভুর গোচর ॥ ২২২

---

১ (১ম) শ্রীচৈতন্যরসে [ঘ, ঙ, জ]; ২ (১১শ) কীর্তন [খ, ঘ, ঙ, চ, ছ, জ]; ৪ (৫ম) পড়য়ে [চ]; ৭ (১ম) কৃপায়ে [ক, খ, গ, ঘ, ঙ, জ, ঞ], -প্রভুর [চ], (৩য়) ভক্তি [ঙ, চ], (৭ম) তাঁহার [ঘ, চ, জ]; ৮ (৬ষ্ঠ) ভিক্ষার কারণে [ঙ]; ১০ (১০ম) এইখানে [ঙ], এইস্থানে [জ]; ১২ (৪র্থ) নাচে [ছ]; ১৪ (৩য়) বলরাম [ক, খ, গ, ঘ ঙ, চ, জ, ঝ, ঞ], (১০ম, ১১শ) খণ্ড খণ্ড [চ]; ১৫ (৪র্থ) ভাল [ছ, ঞ], (৯ম, ১০ম) কেহো নাহি জানে [ছ]; ১৬ (১ম) গৌরচন্দ্র [গ, ঞ], (৩য়) নিত্যানন্দের [গ, ঞ]; ১৭ (১ম) আগে যেন [ঝ]; ১৯ (৮ম) আর [ঘ, ছ, জ]; ২৫ (১০ম—১২শ) চলে প্রভুর গোচর [ছ]।

প্রভু বোলে, "কহ—দণ্ড ভাঙ্গিল কেমনে ? পথে কিবা কোন্দল করিলা কা'রো সনে ?"
কহিলা জগদানন্দপণ্ডিত সকল। "ভাঙ্গিলেন দণ্ড নিত্যানন্দ সুবিহ্বল॥" ২২৪
নিত্যানন্দ-প্রতি প্রভু জিজ্ঞাসে' আপনি। "কি লাগি ভাঙ্গিলা দণ্ড ?—কহ দেখি শুনি ?"
নিত্যানন্দ বোলে, "ভাঙ্গিয়াছি বাঁশ-খান।" না পার ক্ষমিতে, কর' যে শাস্তি প্রমাণ ॥২২৬
প্রভু বোলে, "যা'তে সর্ব-দেব-অধিষ্ঠান। সে তোমার মতে কি হইল বাঁশ-খান ?"২২৭
কে বুঝিতে পারে' গৌরসুন্দরের লীলা ? মনে করে' এক, মুখে পাতে' আর খেলা ?২২৮
এতেকে যে বোলে, 'বুঝি কৃষ্ণের হৃদয়'। সে-ই সে অবোধ—ইহা জানিহ নিশ্চয় ॥২২৯
মারিবেন হেন যা'রে আছয়ে অন্তরে। তাহারেও, দেখি, যেন মহা প্রীতি করে' ॥২৩০
প্রাণসম অধিক বা যে-সব ভক্তগণ। তাঁ'হারেও, দেখি, যেন নিরপেক্ষ-মন ॥ ২৩১
এইমত অচিন্ত্য অগম্য লীলা মাত্র। তাঁ'র অনুগ্রহে বুঝে তাঁ'র কৃপাপাত্র ॥ ২৩২
দণ্ড ভাঙ্গিলেন আপনেই ইচ্ছা করি'। শেষে ক্রোধ ব্যঞ্জিতে লাগিলা গৌরহরি ॥২৩৩
প্রভু বোলে, "সবে দণ্ড মাত্র ছিল সঙ্গ। তাহা আজি কৃষ্ণের ইচ্ছায় হৈল ভঙ্গ ॥২৩৪
এতেকে আমার সঙ্গে কা'রো সঙ্গ নাই। তোমরা বা আগে চল, কিবা আমি যাই ॥"২৩৫
দ্বিরুক্তি করিতে আজ্ঞা শক্তি আছে কা'র ? সভেই হইলা যেন চিন্তিত অন্তর ॥২৩৬
মুকুন্দ বোলেন, "তবে তুমি চল আগে। আমরা সভার পাছে কিছু কৃত্য আছে ॥"২৩৭
"ভাল! বলি, চলিলেন শ্রীগৌরসুন্দর। মত্ত-সিংহ-প্রায় গতি লখিতে দুষ্কর ॥ ২৩৮
মুহূর্তেকে গেলা প্রভু জলেশ্বর-গ্রামে। বরাবর গেলা জলেশ্বর-দেব-স্থানে ॥ ২৩৯
জলেশ্বর পূজিতে ছিলেন বিপ্রগণে। গন্ধ-পুষ্প-ধূপ-দীপ-মাল্য বিভূষণে ॥ ২৪০
বহুবিধ বাদ্য উঠিয়াছে কোলাহল। চতুর্দিগে নৃত্য গীত পরম-মঙ্গল ॥ ২৪১
দেখি', প্রভু ক্রোধ পাসরিলেন সন্তোষে। সেই বাদ্যে প্রভু মিশাইলা প্রেমরসে ॥২৪২
নিজ-প্রিয় শঙ্করের বৈভব দেখিঞা। নৃত্য করে' গৌরচন্দ্র পরানন্দ হঞা ॥ ২৪৩
শিবের গৌরব বুঝায়েন গৌরচন্দ্র। এতেকে শঙ্করপ্রিয় সর্বভক্তবৃন্দ ॥ ২৪৪
না মানে' চৈতন্যপথ, বোলায় 'বৈষ্ণব'। শিবেরে অমান্য করে',—ব্যর্থ তা'র সব ॥২৪৫
করিতে আছেন নৃত্য জগত-জীবন। পর্বত বিদরে'—হেন হুঙ্কার গর্জন ॥ ২৪৬
দেখি' শিবদাস সব হইলা বিস্মিত। সভেই বোলেন, "শিব হইলা বিদিত ॥" ২৪৭
আনন্দে অধিক সভে করে গীত বাদ্য। প্রভুও নাচেন—তিলার্ধে'ক নাহি বাহ্য ॥২৪৮
কথোক্ষণে ভক্তগণ আসিয়া মিলিলা। আসিয়াই মুকুন্দাদি গাইতে লাগিলা ॥ ২৪৯

---

২ (৫ম—৭ম) নিত্যানন্দস্বরূপ বিহ্বল [ঘ, জ]; ৬ (১০ম) করে [ক, ঘ চ, ছ, জ]; ৭ (৯ম) অবুধ [ক, গ, জ, ঝ]; ৮ (১০ম) প্রীত [ক, ঙ, চ, জ, ঞ]; ৯ (৩য়—৫ম) বাসয়ে যেই জন [ঘ], বাসেন সেই জন [ঙ], দেখয়ে যেই জন [জ]; ১২ (১০ম, ১১শ) তোমার ইচ্ছায় [খ, ঙ], (১১শ) ইচ্ছাতে [ঝ]; ১৩ (৫ম) দায় [ছ], (১৩শ) আগাই [ঝ]; ১৮ (৫ম) মাল্যাদি আসনে [ঝ]; ২২ (২য়) বৈভব [ছ]; ২৬ (৫ম, ৬ষ্ঠ) নৃত্য বাদ্য [ঘ, জ]।

প্রিয়গণে দেখি' প্রভু অধিক আনন্দে। নাচিতে লাগিলা, বেঢ়ি' গায় ভক্তবৃন্দে ॥২৫০
সে-বিকার দেখিতে বা শক্তি আছে কা'র ? নয়ানে বহয়ে সুরধুনী-শত-ধার ॥ ২৫১
এবে সে শিবের পুর হইল সফল। যহি নৃত্য করে বৈকুণ্ঠের অধীশ্বর ॥ ২৫২
কথোক্ষণে প্রভু পরানন্দ প্রকাশিঞা। স্থির হঞা রহিলেন প্রিয়গোষ্ঠী লঞা ॥২৫৩
সভা'-প্রতি করিলেন প্রেম-আলিঙ্গন। সভেই নির্ভয় হৈলা পরানন্দ-মন ॥ ২৫৪
নিত্যানন্দে দেখি' প্রভু লইলেন কোলে। বলিতে লাগিলা তানে কিছু কুতূহলে ॥২৫৫
"কোথা তুমি আমারে করিবা সম্বরণ—। যেমতে আমার হয় সন্ন্যাস-রক্ষণ ? ২৫৬
আরো আমা' পাগল করিতে তুমি চাও! আর যদি কর' তবে মোর মাথা খাও! ২৫৭
'যেন কর' তুমি আমা' তেন আমি হই।' সত্য সত্য এই আমি সভা'স্থানে কই ॥"২৫৮
সভারে শিখায় গৌরচন্দ্র ভগবান্।—"নিত্যানন্দ-প্রতি সভে হও সাবধান ॥ ২৫৯
মোর দেহ হৈতে নিত্যানন্দ-দেহ বড়। সত্য সত্য সভারে কহিলুঁ আমি দঢ় ॥২৬০
নিত্যানন্দে যা'র তিলার্ধেক দ্বেষ রহে। ভক্ত হইলেও সে আমার প্রিয় নহে ॥"২৬১
আত্মস্তুতি শুনি' নিত্যানন্দ মহাশয়। লজ্জায় রহিলা প্রভু মাথা না তোলয় ॥ ২৬২
পরম-আনন্দ হৈলা সর্ব-ভক্তগণ। হেন লীলা করে' প্রভু শ্রীশচীনন্দন ॥ ২৬৩
এইমতে জলেশ্বরে সে রাত্রি রহিয়া। উষঃকালে চলিলা সকল ভক্তে লঞা ॥ ২৬৪
'বাঁশদহ'-পথে এক শাক্ত ন্যাসি-বেশ। আসিয়া প্রভুরে পথে করিল আদেশ ॥ ২৬৫
'শাক্ত'-হেন প্রভু জানিলেন নিজ-মনে। সম্ভাষিতে লাগিলেন মধুর বচনে ॥ ২৬৬
প্রভু বোলে, "কহ কহ কোথা তুমি-সব ? চিরদিনে আজি দেখিলাঙ যে বান্ধব ॥২৬৭
প্রভুর মায়ায় শাক্ত মোহিত হইল। আপনার তত্ত্ব যত কহিতে লাগিল ॥ ২৬৮
যত-যত শাক্ত বৈসে যত-যত দেশে। সব কহে একে-একে—প্রভু শুনি' হাসে ॥ ২৬৯
শাক্ত বোলে, "চল ঝাট মঠেতে আমার। সভেই 'আনন্দ' আজি করিমু অপার ॥ ২৭০
পাপী শাক্ত মদিরারে বোলয়ে 'আনন্দ'। বুঝিয়া হাসেন গৌরচন্দ্র নিত্যানন্দ ॥ ২৭১
প্রভু বোলে, "আসিমু আমি 'আনন্দ' করিতে। আগে গিয়া তুমি সজ্জ করহ ত্বরিতে ॥"
শুনিয়া চলিলা শাক্ত হঞা হরষিত। এইমত ঈশ্বরের অগাধ চরিত ॥ ২৭৩
'পতিতপাবন কৃষ্ণ' সর্ববেদে কয়। অতএব শাক্ত-সনে প্রভুর কথা হয় ॥ ২৭৪
লোকে বোলে, "এই শাক্তের হইল উদ্ধার। এ-শাক্ত পরশে অন্য শাক্তের নিস্তার ॥"২৭৫

---

১ (৪র্থ) পরম [ঘ, জ]; ২ (৯ম) সুরনদী- [ক], স্বর্ণনদী- [ঘ]; ৩ (৬ষ্ঠ) সুন্দর [ক], শঙ্কর [খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ], (৭ম) যাতে [চ], যাহে [জ, ঝ], যথা [ঞ]; ৫ (৫ম—৭ম) হইলা পরানন্দময়- [ঘ, চ, জ]; ৭ (৮ম) রহে [ক, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঞ]; (৯ম) -গ্রহণ [ক, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঞ]; ৯ (৬ষ্ঠ) মত [ক, জ]; ১১ (১০ম) এই [ক, গ, ঝ, ঞ]; ১২ (৩য়) তিলেক [খ, ঙ, ছ, জ, ঝ, ঞ]; ১৬ (১ম) বাঁশদায় [খ, ঘ, ছ], বাশধার [চ], (৫ম) হাসিয়া [ক, ঞ]; ১৮ (৮ম—১০ম) দেখিলাম সকল [চ], আমি আজি দেখিল [ছ]; ২১ (৫ম) বাড়ীতে [ঘ, জ]; ২৪ (৯ম) চরিত্র [ক, গ, ঘ, ছ, জ]; ২৫ (৯ম) হয়ে [ক, ঘ, ছ, জ]।

এইমত শ্রীগৌরসুন্দর ভগবান্। নানামতে করিলেন সর্ব-জীবে ত্রাণ॥ ২৭৬
হেনমতে শাক্তের সহিত রঙ্গ করি'। আইলা রেমুণা-গ্রামে গৌরাঙ্গ শ্রীহরি॥ ২৭৭
রেমুণায় দেখি' নিজ-মূর্তি গোপীনাথ। বিস্তর করিলা নৃত্য ভক্তগণ-সাথ॥ ২৭৮
আপনার প্রেমে প্রভু পাসরি' আপনা'। রোদন করেন অতি করিয়া করুণা॥ ২৭৯
সে ক্রন্দন শুনিতে পাষাণ-কাষ্ঠ দ্রবে। এবে না দ্রবিলা ধর্মধ্বজিগণ সবে॥ ২৮০
কথোদিনে মহাপ্রভু শ্রীগৌরসুন্দর। আইলেন যাজপুর-ব্রাহ্মণনগর॥ ২৮১
তথি আদিবরাহের অদ্ভুত প্রকাশ। যাঁ'র দরশনে হয় সর্ব-বন্ধ-নাশ॥ ২৮২
মহাতীর্থ—বহে যথা নদী বৈতরণী। যাঁ'র দরশনে পাপ পলায় আপনি॥ ২৮৩
জন্তুমাত্র যে-নদীর হইলেই পার। দেবগণে দেখে চতুর্ভুজের আকার॥ ২৮৪
নাভিগয়া—বিরজা-দেবীর যথা স্থান। যাহা হৈতে ক্ষেত্র—দশযোজন-প্রমাণ॥ ২৮৫
যাজপুরে যতেক আছয়ে দেবস্থান। লক্ষবৎসরেও তা'র লৈতে নারি নাম॥ ২৮৬
দেবালয় নাহি—হেন নাহি তথি স্থান। কেবল দেবের স্থান—যাজপুরগ্রাম॥২৮৭
প্রথমে দশাশ্বমেধ-ঘাটে ন্যাসিমণি। স্নান করিলেন ভক্ত-সংহতি আপনি॥ ২৮৮
তবে প্রভু গেলা আদিবরাহ-সম্ভাষে। বিস্তর করিলা নৃত্য-গীত প্রেমরসে॥ ২৮৯
বড় সুখী হৈলা প্রভু দেখি' যাজপুর। পুনঃপুন বাঢ়ে আনন্দাবেশ প্রচুর॥ ২৯০
কে জানে'—কি ইচ্ছা তাঁ'র ধরিলেক মনে। সভা' ছাড়ি' একা পলাইলেন আপনে॥২৯১
প্রভু না দেখিয়া সভে হইলা আকুল। দেবালয়ে চাহি' চাহি', বুলেন সকল॥ ২৯২
না পাইয়া কোথাও প্রভুর অন্বেষণ। পরম চিন্তিত হইলেন ভক্তগণ॥ ২৯৩
নিত্যানন্দ বোলে, "সভে স্থির কর' চিত্ত। জানিলাঙ প্রভু গিয়াছেন যে-নিমিত্ত॥২৯৪
নিভৃতে ঠাকুর সব যাজপুর-গ্রাম। দেখিবেন যত যত আছে দেবস্থান॥ ২৯৫
আমরাও সভে ভিক্ষা করি' এই ঠাঁঞি। আজি থাকি, কালি প্রভু পাইমু হেথাঞি॥২৯৬
এইমত স্থির করি' সর্বভক্তগণ। ভিক্ষা করি' আনি' সভে করিলা ভোজন॥ ২৯৭
প্রভুও বুলিঞা সব যাজপুর-গ্রাম। দেখিয়া যতেক যাজপুর পুণ্যস্থান॥ ২৯৮
সর্বভক্তগণ যথা আছয়ে বসিয়া। আরদিনে সেইস্থানে মিলিলা আসিয়া॥ ২৯৯
আথেব্যথে ভক্তগণ 'হরি হরি' বলি'। উঠিলেন সভেই হইয়া কুতূহলী॥ ৩০০

---

২ (৪র্থ) রস [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ]; ৩ (৮ম) ভক্তবর্গ, [ক, খ, ঘ, ঙ]; ৫ (২য়) মহিমা [ক, গ, ঘ, চ, ছ, জ], করুণা [ঝ], কারুণ্য [ঞ], (৯ম) ধর্মী-কর্মী-জ্ঞানী [ক্বচিৎ পাঠ]; ৮ (২য়) রহে [ছ]; ১০ (২য়—৪র্থ) বিরজা দেখিল বিদ্যমান [জ]; ১১ (২য়) শতেক [খ], (৫ম, ৬ষ্ঠ) লক্ষ লক্ষ বৎসরেও [ক, গ, ঞ]; ১২ (৯ম) পূজা [ছ], বাস [জ]; ১৩ (২য়) দশাশ্বমেধি- [ঝ]; ১৪ (৭ম) নৃত্য নিজ [ঘ, জ]; ১৫ (৯ম) আর আবেশ [ঘ, ঙ, জ], আর আনন্দ [খ, ছ], প্রেম আবেশ [ক্বচিৎ পাঠ], (১০ম) প্রভুর [ঞ]; ১৬ (৫ম, ৬ষ্ঠ) প্রভু করিলেন [চ], (৮ম—১২শ) "সভারে ছাড়িয়া প্রভু পালাইলা কেনে॥" [ছ]; ১৭ (৬ষ্ঠ) বিকল [ক, খ, গ, ঙ, চ, ছ, ঞ]; ১৮ (৫ম) দরশন [চ, ছ]; ২৩ (৫ম—৮ম)) "দেখিলেন যাজপুর পুণ্যতীর্থ-স্থান॥" [চ]।

সভা' লঞা প্রভু যাজপুর ধন্য করি'। চলিলেন 'হরি' বলি' গৌরাঙ্গশ্রীহরি ॥ ৩০১
হেনমতে মহানন্দে শ্রীগৌরসুন্দর। আইলেন কথোদিনে কটক-নগর ॥ ৩০২
ভাগ্যবতী-মহানদী-জলে করি' স্নান। আইলেন প্রভু সাক্ষীগোপালের স্থান ॥ ৩০৩
দেখি' সাক্ষীগোপালের লাবণ্য মোহন। আনন্দে করেন প্রভু হুঙ্কার গর্জন ॥ ৩০৪
'প্রভু!' বলি' নমস্করি করেন স্তবন। অদ্ভুত করেন প্রেম-আনন্দ-ক্রন্দন ॥ ৩০৫
যাঁ'র মন্ত্রে সকল মূর্তিতে বৈসে প্রাণ। সেই প্রভু—'শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্র' নাম ॥ ৩০৬
তথাপিহ নিরবধি করে' দাস্যলীলা। অবতার হৈলে হয় এইমত খেলা ॥ ৩০৭
তবে প্রভু আইলেন শ্রীভুবনেশ্বর। গুপ্তকাশী—বাস যথা করেন শঙ্কর ॥ ৩০৮
সর্বতীর্থজল যথা বিন্দু-বিন্দু আনি'। 'বিন্দুসরোবর' শিব সৃজিলা আপনি ॥ ৩০৯
'শিব-প্রিয় সরোবর' জানি' শ্রীচৈতন্য। স্নান করি' বিশেষে করিলা অতি ধন্য ॥ ৩১০
দেখিলেন গিয়া প্রভু প্রকট শঙ্কর। চতুর্দিগে শিবধ্বনি করে' অনুচর ॥ ৩১১
চতুর্দিগে সারি সারি ঘৃতদীপ জ্বলে। নিরবধি অভিষেক হইতেছে জলে ॥ ৩১২
নিজ-প্রিয়-শঙ্করের দেখিয়া বৈভব। তুষ্ট হইলেন প্রভু সকল বৈষ্ণব ॥ ৩১৩
যে চরণ সেবি' শিব বসন না জানে'। হেন-প্রভু নৃত্য করে' শিব-বিদ্যমানে ॥ ৩১৪
নৃত্য গীত শিব-অগ্রে করিয়া আনন্দ। সে-রাত্রি রহিলা সেই গ্রামে গৌরচন্দ্র ॥ ৩১৫
সেই স্থান শিব পাইলেন যেনমতে। সেই কথা শুন স্কন্দপুরাণের মতে ॥ ৩১৬
কাশীমধ্যে পূর্বে শিব পার্বতী-সহিতে। আছিলা অনেক কাল পরম-নিভৃতে ॥ ৩১৭
তবে গৌরী-সঙ্গে শিব গেলাত কৈলাস। নর-রাজগণে কাশী করয়ে বিলাস ॥ ৩১৮
তবে কাশীরাজ-নামে হৈল এক রাজা। কাশীপুর ভোগ করে' করি' শিব-পূজা ॥ ৩১৯
দৈবে আসি' কালপাশ লাগিল তাহারে। উগ্র-তপে শিব পূজে কৃষ্ণে জিনিবারে ॥ ৩২০
প্রত্যক্ষ হইলা শিব, তপের প্রভাবে। "বর মাগ" বলিলেন নৃপতির আগে ॥ ৩২১
"এক বর মাগি, প্রভু! তোমার চরণে—। যেন মুঞি কৃষ্ণে জিনিবারে পারি রণে ॥ ৩২২
ভোলানাথ শঙ্করের চরিত্র অগাধ। কে বুঝে—কিরূপে কা'রে করেন প্রসাদ ॥ ৩২৩
তা'রে বলিলেন, "রাজা! চল যুদ্ধে তুমি। তোর পাছে সর্বগণ-সহ আছি আমি ॥ ৩২৪
তোরে জিনিবেক—হেন কা'র শক্তি আছে? পাশুপত-অস্ত্র লঞা যাঙ তোর পাছে ॥"
পাইয়া শিবের বল সেই মূঢ়মতি। চলিলা হরিষে যুদ্ধে কৃষ্ণের সংহতি ॥ ৩২৬

১ (৮ম, ৯ম) নীলাচলে [ছ]; ২ (৬ষ্ঠ) কণ্টক- [ক, খ, গ, ঘ, চ, ছ, ঞ]; ৪ (২য়—৫র্থ) সাক্ষীগোপাল সর্বভক্তগণ [ছ], (৫ম—৯ম) "প্রণাম করিয়া সভে করেন কীর্তন ॥" [ছ]; ৯ (২য়) তথা [ঘ, জ]; ১২ (৮ম) করিতেছে [চ, ছ]; ১৩ (৩য়) বিভব [খ, গ, ঘ, ঙ, জ, ঝ]; ১৪ (৩য়)-রসে [খ, গ, চ, ছ, জ, ঝ, ঞ]; ১৭ (৮ম) -পীরিতে [জ]; ১৯ (২য়) কাশীরাজা স্থানে [ক, গ, ঘ, ঙ, ঞ], কাশীপুর স্থানে [ঘ, জ]; ২১ (৯ম, ১০ম) রাজা বর মাগে [ক, খ, গ, ঙ, চ, ছ, ঝ, ঞ]; ২৫ (৪র্থ, ৫ম) কোন জন [ছ]; ২৬ (৩য়) আজ্ঞা [ঘ, ছ, জ], বর [ঙ চ, ঞ]।

শিবো চলিলেন তা'র পাছে সর্বগণে। তা'র পক্ষ হঞা যুদ্ধ করিবার মনে ॥ ৩২৭
সর্বভূত-অন্তর্যামী দেবকী-নন্দন। সকল বৃত্তান্ত জানিলেন সেইক্ষণ ॥ ৩২৮
জানিয়া বৃত্তান্ত নিজ-চক্র সুদর্শনে। এড়িলেন কৃষ্ণচন্দ্র সভার দলনে ॥ ৩২৯
কা'রো অব্যাহতি নাহি সুদর্শন-স্থানে। কাশীরাজ-মুণ্ড গিয়া কাটিলা প্রথমে ॥৩৩০
শেষে তা'র সম্বন্ধে সকল বারাণসী। পোড়াইয়া সকল করিল ভস্মরাশি ॥ ৩৩১
বারাণসী-দাহ দেখি' ক্রুদ্ধ মহেশ্বর। পাশুপত-অস্ত্র ছাড়িলেন ভয়ঙ্কর ॥ ৩৩২
পাশুপত-অস্ত্র কী করিব চক্র-স্থানে? চক্রতেজ দেখি' পলাইল সেইক্ষণে ॥ ৩৩৩
শেষে মহেশ্বর প্রতি যায় খেদাড়িয়া। চক্র-ভয়ে শঙ্করো যায়েন পলাইয়া ॥ ৩৩৪
চক্রতেজ ব্যাপিলেক সকল ভুবন। পলাইতে দিগ না পায়েন ত্রিলোচন ॥ ৩৩৫
পূর্বে যেন চক্রতেজে দুর্বাসা পীড়িত। শিবের হইল এবে সেইসব রীত ॥ ৩৩৬
শেষে শিব বুঝিলেন—সুদর্শন-স্থানে। রক্ষা করিবেক—হেন নাহি কৃষ্ণ বিনে ॥৩৩৭
এত চিন্তি' বৈষ্ণবাগ্রগণ্য ত্রিলোচন। ভয়ে ত্রস্ত হঞা লৈলা গোবিন্দশরণ ॥ ৩৩৮
"জয় জয় মহাপ্রভু দেবকীনন্দন। জয় সর্বব্যাপী সর্বজীবের শরণ ॥ ৩৩৯
জয় জয় সুবুদ্ধি-কুবুদ্ধি-সর্ব-দাতা। জয় জয় স্রষ্টা-হর্তা সভার রক্ষিতা ॥ ৩৪০
জয় জয় অদোষদরশী কৃপাসিন্ধু। জয় জয় সন্তপ্তজনের একবন্ধু ॥ ৩৪১
জয় জয় অপরাধ-ভঞ্জন-শরণ। দোষ ক্ষম', প্রভু! তোর লইলুঁ শরণ ॥" ৩৪২
শুনি' শঙ্করের স্তব সর্বজীবনাথ। চক্রতেজ নিবারিয়া হইলা সাক্ষাত ॥ ৩৪৩
চতুর্দিগে শোভা করে' গোপগোপীগণ। কিছু ক্রোধ-হাস্য-মুখে বোলেন বচন ॥ ৩৪৪
"কেনে শিব! তুমিত জানহ মোর শুদ্ধি। এতকালে তোমার সে দেখি এ-কুবুদ্ধি ॥৩৪৫
কোন কীট কাশীরাজ অধম নৃপতি। তা'র লাগি' যুদ্ধ কর' আমার সংহতি ॥ ৩৪৬
এই যে দেখহ মোর চক্র সুদর্শন। তোমারেও না সহে' যাঁহার পরাক্রম ॥ ৩৪৭
ব্রহ্ম-অস্ত্র পাশুপত-অস্ত্র আদিযত। পরম অব্যর্থ মহা-অস্ত্র আর কত ॥ ৩৪৮
সুদর্শন-স্থানে কা'রো নাহি প্রতিকার। যাঁর অস্ত্র, তাঁ'রে চাও করিতে সংহার ॥ ৩৪৯
হেন ত না দেখি আমি পৃথিবী-ভিতর। তোমা বিনা যে আমারে করে' অনাদর ॥"৩৫০
শুনিঞা প্রভুর কিছু সক্রোধ-উত্তর। অন্তরে কম্পিত বড় হইলা শঙ্কর ॥ ৩৫১
তবে শেষে ধরিয়া প্রভুর শ্রীচরণে। করিতে লাগিলা শিব আত্মনিবেদনে ॥ ৩৫২

---

২ (৬ষ্ঠ) ততক্ষণ [খ, গ, ঘ, চ]; ৩ (৬ষ্ঠ) মহাপ্রভু [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ, ঞ]; ৪ (৬ষ্ঠ) নিয়া [ক, ঘ, জ], চক্র [চ]; ৫ (৬ষ্ঠ—৮ম) পুড়িয়া ঝাড়িয়া করিলেন [ক, গ, জ]; ৭ (১ম) -বাণ [ঘ, জ], ৮ (৩য়, ৪র্থ) যায়েন ধাইয়া [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ, ঝ, ঞ]; ১২ (১ম—৩য়) এতেক চিন্তিয়া বৈষ্ণবাগ্র [ক, গ, ঝ, ঞ], (৬ষ্ঠ) ব্যস্ত [ক]; ১৩ (৫ম—৮ম) "জয় জয় সর্বব্যাপি জীবের জীবন ॥" [ছ]; ১৪ (৩য়) জয় সুবুদ্ধির- [ঞ], (৬ষ্ঠ, ৭ম) স্রষ্টা হন্তা [ক], সৃষ্টি কর্তা [ঘ, ছ, জ]; ১৫ (৪র্থ) দীনবন্ধু [ঘ, জ], ১৮ (১ম—৪র্থ) "তবে প্রভু সঙ্গে লৈয়া গোপগোপীগণ ॥" [চ, ছ, ঞ]; ২১ (৭ম—১০ম) তোমারে বিনাশ করে করি [ছ], (৮ম, ৯ম) নাশয়ে [ক, ঘ, জ]।

"তোমার অধীন প্রভু ! সকল সংসার। স্বতন্ত্র হইতে শক্তি আছয়ে কাহার ? ৩৫৩
পবন চালায় যেন শুষ্ক তৃণগণ। এইমত অ-স্বতন্ত্র সকল ভুবন॥ ৩৫৪
যে করাও, প্রভু ! তুমি সে-ই জীব করে'। হেন কে বা আছে—যে তোমার মায়া তরে' ?
বিশেষে দিয়াছ, প্রভু ! মোরে অহঙ্কার। আপনারে বড় বই নাহি দেখোঁ আর॥৩৫৬
তোমার মায়ায় মোরে করায় দুর্গতি। কি করিমু ? প্রভু ! মুঞি অ-স্বতন্ত্র-মতি ! ৩৫৭
তোর পাদপদ্ম—মোর একান্ত জীবন। অরণ্যে থাকিমু চিন্তি' তোমার চরণ॥ ৩৫৮
তথাপিহ মোরে যে লওয়ায় অহঙ্কার। মুঞি কি করিমু ? প্রভু ! যে ইচ্ছা তোমার ! ৩৫৯
তথাপিহ, প্রভু ! মুঞি কৈলুঁ অপরাধ। সকল ক্ষমিয়া মোরে করহ প্রসাদ॥ ৩৬০
এমত কুবুদ্ধি আর যেন নাহি হয়। এই বর দেহ' মোরে হইয়া সদয়॥ ৩৬১
যেন অপরাধ কৈলুঁ করি' অহঙ্কার। উচিত তাহার শাস্তি হইল আমার॥ ৩৬২
এবে আজ্ঞা কর', প্রভু ! থাকিমু কোথায় ? তোমা বই আর বা বলিমু কা'র পা'য়॥"৩৬৩
শঙ্করের বাক্য শুনি' ঈষত হাসিঞা। বলিতে লাগিলা প্রভু কৃপাযুক্ত হঞা॥ ৩৬৪
"শুন শিব ! তোমারে দিলাঙ দিব্য স্থান। সর্ব-গোষ্ঠীসহ তথা করহ পয়ান॥ ৩৬৫
'একাম্রকবন নাম—স্থান মনোহর। তথাঞি হইবা তুমি কোটিলিঙ্গেশ্বর॥ ৩৬৬
সেহো বারাণসী-প্রায় সুরম্য নগরী। সেইস্থানে আমার পরম গোপ্য-পুরী॥৩৬৭
সেই স্থান শিব ! আজি কহি তোমা' স্থানে। সে-পুরীর মর্ম মোর কেহো নাহি জানে'॥
সিন্ধুতীরে বটমূলে নীলাচল-নাম। ক্ষেত্র 'শ্রীপুরুষোত্তম'—অতি রম্যস্থান॥ ৩৬৯
অনন্তব্রহ্মাণ্ড কালে যখন সংহরে'। তভু সে-স্থানের কিছু করিতে না পারে'॥৩৭০
সর্বকাল সেই স্থানে আমার বসতি। প্রতিদিন আমার ভোজন হয় তথি॥ ৩৭১
সেই স্থান-প্রভাবে যোজন দশ ভূমি। তাহাতে বসয়ে যত জন্তু কীট কৃমি॥ ৩৭২
সভারে দেখয়ে চতুর্ভুজ দেবগণে। 'মরণ-মঙ্গল' করি' কহি যেই স্থানে॥ ৩৭৩
নিদ্রাতেও যে-স্থানে সমাধি-ফল হয়। শয়নে প্রণাম-ফল এই বেদে কয়॥ ৩৭৪
প্রদক্ষিণ-ফল পায় করিলে ভ্রমণ। কথামাত্র যথা হয় আমার স্তবন॥ ৩৭৫
হেন সে ক্ষেত্রের অতি প্রভাব নির্মল। মৎস্য খাইলেও পায় হবিষ্যের ফল॥ ৩৭৬
নিজনামে স্থান মোর হেন প্রিয়তম। তাহাতে যতেক বৈসে, তা'রা মোর সম॥৩৭৭
সে স্থানে নাহিক যমদণ্ড-অধিকার। আমি করি ভালমন্দ বিচার সভার॥ ৩৭৮
হেন যে আমার পুরী, তাহার উত্তরে। তোমারে দিলাঙ স্থান রহিবার তরে॥ ৩৭৯

২ (৪র্থ) সূক্ষ্ম [ক, গ, ঘ, জ, ঞ]; ৪ (৩য়, ৪র্থ) মোরে মহা [চ]; ৯ (১০ম) প্রভু [ঝ, ঞ]; ১০ (৬ষ্ঠ—১১শ) "উচিৎ তাহার শাস্তি হইল আমার॥" [ছ]; ১১ (৪র্থ) মুঞি [গ, ঞ], মোরে [ঘ, জ]; ১২ (২য়, ৩য়) বাক্যে প্রভু [ঘ, ঙ, জ]; ১৪ (১ম, ২য়] একাম্রক নাম বড় [খ]; ১৫ (৭ম) আছয়ে [ঝ]; ১৭ (৭ম) অনুপাম [ছ]; ২০ (১০ম) জীব [ঙ, জ]; ২১ (৫ম)সকল- [খ], পরম- [গ, চ], শরণ- [ঘ, জ], স্মরণ- [ক, ঙ]; (৬ষ্ঠ—৮ম) হয়ে সেই পুণ্য [খ, ঙ]।

ভুক্তি-মুক্তি-প্রদ সেইস্থান মনোহর। তথা তুমি খ্যাত হৈবা 'শ্রীভুবনেশ্বর' ॥"৩৮০
শুনিঞা অদ্ভুত পুরী-মহিমা শঙ্কর। পুন শ্রীচরণ ধরি' করিলা উত্তর ॥ ৩৮১
"শুন প্রাণনাথ! মোর এক নিবেদন। মুঞি সে পরম অহঙ্কৃত সর্বক্ষণ ॥ ৩৮২
এতেকে তোমারে ছাড়ি' মুঞি অন্যস্থানে। থাকিলে কুশল মোর নাহিক কখনে ॥ ৩৮৩
তোমার নিকটে থাকিতে সে মোর মন। দুষ্ট-সঙ্গ-দোষে ভিন্ন নহিমু কখন ॥ ৩৮৪
এতেকে মোহরে যদি থাকে ভৃত্য-জ্ঞান। তবে মোরে নিজ ক্ষেত্রে দেহ' এক স্থান ॥ ৩৮৫
ক্ষেত্রের মহিমা শুনি' শ্রীমুখে তোমার। বড় ইচ্ছা হৈল তথা থাকিতে আমার ॥ ৩৮৬
নিষ্কপট হঞা প্রভু! সেবিমু তোমারে। তথায় তিলেক স্থান দেহ' প্রভু! মোরে ॥ ৩৮৭
ক্ষেত্রবাস-প্রতি মোর বড় লয় মন।" এত বলি' মহেশ্বর করেন ক্রন্দন ॥ ৩৮৮
শিববাক্যে তুষ্ট হঞা শ্রীচন্দ্রবদন। বলিতে লাগিলা তাঁ'রে করি' আলিঙ্গন ॥ ৩৮৯
"শুন শিব! তুমি মোর নিজ-দেহ-সম। যে তোমার প্রিয়, সে মোহারো প্রিয়তম ॥৩৯০
যথা তুমি, তথা আমি—ইথে নাহি আন। সর্বক্ষেত্রে তোমারে দিলাঙ আমি স্থান ॥ ৩৯১
ক্ষেত্রের পালক তুমি সর্বথা আমার। সর্বক্ষেত্রে তোমারে দিলাঙ অধিকার ॥ ৩৯২
'একাম্রক-বন' যে তোমারে দিলুঁ আমি। তাহাতেহ পরিপূর্ণরূপে থাক তুমি ॥ ৩৯৩
সেই ক্ষেত্র—আমার পরমপ্রিয়তম। মোর প্রীত্যে তথায় থাকিবা সর্বক্ষণ ॥ ৩৯৪
যে আমার ভক্ত হঞা তোমা' অনাদরে। সে আমারে মাত্র যেন বিড়ম্বনা করে' ॥"৩৯৫
হেনমতে শিব পাইলেন সেই স্থান। অদ্যাপি বিখ্যাত সেই 'ভুবনেশ্বর' নাম ॥ ৩৯৬
শিবপ্রিয় বড় কৃষ্ণ—তাহা বুঝাইতে। নৃত্য করে' গৌরচন্দ্র শিবের সাক্ষাতে ॥ ৩৯৭
যত কিছু কৃষ্ণ কহিয়াছেন পুরাণে। এবে তাহা দেখায়েন সাক্ষাতে আপনে ॥ ৩৯৮
'শিব রাম গোবিন্দ' বলিয়া গৌর-রায়। হাথে তালি দিয়া নৃত্য করেন সদায় ॥ ৩৯৯
আপনে ভুবনেশ্বরে গিয়া গৌরচন্দ্র। শিব পূজা করিলেন লঞা ভক্তবৃন্দ ॥ ৪০০
শিক্ষাগুরু ঈশ্বরের শিক্ষা যে না মানে'। নিজ-দোষে দুঃখ পায় সেইসব জনে ॥ ৪০১
সেই শিবপুরে প্রভু ভক্তগণ-সঙ্গে। শিবলিঙ্গ দেখি' দেখি' ভ্রমিলেন রঙ্গে ॥ ৪০২
পরম নিভৃত এক দেখি' শিবস্থান। সুখী হৈলা শ্রীগৌরসুন্দর ভগবান্ ॥ ৪০৩
সেই গ্রামে আছয়ে যতেক দেবালয়। সব দেখিলেন শ্রীগৌরাঙ্গ মহাশয় ॥ ৪০৪
এইমত সর্বপথে সন্তোষে আসিতে। উত্তরিলা আসি' প্রভু কমলপুরেতে ॥ ৪০৫
দেউলের ধ্বজা মাত্র দেখিলেন দূরে। প্রবেশিলা প্রভু নিজ-আনন্দ-সাগরে ॥ ৪০৬

---

১ (১ম, ২য়) ভুক্তি মুক্তি-প্রদায়ক [ঘ, জ]; ৫ (৩য়, ৪র্থ) সেথা থাকিতে [ঘ, জ], (৯ম) হইব [ক]; ৬ (৮ম) নিজস্থানে [ক, গ, ঘ, জ]; ৮ (১ম) নিকৃষ্ট [ক, গ, ঘ, চ, ছ, জ ঝ, ঞ], নিবিষ্ট [খ]; ১০ (৪র্থ) শ্রীভক্ত-জীবন [চ, ছ]; ১২ (১০ম, ১১শ) রহিতে দিল [চ]; ১৫ (৬ষ্ঠ) প্রেমে [ঘ, জ]; ১৬ (৫ম, ৬ষ্ঠ) না মানে তোমারে [ছ], (৬ষ্ঠ) না আদরে [ক, গ, ঘ, জ, ঝ]; ১৮ (১০ম) অগ্রেতে [ক,খ,গ,ঙ,চ,ঝ]; ২৫ (৩য়,৪র্থ) যত যত আছে [ঘ]।

অকথ্য অদ্ভুত প্রভু করেন হুঙ্কার। বিশাল গর্জন কম্প সর্ব-দেহ ভার ॥ ৪০৭
প্রাসাদের দিগে মাত্র চা'হিতে চা'হিতে। চলিলেন প্রভু শ্লোক পঢ়িতে পঢ়িতে ॥৪০৮
শ্রীমুখের অর্ধ-শ্লোক শুন সাবধানে। যে লীলা করিলা গৌরচন্দ্র ভগবানে ॥ ৪০৯
তথাহি—
"প্রাসাদাগ্রে নিবসতি পুরঃ স্মেরবক্ত্রারবিন্দো, মামালোক্য স্মিতসুবদনো বালগোপালমূর্তিঃ।"৪১০
প্রভু বোলে, "দেখ প্রাসাদের অগ্রমূলে। হাসেন আমারে দেখি' শ্রীবালগোপালে ॥"৪১১
এই শ্লোক পুনঃপুন পঢ়িয়া পঢ়িয়া। আছাড় খায়েন প্রভু বিবশ হইয়া ॥ ৪১২
সে-দিনের যে আছাড়, যে আর্তি ক্রন্দন। অনন্তের জিহ্বায় সে না যায় বর্ণন ॥৪১৩
চক্র-প্রতি দৃষ্টিমাত্র করেন সকলে। সেই শ্লোক পঢ়িয়া পড়েন ভূমিতলে ॥ ৪১৪
এইমত দণ্ডবত হইতে হইতে। সর্বপথে আইসেন প্রেম প্রকাশিতে ॥ ৪১৫
ইহারে সে বলি প্রেমময় অবতার। এ-শক্তি চৈতন্য বিনা অন্যে নাহি আর ॥ ৪১৬
পথে যত দেখয়ে সুকৃতি নরগণ। তা'রা বোলে, "এই ত সাক্ষাত নারায়ণ ॥" ৪১৭
চতুর্দিগে বেঢ়িয়া আইসে ভক্তগণ। আনন্দধারায় পূর্ণ সভার নয়ন ॥ ৪১৮
সবে চারিদণ্ডের পথ প্রেমের আবেশে। প্রহর-তিনেতে আসি' হইলা প্রবেশে ॥৪১৯
আইলেন মাত্র প্রভু 'আঠারনালা'য়। সর্ব-ভাব সম্বরণ কৈলা গৌররায় ॥ ৪২০
স্থির হঞা বসিলেন প্রভু সভা' লঞা। সভারে বোলেন অতি বিনয় করিয়া ॥ ৪২১
"তোমরা ত আমার করিলা বন্ধুকাজ। দেখাইলা আনি' জগন্নাথ-মহারাজ ॥ ৪২২
এবে আগে তোমরা চলহ দেখিবারে। আমি বা যাইমু আগে, তাহা বোল মোরে ॥"৪২৩
মুকুন্দ বোলেন তবে, "আগে তুমি যাও।" "ভাল!" বলি' চলিলেন শ্রীগৌরাঙ্গরায় ॥৪২৪
মত্তসিংহ-গতি জিনি' চলিলা সত্বর। প্রবেশ হইলা আসি' পুরীর ভিতর ॥ ৪২৫
প্রবেশ হইলা গৌরচন্দ্র নীলাচলে। ইহা যে শুনয়ে, সে ভাসয়ে প্রেমজলে ॥ ৪২৬
ঈশ্বর-ইচ্ছায় সার্বভৌম সেইকালে। জগন্নাথ দেখিতে আছেন কুতুহলে ॥ ৪২৭
হেনকালে গৌরচন্দ্র জগতজীবন। দেখিলেন জগন্নাথ সুভদ্রা সঙ্কর্ষণ ॥ ৪২৮
দেখি' মাত্র প্রভু করে' পরম হুঙ্কার। ইচ্ছা হৈল জগন্নাথে কোলে করিবার ॥ ৪২৯
লাফ দেন মহাপ্রভু আনন্দে বিহ্বল। চতুর্দিগে ছুটে সব নয়নের জল ॥ ৪৩০
ক্ষণেকে পড়িলা হঞা আনন্দে মূর্ছিত। কে বুঝয়ে ঈশ্বরের অগাধ চরিত ॥ ৪৩১
অজ্ঞ পড়িহারী সব উঠিল মারিতে। আথেব্যথে সার্বভৌম পড়িলা পৃষ্ঠেতে ॥ ৪৩২

---

৮ (৭ম—১০ম) জিহ্বায়ে সে, সে হয় [ক, গ, ঞ], (৮ম—১০ম) বা সে হয় [ঝ]; ১১ (৯ম) দুই [ক, খ, গ, ঘ, ঙ, ছ, জ, ঝ]; ১২ (৮ম) এই হয় [চ]; ১৪ (৬ষ্ঠ, ৭ম) প্রহর-তিনে আসি প্রভু [চ]; ১৭ (৮ম) -দেবরাজ [ছ]; ১৯ (৩য়—৬ষ্ঠ) আগে চল মহাশয় [চ]; ২০ (১ম, ২য়) মত্তসিংহ প্রায় যেন [ঘ]; ২১ (৮ম—১০ম) ভাসে প্রেমানন্দজলে [ছ]; ২২ (৩য়) হেনকালে [ঘ, ঞ];

হৃদয়ে চিন্তিলা সার্বভৌম মহাশয়—। এই শক্তি মনুষ্যের কোন কালে নয় ॥ ৪৩৪
এ-হুঙ্কার এ-গর্জন এ-প্রেমের ধার। যত কিছু অলৌকিক শক্তির প্রচার ॥ ৪৩৫
এই জন হেন বুঝি "শ্রীকৃষ্ণচৈতন্য"। এইমত চিন্তে' সার্বভৌম অতি-ধন্য ॥ ৪৩৬
সার্বভৌম-নিবারণে সর্ব পড়িহারী। রহিলেন দূরে সভে মহা ভয় করি' ॥ ৪৩৭
প্রভু সে হইয়াছেন অচেতন প্রায়। দেখি' মাত্র জগন্নাথে—নিজ-প্রিয়-কায় ॥ ৪৩৮
কী আনন্দে মগ্ন হৈলা বৈকুণ্ঠ-ঈশ্বর। বেদেরো এ-সব তত্ত্ব জানিতে দুষ্কর ॥ ৪৩৯
সেই প্রভু গৌরচন্দ্র চতুর্ব্যূহ-রূপে। আপনে বসিয়াছেন সিংহাসনে সুখে ৪৪০
আপনেই উপাসক হঞা করে' ভক্তি। অতএব কে বুঝিবে ঈশ্বরের শক্তি ॥ ৪৪১
আপনার তত্ত্ব প্রভু আপনে সে জানে'। বেদে ভাগবতে এইমত সে বাখানে' ॥ ৪৪২
তথাপি যে-লীলা প্রভু করেন যখনে। তাই কহে বেদে জীব-উদ্ধার-কারণে ॥ ৪৪৩
মগ্ন হইলেন প্রভু বৈষ্ণব আবেশে। বাহ্য গেল দূর, প্রেমসিন্ধু-মাঝে ভাসে ॥ ৪৪৪
আবরিয়া সার্বভৌম আছেন আপনে। প্রভুর আনন্দমূর্ছা না হয় খণ্ডনে ॥ ৪৪৫
শেষে সার্বভৌম যুক্তি করিলেন মনে—। প্রভু লঞা যাইবারে আপন-ভবনে ॥ ৪৪৬
সার্বভৌম বোলে, "ভাই পড়িহারি গণ! সভে তুলি' লহ এই পুরুষ রতন ॥" ৪৪৭
পাণ্ডুবিজয়ের মত নিজ-ভৃত্যগণ। সভে প্রভু কোলে করি' করিলা গমন ॥ ৪৪৮
কে বুঝিবে ঈশ্বরের চরিত্র গহন?—হেনরূপে সার্বভৌম-মন্দিরে গমন ॥ ৪৪৯
চতুর্দিগে হরিধ্বনি করিয়া করিয়া। বহিয়া আনেন সভে হরষিত হৈয়া ॥ ৪৫০
হেনই সময়ে ভক্তগণ সিংহদ্বারে। আসিয়া মিলিলা সভে হরিষ-অন্তরে ॥ ৪৫১
পরম অদ্ভুত সভে দেখেন আসিঞা। পিপীলিকাগণে যেন অন্ন যায় লঞা ॥ ৪৫২
এইমত প্রভুরে অনেক লোক ধরি'। লইয়া যায়েন সভে মহানন্দ করি' ॥ ৪৫৩
সিংহদ্বারে নমস্করি' সর্বভক্তগণ। হরিষে প্রভুর পাছে করিলা গমন ॥ ৪৫৪
সর্বলোকে ধরি' সার্বভৌমের মন্দিরে। আনিলেন, কপাট পড়িল তাঁ'র দ্বারে ॥ ৪৫৫
প্রভুরে আসিয়া যে মিলিলা ভক্তগণ। দেখি' হৈলা সার্বভৌম হরষিত-মন ॥ ৪৫৬
যথাযোগ্যে সম্ভাষা করিয়া সভা'সনে। বসিলেন, সন্দেহ ভাঙ্গিল ততক্ষণে ॥ ৪৫৭
বড় সুখী হৈলা সার্বভৌম মহাশয়। আর তাঁ'র কিবা ভাগ্যফলের উদয়! ৪৫৮
যাঁ'র কীর্তিমাত্র সর্ব-বেদে ব্যাখ্যা করে'। অনায়সে সে-ঈশ্বর আইলা মন্দিরে ॥ ৪৫৯
নিত্যানন্দে দেখি' সার্বভৌম মহাশয়। লইলা চরণ-ধূলি করিয়া বিনয় ॥ ৪৬০

২ (১ম—৩য়) হুঙ্কার গর্জন এ প্রেমরস- [জ], (৮ম, ৯ম) ভক্তির প্রচার [খ], ভক্তির বিকার [কচিৎ পাঠ]; ৩ (৯ম) মহা- [ক, খ, গ, ঝ]; ৪ (৫ম) দ্বারে [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ]; ৫ (৮ম) -প্রেম- [ঘ, জ], -প্রাণ- [ছ]; ৭ (৩য়) জগন্নাথ [ঘ]; ১০ (১ম—৪র্থ) অচিন্ত্য অগম্য লীলা করয়ে [চ]; ১৩ (৪র্থ) ভাবিলেন [ঙ]; ১৫ (৩য়) প্রিয়- [চ], ২০ (৩য়—৫ম) অনেকে কোলে করি' [ঙ]; ২১ (৬ষ্ঠ) আগে [ঘ, জ]; ২৩ (১ম—৩য়) প্রভু-কাছে আসিয়া [জ]; ২৪ (৫ম) বলিলেন [ক, ঘ, ঙ, জ]।

মনুষ্য দিলেন সার্বভৌম সভা'সনে। চলিলেন সভে জগন্নাথ-দরশনে॥ ৪৬১
যে-মনুষ্য যায় দেখাইতে জগন্নাথ। নিবেদন করয়ে করিয়া জোড়হাথ॥ ৪৬২
"স্থির হঞা জগন্নাথ সভেই দেখিবা। পূর্ব-গোসাঞির মত কেহো না করিবা॥ ৪৬৩
কিরূপ তোমরা ?—কিছু না পারি বুঝিতে। স্থির হঞা দেখ, তবে যামু দেখাইতে॥ ৪৬৪
যেরূপ তোমার করিলেন এক জনে। জগন্নাথ দৈবে রহিলেন সিংহাসনে॥ ৪৬৫
বিশেষে বা কি কহিমু ?—যে দেখিল তান। সে আছাড়ে অন্যের কি দেহে রহে প্রাণ ?
এতেকে তোমরা সব—অচিন্ত্যকথন। সম্বরিয়া দেখিবা,—করিলুঁ নিবেদন॥" ৪৬৭
শুনি' সভে হাসিতে লাগিলা ভক্তগণ। "চিন্তা নাহি" বলি' সভে করিলা গমন॥৪৬৮
আসি' দেখিলেন চতুর্ব্যূহ জগন্নাথ। প্রকট-পরমানন্দ ভক্তগণ-সাথ॥ ৪৬৯
দেখি' সভে লাগিলেন করিতে ক্রন্দন। দণ্ডবত প্রদক্ষিণ করেন স্তবন॥ ৪৭০
প্রভুর গলার মালা ব্রাহ্মণ আনিঞা। দিলেন সভার গলে সন্তোষিত হঞা॥ ৪৭১
আজ্ঞা-মালা পাঞা সভে সন্তোষিত মনে। আইলা সত্বরে সার্বভৌমের ভবনে॥ ৪৭২
প্রভুর আনন্দ-মূর্ছা হইল যেমতে। বাহ্য নাহি তিলেক আছেন সেইমতে॥ ॥ ৪৭৩
বসিয়া আছেন সার্বভৌম পদতলে। চতুর্দিগে ভক্তগণ 'কৃষ্ণ কৃষ্ণ' বোলে॥ ৪৭৪
অচিন্ত্য অগম্য গৌরচন্দ্রের চরিত। তিন-প্রহরেও বাহ্য নাহি কদাচিত॥ ৪৭৫
ক্ষণেকে উঠিলা সর্ব-জগত-জীবন। হরিধ্বনি করিতে লাগিলা ভক্তগণ॥ ৪৭৬
স্থির হঞা প্রভু জিজ্ঞাসেন সভা'-স্থানে। "কহ দেখি ?—আজি মোর কোন বিবরণে ?"
শেষে নিত্যানন্দ প্রভু কহিতে লাগিলা। জগন্নাথ দেখি' মাত্র তুমি মূর্ছা গেলা॥৪৭৮
দৈবে সার্বভৌম আছিলেন সেই স্থানে। ধরি' তোমা' আনিলেন আপন-ভবনে॥৪৭৯
আনন্দ-আবেশে তুমি হই পরবশ। বাহ্য না জানিলা তিন-প্রহর দিবস॥ ৪৮০
এই সার্বভৌম নমস্করেন তোমারে।" আথেব্যথে প্রভু সার্বভৌমে কোলে করে'॥৪৮১
প্রভু বোলে, "জগন্নাথ বড় কৃপাময়। আনিলেন মোরে সার্বভৌমের আলয়॥ ৪৮২
পরম সন্দেহ চিত্তে আছিল আমার। কিরূপে পাইমু আমি সংহতি তোমার॥ ৪৮৩
কৃষ্ণ তাহা পূর্ণ করিলেন অনায়াসে। এত বলি' সার্বভৌমে চাহি' প্রভু হাসে॥"৪৮৪
প্রভু বোলে, "শুন আজি আমার আখ্যান। আসি' দেখিলাঙ—জগন্নাথ বিদ্যমান॥৪৮৫

---

২ (৩য়, ৪র্থ) জগন্নাথ দেখাবারে [জ], (৬ষ্ঠ—৮ম) করে সে জুড়ি দুই করে [ঘ, জ]; ৩ (৬ষ্ঠ) -সন্ন্যাসী [ছ]; ৪ (৩য়) সব [ক, চ, ছ], (১০ম, ১১শ) যবে পারি [ঘ, জ]; ৫ (৬ষ্ঠ) ভাগ্যে [ঙ, ছ]; ৭ (৫ম—৭ম) সম্বরি দেখিবা এই করি [কচিৎ পাঠ]; ৯ (৩য়) চতুর্ভুজ [ক, চ, ছ]; ১০ (৩য়, ৪র্থ) করিলেন আনন্দ- [কচিৎ পাঠ]; ১১ (৮ম) অঙ্গে [খ, গ, জ]; ১২ (১ম—৪র্থ) শ্রীঅঙ্গের মালা পাই হরষিত [ছ], (৪র্থ) আনন্দিত [ঝ]; ১৪ (৭ম) রামকৃষ্ণ [ক, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ]; ১৬ (৩য়) প্রভু- [ছ], (৭ম) ততক্ষণ [খ]; ১৮ (২য়) নিত্যানন্দ সব [কচিৎ পাঠ]; ১৯ (৬ষ্ঠ) তেই [ছ]; ২১ (৬ষ্ঠ, ৭ম) সার্বভৌম তুলি [গ, ঙ, ছ]; ২৩ (৯ম) সঙ্গতি [ঘ], সংস্থিতি [জ]; ২৫ (৮ম) আসি [ঝ]।

জগন্নাথে দেখি' চিত্তে হইল আমার।—ধরি' আনি' বক্ষমাঝে থুই আপনার॥ ৪৮৫
ধরিতে গেলাঙ মাত্র জগন্নাথে আমি। তবে কি হইল—শেষে আর নাহি জানি॥ ৪৮৬
দৈবে সার্বভৌম আজি আছিলা নিকটে। অতএব রক্ষা হৈল এ-মহা-সঙ্কটে॥ ৪৮৭
আজি হৈতে আমি এই বলি দঢ়াইয়া।—'জগন্নাথ দেখিবাঙ বাহিরে থাকিয়া॥৪৮৮
অভ্যন্তরে আর আমি প্রবেশ নহিমু। গরুড়ের পাছে রহি' ঈশ্বর দেখিমু॥' ৪৮৯
ভাগ্যে আমি আজি না ধরিলুঁ জগন্নাথ। তবে ত সঙ্কট আজি হইত আমা'ত॥" ৪৯০
নিত্যানন্দ বোলে, "আজি এড়াইলা ভাল। বেলা নাহি এবে, স্নান করহ সকাল॥"৪৯১
প্রভু বোলে, "নিত্যানন্দ! সম্বরিবা মোরে। দেহ আমি এই সমর্পিলাঙ তোমারে॥"৪৯২
তবে কথোক্ষণে স্নান করি' প্রেমসুখে। বসিলেন সভার সহিত হাস্যমুখে॥ ৪৯৩
বহুবিধ মহাপ্রসাদ আনিঞা সত্বর। সার্বভৌম থুইলেন প্রভুর গোচর॥ ৪৯৪
মহাপ্রসাদেরে প্রভু করি' নমস্কার। বসিলা ভুঞ্জিতে লঞা সব পরিবার॥ ৪৯৫
প্রভু বোলে, "বিস্তর লাফ্‌রা মোরে দেহ'। পিঠা পানা ছানাবড়া তোমরা সভে লহ॥"৪৯৬
এইমত বলি' প্রভু মহাপ্রেম-রসে। লাফ্‌রা খায়েন প্রভু, ভক্তগণ হাসে'॥ ৪৯৭
জন্ম-জন্ম সার্বভৌম প্রভুর পার্ষদ। অন্যথা অন্যের নাহি হয় এ-সম্পদ॥ ৪৯৮
সুবর্ণ-থালিতে অন্ন আনিঞা আপনে। সার্বভৌম দেন, প্রভু করেন ভোজনে॥ ৪৯৯
সে-ভোজনে যতেক হইল প্রেমরঙ্গ। ব্যাস বর্ণিবেন সেই চৈতন্য-প্রসঙ্গ॥ ৫০০
অশেষ কৌতুকে করি' ভোজন-বিলাস। বসিলেন প্রভু, ভক্তবর্গ চারি পাশ॥ ৫০১
নীলাচলে প্রভুর ভোজন-মহারঙ্গ। ইহার শ্রবণে হয় চৈতন্যের সঙ্গ॥ ৫০২
শেষখণ্ডে চৈতন্য আইলা নীলাচলে। এ-আখ্যান শুনিলে ভাসয়ে প্রেমজলে॥ ৫০৩
শ্রী(কৃষ্ণ)চৈতন্য-নিত্যানন্দচান্দ পঁহু জান। বৃন্দাবনদাস তছু পদযুগে গান॥ ৫০৪

ইতি শ্রীচৈতন্যভাগবতে অন্ত্যখণ্ডে শ্রীকৃষ্ণচৈতন্য-সার্বভৌম-সম্মেলনং

নাম দ্বিতীয়োঽধ্যায়ঃ॥ ২

---

২ (৭ম—১১শ) যে হইল আমি কিছুই না [ছ], (১০ম) আমি [চ]; ৩ (৩য়) মোর [ঘ, জ]; ৬ (১০ম) বড় [ছ]; ৭ (৩য়) বড় [ক খ, ঙ, ঝ, ঞ]; ১০ (২য়) প্রসাদান্ন [জ]; ১১ (১ম) মহাপ্রসাদ দেখি [ঝ]; ১২ (৪র্থ) নাফরা [ক্বচিৎ পাঠ], (৯ম) ছানাবড়ি [ক, খ, ঘ, জ, ঞ], ছেনাবড়া [ঝ]; ১৬ (৫ম—৮ম) "বেদব্যাস বর্ণিবেন সে সব প্রসঙ্গ॥" [ঞ], (৮ম) চৈতন্যের সঙ্গ [ক, ঘ, চ, জ, ঝ]; ১৯ (৫ম—৭ম) ইহা যেই শুনয়ে সে ভাসে [ছ]; ২০ (১ম) শ্রীকৃষ্ণচৈতন্য- , (২য়, ৩য়) জান [ক, গ, ঘ, ঙ, জ, ঝ, ঞ]।

তৃতীয় অধ্যায়

জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য গুণধাম। জয় জয় নিত্যানন্দস্বরূপের প্রাণ॥ ১
জয় জয় বৈকুণ্ঠনায়ক কৃপাসিন্ধু। জয় জয় ন্যাসিচূড়ামণি দীনবন্ধু॥ ২
ভক্তগোষ্ঠী-সহিত গৌরাঙ্গ জয় জয়। শুনিলে চৈতন্যকথা ভক্তি লভ্য হয়॥ ৩
শেষখণ্ড-কথা ভাই! শুন একচিত্তে। শ্রীগৌরসুন্দর বিহরিলা যেনমতে॥ ৪
অমৃতের অমৃত চৈতন্যচন্দ্র-কথা। ব্রহ্মা শিব যে-অমৃত বাঞ্ছেন সর্বথা॥ ৫
অতএব শ্রীচৈতন্যকথার শ্রবণে। সভার সন্তোষ হয়, দুষ্টগণ বিনে॥ ৬
শুন শেষখণ্ড-কথা চৈতন্য-রহস্য। ইহার শ্রবণে কৃষ্ণ পাইবা অবশ্য॥ ৭
হেনমতে শ্রীগৌরসুন্দর নীলাচলে। আত্ম-সংগোপন করি, আছে কুতূহলে॥ ৮
যদি তিঁহো ব্যক্ত না করেন আপনারে। তবে কা'র শক্তি আছে—তাঁ'রে জানিবারে? ৯
দৈবে একদিন সার্বভৌমের সহিতে। বসিলেন প্রভু তাঁ'রে লইয়া নিভৃতে॥ ১০
প্রভু বোলে, "শুন সার্বভৌম মহাশয়! তোমারে কহিয়ে আমি আপন-হৃদয়॥ ১১
জগন্নাথে দেখিতে যে আইলাঙ আমি। উদ্দেশ্য আমার মূল—হেথা আছ তুমি॥ ১২
জগন্নাথ আমারে কি কহিবেন কথা? তুমি সে আমার বন্ধ ছিণ্ডিবে সর্বথা! ১৩
তোমাতে সে বৈসে শ্রীকৃষ্ণের পূর্ণ শক্তি। তুমি সে দিবারে পার' কৃষ্ণপ্রেমভক্তি॥ ১৪
এতেকে তোমার আমি লইলুঁ আশ্রয়। তাহা কর' আমার—যেরূপে ভাল হয়॥ ১৫
কি বিধি করিমু মুঞি, থাকিমু কিরূপে?—যেমতে না পড়ি মুঞি এ সংসার-কূপে॥ ১৬
সব উপদেশ মোরে কহ অমায়ায়। তোমার সে আমি'—ইহা জান' সর্বথায়॥" ১৭
এইমত অনেক প্রকারে মায়া করি'। সার্বভৌম-প্রতি কহিলেন গৌরহরি॥ ১৮
না জানিয়া সার্বভৌম ঈশ্বরের মর্ম। কহিতে লাগিলা যে জীবের যত ধর্ম॥ ১৯
সার্বভৌম বোলেন, "কহিলা যত তুমি। সকল তোমার ভাল বাসিলাঙ আমি॥ ২০
যে তোমার হইয়াছে ভক্তির উদয়। অত্যন্ত অপূর্ব সে—কহিলে কিছু নয়॥ ২১
কৃষ্ণের বড়ই কৃপা হঞাছে তোমারে। সবে একখানি করিয়াছ অব্যভারে॥ ২২
পরম-সুবুদ্ধি তুমি হইয়া আপনে। তবে তুমি সন্ন্যাস করিলা কী-কারণে? ২৩
বুঝ দেখি বিচারি'—কী আছে সন্ন্যাসে? প্রথমেই বদ্ধ হয় অহঙ্কার-পাশে॥ ২৪

---

৪ (৫ম) শ্রীগৌরচন্দ্র [ক, ঘ, ঞ]; ৫ (৩য়) যেন চৈতন্যের- [ঘ, জ]; ৭ (৭ম) পাইয়ে [ক, গ, ঝ]; ১৩ (৯ম ১০ম) বন্ধ না ছাড়িবা [গ, ছ]; ১৫ (১০ম) ভক্তি [চ]; ১৬ (২য়) বুদ্ধি [গ, ঙ]; ১৭ (৩য়—৫ম) তুমি কহত আমায় [ঘ, জ]; (৬ষ্ঠ) তোমারে [ক, জ], তোমার [খ, গ, ঘ, ঙ, চ], যেমত [ঞ], (১০ম, ১১শ) জানিহ নিশ্চয় [খ]; ১৮ (৪র্থ) কৃপা [গ]; ১৯ (১০ম) যোগ্য [ঘ, ঙ, চ, ছ]; ২১ (১০ম) কভু [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ, ঝ], (৯ম—১১শ) কহিল নিশ্চয় [ঞ]; ২২ (৯ম) অবেভারে [ক], অব্যবহারে [খ, গ, ঘ, ঙ], অবিচারে [ক্বচিৎ পাঠ]; ২৪ (৯ম) মাত্র [ঘ, জ]।

দণ্ড ধরি' মহা-জ্ঞানী হয় আপনারে। কাহারেও বোল জোড়হস্ত নাহি করে' ॥২৫
যাঁ'র পদধূলি লইতে বেদের বিহিত। হেন-জন নমস্করে',—তভু নহে ভীত ॥ ২৬
সন্ন্যাসীর ধর্ম্ম যে বলিবা, সেহো নহে। বুঝ এই ভাগবতে যেনমত কহে ॥ ২৭
তথা হি (শ্রীভা° ১১।২৯।১৬, ৩।২৯।৩৪)—
"প্রণমেদ্দণ্ডবদ্ভূমাবাশ্বচাণ্ডালগোখরম্ ।" "ঈশ্বরো জীবকলয়া প্রবিষ্টো ভগবানিতি ॥" ২৮
ব্রাহ্মণাদি কুক্কুর চণ্ডাল অন্ত করি'। দণ্ডবত করিবেক বহুমান্য করি' ॥ ২৯
এই সে বৈষ্ণবধর্ম্ম—সভারে প্রণতি। সেই ধর্ম্মধ্বজী,—যা'র ইথে নাহি রতি ॥ ৩০
শিখা—সূত্র ঘুচাইয়া সবে এই লাভ। নমস্কার করে' আসি' মহামহাভাগ ॥ ৩১
প্রথমে শুনিলা এই এক অপচয়। এবে আর শুন সর্ব্বনাশ বুদ্ধিক্ষয় ॥ ৩২
জীবের স্বভাব-ধর্ম—ঈশ্বর-ভজন। তাহা ছাড়ি' আপনারে বোলে 'নারায়ণ' ॥ ৩৩
গর্ভবাসে যে—ঈশ্বর করিলেন রক্ষা। যাঁহার প্রসাদে হৈল বুদ্ধি জ্ঞান শিক্ষা ॥ ৩৪
যাঁ'র দাস্য লাগি' শেষ অজ ভব রমা। পাইয়াও নিরবধি করেন কামনা ॥ ৩৫
সৃষ্টি স্থিতি প্রলয় যাঁহার দাসে করে'। লাজ নাহি ?—হেন-'প্রভু' বোলে আপনারে ?৩৬
নিদ্রা হৈলে 'আপনে কে ?' ইহাও না জানে'। আপনারে 'নারায়ণ' বোলে হেন জনে ॥৩৭
'জগতের পিতা কৃষ্ণ'—সর্ব্ববেদে কহে। পিতারে যে ভক্তি করে', সে সুপুত্র হয়ে ॥ ৩৮
তথা হি (শ্রীগীতায়াম্ ৯।১৭)—

পিতাহমস্য জগতো মাতা ধাতা পিতামহঃ ॥ ৩৯

গীতাশাস্ত্রে অর্জ্জুনেরে সন্ন্যাস-লক্ষণ। শুন এই যে কহিয়াছেন নারায়ণ ॥ ৪০
তথা হি (শ্রীগীতায়াম্ ৬।১)—
অনাশ্রিতঃ কর্ম্মফলং কার্য্যং কর্ম্মকরোতি যঃ। স সন্ন্যাসী চ যোগী চ ন নিরগ্নির্ন চাক্রিয়ঃ ॥ ৪১
নিষ্কাম হইয়া করে' যে কৃষ্ণভজন। তাহানে সে বলে 'যোগী'-'সন্ন্যাসী'-লক্ষণ ॥৪২
বিষ্ণুক্রিয়া না করিলে, পরান্ন খাইলে। কিছু নহে,—সাক্ষাতেই এই বেদে বোলে ॥৪৩
তথা হি (শ্রীভা° ৪।২৯।৫০, ৫১)—
"তৎ কর্ম্ম হরিতোষং যৎ সা বিদ্যা তন্মতির্যয়া। হরির্দেহভৃতামাত্মা স্বয়ং প্রকৃতিরীশ্বরঃ ॥" ৪৪
"তাহারে সে বলি ধর্ম কর্ম সদাচার। ঈশ্বরেতে-প্রীতি জন্মে—সম্মত সভার ॥ ৪৫
তাহারে সে বলি বিদ্যা মন্ত্র অধ্যয়ন। কৃষ্ণপাদপদ্মে যে করয়ে স্থির মন ॥" ৪৬
সভার জীবন কৃষ্ণ, জনক সভার। হেন-কৃষ্ণে যে না ভজে, ব্যর্থ জন্ম তা'র ॥ ৪৭

---

১ (৩য়) মহাজ্ঞান [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঞ]; ২ (৮ম) কভু [ক, ঙ], ৬ (৯ম) ধরি [ঘ, ঝ]; ৯ (১০ম) বুদ্ধি হয় [ঘ, জ]; ১০ (৬ষ্ঠ, ৭ম) আপনাকে মানে [ঘ, জ]; ১৩ (৭ম, ৮ম) না জানিয়া [খ, ঙ], (৭ম—৯ম) না জানিয়া নারায়ণ [ছ]; ১৫ (১১শ) সুবুদ্ধি [গ]; ২১ (৯ম) -সন্ন্যাস [ক, ঘ, চ, জ, ঞ]; ২২ (৩য়) করিয়া [ঝ], (৮ম) তাহাতেই [ঘ]; ২৫ (৯ম, ১০ম) যদি জন্ময়ে [ঞ]; ২৬ (৯ম, ১০ম) স্থিতি করে [ঘ], স্থির করে [জ]; ২৭ (১১শ) সর্ব [ক, গ]।

যদি বোল শঙ্করের মত, সেহো নহে। তাঁ'র অভিপ্রায় দাস্য, তাঁ'র মুখে কহে ॥'৪৮
তথা হি শ্রীশঙ্করাচার্যবাক্যম্ * —
"সত্যপি ভেদাপগমে নাথ ! তবাহং ন মামকীনস্ত্বম্। সামুদ্রো হি তরঙ্গঃ ক্বচন সমুদ্রো ন তারঙ্গঃ ॥৪৯
"যদ্যপিহ জগতে ঈশ্বরে ভেদ নাঞি। সর্বময় পরিপূর্ণ, আছে সর্ব ঠাঞি ॥ ৫০
তভু তোমা' হইতে সে হইয়াছি আমি। আমা হৈতে নাহি কভু হইয়াছ তুমি ॥ ৫১
যেন 'সমুদ্রের সে তরঙ্গ' লোকে বোলে। 'তরঙ্গের সমুদ্র' না হয় কোন-কালে ॥৫২
অতএব জগত তোমার, তুমি পিতা। ইহলোকে পরলোকে তুমি সে রক্ষিতা ॥ ৫৩
যাহা হৈতে হয় জন্ম, যে করে' পালন। তাঁ'রে যে না ভজে, বর্জ্য হয় সেই জন ॥"৫৪
এই শঙ্করের শ্লোক—এই অভিপ্রায়। ইহা না জানিয়া মাথা কী কার্যে মুড়ায় ? ৫৫
সন্ন্যাসী হইয়া নিরবধি 'নারায়ণ'। বলিবেক প্রেমভক্তিযোগে অনুক্ষণ ॥ ৫৬
না বুঝিয়া শঙ্করাচার্যের অভিপ্রায়। ভক্তি ছাড়ি' মাথা মুড়াইয়া দুঃখ পায় ॥ ৫৭
অতএব তোমারে সে কহিলাঙ আমি।—'হেন পথে প্রবিষ্ট হইলা কেনে তুমি ?'৫৮
যদি কৃষ্ণভক্তিযোগে করিব উদ্ধার। তবে শিখা-সূত্র-ত্যাগে কোন্ লভ্য আর ? ৫৯
যদি বোল,—মাধবেন্দ্র-আদি মহাভাগ। তাঁহারাও করিয়াছেন শিখা-সূত্র-ত্যাগ ?৬০
তথাপিহ তোমার সন্ন্যাস করিবার। এ-সময়ে কেমতে হইল অধিকার ? ৬১
সে-সব মহান্তগণ ত্রিভাগ-বয়সে। গ্রাম্য-রস ভুঞ্জিয়া যে করিলা সন্ন্যাসে ॥ ৬২
যৌবন-প্রবেশ মাত্র সকলে তোমার। কেমতে হইল সন্ন্যাসের অধিকার ? ৬৩
পরমার্থে সন্ন্যাসে কি করিব তোমারে ?—যে-ভক্তি হইয়াছে তোমার শরীরে ! ৬৪
যোগীন্দ্রাদি সভারে যে দুর্লভ প্রসাদ। তবে কেনে করিয়াছ এমত প্রমাদ ?" ৬৫
শুনি' ভক্তিযোগ সার্বভৌমের বচন। বড় সুখী হৈলা গৌরচন্দ্র নারায়ণ ॥ ৬৬
প্রভু বোলে, "শুন সার্বভৌম মহাশয় ! 'সন্ন্যাসী' আমারে নাহি জানিহ নিশ্চয় ॥৬৭
কৃষ্ণের বিরহে মুঞি বিক্ষিপ্ত হইয়া। বাহির হইলুঁ শিখা-সূত্র মুড়াইয়া ॥ ৬৮
'সন্ন্যাসী' করিয়া জ্ঞান ছাড়' মোর প্রতি। কৃপা কর'—যেন মোর কৃষ্ণে হয় মতি ॥"৬৯
প্রভু হঞা নিজদাসে মোহে' হেনমতে। এ-মায়ায় দাসে প্রভু জানিব কেমতে ?৭০
যদি তেঁহো নাহি জানায়েন আপনারে। তবে কা'র শক্তি আছে জানিতে তাঁহারে ?৭১
না জানিয়া সেবক যতেক কথা কয়। তাহাতেও ঈশ্বরের মহাপ্রীত হয় ॥ ৭২
সর্বকাল ভৃত্যসঙ্গে প্রভু ক্রীড়া করে'। সেবকের নিমিত্ত আপনে অবতরে' ॥ ৭৩

---

২ * শ্রীশঙ্করাচার্যকৃত ষট্‌পদীস্তোত্রে ৩য় শ্লোক; 'শঙ্করাচার্যের গ্রন্থমালা' বসুমতী সং ১৩০১ বঙ্গাব্দ।

৪ (৮ম, ৯ম) চৈতন্য গোসাঞি [চ]; ৮ (১২শ,১৩শ) ধর্মধ্বজি [ঘ, ঙ]; ১৩ (৫ম) তার [ক, খ, ঘ, ঙ, চ, ছ, জ, ঞ], (৬ষ্ঠ) ত্যাগ [ক, খ, ঙ, চ, ছ, ঞ]; ১৫ (৭ম) হইব [ক, খ, গ, ঙ, চ, ঞ]; ১৬ (৭ম) চলিলা [ছ]; ১৭ (৬ষ্ঠ) হইব [ক, ঙ, চ, ছ, জ, ঞ]; ২৪ (৮ম) কৃষ্ণ [ঘ, জ]; ২৬ (৯ম) বড়প্রিয় [ঘ, জ]; ২৭(৭ম) নিমিত্তে [, ঝ]।

যেমতে সেবকে ভজে কৃষ্ণের চরণে। কৃষ্ণ সেইমতে দাসে ভজেন আপনে ॥ ৭৪
এই তাঁর' স্বভাব—তিঁহো সেবক-বৎসল। ইহা তাঁ'র নিবারিতে কা'র আছে বল ? ৭৫
হাসে' প্রভু সার্বভৌমে চাহিয়া চাহিঞা। না বুঝেন সার্বভৌম মায়ামুগ্ধ হঞা ॥ ৭৬
সার্বভৌম বোলেন, "আশ্রমে বড় তুমি। শাস্ত্রমতে তুমি বন্দ্য, উপাসক আমি ॥ ৭৭
তুমি যে আমারে স্তব কর—যুক্ত নহে। ইহাতে আমার পাছে অপরাধ হয়ে ॥" ৭৮
প্রভু বোলে, "ছাড়' মোরে এ-সকল মায়া। সর্বভাবে তোমার লইলুঁ মুঞি ছায়া ॥" ৭৯
হেনমতে প্রভু ভৃত্যসঙ্গে করে' খেলা। কে বুঝিতে পারে' গৌরসুন্দরের লীলা ? ৮০
প্রভু বোলে, "মোর এক আছে মনোরথ। তোমার শ্রীমুখে শুনিবাঙ ভাগবত ॥ ৮১
যতেক সংশয় চিত্তে আছয়ে আমার। তোমা বিনা ঘুচাইব—হেন নাহি আর ॥" ৮২
সার্বভৌম বোলে, "তুমি সকল বিদ্যায়। পরম প্রবীণ, আমি জানি সর্বথায় ॥ ৮৩
কোন্ ভাগবত-অর্থ না জান' বা তুমি। তোমারে বা কোন্‌রূপে প্রবোধিমু আমি ? ৮৪
তথাপিহ অন্যোহন্যে ভক্তির বিচার। করিবেক,—সুজনের স্বভাব-ব্যবহার ॥ ৮৫
বোল দেখি—সন্দেহ তোমার কোন্ স্থানে ? আছে, তাহা যথা-শক্তি করিমু ব্যাখ্যানে ॥"
তবে শ্রীবৈকুণ্ঠনাথ ঈষত হাসিয়া। বলিলেন এক শ্লোক—অষ্ট-আখরিয়া ॥ ৮৭
তথা হি (শ্রীভা° ১।৭।১০)—

"আত্মারামাশ্চ মুনয়ো নির্গ্রন্থা অপ্যুরুক্রমে। কুর্বন্ত্যহৈতুকীং ভক্তিমিত্থম্ভূতগুণো হরিঃ ॥" ৮৮

সরস্বতীপতি গৌরচন্দ্রের অগ্রেতে। কৃপায় লাগিলা সার্বভৌম বাখানিতে ॥ ৮৯
সার্বভৌম বোলেন, "শ্লোকার্থ এই সত্য। কৃষ্ণপদভক্তি সে সভার মূল তত্ত্ব ॥ ৯০
সর্বকাল পরিপূর্ণ হয় যে-যে-জন। অন্তরে বাহিরে যা'র নাহিক বন্ধন ॥ ৯১
এবংবিধ মুক্ত সব করে' কৃষ্ণভক্তি।—হেন কৃষ্ণগুণের স্বভাব মহাশক্তি ॥ ৯২
হেন কৃষ্ণ-গুণ-নাম মুক্ত সভে গায়। ইথে অনাদর যা'র, সেই নাশ যায় ॥" ৯৩
এইরূপে নানা-মত পক্ষ তোলাইয়া। ব্যাখ্যা করে' সার্বভৌম আবিষ্ট হইয়া ॥ ৯৪
ত্রয়োদশ প্রকার শ্লোকার্থ বাখানিয়া। রহিলেন "আর শক্তি নাহিক" বলিয়া ॥ ৯৫
ঈষত হাসিয়া গৌরচন্দ্র-প্রভু কহে। "যত বাখানিলা তুমি, সব সত্য হয়ে ॥ ৯৬
এবে শুন আমি কিছু করিয়ে ব্যাখ্যান। বুঝ দেখি' বিচারিয়া—কী হয় প্রমাণ ?" ৯৭
তখনে বিস্মিত সার্বভৌম মহাশয়।— "আরো অর্থ মনুষ্যের শক্তিতে কি হয় ?" ৯৮
আপনার অর্থ প্রভু আপনে বাখানে। যাহা কেহো কোন কল্পে উদ্দেশ না জানে' ॥ ৯৯

---

১ (৭ম) সেইমত [ঝ]; ২ (৫ম) শ্রীভক্ত- [খ, ঙ], ভকত- [জ, ঞ]; ৩ (৪র্থ ৫ম) হাসিয়া হাসিয়া [ঘ,জ], ৫ (৮ম) তাহাতে [খ, ঙ, ঞ], (১০ম) বড় [কচিৎ পাঠ]; ৮ (৬ষ্ঠ) নিবেদন [কচিৎ পাঠ]; ৯ (১০ম, ১১শ) শক্তি কার [ঘ]; ১০ (৭ম) প্রধান [ছ]; ১৩ (১১শ) কথনে [ক, গ, ঞ], বাখানে [ঝ]; ২০ (৭ম) প্রভু গুণের [ঞ]; ২৪ (৪র্থ) কথা [ঘ, জ]; ২৬ (৭ম—১০ম) মনুষ্য শক্তিতে কভু নয় [ঙ, ঞ]।

ব্যাখ্যা শুনি' সার্বভৌম পরম বিস্মিত। মনে গণে', "এই কিবা ঈশ্বর বিদিত?" ১০০
শ্লোক ব্যাখ্যা করে' প্রভু করিয়া হুঙ্কার। স্বানুভাবে হৈলা প্রভু ষড়্ভুজ আকার॥ ১০১
প্রভু বোলে, "সার্বভৌম! কি তোর বিচার?—সন্ন্যাসে কি মোর নাহি হয় অধিকার? ১০২
'সন্ন্যাসী' কি আমি?—হেন তোর চিত্তে লয়? তোর লাগি' এথা মুঞি হইলুঁ উদয়॥১০৩
বহু জন্ম মোর প্রেমে তেজিলি জীবন। অতএব তোরে মুঞি দিলুঁ দরশন॥ ১০৪
সংকীর্তনারম্ভে এই মোর অবতার। অনন্ত-ব্রহ্মাণ্ডে মুঞি বিনা নাহি আর॥ ১০৫
জন্ম-জন্ম তুমি মোর শুদ্ধ-প্রেমদাস। অতএব তোরে আমি হইলুঁ প্রকাশ॥ ১০৬
সাধু উদ্ধারিমু, দুষ্ট বিনাশিমু সব। চিন্তা কিছু নাহি তোর, পঢ় মোর স্তব॥" ১০৭
অপূর্ব ষড়্ভুজ-মূর্তি—কোটিসূর্যময়। দেখি' মূর্ছা গেলা সার্বভৌম মহাশয়॥ ১০৮
"শঙ্খ চক্র গদা পদ্ম শ্রীহলমুষল। রত্ন-মণি-পরিপূর্ণ শ্রীঅঙ্গ উজ্জ্বল॥ ১০৯
শ্রীবৎস কৌস্তুভ হার বক্ষে শোভা করে'। বাম-কক্ষে শিঙ্গা বেত্র, মুরলী জঠরে॥ ১১০
বিশাল করেন প্রভু হুঙ্কার গর্জন। আনন্দে ষড়্ভুজ গৌরচন্দ্র নারায়ণ॥ ১১১
বড় সুখী প্রভু সার্বভৌমেরে অন্তরে। "উঠ" বলি' শ্রীহস্ত দিলেন তাঁ'র শিরে॥ ১১২
শ্রীহস্ত পরশে বিপ্র পাইলা চেতন। তথাপি আনন্দে জড়, না স্ফুরে বচন॥ ১১৩
করুণাসমুদ্র প্রভু শ্রীগৌরসুন্দর। পাদপদ্ম দিলা তাঁ'র হৃদয়-উপর॥ ১১৪
পাঞা শ্রীচরণ সার্বভৌম মহাশয়। হইলা কেবল পরানন্দ-প্রেমময়॥ ১১৫
দৃঢ় করি' পাদপদ্ম ধরি' প্রেমফাঁদে। "আজি সে পাইলুঁ চিত্তচোর" বলি' কান্দে॥ ১১৬
আর্তনাদে সার্বভৌম করেন রোদন। ধরিয়া অপূর্ব পাদপদ্ম রমাধন॥ ১১৭
"আরে প্রভু! শ্রীকৃষ্ণচৈতন্য প্রাণনাথ! মুঞি অধমেরে প্রভু! কর' দৃষ্টিপাত॥ ১১৮
তোমারে সে মুঞি পাপী শিখাইলুঁ ধর্ম। না জানিঞা তোমার অচিন্ত্য শুদ্ধ কর্ম॥ ১১৯
হেন কোন্ আছে, প্রভু! তোমার মায়ায়। মহাযোগেশ্বর-আদি মোহ নাহি পায়? ১২০
সে-তুমি আমারে যে মোহিবা—এ কোন্ শক্তি? এবে দেহ' তোমার চরণে প্রেমভক্তি॥
জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য সর্বপ্রাণ। জয় জয় দেববিপ্র-সাধু-ধর্ম-ত্রাণ॥ ১২২
জয় জয় বৈকুণ্ঠাদিলোকের ঈশ্বর। জয় জয় শুদ্ধসত্ত্ব-রূপ ন্যাসিবর॥" ১২৩
পরম সুবুদ্ধি সার্বভৌম মহামতি। শ্লোক পঢ়ি পঢ়ি পুনঃপুন করে' স্তুতি॥ ১২৪

---

১ (৪র্থ, ৫ম) বিস্মিত হইল [ঘ, ঙ, চ, জ], (১১শ) আইলা [ঘ, জ]; ২ (৭ম) আত্মভাবে [ক, খ, গ, জ, ঝ, ঞ], (১১শ) অবতার [গ, ঘ, চ, ছ, জ, ঝ]; ৩ (৫ম) আর [খ]; (৯ম—১১শ) আমার নাহিক [খ, ঙ, চ, ঝ]; ৪ (১০ম) হেথা [ক, গ, ঘ, জ]; ৫ (৪র্থ, ৫ম) লাগি তেজিলা [চ, ছ, ঞ]. (৮ম, ৯ম) তোর তরে [ছ]; ৯ (৩য়) কোটিসূর্যসম [ক্বচিৎ পাঠ), (৭ম, ৮ম) ভট্টাচার্য সার্বভৌম [ক্বচিৎ পাঠ]; ১৭ (৪র্থ) ধরে [ঝ]; ১৯ (৩য়) শ্রীকৃষ্ণ মোর তুমি [চ], (৭ম; ৮ম) কর শুভ [ঘ, ঙ জ]; ২০ (১১শ, ১২শ] সূক্ষ্ম মর্ম [ক]; ২৫ (৪র্থ) শুদ্ধমতি [জ]।

তথা হি (শ্রীচৈতন্যচন্দ্রোদয়-নাটকে ষষ্ঠাঙ্কে)

"কালান্নষ্টং ভক্তিযোগং নিজং যঃ, প্রাদুষ্কর্তুং কৃষ্ণচৈতন্যনামা।
আবির্ভূতস্তস্য পাদারবিন্দে, গাঢ়ং গাঢ়ং লীয়তাং চিত্তভৃঙ্গঃ॥" ১২৫

"কালবশে ভক্তি লুকাইয়া দিনে-দিনে। পুনর্বার নিজভক্তি-প্রকাশ-কারণে॥ ১২৬
শ্রীকৃষ্ণচৈতন্য-নামে প্রভু অবতার। তাঁ'র পাদপদ্মে চিত্ত রহুক আমার॥ ১২৭

তথা হি তত্রৈব—

"বৈরাগ্যবিদ্যানিজভক্তিযোগ-শিক্ষার্থমেকঃ পুরুষঃ পুরাণঃ।
শ্রীকৃষ্ণচৈতন্যশরীরধারী কৃপাম্বুধির্যস্তমহং প্রপদ্যে॥" ১২৮

বৈরাগ্য-সহিত নিজভক্তি বুঝাইতে। যে-প্রভু কৃপায় অবতীর্ণ পৃথিবীতে॥ ১২৯
শ্রীকৃষ্ণচৈতন্য-তনু—পুরুষ পুরাণ। ত্রিভুবনে নাহি যাঁ'র অধিক সমান॥ ১৩০
হেন কৃপাসিন্ধুর চরণ-গুণ-নাম। স্ফুরুক আমার হৃদয়েতে অবিরাম॥" ১৩১
এইমত সার্বভৌম শত-শ্লোক করি'। স্তুতি করে' চৈতন্যের পাদপদ্ম ধরি'॥ ১৩২
"পতিত তারিতে সে তোমার অবতার। মুঞি পতিতেরে প্রভু! করহ উদ্ধার॥ ১৩৩
বন্দী করিয়াছ মোরে অশেষ বন্ধনে। বিদ্যা ধনে কুলে,—তোমা জানিমু কেমনে? ১৩৪
এবে এই কৃপা কর' সর্বজীব-নাথ! অহর্নিশ চিত্ত যেন বসয়ে তোমা'ত॥ ১৩৫
অচিন্ত্য অগম্য প্রভু! তোমার বিহার! তুমি না জানা'লে জানিবারে শক্তি কা'র? ১৩৬
আপনেই দারুব্রহ্মরূপে নীলাচলে। বসিয়া আছহ ভোজনের কুতূহলে॥ ১৩৭
আপনে প্রসাদ কর' আপনে ভোজন। আপনে আপনা দেখি' করহ ক্রন্দন॥ ১৩৮
আপনে আপনা দেখি' হও মহামত্ত। এতেকে কে বুঝে প্রভু! তোমার মহত্ত্ব? ১৩৯
আপনে সে আপনারে জান' তুমি মাত্র। আর জানে' যে-জন তোমার কৃপাপাত্র॥ ১৪০
মুঞি ছার তোমারে বা জানিমু কেমনে?—যা'তে মোহ পায় অজ-ভব-দেবগণে॥" ১৪১
এইমতে অনেক করিয়া কাকুবাদ। স্তুতি করে' সার্বভৌম পাইয়া প্রসাদ॥ ১৪২
শুনিয়া ষড়্‌ভুজ গৌরচন্দ্র নারায়ণ। হাসি' সার্বভৌম-প্রতি বলিলা বচন॥ ১৪৩
"শুন সার্বভৌম! তুমি আমার পার্ষদ। এতেক দেখিলা তুমি আমার সম্পদ॥ ১৪৪
তোমার নিমিত্তে মোর এথা আগমন। অনেক করিয়া আছ মোর আরাধন॥ ১৪৫
ভক্তির মহিমা তুমি যতেক কহিলা। ইহাতে আমারে বড় সন্তোষ করিলা॥ ১৪৬
যতেক কহিলা তুমি—সব সত্য কথা। তোমার মুখেতে কেনে আসিব অন্যথা? ১৪৭

---

৫ (৬ষ্ঠ) ভক্তি [ক, খ, ঞ]; ৯ (১ম) -সহিতে [ঝ], -বিদ্যা [ক্বচিৎ পাঠ]; ১০ (১ম) -তত্ত্ব [ক, ঘ, ঙ, ছ, জ],-নাম [চ]; ১১ (৩য়) - গুণধাম [ক্বচিৎ পাঠ]; ১২ (৫ম)কাকু [ক, ঘ, ঙ, চ,জ,ঝ]; ১৪(১০ম)পাইব[ঘ, জ], চিনিব [ছ]; ১৬ (৯ম) রহুক [ঘ, ঞ], রহয়ে [ঙ, জ]; ১৭ (১ম, ২য়) আপনে রহিলে দারুব্রহ্ম [জ]; ১৯ (১১শ) সে তত্ত্ব [চ]; ২০ (৭ম—১০ম) তুমি জানালে জানে তব [ঘ, ঙ, জ]; ২১ (৯ম) মানে [ক, খ, গ, চ, ছ, ঝ, ঞ]; ২৪ (৯ম)এ সব [ঙ, ঞ] ২৭ (৪র্থ, ৫ম) এই সব [ঞ]

শত শ্লোক করি' তুমি যে কৈলা স্তবন। যে-জন করিব ইহা শ্রবণ পঠন ॥ ১৪৮
আমাতে তাহার ভক্তি হইব নিশ্চয়। 'সার্বভৌম-শতক' বলি' লোকে যেন কয় ॥ ১৪৯
যে-কিছু দেখিলা তুমি প্রকাশ আমার। সংগোপ করিবা,—পাছে জানে কেহ আর! ১৫০
যতেক দিবস মুঞি থাকি পৃথিবীতে। তাবত নিষেধ কৈলুঁ কাহারে কহিতে ॥ ১৫১
আমার দ্বিতীয় দেহ—নিত্যানন্দচন্দ্র। ভক্তি করি' সেবিহ তাঁহার পদদ্বন্দ্ব ॥ ১৫২
পরম নিগূঢ় তিঁহো আমার বচনে। আমি যা'রে জানাই, সেই সে জানে' তানে ॥" ১৫৩
এই সব তত্ত্ব সার্বভৌমেরে কহিয়া। রহিলেন আপন ঐশ্বর্য সম্বরিয়া ॥ ১৫৪
চিনি' নিজ-প্রভু সার্বভৌম মহাশয়। বাহ্য আর নাহি, হৈল পরানন্দময় ॥ ১৫৫
যে শুনয়ে এ-সব চৈতন্য-গুণ-গ্রাম। সে যায় সংসার তরি' শ্রীচৈতন্য-ধাম ॥ ১৫৬
পরম নিগূঢ় এ-সকল কৃষ্ণকথা। ইহার শ্রবণে কৃষ্ণ পাইয়ে সর্বথা ॥ * ১৫৭
হেনমতে করি' সার্বভৌমেরে উদ্ধার। নীলাচলে করে' প্রভু কীর্তন-বিহার ॥ ১৫৮
নিরবধি নৃত্য-গীত-আনন্দ-আবেশে। রাত্রি দিন না জানেন প্রভু প্রেমরসে ॥ ১৫৯
নীলাচলবাসী যত অপূর্ব দেখিয়া। সর্বলোক 'হরি' বোলে ডাকিয়া ডাকিয়া ॥ ১৬০
'এই ত সচল জগন্নাথ' লোকে বোলে। হেন নাহি—যে প্রভুরে দেখিয়া না ভুলে ॥ ১৬১
যে-পথে যায়েন চলি' শ্রীগৌরসুন্দর। সেইদিগে হরিধ্বনি শুনি নিরন্তর ॥ ১৬২
যেখানে পরয়ে প্রভুর চরণযুগল। সে-খানের ধুলি লুট করেন সকল ॥ ১৬৩
ধুলি লুটি পায় মাত্র যে সুকৃতি জন। তাঁহার আনন্দ হয় অকথ্যকথন ॥ ১৬৪
কী সে শ্রীবিগ্রহের সৌন্দর্য অনুপাম। দেখিতে সভার চিত্ত হরে' অবিরাম ॥ ১৬৫
নিরবধি শ্রীআনন্দধারা শ্রীনয়নে। 'হরে কৃষ্ণ' নাম মাত্র শুনি শ্রীবদনে ॥ ১৬৬
চন্দনমালায় পরিপূর্ণ কলেবর। মত্তসিংহ জিনি গতি গমন সুন্দর ॥ ১৬৭
পথে চলিতেও ঈশ্বরের বাহ্য নাঞি। ভক্তিরসে বিহরেন চৈতন্যগোসাঞি ॥ ১৬৮
কথোদিন বিলম্বে পরমানন্দপুরী। আসিয়া মিলিলা তীর্থ-পর্যটন করি' ॥ ১৬৯
দূর হৈতে দেখি প্রভু পরমানন্দপুরী। সম্ভ্রমে উঠিলা প্রভু গৌরাঙ্গশ্রীহরি ॥ ১৭০
প্রিয়-ভক্ত দেখি' প্রভু পরম-সন্তোষে। নৃত্য করি' স্তুতি করে মহাপ্রেমাবেশে ॥ ১৭১
বাহু তুলি' বলিতে লাগিলা গৌরহরি।—"দেখিলুঁ নয়নে শ্রীপরমানন্দপুরী ॥ ১৭২

---

১ (১ম—৩য়) যত শ্লোক পড়ি [ঘ], এত শ্লোক পড়ি [জ]; ২ (৭ম—১০ম) যে হেন কীর্তি রয় [খ, ঙ, জ]; ৬ (৪র্থ, ৫ম) কেহো নাহি জানে [ঝ], (৭ম—১১শ) ব্যক্ত করি জানে সেই জনে [ঞ]; ৭ (২য়) মত [ক্বচিৎ পাঠ] ৮ (৯ম) শ্রীবৈকুণ্ঠ- [ঘ, ঙ, জ], গৌরচন্দ্র- [ঞ]; ৯ (৮ম) পাইবে [চ, ছ, জ, ঞ]; * এই পংক্তির পর 'ক' পুথি এবং 'ঞ' মুদ্রিত গ্রন্থে পুষ্পিকা দৃষ্ট হয়; ১৩ (২য়) সব [ক, চ]; ১৪ (৫ম) সভে [ঘ, চ, ছ, জ]; ১৬ (১ম, ২য়) যে পথে যায়েন [ঞ], (৫ম) স্থানের [গ, ঘ, জ]; ১৭ (২য়) গুটি [ঝ], গুড়ি [ঞ], (৩য়) যায়ে [ক], (১০ম) অতি [খ, ঙ, ঞ], ১৮ (১ম, ২য়) কি শোভা [খ, ঙ]- ২১ (৬ষ্ঠ) হেনমতে [চ], এইমত [ছ]; ২৩ (১ম) ধারে [ঘ জ]; ২৪ ((৪র্থ) -হরিষে [খ, গ, ঙ ঞ], (৯ম) মহাপ্রেমরসে [ক, গ, ঙ, ঞ], পরম হরিষে [খ, জ], পরানন্দরসে [চ], পরম আবেশে [ছ]; ২৫ (৫ম) হরিহরি [গ, ঘ, চ, ছ, জ, ঝ, ঞ]।

আজি ধন্য লোচন, সফল আজি জন্ম। সফল আমার আজি হৈল সর্ব ধর্ম ॥" ১৭৩
প্রভু বোলে, "আজি মোর সফল সন্ন্যাস। আজি মাধবেন্দ্র মোরে হইলা প্রকাশ ॥" ১৭৪
এত বলি' প্রিয়-ভক্তে লঞা প্রভু কোলে। সিঞ্চিলেন অঙ্গ তান পদ্মনেত্র-জলে ॥ ১৭৫
পুরী প্রথমেই মাত্র শ্রীমুখ দেখিঞা। আনন্দে ডুবিলা আত্মবিস্মৃত হইয়া ॥ ১৭৬
কথোক্ষণে অন্যোহন্যে করেন প্রণাম। পরমানন্দপুরী—চৈতন্যের প্রিয়ধাম ॥ ১৭৭
পরম-সন্তোষে প্রভু তাঁহারে পাইয়া। রাখিলেন নিজসঙ্গে পার্ষদ করিয়া ॥ ১৭৮
নিজ-প্রভু পাঞা শ্রীপরমানন্দপুরী। রহিলা আনন্দে পাদপদ্ম সেবা করি' ॥ ১৭৯
মাধবপুরীর প্রিয় শিষ্য মহাশয়। শ্রীপরমানন্দপুরী—তনু প্রেমময় ॥ ১৮০
দামোদরস্বরূপ মিলিলা কথোদিনে। রাত্রিদিন যাঁহার বিহার প্রভু-সনে ॥ ১৮১
দামোদরস্বরূপ সঙ্গীতরসময়। যাঁ'র ধ্বনি-শ্রবণে প্রভুর নৃত্য হয় ॥ ১৮২
দামোদরস্বরূপ পরমানন্দপুরী। শেষখণ্ডে এই দুই সঙ্গে অধিকারী ॥ ১৮৩
এইমতে অল্পে—অল্পে যত ভক্তগণ। নীলাচলে আসি' সভে হইলা মিলন ॥ ১৮৪
যে-যে পার্ষদের জন্ম উৎকলে হইল। তাঁহারাও অল্পে—অল্পে আসিয়া মিলিল ॥ ১৮৫
মিলিল প্রদ্যুম্নমিশ্র—প্রেমের শরীর। পরমানন্দ, রামানন্দ—দুই মহাধীর ॥ ১৮৬
দামোদরপণ্ডিত শ্রীশঙ্করপণ্ডিত। কথোদিনে আসিয়া হইলা উপনীত ॥ ১৮৭
শ্রীপ্রদ্যুম্নব্রহ্মচারী—নৃসিংহের দাস। যাঁহার শরীরে নৃসিংহের পরকাশ ॥ ১৮৮
'কীর্তনে বিহরে' নরসিংহ ন্যাসিরূপে'। জানিয়া রহিলা আসি' প্রভুর সমীপে ॥ ১৮৯
ভগবান-আচার্য আইলা মহাশয়। শ্রবণেও যাঁ'রে নাহি পরশে' বিষয় ॥ ১৯০
এইমত যতেক সেবক যথা ছিলা। সভেই প্রভুর পাশে আসিয়া মিলিলা ॥ ১৯১
প্রভু দেখি' সভার হইল দুঃখনাশ। সভে করে' প্রভু সঙ্গে কীর্তন-বিলাস ॥ ১৯২
সন্ন্যাসীর রূপে বৈকুণ্ঠের অধিপতি। কীর্তন করেন সর্ব-ভক্তের সংহতি ॥ ১৯৩
চৈতন্যের রসে নিত্যানন্দ মহাধীর। পরম উদ্দাম—একস্থানে নহে স্থির ॥ ১৯৪
জগন্নাথ দেখিয়া যায়েন ধরিবারে। পড়িহারিগণে কোহো রাখিতে না পারে' ॥ ১৯৫
একদিন উঠিয়া সুবর্ণসিংহাসনে। বলারামে ধরিয়া করিলা আলিঙ্গনে ॥ ১৯৬
উঠিতেই পড়িহারী ধরিলেক হাথে। ধরিতে পড়িলা গিয়া হাথ পাঁচ সাতে ॥ ১৯৭
নিত্যানন্দ প্রভু বলরামের গলার। মালা লঞা পরিলেন গলে আপনার ॥ ১৯৮

---

১ (৫ম) ধন্ত [খ, ঘ, ঙ, জ]; ৩ (১০ম) পদ্মাক্ষের জলে [ক, খ, ঘ, ঙ, জ], প্রেমানন্দ জলে [চ, ছ ঞ]; ৫ (৭ম) প্রেমধাম [চ], ৭ (২য়) চিনিয়া [ঞ]; ৮ (৬ষ্ঠ, ৭ম) প্রেমরসময় [ঙ]; ১০ (৪র্থ) ধ্বনি শুনিলে [খ, গ, ঝ, ঞ]; ১২ (২য়) নীলাচলে [ঙ, ঞ], (৩য়) যে যে [ক, খ]; ১৩ (১ম) -সেবকের [চ], (৬ষ্ঠ) তথি সবে [ঞ]; ১৬ (৪র্থ) তাঁহার [ক, ঘ]; ১৮ (৪র্থ—৭ম) শ্রবণে যাহারে নাহি প্রবেশে [ঘ, জ]; ২০ (৭ম—১০ম) করিলেন আসি' নীলাচলে বাস [ছ]; ২১ (৩য়, ৪র্থ) গৌরচন্দ্র লক্ষ্মীপতি [ছ], (৭ম) প্রভুভক্তের [চ]; ২২ (২য়) বলে [ঘ]; ২৪ (৬ষ্ঠ) করেন [ঘ, চ, ছ, জ]।

মালা পরি' চলিলেন গজেন্দ্রগমনে। পড়িহারী উঠিয়া চিন্তেন মনে-মনে। ১৯৯
এ ত অবধূতের মনুষ্য-শক্তি নহে। বলরাম-স্পর্শে কি অন্যের প্রাণ রহে ? ২০০
মত্তহস্তি ধরি' মুঞি পারি রাখিবারে। মুঞি ধরিলেও কি মনুষ্য যাইতে পারে' ? ২০১
হেন-মুঞি হস্ত দৃঢ় করিয়া ধরিলু। তৃণপ্রায় হঞা গিয়া কোথায় পড়িলুঁ ? ২০২
এইমত চিন্তে' পড়িহারী মহাশয়। নিত্যানন্দে দেখিলেই করয়ে বিনয় ॥ ২০৩
নিত্যানন্দস্বরূপ স্বভাব বাল্যভাবে। আলিঙ্গন করেন পরম অনুরাগে ॥ ২০৪
তবে কথোদিনে গৌরচন্দ্র লক্ষ্মীপতি। সমুদ্রকূলে ত' আসি' করিলা বসতি ॥ ২০৫
সিন্ধুতীরে স্থান অতি রম্য মনোহর। দেখিয়া সন্তোষ বড় শ্রীগৌরসুন্দর ॥ ২০৬
চন্দ্রাবতী রাত্রি, বহে দক্ষিণ-পবন। বৈসেন সমুদ্রকূলে শ্রীশচীনন্দন ॥ ২০৭
সর্ব অঙ্গ শ্রীমস্তক শোভিত চন্দনে। নিরবধি 'হরে কৃষ্ণ' বোলে শ্রীবদনে ॥ ২০৮
মালায় পূর্ণিত বক্ষ—অতি-মনোহর। চতুর্দিগে বেঢ়িয়া আছয়ে অনুচর ॥ ২০৯
সমুদ্রের তরঙ্গ নিশায় শোভে অতি। হাসি' দৃষ্টি করে' প্রভু সমুদ্রের প্রতি ॥ ২১০
গঙ্গা-যমুনার যত ভাগ্যের উদয়। এবে তাহা পাইলেন সিন্ধু মহাশয় ॥ ২১১
হেনমতে সিন্ধুতীরে বৈকুণ্ঠ-ঈশ্বর। বসতি করেন লঞা সর্ব অনুচর ॥ ২১২
সর্বরাত্রি সিন্ধুতীরে পরম-বিরলে। কীর্তন করেন প্রভু মহা কুতূহলে ॥ ২১৩
তাণ্ডব-পণ্ডিত প্রভু নিজ প্রেম-রসে। তাণ্ডব করেন—দেখি' সভে সুখে ভাসে ॥ ২১৪
রোমহর্ষ, অশ্রু, কম্প, হুঙ্কার, গর্জন। স্বেদ বহুবিধ বর্ণ হয় ক্ষণে-ক্ষণ ॥ ২১৫
যত ভক্তি-বিকার—সকল একেবারে। পরিপূর্ণ হয় আসি' প্রভুর শরীরে ॥ ২১৬
যত ভক্তি-বিকার—সভেই মূর্তিমন্ত। সভেই ঈশ্বরকলা—মহাজ্ঞানবন্ত ॥ ২১৭
আপনে ঈশ্বর নাচে বৈষ্ণব-আবেশে। জানি' সভে নিরবধি থাকে প্রভু-পাশে ২১৮
অতএব তিলার্ধ বিচ্ছেদ প্রেমসনে। নাহিক শ্রীগৌরসুন্দরের কোনো ক্ষণে ॥ ২১৯
যত শক্তি ঈষত লীলায় করে প্রভু। সেহ আর অন্যে সম্ভাবনা নহে কভু ॥ ২২০
ইহাতে সে তান শক্তি-সম্ভাবনা হয়। সর্ববেদে এইমত ঈশ্বর তত্ত্ব কয় ॥ ২২১
যে-প্রেম প্রকাশে' প্রভু চৈতন্যগোসাঞি। তাঁহা বিনা অনন্ত ব্রহ্মাণ্ডে আর নাঞি ॥ ২২২
এতেকে যে শ্রীচৈতন্যপ্রভুর উপমা। তাঁহা বিনা আর কোথা দিতে নাহি সীমা ॥ ২২৩

---

২ (১ম—৫ম) "এ অবধূতের কভু মানুষী শক্তি নয় ॥" [ঝ], (৮ম) মনুষ্যের [ক], (৯ম,১০ম) দেহ রয় [ঝ]; ৩ (১ম—৫ম) "মত্তসিংহ পারি আমি বনে ধরিবারে ॥" [ছ]; ৬ (১ম) নিত্যানন্দমহাপ্রভু [চ], (২য়) প্রভাব-[ঘ]; ৯ (৪র্থ) মলয়- [ঙ]; ১০ (৬ষ্ঠ, ৭ম) হরিহরি [ঘ, জ], হরিনাম [ঙ]; ১২ (১০ম) তরঙ্গের [ক, খ, গ, ঙ, ঝ, ঞ]; ১৪ (৩য়) শ্রীগৌরসুন্দর- [ছ]; ১৫ (২য়) সিন্ধুতটে [ছ]; ১৬ (৬ষ্ঠ, ৭ম) ভক্তগণ [খ, ঞ]; ১৭ (৪র্থ) পুলক [ছ]; ১৮ (৬ষ্ঠ, ৭ম) হই মিলে [ঘ, জ, ঙ]; ১৯ (৩য়) সকল [ঘ, ঙ, চ]; ২০ (৪র্থ) বৈকুণ্ঠ- [চ]; ২১ (৬ষ্ঠ) শ্রীগৌরাঙ্গের ভঙ্গ [খ]; ২২ (২য়) ভক্তি [ক, জ], (৩য়) ঈশ্বর [ঘ, ঙ, ঞ]; ২৩ (১ম, ৮ম) ঈশ্বরের এই [ক, খ, গ, ঙ, চ, ঝ, ঞ]; ২৪ (৮ম) ভুবনে [চ]; ২৫ (২য়,৩য়) শ্রীগৌরচন্দ্র প্রভুর [ঝ]; (৩য়) শ্রীগৌরসুন্দরের [ক, গ, ছ], (৮ম—১১শ) দিতে নাহি কভু সীমা [ক, খ, গ, ঙ, ঞ]।

সবে যা'রে শুভদৃষ্টি করেন আপনে। সেই সে তাঁহার শক্তি ধরে', তত্ত্ব জানে' ॥ ২২৪
অতএব সর্বভাবে ঈশ্বর শরণ। লইলে সে ভক্তি হয়ে, খণ্ডয়ে বন্ধন ॥ ২২৫
যে-প্রভুরে অজ-ভব-আদি দেবগণে। পূর্ণ হইয়াও নিরবধি ভাবে' মনে ॥ ২২৬
হেন-প্রভু আপনে সকল-ভৃত্য-সঙ্গে। নৃত্য করে' আপনার প্রেমযোগ-রঙ্গে ॥ ২২৭
সে-সব ভৃত্যের পায়ে বহু নমস্কার। গৌরচন্দ্র-সঙ্গে যাঁর কীর্তন-বিহার ॥ * ২২৮

হেনমতে সিন্ধুতীরে শ্রীগৌরসুন্দর। সর্বরাত্রি নৃত্য করে' অতি মনোহর ॥ ২২৯
নিরবধি গদাধর থাকেন সংহতি। প্রভু গদাধরের বিচ্ছেদ নাহি কতি ॥ ২৩০
কি ভোজনে, কি শয়নে, কিবা পর্যটনে। গদাধর প্রভুরে সেবেন অনুক্ষণে ॥ ২৩১
গদাধর পড়েন সম্মুখে ভাগবত। শুনি' হয় প্রভু প্রেমরসে উনমত ॥ ২৩২
গদাধর-বাক্যে মাত্র প্রভু সুখী হয়। ভ্রমে' গদাধরসঙ্গে বৈষ্ণব-আলয় ॥ ২৩৩

একদিন প্রভু পুরীগোসাঞির মঠে। বসিলেন গিয়া তান পরম নিকটে ॥ ২৩৪
পরমানন্দপুরীরে প্রভুর বড় প্রীত। পূর্বে যেন শ্রীকৃষ্ণ-অর্জুন দুই মিত ॥ ২৩৫
কৃষ্ণকথা বাকোবাক্যে রহস্য-প্রসঙ্গে। নিরবধি পুরী-সঙ্গে থাকে' প্রভু রঙ্গে ॥ ২৩৬
পুরীগোসাঞির কূপে ভাল নহে জল। অন্তর্যামি প্রভু তাহা জানেন সকল ॥ ২৩৭
পুরীগোসাঞিরে প্রভু জিজ্ঞাসে আপনি। "কূপে জল কেমত হইল? কহ শুনি ॥" ২৩৮

পুরী বোলে, "প্রভু! বড় অভাগিয়া কূপ। জল হৈল যেন ঘোলা কর্দমের রূপ ॥" ২৩৯
শুনি' প্রভু 'হায় হায়' করিতে লাগিলা। প্রভু বোলে, "জগন্নাথ কৃপন হইলা ॥ ২৪০
পুরীর কূপের জল পরশিবে যে। সর্ব পাপ থাকিলেও তরিবেক সে ॥ ২৪১
অতএব জগন্নাথ-দেবের মায়ায়। নষ্ট জল হৈল—যেন কেহো নাহি খায় ॥" ২৪২
এত বলি' মহাপ্রভু আপনে উঠিলা। তুলিয়া শ্রীভুজ দুই বলিতে লাগিলা ॥ ২৪৩

প্রভু জগন্নাথ! মোরে দেহ' এই বর। গঙ্গা প্রবেশুক এই কূপের ভিতর ॥ ২৪৪
ভোগবতী গঙ্গা যে আছেন পাতালে। তা'রে আজ্ঞা কর' এই কূপে প্রবেশিতে ॥" ২৪৫
সর্বভক্তগণ শ্রীমুখের বাক্য শুনি'। উচ্চ করি' করিতে লাগিলা 'হরিধ্বনি' ॥ ২৪৬
তবে কথোক্ষণে প্রভু বাসায় চলিলা। ভক্তগণ সভে গিয়া শয়ন করিলা ॥ ২৪৭
সেইক্ষণে গঙ্গাদেবী আজ্ঞা করি' শিরে। পূর্ণ হঞা প্রবেশিলা কূপের ভিতরে ॥ ২৪৮
প্রভাতে উঠিয়া সভে দেখেন অদ্ভুত। পরম-নির্মল-জলে পরিপূর্ণ কূপ ॥ ২৪৯

---

৩ (৩য়) ঈশগণে [ক, গ ঝ, ঞ], ঋষিগণে [থ]; ৪ (৩য়) -ভক্ত- [খ, ঝ, ঞ]; ৫ (২য়) ভক্তের [চ, ঝ, ঞ], * এই পংক্তির পর 'ক' পুঁথি এবং 'ঞ' মুদ্রিত পুস্তকে পুষ্পিকা দৃষ্ট হয়; ৮ (৯ম, ১০ম) না ছাড়ে একক্ষণে [ঞ] ৯ (১ম) মহামত্ত [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ, ঝ, ঞ]; ১০ (২য়, ৩য়) মহাপ্রভু [ঙ]; ১১ (৭ম, ৮ম) তানে করিয়া [ধ, ঙ, জ], তারে আদরি [চ]; ১২ (৭ম—৯ম) শ্রীকৃষ্ণ-অর্জুনে মহামতি [ঙ], শ্রীকৃষ্ণ অর্জুন সহ মিত [চ]; ১৩ (২য়) পরস্পর [ঙ]; ১৪ (৪র্থ) নৈল [ক, খ, ঝ]; ১৬ (১০ম) ঘোর [ক, খ]; ১৯ (২য়) -প্রভুর [ঙ, চ]; ২১ (১ম—৪র্থ) মহাপ্রভু জগন্নাথ মোরে [ক, খ, ঘ, ঙ, ছ, ঝ]; ২২ (৪র্থ) রহেন [ক, গ, ঙ, চ]; ২৩ (৭ম, ৮ম) গৃহে সভে[ঘ,ঙ,ছ]।

আশ্চর্য দেখিয়া 'হরি' বোলে ভক্তগণ। পুরীগোসাঞি হৈলা আনন্দে অচেতন ॥ ২৫০
গঙ্গার বিজয় সভে বুঝিয়া কূপেতে। কূপ প্রদক্ষিণ সভে লাগিলা করিতে ॥ ২৫১
মহাপ্রভু শুনিঞা আইলা সেইক্ষণে। জল দেখি' পরম-আনন্দ হৈলা মনে ॥ ২৫২
প্রভু বোলে, "শুনহ সকল ভক্তগণ! এ-কূপের জলে যে করিব স্নান পান ॥ ২৫৩
সত্য সত্য হইব তা'র গঙ্গাস্নান-ফল। কৃষ্ণে ভক্তি হৈব তা'র পরম নির্মল ॥ ২৫৪
সর্বভক্তগণ শ্রীমুখের বাক্য শুনি'। উচ্চ করি' করিতে লাগিলা 'হরিধ্বনি' ॥ ২৫৫
পুরীগোসাঞির প্রীতে সেই দিব্যজলে। স্নান পান করে' প্রভু মহাকুতুহলে ॥ ২৫৬
প্রভু বোলে, "আমি যে আছিয়ে পৃথিবীতে। জানিহ কেবল পুরীগোসাঞির প্রীতে ॥২৫৭
পুরীগোসাঞির আমি—নাহিক অন্যথা। পুরী সে বেচিলে আমি বিকাই সর্বথা ॥ ২৫৮
সকৃত যে দেখে পুরীগোসাঞিরে মাত্র। সেহো হইবেক শ্রীকৃষ্ণের প্রিয়-পাত্র ॥" ২৫৯
পুরীর মহিমা প্রভু কহিয়া সভারে। কূপ ধন্য করি' প্রভু চলিলা বাসারে ॥ ২৬০
ঈশ্বর সে জানে' ভক্তমহিমা বাঢ়াইতে। হেন প্রভু না ভজে কৃতঘ্ন কোন-মতে ॥ ২৬১
ভক্তরক্ষা লাগি' প্রভু করে' অবতার। নিরবধি ভক্তসঙ্গে করেন বিহার ॥ ২৬২
অকর্তব্য করে' প্রভু সেবকে রাখিতে। তা'র সাক্ষী—বালি বধে' সুগ্রীব-নিমিত্তে ॥ ২৬৩
দাস্য প্রভু সেবকের করে' নিজানন্দে। অজয় চৈতন্যসিংহ জিনে' ভক্তবৃন্দে ॥ ২৬৪
ভক্তগণ-সঙ্গে প্রভু সমুদ্রের তীরে। সর্ব বৈকুণ্ঠাদিনাথ কীর্তনে বিহরে' ॥ ২৬৫
বাসা করিলেন প্রভু সমুদ্রের তীরে। বিহরেন প্রভু ভক্তি-আনন্দ-সাগরে ॥ ২৬৬
এই অবতারে সিন্ধু কৃতার্থ করিতে। অতএব লক্ষ্মী জন্মিলেন তাহা হৈতে ॥ ২৬৭
নীলাচল-বাসীর যে—কিছু পাপ হয়। অতএব সিন্ধুস্নানে সব যায় ক্ষয় ॥ ২৬৮
অতএব গঙ্গাদেবী বেগবতী হৈয়া। সেই ভাগ্যে সিন্ধু-মাঝে মিলিলা আসিয়া ॥ ২৬৯
হেনমতে সিন্ধুতীরে শ্রীকৃষ্ণচৈতন্য। বৈসেন সকলমতে সিন্ধু করি' ধন্য ॥ ২৭০
'চ' পুঁথিতে অধ্যায় শেষ
যে সময়ে, ঈশ্বর আইলা নীলাচলে। তখনে প্রতাপরুদ্র না ছিলা উৎকলে ॥ ২৭১
যুদ্ধরসে গিয়াছিলা বিজয়নগরে। অতএব প্রভু না দেখিলা সেইবারে ॥ ২৭২
ঠাকুর থাকিয়া কথোদিন নীলাচলে। পুন গৌড়দেশে আইলেন কুতুহলে ॥ ২৭৩

---

১ (৫ম) সর্বজন [গ, চ, ছ]; ২ (৪র্থ) দেখিয়া [ঘ, জ], (৮ম) প্রভু [জ]; ৩ (৪র্থ) ততক্ষণে [ঘ, জ]; ৪ (৮ম—১১শ) কৈলে স্নান বা ভক্ষণ ॥ [ঝ]; ৬ (৩য়) আজ্ঞা [ক, গ, ছ]; ৭ (২য় কূপে [ঙ, ঞ]; ৮ (৭ম,৮ম) নিশ্চয় জানিহ [ঞ]; ৯ (৩য়, ৪র্থ) জানিহ সর্বথা [ঘ, জ], (৬ষ্ঠ, ৭ম) বৈচিলেও [ক, খ, গ, ঙ, চ, জ, ঞ]; ১০ (৯ম) কৃপা [ঙ]; ১৪ (৩য়) নিজ [ঞ], (৯ম, ১০ম) - বধ সুগ্রীবের মিতে [ঘ, ছ, জ]; ১৫ (৯ম) সেই রঙ্গে [ক]; ১৬ (৫ম) সর্ব বৈষ্ণবের সঙ্গে [চ] ১৮ (৫ম) হইতে [ক, খ, গ, ঘ, চ, ছ, জ]; ১৯ (৮ম) পাপ [চ]; ২০ (৩য়) ভোগবতী [ঙ, চ, ছ]; ২১ এই পংক্তির পর চ পুঁথিতে পুষ্পিকার পর ৫ম অধ্যায় শেষ এবং "ভক্তগোষ্ঠী সহিত গৌরাঙ্গ জয় জয়। শুনিলে চৈতন্যকথা ভক্তি লভ্য হয় ॥" এই অধিক পাঠ আছে; ২৩ (৮ম) আছিলা [ঘ], আইলা [ঙ]; ২৪ (৫ম) প্রভুরে [জ], (৮ম) সবারে [ঞ]।

গঙ্গা-প্রতি মহা অনুরাগ বাড়াইয়া। অতিশীঘ্র গৌড়দেশে আইলা চলিয়া ॥ ২৭৪
সার্বভৌম-ভ্রাতা—বিদ্যাবাচস্পতি নাম। শান্ত দান্ত ধর্মশীল মহাভাগ্যবান্ ॥ ২৭৫
সর্ব-পারিষদ-সঙ্গে শ্রীগৌরসুন্দর। আচম্বিতে আসি' উত্তরিলা তাঁ'র ঘর ॥ ২৭৬
বৈকুণ্ঠনায়কে গৃহে অতিথি পাইয়া। পড়িলেন বাচস্পতি দণ্ডবত হৈয়া ॥ ২৭৭
হেন সে আনন্দ হৈল বিপ্রের শরীরে। কী বিধি করিব, তাহা কিছুই না স্ফুরে ॥ ২৭৮

প্রভুও তাঁহারে করিলেন আলিঙ্গন। প্রভু বোলে, "শুন কিছু আমার বচন ॥ ২৭৯
চিত্ত মোর হইয়াছে মথুরা দেখিতে। কথোদিন গঙ্গাস্নান করিমু এথাতে ॥ ২৮০
নিভৃতে আমারে একখানি দিবা' স্থান।—যেন কথোদিন মুঞি করি গঙ্গাস্নান ॥ ২৮১
তবে শেষে মোরে মথুরায় চালাইবা। যদি মোরে চাহ, তবে অবশ্য করিবা ॥" ২৮২
শুনিঞা প্রভুর বাক্য বিদ্যাবাচস্পতি। লাগিলা কহিতে হইয়া নম্র মতি ॥ ২৮৩

বিপ্র বোলে, "ভাগ্য সর্ববংশের আমার।—এথা যে চরণধূলি আইল তোমার ॥ ২৮৪
মোর ঘর দ্বার যত—সকল তোমার। সুখে থাক তুমি—কেহো না জানিব আর ॥"২৮৫
শুনি' তাঁ'র বাক্য প্রভু সন্তোষ হইলা। তান ভাগ্যে কথোদিন তথায় রহিলা ॥ ২৮৬
সূর্যের উদয় কি কখনও গোপ্য হয়?—সর্বলোক শুনিলেক চৈতন্য-বিজয় ॥ ২৮৭
নবদ্বীপ-আদি সর্বদিগে হৈল ধ্বনি।—"বাচস্পতি ঘরে আইলা ন্যাসিচূড়ামণি ॥" ২৮৮

শুনিঞা সর্বলোকের হৈল চিত্তের উল্লাস। সশরীরে হৈল যেন বৈকুণ্ঠেতে বাস ॥ ২৮৯
আনন্দে সকল লোক বোলে "হরিহরি"। স্ত্রী পুত্র দেহ গেহ সকল পাসরি' ॥ ২৯০
অন্যোহন্যে সর্বলোকে করে' কোলাহল। "চল দেখি গিয়া তান চরণ-যুগল ॥" ২৯১
এত বলি' সর্বলোক পরম-উল্লাসে। চলিল, কেহ কা'রে রহি' না সম্ভাষে' ॥ ২৯২
অনন্ত অর্বুদ লোক বলি' 'হরিহরি'। চলিল সে দেখিবারে গৌরাঙ্গশ্রীহরি ॥ ২৯৩

পথ নাহি পায় কেহো লোকের গহলে। বন ডাল ভাঙ্গি' লোক দশদিগে চলে ॥ ২৯৪
শুন শুন আরে ভাই! চৈতন্য-আখ্যান। যেরূপে করিলা সর্ব জীব-পরিত্রাণ ॥ ২৯৫
বন ডাল কণ্টক ভাঙ্গিয়া লোক যায়। তথাপি আনন্দে কেহো দুঃখ নাহি পায় ॥ ২৯৬
লোকের গহলে যত অরণ্য আছিল। ক্ষণেকে সকল দিব্যপথ সব হৈল ॥ ২৯৭
সর্বলোক সর্ব দিগে 'হরি' বলি' যায়। হেন রঙ্গ করে' প্রভু শ্রীগৌরাঙ্গ-রায় ॥ ২৯৮

কেহো বোলে, "মুঞি তাঁ'র ধরিয়া চরণ। মাগিমু—যেমতে মোর খণ্ডয়ে বন্ধন ॥" ২৯৯

---

১ (৬ষ্ঠ) গঙ্গাঘাটে [ক্বচিৎ পাঠ]; ৭ (৫ম) যাইতে [ছ, ঞ]; ১১ (৬ষ্ঠ) যথায়ে [ক, খ, ঙ]; ১৬ (৪র্থ) পরম [ঘ, চ, জ]; ১৭ (৬ষ্ঠ—১১শ) "চলিলেন দেখিবারে গৌরাঙ্গ শ্রীহরি ॥" [ছ]; ১৮ (৫ম—৮ম) দেখি গিয়া তাঁর রাঙ্গা [ঞ], (৯ম) -কমল [ঙ]; ১৯ (৮ম, ৯ম) নহিল [খ, ঙ], নাহিক [ঞ]; ২০ (৮ম, ৯ম) প্রভু দেখিবারে দৃষ্টি ভরি [চ]; ২১ (৪র্থ) লোক [ক, গ, ঘ, ছ, জ], (১১শ, ১২শ) যায় দরশনে [চ]; ২২ (৮ম) প্রভু সর্বলোক ত্রাণ [ঘ, ঙ], -লোক- [ঝ]; ২৩ (৩য়, ৪র্থ) ভাঙ্গিয়া সকল [ঘ, জ]; ২৪ (২য়) গহনে [গ, ঘ]।

কেহো বোলে, "মুঞি তাঁ'রে দেখিলে নয়নে। তবেই সকল পাও মাগিমু বা কেনে ?" ৩০০
কেহো বোলে, "মুঞি তাঁ'র না জানি' মহিমা। যত নিন্দা করিয়াছি, তার নাহি সীমা ॥
এবে তান পাদপদ্ম ধরিয়া হৃদয়ে। মাগিমু—কিরূপে মোর সে পাপ ঘুচয়ে ?" ৩০২
কেহো বোলে, "মোর পুত্র পরম জুয়ার। মোর এই বর—যেন না খেলায় আর ॥" ৩০৩
কেহো বোলে, "মোর বর কায়বাক্য-মনে। তাঁ'র পাদপদ্ম যেন না ছাড়ি কখনে ॥" ৩০৪
কেহো বোলে, "ধন্য ধন্য মোর এই বর। কভু যেন না পাসরি শ্রীগৌরসুন্দর ॥" ৩০৫
এইমত বলিয়া আনন্দে সর্বজন। চলিয়া যায়েন সভে পরানন্দমন ॥ ৩০৬
ক্ষণেকে আইলা সর্বলোক খেয়াঘাটে। খেয়ারি করিতে পার পড়িল সঙ্কটে ॥ ৩০৭
সহস্র-সহস্র লোক এক-না'য়ে চঢ়ে। বড়বড় নৌকা সেইক্ষণে ভাঙ্গি' পড়ে ॥ ৩০৮
নানাদিগে লোক খেয়ারিরে বস্ত্র দিঞা। পার হঞা যায় সভে আনন্দিত হঞা ॥ ৩০৯
নৌকা যে না পায় তা'রা নানা বুদ্ধি করে'। ঘট বুকে দিয়া কেহো গঙ্গায় সাঁতারে ॥ ৩১০
কেহো বা কলার গাছ বান্ধি' করে' ভেলা। কেহো কেহো সাঁতারিয়া যায় করি' খেলা ॥ ৩১১
চতুর্দিগে সর্বলোক করে' 'হরিধ্বনি'। ব্রহ্মাণ্ড ভেদয়ে যেন—হেনমত শুনি' ॥ ৩১২
সত্বরে আসিয়া বাচস্পতি মহাশয়। করিলেন অনেক নৌকার সমুচ্চয় ॥ ৩১৩
নৌকার অপেক্ষা আর কেহো নাহি করে'। নানারূপে পার হয় যে যেমতে পারে' ॥ ৩১৪
হেন আকর্ষণ মন শ্রীচৈতন্যদেবে। এহো কি ঈশ্বর বিনা অন্যেরে সম্ভবে ॥ ৩১৫
হেনমতে গঙ্গাপার হঞা সর্বজন। সভেই ধরেন বাচস্পতির চরণ ॥ ৩১৬
"পরম সুকৃতি তুমি মহাভাগ্যবান্। যাঁ'র ঘরে আইলা চৈতন্য ভগবান্ ॥ ৩১৭
এতেকে তোমার ভাগ্য কে বলিতে পারে' ? এখনে নিস্তার কর' আমা' সভাকারে ॥ ৩১৮
ভবকূপে পতিত পাপিষ্ঠ আমি সব। এক গ্রামে না জানিল তান অনুভব ॥ ৩১৯
এখনে দেখাও তান চরণযুগল। তবে আমি পাপী সব পাইয়ে সকল ॥" ৩২০
দেখি' সে লোকের আর্তি বিদ্যাবাচস্পতি। সন্তোষে রোদন বিপ্র করে মহামতি ॥ ৩২১
সভা' লঞা আইলেন আপন-মন্দিরে। লক্ষকোটি লোক মহা 'হরি'ধ্বনি করে' ॥ ৩২২
'হরি'ধ্বনি মাত্র শুনি' সভার বদনে। আর বাক্য কেহো নাহি বোলে, নাহি শুনে ॥ ৩২৩
করুণাসমুদ্র প্রভু শ্রীগৌরসুন্দর। 'সভা' উদ্ধারিতে হইয়াছেন গোচর ॥ ৩২৪
'হরি'ধ্বনি শুনি' প্রভু পরমসন্তোষে। হইলেন বাহির লোকের ভাগ্যবশে ॥ ৩২৫

---

১ (১০ম—১২শ) এই মোর মনে [চ], মাগি বা কেমনে [জ]; ১০ (৯ম—১১শ) লোক আনন্দ হইয়া [ক, গ, ঘ, জ]; ১২ (৫ম) আনি [চ, ঞ]; ১৩ (৮ম) হেনমতে [ক], হেনরব [ঘ, জ]; ১৫ (৩য়, ৪র্থ) কেহো কার [ঘ, জ], (৭ম, ৮ম) নানামত পারি [ঞ]; ১৬ (২য়) আকর্ষেণ [খ, গ, ঙ], আকর্ষিল [ঝ], (৯ম) অন্যের [খ], অন্য কি [জ]; অন্যেতে [ঞ] ১৯ (৮ম) উদ্ধার [ছ]; ২০ (৪র্থ) মোরা- [ঞ], (৫ম, ৬ষ্ঠ) একথা যে [ঘ, জ] ২১ (৭ম, ৮ম) পরিত্রাণ [জ]; ২৪ (২য়) বোল [ঘ, জ], (৭ম, ৮ম) কোন বাক্য [ঙ], (৭ম—১২শ) কোন অন্য বাক্য নাহি নিবেদনে [চ]; ২৫ (১ম) করুণাসাগর [ঙ, চ, ঞ]; ২৬ (৭ম) পরম [ক, গ, ঞ]।

কী সে শ্রীবিগ্রহের সৌন্দর্য মনোহর ! সে রূপের উপমা—সেই সে কলেবর ! ৩২৬
সর্বদাই প্রসন্ন শ্রীমুখ বিলক্ষণ। আনন্দধারায় পূর্ণ দুই শ্রীনয়ন ॥ ৩২৭
ভক্তগণ লেপিয়াছে শ্রীঅঙ্গে চন্দন। মালায় পুর্ণিত বক্ষ, গজেন্দ্রগমন ॥ ৩২৮
আজানুলম্বিত দুই শ্রীভুজ তুলিয়া। 'হরি' বলি' সিংহনাদ করেন গর্জিয়া ॥ ৩২৯
দেখিয়া প্রভুরে চতুর্দিগে সর্বলোকে। 'হরি' বলি' নৃত্য সভে করয়ে কৌতুকে ॥ ৩৩০
দণ্ডবত হঞা সভে পড়ে ভূমিতলে। আনন্দে হইয়া মগ্ন 'হরিহরি' বোলে ॥ ৩৩১
দুই বাহু তুলি' সর্বলোক স্তুতি করে'। "উদ্ধারহ প্রভু ! আমা'-সব-পাপিষ্ঠেরে ॥" ৩৩২
ঈষত হাসিয়া প্রভু সর্বলোক-প্রতি। আশীর্বাদ করেন কৃষ্ণেতে হউ মতি ॥ ৩৩৩
বোল কৃষ্ণ ভজ কৃষ্ণ শুন কৃষ্ণনাম। কৃষ্ণ হউ সভার জীবন ধন প্রাণ ॥" ৩৩৪
সর্বলোকে 'হরি' বোলে শুনি' আশীর্বাদ। পুনঃপুন সভেই করেন স্তুতিবাদ ॥ ৩৩৫
"জগত-উদ্ধার লাগি' তুমি গূঢ়রূপে। অবতীর্ণ হৈলা শচীগর্ভে নবদ্বীপে ॥ ৩৩৬
আমি-সব পাপিষ্ঠ তোমারে না চিনিয়া। অন্ধকূপে পড়িলাঙ আপনা খাইয়া ॥ ৩৩৭
করুণাসাগর তুমি পরহিতকারী। কৃপা কর'—আর যেন তোমা' না পাসরি ॥" ৩৩৮
এইমত সর্বদিগে লোক স্তুতি করে'। হেন রঙ্গ করায়েন গৌরাঙ্গসুন্দরে ॥ ৩৩৯
মনুষ্যে হইল পরিপূর্ণ সর্বগ্রাম। নগর চত্বর প্রান্তরেও নাহি স্থান ॥ ৩৪০
দেখিতে সভার পুনঃপুন ইচ্ছা বাঢ়ে। সহস্র সহস্র লোক একো-বৃক্ষে চঢ়ে ॥ ৩৪১
গৃহের উপরে বা কতেক লোক চঢ়ে। ঈশ্বর-কৃপায় ঘর ভাঙ্গিয়া না পড়ে ॥ ৩৪২
দেখি' মাত্র সর্ব্বলোক শ্রীচন্দ্রবদন। 'হরি' বলি' সিংহনাদ করে' ঘনে-ঘন ॥ ৩৪৩
নানাদিগ হইতে লোক আইসে সদায়। শ্রীমুখ দেখিয়া কেহো ঘরে নাহি যায় ॥ ৩৪৪
নানা রঙ্গ জানে' প্রভু শ্রীগৌরসুন্দর। লুকাইয়া গেলা প্রভু কুলিয়ানগর ॥ ৩৪৫
নিত্যানন্দ-আদি জনকথো সঙ্গে লঞা। চলিলেন বাচস্পতিরেও না কহিঞা ॥ ৩৪৬
কুলিয়ায় আইলেন বৈকুণ্ঠ-ঈশ্বর। এথা সর্বলোক হৈল পরম কাতর ॥ ৩৪৭
চতুর্দিগে বাচস্পতি লাগিলা চাহিতে। কোথা গেলা প্রভু,—নাহি পায়েন দেখিতে ॥ ৩৪৮
বিচার করিয়া বিপ্র প্রভু না পাইয়া। কান্দিতে লাগিলা ঊর্ধ্ব বদন করিয়া ॥ ৩৪৯
'বিরলে আছেন প্রভু বাড়ীর ভিতরে'।—এই জ্ঞান হইয়াছে সভার অন্তরে ॥ ৩৫০
'বাহির হয়েন প্রভু হরিনাম শুনি'।—অতএব সভে বোলে মহা 'হরি'ধ্বনি ॥ ৩৫১

---

১ (২য়—৪র্থ) সেই শ্রীবিগ্রহ দেখি [চ]; ২ (১ম) সর্বথায় [খ, ছ], (৭ম, ৮ম) হইল নয়ন [চ]; ৩ (৩য়) সর্বাঙ্গে [ক, ঘ, চ, ছ, জ, ঝ, ঞ]; ৫ (৭ম, ৮ম) সভে স্তুতি [ছ]; ৬ (৯ম) কৃষ্ণ-কৃষ্ণ [চ]; ৭ (৯ম) আমি [ক, জ ঝ, ঞ]; ৯ (৫ম) লহ (গ, চ, ছ]; ১০ (৬ষ্ঠ—৮ম) প্রভু প্রভু বলি সভে করে [চ], (৯ম) কাকুবাদ [ঞ]; ১১ (৭ম) শচীগৃহে [ক, খ, গ, ঘ, চ, ছ, ঝ]; ১৪ (৮ম) করে প্রভু [চ, ছ], করেন শ্রী [ঝ]; ১৮ (৪র্থ) শ্রীশচীনন্দন [ক], (৯ম) সর্বজন [ঘ, জ]; ১৯ (১ম, ২য়) নানাদেশ থাকি [গ, ছ]; (২য়) থাকি [ক, ঞ]; ২০ (৯ম) ফুলিয়ানগর [ঞ]; ২৩ (১ম—৩য়) -প্রভু কথোজন লোক [চ]; ২২ (৪র্থ) তথা [খ, জ, ঞ]; ২৬ (১ম, ২য়) বাহিরায় যেন [ঘ, জ]।

কোটি-কোটি লোকে হেন 'হরি'ধ্বনি করে'। 'স্বর্গ-মর্ত্য পাতালাদি সর্ব-লোক পুরে' ॥৩৫২
কথোক্ষণে বাচস্পতি আসিয়া বাহিরে। প্রভুর বৃত্তান্ত আসি' কহিলা সভারে ॥ ৩৫৩
"কত রাত্রে কোন্ দিগে—হেন নাহি জানি। আমা'পাপিষ্ঠেরে বঞ্চি' গেলা ন্যাসিমণি ॥
সত্য কহি ভাইসব! তোমা'-সভা'-স্থানে। না জানি—চৈতন্য গিয়াছেন কোন্ গ্রামে ॥"
যত-মতে বাচস্পতি কহেন লোকেরে। প্রতীত কাহারো নাহি জন্মায়ে অন্তরে ॥ ৩৫৬
'লোকের গহল দেখি' আছেন বিরলে।'—এই জ্ঞানে সভাই আছেন কুতূহলে ॥ ৩৫৭
কেহো কেহো সাধে' বাচস্পতিরে বিরলে।—'আমারে দেখাও, আমি কেবল একলে ॥"
সর্বলোক ধরে' বাচস্পতির চরণে। "একবার মাত্র তাঁ'রে দেখিলে নয়নে ॥ ৩৫৯
তবে সভে ঘরে যাই আনন্দিত হঞা।—এই বাক্য প্রভু-স্থানে জানাইবা গিঞা ॥ ৩৬০
কভু নাহি লঙ্ঘিবেন তোমার বচন। যেমতে আমরা পাপী পাই দরশন ॥" ৩৬১
যে-তে-মতে বাচস্পতি প্রবোধিয়া কয়। কাহারো চিত্তেতে আর প্রবোধ না হয় ॥ ৩৬২
কথোক্ষণে সর্বলোক দেখা না পাইয়া। বাচস্পতিরেও বোলে মুখর হইয়া ॥ ৩৬৩
"ঘরে বাচস্পতি লুকাইয়া ন্যাসিমণি। আমা'-সভা' ভাণ্ডিলা কহিয়া মিথ্যাবাণী ৩৬৪
আমরা তরিলে বা উহান কোন্ দুঃখ? আপনেই তরি' মাত্র—এই কোন্ সুখ ॥" ৩৬৫
কেহো বোল, "সুজনের এই সে ধর্ম হয়। সভার উদ্ধার করে' হইয়া সদয় ॥ ৩৬৬
'আপনার ভাল হউ' যে-তে-জন দেখে। সুজন আপনা ছাড়িয়াও পর রাখে ॥" ৩৬৭
কেহো বোলে, "ব্যভারেও মিষ্ট দ্রব্য আনি'। একা উপভোগ কৈলে অপরাধ গণি ॥' ৩৬৮
এ ত মিষ্ট ত্রিভুবনে অতি অনুপম। একেশ্বর ইহা কি করিতে যোগ্য পান?" ৩৬৯
কেহো বোলে, "বিপ্র কিছু কপট-হৃদয়। পর-উপকারে তত নহেন সদয় ॥" ৩৭০
একে বাচস্পতি দুঃখী প্রভুর বিরহে। আর সর্বলোকেও দুর্যশ বাণী কহে ॥ ৩৭১
দুইমতে দুঃখী বিপ্র পরম উদার। না জানেন—কোন্‌মতে হয় প্রতিকার! ৩৭২
হেনই সময়ে এক আসিয়া ব্রাহ্মণ। বাচস্পতি-কর্ণমূলে কহিলা বচন ॥ ৩৭৩
"চৈতন্যগোসাঞি গেলা কুলিয়া-নগর। এবে যে যুয়ায়, তাহা করহ সত্বর ॥" ৩৭৪
শুনি' মাত্র বাচস্পতি পরম সন্তোষে। ব্রাহ্মণেরে আলিঙ্গন দিলেন হরিষে ॥ ৩৭৫

---

১ (২য়—৪র্থ) লোক মেলি হরিশব্দ [ছ], লোকে মহা-হরি- [ঞ]; ৩ (১ম—৪র্থ) কোন্‌দিগে গেলা প্রভু [ছ], (১ম—৫ম) কত রাত্রো কতক্ষণে গেলা [জ]; ৪ (১০ম) স্থানে [খ], থানে [ঝ]; ৫ (১ম, ২য়) অনেক প্রকারে তিঁহো [ছ]; ৭ (৯ম, ১০ম) একলা সকলে [ক], একেশ্বর কেবলে [খ]; ৮ (১ম) কেহ কেহ [ঞ], (২য়) সাধে [ঝ], (৮ম) দেখিব [ঘ, চ, জ]; ৯ (১০ম) তুমি কহ [ঘ, জ]; ১০ (২য়, ৩য়) না লঙ্ঘিব প্রভু [খ, চ, ঝ]; ১১ (১ম) যত-মতে [ঝ], ১২ (৮ম) প্রতীত [ক], প্রত্যয় [খ, গ]; ১৩ (৪র্থ) মহামণি [ঘ, চ]; ১৪ (৭ম—১০ম) আপনা তরিবেন এই বা [ক], আপনে তরিলে বা এই [ঘ], আপনে তরিলে এক এই [চ]; ১৬ (৭ম—৯ম) ছাড়ি পর জনা [ছ]; ১৭ (৩য়) ব্যবহারে [ঘ, চ; ঝ]; ১৮ (২১শ) আছে [ঞ]; ১৯ (৭ম) কিছু [খ], (৭ম, ৮ম) সেহো নহেত [চ]; ২০ (৬ষ্ঠ ৭ম) আরে সভে এমত [ঝ]; ২৪ (৭ম) বিশেষে [খ]।

ততক্ষণে আইলেন সর্বলোক যথা। সভারেই আসি' কহিলেন গোপ্য-কথা ॥ ৩৭৬
"তোমরা সকল লোক তত্ত্ব না জানিয়া। দোষ' আমা—'আমি থুইয়াছি লুকাইয়া' ॥ ৩৭৭
এবে এই শুনিলাঙ কুলিয়ানগরে। আছেন—আসিয়া কহিলেন বিপ্রবরে ॥ ৩৭৮
সভে চল, যদি সত্য হয় এ বচন। তবে সে আমারে সত্য বলিহ 'ব্রাহ্মণ' ॥" ৩৭৯
সর্বলোক 'হরি' বলি' বাচস্পতি-সঙ্গে। সেইক্ষণে সভে চলিলেন মহারঙ্গে ॥ ৩৮০
"কুলিয়ানগরে আইলেন ন্যাসিমণি।"—সেইক্ষণে সর্বদিগে হৈল মহাধ্বনি ॥ ৩৮১
সবে গঙ্গা মধ্যে নদীয়ায়-কুলিয়ায়। শুনি' মাত্র সর্বলোক মহানন্দে ধায় ॥ ৩৮২
বাচস্পতি-গ্রামে ছিল যতেক গহল। তা'র কোটি-কোটি-গুণ পূরিল সকল ॥ ৩৮৩
কুলিয়ার আকর্ষণ না যায় কথন। সবে তা বর্ণিতে শক্তি সহস্রবদন ॥ ৩৮৪
লক্ষ-লক্ষ নৌকা বা আইল কোথা হৈতে। না জানি—কত বা পার হয় কত মতে ॥ ৩৮৫
কতেক বা নৌকা ডুবে গঙ্গার ভিতরে। তথাপি সভেই তরে'—জনেকো না মরে ॥ ৩৮৬
নৌকা ডুবিলেই মাত্র গঙ্গা হয় স্থল। হেন চৈতন্যের অনুগ্রহ ইচ্ছা বল ॥ ৩৮৭
যে-প্রভুর নামগুণ সকৃত যে গায়। সে সংসার-অব্ধি তরে' বৎসপদ-প্রায় ॥ ৩৮৮
হেন-প্রভু সাক্ষাতে দেখিতে যে আইসে। তাহারা যে গঙ্গা তরিবেক চিত্র কিসে ? ৩৮৯
লক্ষ লক্ষ লোক ভাসে জাহ্নবীর জলে। সভে পার হয়েন পরম-কুতূহলে ॥ ৩৯০
গঙ্গায় হইয়া পার আপনা' আপনি। কোলাকুলি করি' সভে করে' হরিধ্বনি ॥ ৩৯১
খেয়ারির কত বা হইল উপার্জন। কত হাট বাজার বা বসিল সেইক্ষণ ॥ ৩৯২
চতুর্দিগে যা'র যেই ইচ্ছা, সেই কিনে। হেন নাহি জানি—ইহা করে' কোন্ জনে ॥ ৩৯৩
ক্ষণেকে কুলিয়াগ্রাম নগর প্রান্তর। পরিপূর্ণ হৈল স্থল—নাহি অবসর ॥ ৩৯৪
অনন্ত অর্বুদ লোক করে' হরিধ্বনি। বাহির না হয়—গুপ্তে আছে ন্যাসিমণি ॥ ৩৯৫
ক্ষণেকে আইলা মহাশয় বাচস্পতি। তিঁহো নাহি পায়েন—প্রভুর কোথা স্থিতি ॥ ৩৯৬
কথোক্ষণে মাত্র বাচস্পতি একেশ্বর। ডাকি' আনাইলা প্রভু শ্রীগৌরসুন্দর ॥ ৩৯৭
দেখি' মাত্র প্রভু বিশারদের নন্দন। দণ্ডবত হইয়া পড়িলা সেই ক্ষণ ॥ ৩৯৮

---

১ (৪র্থ) তথা [ক, ঘ], (৬ষ্ঠ, ৭ম) হাসিয়া কহেন [চ], (৮ম) যোগ্য- [ক]; ২ (২য়, ৩য়) তাঁহার সব [জ], (৩য়) তাঁহার [ঘ], (৮ম) দেহ' [চ, ছ]; ৩ (৪র্থ) ফুলিয়ানগরে [ঞ], (৫ম—৭ম) তথা গিয়াছেন কহিলে [ছ], (৬ষ্ঠ) আমারে [ঘ, জ]; ৫ (৫ম—৮ম) "শুনি আনন্দিত সব হইলেন রঙ্গে ॥" [খ]; ৬ (৭ম) হরিধ্বনি [ক, খ, ঘ, জ]; ৮ (১ম) গৃহে [ঘ], (২য়—৪র্থ) যত গহল আছিল [ঞ], (৬ষ্ঠ) কোটিকোটিগুণে [গ, ঝ], (৭ম) বাড়িল [ঘ, জ]; ৯ (৬ষ্ঠ—৯ম) তাহা বর্ণিবারে শক্তি [খ], তাহা বর্ণিবার শক্ত [খ, ঝ], কেবল বলিতে শক্ত [ঞ]; ১০ (২য়) লোক [গ, চ, ঞ]; ১১ (৮ম—১১শ) ডুবিঞা তাহা কেহ নাহি [ঘ, জ], (১০ম, ১১শ) কেহ নাহি [খ, ঘ, চ, জ, ঝ]; ১৩ (৬ষ্ঠ, ৭ম) সংসার ভবাদি [চ], সংসার সাগর [ঞ]; ১৪ (৬ষ্ঠ) তাহাতে [ঞ], ১৭ (৬ষ্ঠ—১০ম) কতেক বা হাট বাট হৈল [ঘ, জ], (৭ম—১১শ) হাট বাজার বসায় কত জন [ঞ]; ১৯ (৭ম—৯ম) সবস্থান মনোহর [চ]; ২২ (৫ম, ৬ষ্ঠ) ডাকিয়া নিলেন [ক, গ, ছ]; ২৩ (৯ম) ততক্ষণ [ছ, জ]।

চৈতন্যের অবতার বর্ণিয়া বর্ণিয়া। শ্লোক করি' পঢ়ে বিপ্র প্রণতি করিয়া ॥ ৩৯৯
"সংসার-উদ্ধার-লাগি যে চৈতন্যরূপে। তারিলেন যতেক পতিত ভব-কূপে ॥ ৪০০
সে-গৌরসুন্দর কৃপা-সমুদ্রের পা'য়। জন্ম-জন্ম মোর চিত্ত বসুক সদায় ॥ ৪০১
সংসার-সমুদ্রে মগ্ন জগত দেখিঞা। নিরবধি বর্ষে' প্রেম কৃপাযুক্ত হঞা ॥ ৪০২
হেন যে অতুল কৃপাময় গৌরধাম। স্ফুরুক আমার হৃদয়ে ত অবিরাম ॥" ৪০৩
এইমত শ্লোক পঢ়ি' করে' বিপ্র স্তুতি। পুনঃপুন দণ্ডবত হয় বাচস্পতি ॥ ৪০৪
বিশারদ-চরণে রহুক নমস্কার। সার্বভৌম, বাচস্পতি—নন্দন যাঁহার ॥ ৪০৫
বাচস্পতি দেখি' প্রভু শ্রীগৌরসুন্দর। কৃপা-দৃষ্ট্যে বসিবারে বলিলা উত্তর ॥ ৪০৬
দাণ্ডাইয়া কর যুড়ি' বোলে বাচস্পতি। "মোর এক নিবেদন শুন মহামতি ॥ ৪০৭
স্বচ্ছন্দ পরমানন্দ তুমি দয়াময়। সর্ব-কর্ম তোমার আপন ইচ্ছাময় ॥ ৪০৮
আপন-ইচ্ছায় থাক, চলহ আপনে। আপনে জানাহ—তেঞি লোকে তোমা' জানে' ॥ ৪০৯
এতেকে তোমার কর্মে তুমি সে প্রামাণ। বিধি বা নিষেধ কে তোমারে দিব আন ॥ ৪১০
সবে মোরে সর্বলোক তত্ত্ব না জানিয়া। দোষেন অন্তরে মোরে 'ক্রুর' যে বলিয়া ॥ ৪১১
'তোমারে আপন-গৃহে মুঞি লুকাইয়া। থুইয়াছি'—লোকে বোলে তত্ত্ব না জানিয়া ॥ ৪১২
তুমি প্রভু! তিলার্ধেক বাহির হইলে। তবে মোরে 'ব্রাহ্মণ' করিয়া লোকে বোলে ॥" ৪১৩
হাসিতে লাগিলা প্রভু বিপ্রের বচনে। তাঁ'র ইচ্ছা পালিয়া চলিলা সেইক্ষণে ॥ ৪১৪
যেইমাত্র মহাপ্রভু বাহিরে আইলা। সেই সভে আনন্দসাগরে মগ্ন হৈলা ॥ ৪১৫
চতুর্দিগে লোক দণ্ডবত হঞা পড়ে। যা'র যেন স্ফুরে, সেই তেন স্তুতি পঢ়ে ॥ ৪১৬
অনন্ত অর্বুদ লোক 'হরি'ধ্বনি করে'। ভাসিল সকল লোক আনন্দসাগরে ॥ ৪১৭
সহস্র-সহস্র কীর্তনীয়া-সম্প্রদায়। স্থানে-স্থানে সভেই পরমানন্দে গায় ॥ ৪১৮
অহর্নিশ পরানন্দ কৃষ্ণনাম-ধ্বনি। সকল ভুবন পূর্ণ কৈলা ন্যাসমণি ॥ ৪১৯
ব্রহ্মলোক-শিবলোক-আদি যত লোক। সে-সুখের কণা-লেশে সভেই অশোক ॥ ৪২০
যোগীন্দ্র মুনীন্দ্র মত্ত যে-সুখের লেশে। তাহা করায়েন পৃথিবীতে ন্যাসিবেশে ॥ ৪২১

---

১ (৩য়. ৪র্থ) বলিয়া বলিয়া [ক, গ, ছ, ঞ], (৬ষ্ঠ—৮ম) পড়ি' পড়িলেন [ঘ, ঙ]; ৩ (৩য়) প্রায় [খ, গ, ছ, ঞ], (৬ষ্ঠ) চিত্তে [খ, ঙ, ঞ], (৭ম) রহুক [খ, ঘ, ঙ, জ]; ৪ (২য়) মুগ্ধ [জ], ৬ (৯ম) করে [গ, ঙ], (১০ম) মহামতি [ঞ]; ৭ (২য়) আমার [ক, খ, গ, ঝ, ঞ], (৫ম—৭ম) বিদ্যাবাচস্পতি পুত্র যাঁর [ঝ]; ১০ (৪র্থ) মহাশয় [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঞ], (৭ম) আপনি- [জ]; ১২ (১৩শ) দান [ক]; ১৩ (৭ম—১২শ) "কতেক কহিল লোক দর্শন না পাইয়া ॥" [গ], (১০ম—১২শ) শত্রু সে করিয়া [ঘ], আক্রোশ করিয়া [জ]; ১৬ (৪র্থ) লোকের [খ, ঙ], ব্রাহ্মণ [ঞ]; ১৭ (৫ম, ৬ষ্ঠ) সর্বলোক [ঘ, জ], দেখি সবে [ঞ]; ১৮ (৮ম—১০ম) মত স্ফুরে সেই [খ, ঙ, ঞ]; ২১ (৩য়) কৃষ্ণপ্রেম [খ], (৬ষ্ঠ) ধন্য [চ, জ]; এই পংক্তির পর অধিক পাঠ—"করতাল মন্দিরা মৃদঙ্গ সংকীর্তন। পরানন্দ ব্রহ্মনাদ উঠিল তখন ॥ কি অদ্ভুত হৈল শ্রীকৃষ্ণ সংকীর্তন। হেন কার শক্তি বিনা শ্রীশচীনন্দন [চ, ছ], "বৈকুণ্ঠ-বল্লভ যে পদ সংকীর্তন। তাহাত পৃথিবীতে করে শ্রীশচীনন্দন ॥ [চ]", "শ্বেতদ্বীপের সম্পত্য যে দুর্লভ গণি। তাহা পৃথিবীতে করে ন্যাসিচূড়ামণি ॥" [চ, ছ]; ২২ (৫ম) কলা [ঘ, ঝ]।

হেন সর্বশক্তিসমন্বিত ভগবানে। যে-পাপীষ্ঠ মায়াবশে বোলে অপ্রমাণে ॥ ৪২২
তা'র জন্ম কর্ম বিদ্যা ব্রহ্মণ্য আচার। সব মিথ্যা; সেই পাপী—শোচ্য সভাকার ॥ ৪২৩
ভজ ভজ আরে ভাই! চৈতন্যচরণে। অবিদ্যা-বন্ধন খণ্ডে' যাহার শ্রবণে ॥ ৪২৪
যাঁহার স্মরণে সর্ব-পাপ-বিমোচন। ভজ ভজ হেন ন্যাসিমণির চরণ ॥ ৪২৫
এইমত চতুর্দিগে দেখি' সংকীর্তন। আনন্দে ভাসেন প্রভু লঞা ভক্তগণ ॥ ৪২৬
আনন্দধারায় পূর্ণ শ্রীগৌরসুন্দর। যেন চতুর্দিগে বহে জাহ্নবীর জল ॥ ৪২৭
বাহ্য নাহি পরানন্দসুখে আপনার। সংকীর্তন-আনন্দ-বিহ্বল অবতার ॥ ৪২৮
যে সম্প্রদায় প্রভু দেখেন সম্মুখে। তাহাতেই নৃত্য করে' পরানন্দসুখে ॥ ৪২৯
তাহারা কৃতার্থ হেন মানে' আপনারে। হেনমতে রঙ্গ করে' শ্রীগৌরসুন্দরে ॥ ৪৩০
বিহ্বলের অগ্রগণ্য নিত্যানন্দ-রায়। কখনো ধরিয়া তাঁ'রে আপনে নাচায় ॥ ৪৩১
আপনে কখনো নৃত্য করে' তাঁ'র সঙ্গে। আপনে বিহ্বল আপনার প্রেম-রঙ্গে ॥ ৪৩২
নৃত্য করে' মহাপ্রভু করি' সিংহনাদ। যে-নাদ শ্রবণে খণ্ডে' সকল বিষাদ ॥ ৪৩৩
যাঁ'র রসে মত্ত—বস্ত্র না জানে' শঙ্কর। হেন-প্রভু নাচে সর্ব লোকের ভিতর ॥ ৪৩৪
অনন্ত ব্রহ্মাণ্ড রহে যাঁ'র শক্তিবশে। সে প্রভু নাচয়ে পৃথিবীতে প্রেমরসে ॥ ৪৩৫
যে—প্রভু দেখিতে সর্ববেদে কাম্য করে'। সে—প্রভু নাচয়ে সর্বজনের গোচরে ॥ ৪৩৬
এইমত সর্বলোক মহানন্দে ভাসে। সংসার তরিল চৈতন্যের পরকাশে ॥ ৪৩৭
যতেক আইসে লোক চতুর্দিগ হৈতে। সভেই আসিয়া দেখে প্রভুরে নাচিতে ॥ ৪৩৮
বাহ্য নাহি প্রভুর—বিহ্বল প্রেমরসে। দেখি' সর্বলোক সুখসিন্ধু-মাঝে ভাসে ॥ ৪৩৯
কুলিয়ার প্রকাশে যতেক পাপী ছিল। উত্তম মধ্যম নীচ—সভে পার হৈল ॥ ৪৪০
কুলিয়া-গ্রামে যে চৈতন্যের পরকাশ। ইহার শ্রবণে ছিণ্ডে' সর্ব-কর্ম-পাশ ॥ ৪৪১
সকল জীবেরে প্রভু দরশন দিঞা। সুখময় চিত্তবৃত্তি সভার করিয়া ॥ ৪৪২
তবে সব আপন পার্ষদগণ লঞা। বসিলেন মহাপ্রভু বাহ্য প্রকাশিঞা ॥ ৪৪৩
হেনই সময়ে এক আসিয়া ব্রাহ্মণ। দৃঢ় করি' ধরিল প্রভুর শ্রীচরণ ॥ ৪৪৪
বিপ্র বোলে, "প্রভু! মোর এক নিবেদন। আছে তাহা কহি যদি খানি দেহ' মন" ॥ ৪৪৫
ভক্তির প্রভাব মুঞি পাপী না জানিয়া। বিস্তর নিন্দিয়া আছো আপনা খাইয়া ॥ ৪৪৬

---

২ (৫ম) ব্রাহ্মণ- [খ, ঙ]; ৩ (৯ম) স্মরণে [খ, চ, ছ]; ৪ (৩য়) -তাপ- [খ, গ, চ, ঝ], (৪র্থ—৮ম) "আনন্দে ভজহ ভাই চৈতন্য-চরণ ॥" [ছ]; ৫ (৩য়) হৈল [চ], (৯ম) সর্বজন [ঙ], সর্বগণ [ছ]: ৬ (৩য়) শরীর সকল [ঘ, ঙ, জ], (৮ম) নীরে [চ, ছ]; ১১ (৯ম, ১০ম) হয় আপনার রঙ্গে [ঘ, ঙ, জ]; ১৩ (১২শ) গোচর [ঙ, ছ, জ]; ১৪ (৩য়) হয় [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, ঝ, ঞ], (৫ম) ভক্তিরসে [খ, ঘ, ঙ], (১০ম) প্রেমাবেশে [ঙ], ন্যাসিবেশে [ছ]; ১৫ (৩য়) সর্বদেবে [ক, খ, চ], সর্বলোক [গ, জ], (৮ম) সর্বলোকের [চ], ১৬ (৮ম) প্রেম-রসে [ঙ]; ১৯ (৭ম, ৮ম) অধম লোক [ঘ]; ২০ (৫ম—৮ম) ইহা যে শুনয়ে তার ছিণ্ডে ভবপাশ [ছ]; ২২ (৮ম) ভাব [জ]; ২৫ (৭ম—৯ম) বিস্তর নিন্দিয়াছোঁ [খ, গ, ঘ, ঙ, চ], বিস্তর করিলু নিন্দা [ঞ], বহু নিন্দা করিয়াছোঁ [ঝ]।

কলিযুগে কিসের বৈষ্ণব, সংকীর্তন ?—এইমত অনেক বল্লিনু অনুক্ষণ ॥ ৪৪৭
এবে প্রভু ! সে পাপিষ্ঠ কর্ম সঙরিতে। অনুক্ষণ চিত্ত মোর দহে' সর্বমতে ॥ ৪৪৮
সংসার-উদ্ধার-সিংহ তোমার প্রতাপ। বোল মোরে—কিরূপে খণ্ডয়ে সেই পাপ ?" ৪৪৯
শুনি' সেই অকৈতব বিপ্রের বচন। হাসিয়া উপায় কহে শ্রীশচীনন্দন ॥ ৪৫০
"শুন বিপ্র ! বিষ করি যে-মুখে ভক্ষণ। সেই মুখে করি যবে অমৃত গ্রহণ ॥ ৪৫১
বিষ হয় জীর্ণ, দেহ হয় ত অমর। অমৃত-প্রভাবে—এই শুনহ উত্তর ॥ ৪৫২
না জানিঞা যত তুমি করিলা নিন্দন। সে কেবল বিষ তুমি করিলা ভোজন ॥ ৪৫৩
পরম অমৃত এবে কৃষ্ণ-গুণ-নাম। নিরবধি সেই মুখে কর' তুমি পান ॥ ৪৫৪
যে-মুখে করিলে তুমি বৈষ্ণবনিন্দন। সেই মুখে কর' তুমি বৈষ্ণব-বন্দন ॥ ৪৫৫
সভা' হৈতে ভক্তির মহিমা বাঢ়াইয়া। সঙ্গীত-কবিত্ব বিপ্র কর' তুমি গিয়া ॥ ৪৫৬
কৃষ্ণ-যশ-পরানন্দ-অমৃতে তোমার। নিন্দা-বিষ যত, সব করিব সংহার ॥ ৪৫৭
এই কহি সভারে, তোমারে না কেবল। না জানিঞা নিন্দা করিলেক যে-সকল ॥ ৪৫৮
আর যদি নিন্দা-কর্ম কভু না আচরে'। নিরন্তর বিষ্ণু-বৈষ্ণবের স্তুতি করে' ॥ ৪৫৯
সে-সকল পাপ ঘুচে—এই সে উপায়। কোটি প্রায়শ্চিত্তেও অন্যথা নাহি যায় ॥ ৪৬০
চল বিপ্র ! কর' গিয়া ভক্তের বর্ণন। তবে সে তোমার সবপাপ—বিমোচন ॥" ৪৬১
সকল বৈষ্ণব শ্রীমুখের বাক্য শুনি'। আনন্দে করেন জয় জয় 'হরি'ধ্বনি ॥ ৪৬২
নিন্দা-পাতকের এই প্রায়শ্চিত্ত সার। কহিলেন শ্রীগৌরসুন্দর অবতার ॥ ৪৬৩
এই আজ্ঞা যে না মানে', নিন্দে' সাধুজন। দুঃখসিন্ধু-মাঝে ভাসে সেই পাপিগণ ॥ ৪৬৪
চৈতন্যের আজ্ঞা যে মানয়ে বেদসার। সুখে সেই সব হয় ভব-সিন্ধু-পার ॥ ৪৬৫
বিপ্রেরে কহিতে প্রভু তত্ত্ব-উপদেশ। ক্ষণেকে পণ্ডিত-দেবানন্দের প্রবেশ ॥ ৪৬৬
গৃহবাসে যখন আছিলা গৌরচন্দ্র। তখনে যতেক করিলেন পরানন্দ ॥ ৪৬৭
সে-সময় দেবানন্দ-পণ্ডিতের মনে। নহিল বিশ্বাস,—না দেখিল তে-কারণে ॥ ৪৬৮
দেখিবার যোগ্যতা আছয়ে পুন তান। তবে কেন না দেখিল,—কৃষ্ণ সে প্রমাণ ॥ ৪৬৯
সন্ন্যাস করিয়া যদি ঠাকুর চলিলা। তাঁ'র ভাগ্যে বক্রেশ্বর আসিঞা মিলিলা ॥ ৪৭০
বক্রেশ্বরপণ্ডিত—চৈতন্যের-প্রিয়পাত্র। ব্রহ্মাণ্ড পবিত্র যাঁ'র স্মরণেই মাত্র ॥ ৪৭১
নিরবধি কৃষ্ণপ্রেমে বিগ্রহ বিহ্বল। যাঁ'র নৃত্যে দেবাসুর মোহিত সকল ॥ ৪৭২

---

১ (৪র্থ) কি কীর্তন [ক, খ, গ, ঝ, ঞ], (৭ম) নিন্দনু [চ, ঞ]; ২ (৮ম, ৯ম) মোর মন [ছ]; ৫ (১০ম) যদি [ঘ, জ]; (১২শ) ভক্ষণ [গ], -ভোজন [ঘ, জ]; ৬ (৮ম) -প্রভাব [ক্বচিৎ পাঠ], -স্বভাবে [ঙ]; ৭ (১ম, —৩য়) জানিয়া তথাপি [চ]; ৮ (২য়) অদ্ভুত [ক, খ, ঘ, ঙ, ছ]; ১০ (৩য়) ভক্তের [খ, গ, ঙ, ঞ], (৭ম—৯ম) সংগীত কবিত্ব ভক্তিমত কর [ঞ]; ১২ (২য়—৫ম) সত্য কহি তোমা সভারে [খ, গ, ঙ, ঞ]; ১৩ (৭ম) নিরবধি [ঝ]; ১৫ (৫ম) ভক্তির [ক, গ, চ, ছ, ঝ], (৬ষ্ঠ) বন্দন [ঘ, ঙ, জ]; ১৯ (৮ম) জন [গ]; ২০ (২য়) কহিতে [ঝ, ঞ]; ২২ (৩য়) স্থানে [ছ]; ২৫ (৩য়) কৃপা [ঙ, ঞ], (৬ষ্ঠ) তাঁর [গ, জ], ২৬ (৬ষ্ঠ) প্রেমে [চ] ।

অশ্রু, কম্প, স্বেদ, হাস্য, পুলক, হুঙ্কার। বৈবর্ণ-আনন্দমূর্ছা আদি যে বিকার ॥ ৪৭৩
চৈতন্যকৃপায় মাত্র নৃত্যে প্রবেশিলে। সকল আসিয়া বক্রেশ্বর-দেহে মিলে' ॥ ৪৭৪
বক্রেশ্বরপণ্ডিতের উদ্দাম বিকার। সকল কহিতে শক্তি আছয়ে কাহার ॥ ? ৪৭৫
দৈবে দেবানন্দপণ্ডিতের ভাগ্যবশে। রহিলেন তাঁহার আশ্রমে প্রেমরসে ॥ ৪৭৬
দেখিয়া তাঁহার তেজঃ পূর্ণ কলেবর। ত্রিভুবনে অতুলিত কৃষ্ণ-ভক্তিধর ॥ ৪৭৭
দেবানন্দপণ্ডিত পরম সুখী মনে। অকৈতবপ্রেমে তাঁ'রে করেন সেবনে ॥ ৪৭৮
বক্রেশ্বরপণ্ডিত নাচেন যতক্ষণ। বেত্রহস্তে আপনে বুলেন ততক্ষণ ॥ ৪৭৯
আপনে করেন সর্ব-লোক এক-ভিতে। পড়িলে আপনে ধরি' রাখেন কোলেতে ॥ ৪৮০
তাঁহার অঙ্গের ধূলা বড় ভক্তি-মনে। আপনার সর্ব-অঙ্গে করেন লেপনে ॥ ৪৮১
তাঁ'র সঙ্গে থাকি' তান শুনিঞা প্রকাশ। তখনে জন্মিল প্রভু-চৈতন্যে বিশ্বাস ॥ ৪৮২
বৈষ্ণবসেবার ফল কহে যে পুরাণে। তার সাক্ষী এই—সভে দেখ বিদ্যমানে ॥ ৪৮৩
আ-জন্ম ধার্মিক উদাসীন জ্ঞানবান্। ভাগবত-অধ্যাপনা বিনা নাহি আন ॥ ৪৮৪
শান্ত দান্ত জিতেন্দ্রিয় নির্লোভ বিষয়ে। প্রায় আর কতেক বা তার গুণ হয়ে ॥ ৪৮৫
তথাপিহ গৌরচন্দ্রে নহিল বিশ্বাস। বক্রেশ্বর-প্রসাদে হৈল কুবুদ্ধি-বিনাশ ॥ ৪৮৬
'কৃষ্ণসেবা হৈতেও বৈষ্ণবসেবা বড়।' ভাগবত-আদি সর্ব-শাস্ত্রে কৈল দঢ় ॥ ৪৮৭
তথা হি—
"সিদ্ধির্ভবতি বা নেতি সংশয়োঽচ্যুতসেবিনাম্। নিঃসংশয়স্তু তদ্ভক্তপরিচর্যা-রতাত্মন ম্॥" ৪৮৮
এতেকে বৈষ্ণবসেবা পরম উপায়। ভক্তসেবা হৈতে সে সভেই কৃষ্ণ পায় ॥ ৪৮৯
বক্রেশ্বরপণ্ডিতের সঙ্গের প্রভাবে। গৌরচন্দ্রে দেখিতে চলিলা অনুরাগে ॥ ৪৯০
বসিয়া আছেন গৌরচন্দ্র ভগবান্। দেবানন্দপণ্ডিত হইলা বিদ্যমান ॥ ৪৯১
দণ্ডবত দেবানন্দপণ্ডিত করিঞা। রহিলেন একদিগে সঙ্কুচিত হঞা ॥ ৪৯২
প্রভুও তাঁহারে দেখি' সন্তোষ হইলা। বিরল হইয়া তাঁ'রে লইয়া বসিলা ॥ ৪৯৩
পূর্বে তাঁ'র যত কিছু ছিল অপরাধ। সকল ক্ষমিয়া প্রভু করিলা প্রসাদ ॥ ৪৯৪
প্রভু বোলে, "তুমি যে সেবিলা বক্রেশ্বর। অতএব তুমি হৈলা আমার গোচর ॥ ৪৯৫
বক্রেশ্বরপণ্ডিত—কৃষ্ণের পূর্ণ শক্তি। সেই কৃষ্ণ পায় যে তাঁহারে করে' ভক্তি ॥ ৪৯৬
বক্রেশ্বর-হৃদয়ে কৃষ্ণের নিজ-ঘর। কৃষ্ণ নৃত্য করেন, নাচিলে বক্রেশ্বর ॥ ৪৯৭

---

১ (৪র্থ) মূর্ছা [ছ]; ৩ এই পংক্তির পর অধিক পাঠ—"বক্রেশ্বর নাচিতে আপনে গৌররায়। পশ্চাৎ থাকিয়া প্রভু কীর্তন করায় ॥ রাপ আজি মোর বক্রেশ্বরের জীবন। বোল বোল আপনে বোলয়ে সংকীর্তন ॥" [চ]; ৫ (৩য়) তেজঃপুঞ্জ [ক, গ, ঘ, ঙ, জ, ঞ], (৭ম) -শক্তি- [ঙ]; ৬ (৫ম, ৬ষ্ঠ) -প্রেমভাবে [ছ]; ৭ (৬ষ্ঠ) থাকেন [চ]; ৮ (৫ম) রহিলে [ক, গ, ঝ]; ১০ (৫ম) দেখিয়া [খ, ঙ, ঞ], (৬ষ্ঠ) আলাপ [ক, গ]; ১২ "আজন্ম উদাসীন জ্ঞানবন্তের কারণে। ভাগবত অধ্যয়ন বিনে নাহি জানে ॥" [চ]; ১৩ (৫ম) নির্বিষয় [ঝ]; ১৪ (৫ম) -প্রভাবে [ঙ]; ২০ (৬ষ্ঠ) আইলা [ঘ, চ]; ২৫ (৩য়) নিজ [ঘ]।

যে-তে-স্থানে যদি বক্রেশ্বর-সঙ্গ হয়। সেই স্থান সর্বতীর্থ-শ্রীবৈকুণ্ঠময় ॥" ৪৯৮
শুনি' বিপ্র-দেবানন্দ প্রভুর বচন। জোড়হস্তে লাগিলেন করিতে স্তবন ॥ ৪৯৯
"জগত-উদ্ধার লাগি' তুমি কৃপাময়! নবদ্বীপ-মাঝে আসি' হইলা উদয় ॥ ৫০০
মুঞি পাপী দৈবদোষে তোমা' না জানিলুঁ। তোমার পরমানন্দে বঞ্চিত হইলুঁ ॥ ৫০১
সর্বভূত কৃপালুতা—তোমার স্বভাব। এই মাগোঁ—'তোমাতে হউক অনুরাগ' ॥ ৫০২
এক নিবেদন, প্রভু! তোমার চরণে। করিমু, উপায় তা'র বলিবা আপনে ॥ ৫০৩
মুঞি অ-সর্বজ্ঞ—সর্বজ্ঞের গ্রন্থ লঞা। ভাগবত পঢ়াঙ আপনে অজ্ঞ হঞা ॥ ৫০৪
কিবা বাখানিমু, পঢ়াইমু বা কেমনে? ইহা প্রভু! আজ্ঞা মোরে করিবা আপনে ॥" ৫০৫
শুনি' তাঁ'র বাক্য গৌরচন্দ্র ভগবান্। কহিতে লাগিলা ভাগবতের প্রমাণ ॥ ৫০৬
"শুন বিপ্র! ভাগবতে এই বাখানিবা। 'ভক্তি' বিনা আর কিছু মুখে না আনিবা ॥ ৫০৭
আদ্য-মধ্যে-অন্ত্যে ভাগবতে এই কয়'। কৃষ্ণভক্তি নিত্য শুদ্ধ অক্ষয় অব্যয় ॥ ৫০৮
অনন্ত-ব্রহ্মাণ্ডে সবে সত্য কৃষ্ণভক্তি। মহাপ্রলয়েও যা'র থাকে পূর্ণ শক্তি ॥ ৫০৯
মোক্ষ দিয়া ভক্তি গোপ্য করে' নারায়ণে। হেন-ভক্তি না জানে' কৃষ্ণের কৃপা বিনে ॥ ৫১০
ভাগবতশাস্ত্রে সে ভক্তির তত্ত্ব কহে। তেঞি ভাগবতসম কোন শাস্ত্র নহে ॥ ৫১১
যেনরূপ মৎস্য-কূর্ম-আদি অবতার। 'আবির্ভাব তিরোভাব' যেন তাঁ-সভার ॥ ৫১২
এইমত ভাগবত কা'রো কৃত নহে। 'আবির্ভাব তিরোভাব' আপনেই হয়ে ॥ ৫১৩
ভক্তিযোগে ভাগবত ব্যাসের জিহ্বায়। স্ফূর্তি সে হইল মাত্র কৃষ্ণের কৃপায় ॥ ৫১৪
ঈশ্বরের তত্ত্ব যেন বুঝন না যায়। এইমত ভাগবত,—সর্বশাস্ত্রে গায় ॥ ৫১৫
'ভাগবত বুঝি'—হেন যা'র আছে জ্ঞান। সে-ই না জানয়ে ভাগবতের প্রমাণ ॥ ৫১৬
অজ্ঞ হঞা ভাগবতে যে লয় শরণ। ভাগবত অর্থ তা'র হয় দরশন ॥ ৫১৭
প্রেমময় ভাগবত—কৃষ্ণের শ্রীঅঙ্গ। তাহাতে কহেন যত গোপ্য কৃষ্ণ-রঙ্গ ॥ ৫১৮
বেদ শাস্ত্র পুরাণ করিয়া বেদব্যাস। তথাপি চিত্তের নাহি পায়েন উল্লাস ॥ ৫১৯
যখনে শ্রীভাগবত জিহ্বায় স্ফুরিল। ততক্ষণে চিত্তবৃত্তি প্রসন্ন হইল ॥ ৫২০
হেন গ্রন্থ পঢ়ি' কেহো পড়য়ে সঙ্কটে। শুন বিপ্র! তোমারে কহিয়ে অকপটে ॥ ৫২১
আদি-মধ্য-অবসানে তুমি ভাগবতে। ভক্তিযোগ মাত্র বাখানিহ সর্বমতে ॥ ৫২২
তবে আর তোমার নহিব অপরাধ। সেইক্ষণে চিত্তবৃত্ত্যে পাইবা প্রসাদ ॥ ৫২৩

---

২ (৬ষ্ঠ—৮ম) লইলেন প্রভুর স্মরণ [চ, জ], (৮ম) ক্রন্দন [গ, ছ]; ৩ (৭ম) করিলা [ক, গ]; ৪ (৬ষ্ঠ) ভজিমু [খ, ঙ, ছ, ঞ], চিনিলুঁ [ক্বচিৎ পাঠ]; ৬ (৩য়) মোর [ক, ছ, ঝ], আছে [চ]; ৮ (৪র্থ, ৫ম) কোন মনে [ক, জ], কেন-মনে [ক্বচিৎ পাঠ]; ১১ (১ম) আদ্য [খ, ঝ], (৭ম) সিদ্ধ [জ, ঝ]; ১৩ (৯ম) জানি [খ, ঙ, ঝ, ঞ], (১১শ) আজ্ঞা [খ, ঙ, ঞ]; ১৪ (৬ষ্ঠ, ৭ম) ভাগবত সম আর [খ]; ১৭ (৫ম) স্মৃতি [ঘ, জ], ২১ (৩য়, ৪র্থ) শ্রীকৃষ্ণের অঙ্গ [খ, ঙ, ছ, ঞ], (৫ম) যাহাতে [গ, ধ, ঝ]; ২২ (৪র্থ) করিয়া [ঘ, ঙ, জ], (১০ম) প্রকাশ [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ]; ২৩ (৭ম, ৮ম) প্রসাদ পাইল [ঘ, ঙ, চ, ছ]; ২৫ (১ম) আদ্য- [ঝ]।

সকল শাস্ত্রেই মাত্র 'কৃষ্ণভক্তি' কয়। বিশেষেত ভাগবত—ভক্তি-রসময়॥ ৫২৪
চল তুমি, যাহ অধ্যাপনা কর' গিয়া। কৃষ্ণভক্তি-অমৃত সভারে বুঝাইয়া॥" ৫২৫
দেবানন্দপণ্ডিত প্রভুর বাক্য শুনি'। দণ্ডবত হইলেন ভাগ্য হেন মানি'॥ ৫২৬
প্রভুর চরণ কায়-মনে করি' ধ্যান। চলিলেন বিপ্র করি' বিস্তর প্রণাম॥ ৫২৭
সভারেই এই ভাগবতের ব্যাখ্যান। কহিলেন শ্রীগৌরসুন্দর ভগবান্॥ ৫২৮
'ভক্তিযোগ' মাত্র ভাগবতের ব্যাখ্যান। আদি-মধ্য-অন্ত্যে কভু না বুঝায় আন॥ ৫২৯
না বাখানে' ভক্তি, ভাগবত যে পঢ়ায়। ব্যর্থ বাক্য ব্যয় করে' অপরাধ পায়॥ ৫৩০
মূর্তিমন্ত ভাগবত—ভক্তিরস মাত্র। ইহা বুঝে—যে হয় কৃষ্ণের কৃপাপাত্র॥ ৫৩১
ভাগবত-পুস্তক থাকয়ে যা'র ঘরে। কোন অমঙ্গল তথা নাহি যায় ডরে॥ ৫৩২
ভাগবত পূজিলে কৃষ্ণের পূজা হয়। ভাগবত পঠনে শ্রবণে ভক্তি হয়॥ ৫৩৩
দুইস্থানে 'ভাগবত'-নাম শুনি মাত্র। গ্রন্থ-ভাগবত আর কৃষ্ণকৃপা-পাত্র॥ ৫৩৪
নিত্য পূজে পড়ে শুনে চাহে ভাগবত। সত্য সত্য সেই হইবেক সেই মত॥ ৫৩৫
হেন ভাগবত কোন দুষ্কৃতি পঢ়িয়া। নিত্যানন্দে নিন্দা করে' তত্ত্ব না জানিয়া॥ ৫৩৬
ভাগবতরস নিত্যানন্দ মূর্তিমন্ত। ইহা জানে'—যে হয় পরম ভাগ্যবন্ত॥ ৫৩৭
নিরবধি নিত্যানন্দ সহস্রবদনে। ভাগবত-অর্থ—সে গায়েন অনুক্ষণে॥ ৫৩৮
আপনেই নিত্যানন্দ অনন্ত যদ্যপি। তথাপিহ পার নাহি পায়েন অদ্যাপি॥ ৫৩৯
হেন ভাগবত হেন অনন্ত অপার। ইহাতে কহিল সবে ভক্তিরস-সার॥ ৫৪০
দেবানন্দপণ্ডিতের লক্ষ্যে সভাকারে। ভাগবত-অর্থ বুঝাইলেন ঈশ্বরে॥ ৫৪১
এইমত যে আইসে যত জিজ্ঞাসিতে। সভারেই প্রতিকার কহিলা সু-রীতে॥ ৫৪২
কুলিয়া-গ্রামেতে আসি' শ্রীকৃষ্ণচৈতন্য। হেন নাহি—যা'রে প্রভু না করিলা ধন্য॥ ৫৪৩
সর্বলোক সুখী হৈলা প্রভুরে দেখিয়া। পুনঃপুন সভে দেখে নয়ন ভরিয়া॥ ৫৪৪
মনোরথ পূর্ণ করি' দেখে সর্বলোক। আনন্দে ভাসয়ে পাসরিয়া দুঃখ-শোক॥ ৫৪৫
এ সব বিলাস যে শুনয়ে হর্ষ-মনে। শ্রীচৈতন্য-সঙ্গ পায় সেইসব জনে॥ ৫৪৬

---

১ (৭ম) কৃষ্ণ- [ক্বচিৎ পাঠ], এই পংক্তির পর অধিক ক্বচিৎ পাঠ—"নিগমকল্পতরোর্গলিতং ফলং ....রসিকা ভুবি ভাবুকাঃ॥ ৪ (৯ম) স্তবন [ঘ, জ], অনেক [ছ, ঝ]; ৭ (৭ম) মিথ্যা [ঘ, ঙ, জ], (১২শ) হয় [খ, ঘ, ঙ, জ]; ৮ (১০ম) প্রেমপাত্র [ক, গ, ঞ]; ৯ (২য়) আছয়ে [ঘ, ঙ, জ], (৭ম—১০ম) নাহি যায় তথাকারে [ক, খ, গ, ঝ, ঞ]; ১০ (৭ম—১০ম) -পঠন-শ্রবণ ভক্তিময় [ক, গ, ঙ, চ, ঞ]; ১৫ (৪র্থ) -রস [চ, ঝ], (৫ম) মাত্র [চ]; ১৭ (৩য়—৫ম) যেন অনন্তের পার [ক, গ, ঞ], (৮ম, ৯ম) সর্ব ভাগবত- [ক, গ], সর্ব ভক্তির পসার [খ]; ১৯ (৮ম) করেন [ঘ, ঙ, জ], কহেন [চ, ঞ], করিলা [ঝ]; (৯ম) সুহৃদে [চ]; ২২ (৩য়) হৈল [খ, ঙ, চ, ঝ]।

যথা তথা জন্মুক—সভার শ্রেষ্ঠ হয়। কৃষ্ণ-কথা শুনিলে কখনো মন্দ নয়॥ ৫৪৭
শ্রী(কৃষ্ণ)চৈতন্য-নিত্যানন্দচান্দ পঁহু জান। বৃন্দাবনদাস তছু পদযুগে গান॥ ৫৪৮

ইতি শ্রীচৈতন্যভাগবতে অন্ত্যখণ্ডে শ্রীনীলাচল-বিলাসাদি-বর্ণনং
নাম তৃতীয়োঽধ্যায়ঃ॥ ৩

১ (৭ম) কৃষ্ণ-যশ [ক, খ, গ, চ, ঝ, ঞ ;] ২ (১ম) শ্রীকৃষ্ণচৈতন্য- ২ (২য়, ৩য়) জান [ক, গ, ঘ, ঙ, চ, জ, ঝ, ঞ]।

চতুর্থ অধ্যায়

জয় জয় জয় কৃপাসিন্ধু গৌরচন্দ্র। জয় জয় সকল-মঙ্গল-পদদ্বন্দ্ব॥ ১
জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য ন্যাসিরাজ। জয় জয় চৈতন্যের ভকত-সমাজ॥ ২
হেনমতে প্রভু সর্বজীব উদ্ধারিঞা। মথুরায় চলিলেন ভক্তগোষ্ঠী লঞা॥ ৩
গঙ্গাতীরে-তীরে প্রভু লইলেন পথ। স্নান-পানে গঙ্গার পুরিলা মনোরথ॥ ৪
গৌড়ের নিকটে গঙ্গাতীরে এক গ্রাম। ব্রাহ্মণ-সমাজ—তার 'রামকেলি' নাম॥ ৫
দিন-চারি'পাঁচ প্রভু সেই পুণ্যস্থানে। আসিয়া রহিলা—যেন কেহো নাহি জানে'॥ ৬
সূর্যের উদয় কি কখনো গোপ্য হয়? সর্বলোক শুনিলেন চৈতন্য-বিজয়॥ ৭
সর্বলোক দেখিতে আইসে হর্ষ-মনে। স্ত্রী-বালক-বৃদ্ধ-আদি সজ্জন-দুর্জনে॥ ৮
নিরবধি প্রভুর আবেশময় অঙ্গ। প্রেমভক্তি বিনা আর কোন নাহি রঙ্গ॥ ৯
হুঙ্কার, গর্জন, কম্প, পুলক, ক্রন্দন। নিরন্তর আছাড় পড়য়ে ঘনে-ঘন॥ ১০
নিরবধি ভক্তগণ করেন কীর্তন। তিলার্ধেকো অন্য কার্য নাহি কোনো ক্ষণ॥ ১১
হেন সে ক্রন্দন প্রভু করেন ডাকিয়া। লোকে শুনে ক্রোশেকের পথেত থাকিয়া॥ ১২
যদ্যপিহ ভক্তিরসে অজ্ঞ সর্বলোক। তথাপি প্রভুরে দেখি' সভার সন্তোষ॥ ১৩
দূরে থাকি' সর্বলোক দণ্ডবত করি'। সভে মিলি' উচ্চ করি' বোলে 'হরি হরি'॥ ১৪
শুনি' মাত্র প্রভু হরিনাম লোকমুখে। বিশেষে উল্লাস বাঢ়ে পরানন্দসুখে॥ ১৫
'বোল বোল বোল' প্রভু বোলে বাহু তুলি'। বিশেষে বোলয়ে সভে হঞা কুতুহলী॥ ১৬
হেন সে আনন্দ প্রকাশেন গৌর-রায়। যবনেও বোলে 'হরি', অন্যের কি দায়॥ ১৭

৭ (৮ম) -পরানন্দ [খ]; ৮ (৭ম, ৮ম) চৈতন্য-শ্রীভক্ত- [ক, গ]; শ্রীচৈতন্যের শ্রীভক্ত- [ঙ, জ, ঞ]; ১০ (৭ম) পূরেণ [ক, গ, ঘ, ছ], পূরাণ [জ, ঞ]; ১৫ (৮ম—১০ম) নাহি কোন সঙ্গ- [ছ]; ২২ (৩য়—৫ম) বোলে প্রভু দুই [জ]।

যবনেও দূরে থাকি' করে নমস্কার। হেন গৌরচন্দ্রের কারুণ্য-অবতার ॥ ১৮
তিলার্ধেকো প্রভুর নাহিক অন্য কর্ম। নিরন্তর লওয়ায়েন সংকীর্তন-ধর্ম ॥ ১৯
চতুর্দিগে থাকি' লোক আইসে দেখিতে। দেখিয়া কাহারো চিত্ত না লয় যাইতে ॥ ২০
সভে মেলি আনন্দে করেন হরিধ্বনি। নিরন্তর চতুর্দিগে আর নাহি শুনি ॥ ২১
নিকটে যবনরাজ—পরম দুর্বার। তথাপিহ চিত্তে ভয় না জন্মে কাহার ॥ ২২
নির্ভয় হঞা সর্বলোক বোলে 'হরি'। দুঃখ-শোক ঘর দ্বার সকল পাসরি' ॥ ২৩
কোতোয়াল গিয়া কহিলেন রাজস্থানে। "এক ন্যাসী আসিয়াছে রামকেলি-গ্রামে ॥ ২৪
নিরবধি করেন হিন্দুর সংকীর্তন। না জানি তাঁহার স্থানে মিলে কত জন ॥" ২৫
রাজা বোলে, "কহ কহ সন্ন্যাসী কেমন ? কি খায়, কি নাম, কৈছে দেহের গঠন ?" ২৬
কোতোয়াল বোলে, "শুন-শুনহ গোসাঞি। এমত অদ্ভুত কভু দেখি শুনি নাঞি ॥ ২৭
সন্ন্যাসীর শরীরের সৌন্দর্য দেখিতে। কামদেব-সম,—হেন না পারি বলিতে ॥ ২৮
জিনিঞা কনককান্তি, প্রকাণ্ড শরীর। আ-জানুলম্বিত ভুজ, নাভি সুগভীর ॥ ২৯
সিংহ-গ্রীব, গজ-স্কন্ধ, কমল-নয়ন। কোটি চন্দ্র সে মুখের না হয় সমান ॥ ৩০
সুরঙ্গ অধর, মুক্তা জিনিঞা দশন। কাম-শরাসন যেন ভ্রূভঙ্গ পত্তন ॥ ৩১
সুন্দর সুপীন বক্ষে লেপিত চন্দন। মহা কটিতটে শোভে অরুণ-বসন ॥ ৩২
অরুণ কমল যেন চরণযুগল। দশ নখ যেন দশ দর্পণ নির্মল ॥ ৩৩
কোনো বা রাজ্যের কোনো রাজার নন্দন। জ্ঞান পাঞা ন্যাসী হঞা করয়ে ভ্রমণ ॥ ৩৪
নবনীত হৈতেও কোমল সর্ব অঙ্গ। তাহাতে অদ্ভুত শুন আছাড়ের রঙ্গ ॥ ৩৫
একদণ্ডে পড়েন আছাড় শত-শত। পাষাণ ভাঙ্গয়ে, তভু অঙ্গ নহে ক্ষত ॥ ৩৬
নিরন্তর সন্ন্যাসীর ঊর্ধ্ব রোমাবলী। পনসের প্রায় অঙ্গে পুলকমণ্ডলী ॥ ৩৭
ক্ষণে ক্ষণে সন্ন্যাসীর হেন কম্প হয়। সহস্রজনেরো ধরিবারে শক্তি নয় ॥ ৩৮
দুই নয়নের জল অদ্ভুত দেখিতে। কত নদী বহে—হেন না পারি কহিতে ॥ ৩৯
কখনো বা সন্ন্যাসীর হেন হাস্য হয়। অট্ট-অট্ট—দুই-প্রহরেও ক্ষমা নয় ॥ ৪০
কখনো মূর্ছিত হয় শুনিঞা কীর্তন। সভে ভয় পায়—কিছু না থাকে চেতন ॥ ৪১
বাহু তুলি' নিরন্তর বোলে হরিনাম। ভোজনে শয়নে কিছু নাহি আর কাম ॥ ৪২

---

১ (৬ষ্ঠ, ৭ম) চৈতন্যের হেন সে [ঘ, ঙ, জ]; ২ (৪র্থ) আর [গ, ঘ], হেন [জ], (৭ম) বোলায়েন [খ, ঘ, জ]; ৬ (৭ম) গৃহবিত্ত [ঘ, ঙ, জ]; ৭ (১ম) কোটোয়াল [ঝ], (২য়, ৩য়) ধাইয়া কহিল [ঘ. জ]; ৮ (৩য়) ভূতের [ক, গ, ঘ, ঙ, ছ, জ, ঞ]; ৯ (১১শ) কোন [ক, গ, ঙ]; ১১ (৫ম) কামদেবমোহে [খ, ঘ, জ, ঞ]; ১৪ (৭ম) জিনি [ছ]; ১৬ (১ম) সুরঙ্গ [ক, গ], সুতুঙ্গ [ঞ], (২য়) সুপীত [ঙ, ছ]; ১৬ (৩য়) জিনি [খ], (৭ম —১০ম) জিনি যেন দর্পণ-মণ্ডল [খ]; ২০ (৭ম) যেন [ক, খ, গ, ঘ, ঙ, ছ, জ, ঞ]; ২১ (৯ম) শক্ত [ঝ]; ২২ (১ম) লোচনের [ক, গ, ঘ, ঙ, ছ, জ, ঝ, ঞ]; ২৩ (৮ম) হাস্য প্রহরেও [খ, ঘ, ঙ, জ, ঝ], হাস্যে প্রহরেও [ঝ]; ২৪ (১১শ) পায় [ছ, জ, ঞ]; ২৫ (১০ম) অন্য [ঘ, ঙ, ছ, জ]।

চতুর্দিগে থাকি' লোক আইসে দেখিতে। কাহারো না লয় চিত্ত ঘরেত যাইতে ॥ ৪৩
কত দেখিয়াছি আমি ন্যাসী যোগী জ্ঞানী। এমত অদ্ভুত কভু নাহি দেখি শুনি ॥ ৪৪
কহিলাঙ এই মহারাজ! তোমা' স্থানে। দেশ ধন্য হৈল এ-পুরুষ-আগমনে ॥ ৪৫
না খায় না লয় কা'রো, না করে' সম্ভাষ। সবে নিরবধি এক কীর্তনবিলাস ॥" ৪৬
যদ্যপি যবন রাজা পরম দুর্বার। কথা শুনি' চিত্তে বড় হৈল চমৎকার ॥ ৪৭
কেশব-খানেরে রাজা ডাকিয়া আনিয়া। জিজ্ঞাসয়ে রাজা বড় বিস্মিত হইয়া ॥ ৪৮
"কহ ত কেশবখান! কিমত তোমার?—'শ্রীকৃষ্ণচৈতন্য' বলি' নাম বোলে যাঁ'র ॥ ৪৯
কেমত তাঁহার কথা, কেমত মনুষ্য? কেমত গোসাঞি তিঁহো?—কহিবা অবশ্য ॥ ৫০
চতুর্দিগে থাকি' লোক তাহানে দেখিতে। কী নিমিত্তে আইসে? কহিবে ভালমতে ॥" ৫১
শুনিঞা কেশবখান—পরম সজ্জন। ভয় পাঞা লুকাইঞা কহেন কথন ॥ ৫২
"কে বোলে 'গোসাঞি'? এক ভিক্ষুক সন্ন্যাসী। দেশান্তরী গরীব সে বৃক্ষতলবাসী ॥" ৫৩
রাজা বোলে, "গরীব না বোল কভু তানে। মহাদোষ হয় ইহা শুনিলেও কাণে ॥ ৫৪
হিন্দু যাঁ'রে বোলে 'কৃষ্ণ', 'খোদা' সে যবনে। সেই তিঁহো নিশ্চয় জানিহ সর্বজনে ॥ ৫৫
আপনার রাজ্যে সে আমার আজ্ঞা রহে। তাঁ'র আজ্ঞা সর্বদেশে শিরে করি' বহে ॥ ৫৬
এই নিজরাজ্যেই আমারে কত জনে। মন্দ করিবারে লাগিয়াছে মনে-মনে ॥ ৫৭
তাহানে সকল দেশে কায়-বাক্য-মনে। ঈশ্বর নহিলে বিনা-অর্থে ভজে' কেনে? ৫৮
ছয়মাস কা'রে আমি জীবিকা না দিলে। নানা যুক্তি করিবেক সেবক সকলে ॥ ৫৯
আপনার খাঞা লোক তাহানে সেবিতে। চাহে, সেহ কেহো নাহি পায় ভালমতে ॥ ৬০
অতএব তিঁহো সত্য জানিহ ঈশ্বর। 'গরীব' করিয়া তানে না বোল উত্তর ॥ ৬১
রাজা বোলে, "এই যুক্তি বলিলুঁ সভারে। কেহো পাছে উপদ্রব করয়ে তাঁহারে ॥ ৬২
যেখানে তাহান ইচ্ছা, থাকুন সেখানে। আপনার শাস্ত্রমত করুন বিধানে ॥ ৬৩
সর্বলোক লঞা সুখে করুন কীর্তন। কি বিরলে থাকুন,—যে হেন তাঁ'র মন ॥ ৬৪
কাজী বা কোটাল বা তাহানে কোন জনে। কিছু বলিলেই তা'র লইমু জীবনে ॥" ৬৫
এই আজ্ঞা দিয়া রাজা গেলা অভ্যন্তর। হেন রঙ্গ করায়েন শ্রীগৌরসুন্দর ॥ ৬৬
যে-হুসেনসাহা সর্ব উড়িয়ার দেশে। দেবমূর্তি ভাঙ্গিলেক দেউল—বিশেষে ॥ ৬৭
হেন যবনেহ মানিলেক গৌরচন্দ্র। তথাপিহ এবে না মানয়ে কথো অন্ধ ॥ ৬৮

---

২ (৪র্থ) সব [ক, গ]; ৬ (১ম) -ছত্রিরে [ছ, ঞ]; ৭ (৪র্থ) কেমত [ক, ঘ, ছ, জ, ঝ, ঞ]; ৮ (১ম) কিরূপ [ছ, জ], (৪র্থ) কেমন [ছ, জ]; ৯ (৬ষ্ঠ—৯ম) কেনে বা আইসে তাহা কহ [ঘ, ঙ, জ]; ১০ (২য়) কেশব ছত্রি [ছ]; ১২ (৮ম—১২শ) "সর্বশ্রেষ্ঠ হৈব সর্ব ধনাদি প্রবীনে ॥" [জ], (১১শ, ১২শ) শুনিলে শ্রবণে [ছ, ঞ]; ১৩ (৫ম, ৬ষ্ঠ) খোদায় [ক, খ, গ, ঘ, ঙ, ছ, জ, ঝ, ঞ]; ১৪ (২য়—৪র্থ) রাজ্যেতে আপন [ঘ, ঙ, জ]; ১৭ (১০ম) আপন [ক]; ১৯ (২য়) সেই [খ], তাঁরে [ঘ, জ]. তিনি [ঞ]; ২১ (৫ম) আপনে [খ, ঙ]; ২২ (৬ষ্ঠ, ৭ম) কিবা বনে [ঘ, ঙ, জ], (৯ম, ১০ম) যেখানে [ঙ], (১০ম) লয় [ঝ]।

মাথা মুড়াইয়া সন্ন্যাসীর বেশ ধরে'। চৈতন্যের যশ শুনি' পোড়য়ে অন্তরে ॥ ৬৯
যাঁ'র যশে অনন্ত-ব্রহ্মাণ্ড পরিপূর্ণ। যাঁ'র যশে অবিদ্যা সমূহ করে' চূর্ণ ॥ ৭০
যাঁ'র যশে শেষ রমা অজ ভব মত্ত। যাঁ'র যশ গায় চারি বেদে করি' তত্ত্ব ॥ ৭১
হেন শ্রীচৈতন্যযশে যা'র অসন্তোষ। সর্বগুণ থাকিলেও তা'র সর্বদোষ ॥ ৭২
সর্ব-গুণ-হীন, যদি চৈতন্যচরণ। স্মরণ করিলে যায় বৈকুণ্ঠভুবন ॥ ৭৩
শুন আরে ভাই সব! শেষখণ্ডলীলা। যেরূপে করিলা প্রভু সংকীর্তন খেলা ॥ ৭৪
শুনিঞা রাজার মুখে সুসত্য বচন। তুষ্ট হইলেন যত সু-সজ্জনগণ ॥ ৭৫
সভে মিলি' একস্থানে বসিয়া নিভৃতে। লাগিলেন যুক্তিবাদ-মন্ত্রণা করিতে ॥ ৭৬
"স্বভাবেই রাজা মহা-কালযবন। মহা-তমোগুণ-বুদ্ধি জন্মে ঘনে-ঘন ॥ ৭৭
ওড্রদেশে কোটি-কোটি প্রতিমা প্রাসাদ। ভাঙ্গিলেক কত কত করিল প্রমাদ ॥ ৭৮
দৈবে আসি' সত্ত্বগুণ উপজিল মনে। তেঞি ভাল কহিলেক আমা'সভা'স্থানে ॥ ৭৯
আর কোন পাত্র আসি' কুমন্ত্রণা দিলে। আরবার কুবুদ্ধি আসিয়া পাছে মিলে' ॥ ৮০
জানি কদাচিত বোলে, 'কেমন গোসাঞি? আন' গিয়া দেখি সভে চাহি'—এই ঠাঞি ॥'
অতএব গোসাঞিরে পাঠাই কহিয়া।— 'রাজার নিকট-গ্রামে কি কার্য রহিয়া ॥" ৮২
এই যুক্তি করি' সভে এক সু-ব্রাহ্মণ। পাঠাইয়া সঙ্গোপে দিলেন ততক্ষণ ॥ ৮৩
নিজানন্দে মহাপ্রভু মত্ত সর্বক্ষণ। প্রেমরসে নিরবধি হুঙ্কার গর্জন ॥ ৮৪
লক্ষকোটি লোক মিলি' করে' হরিধ্বনি। আনন্দে নাচয়ে মাঝে প্রভু ন্যাসিগণি ॥ ৮৫
অন্য কথা অন্য কার্য নাহি কোন ক্ষণ। অহর্নিশ সভা' লঞা করেন কীর্তন ॥ ৮৬
দেখিয়া বিস্মিত বড় হইলা ব্রাহ্মণ। কথা কহিবারে অবসর নাহি ক্ষণ ॥ ৮৭
অন্য-জন-সহিত কথার কোন্ দায়? নিজ-পারিষদেই সম্ভাষা নাহি পায় ॥ ৮৮
কিবা দিবা কিবা রাত্রি কিবা নিজ পর। কিবা জল কিবা স্থল কি গ্রাম প্রান্তর ॥ ৮৯
কিছুই না জানে, প্রভু নিজ-প্রেমরসে। অহর্নিশ নিজ-প্রেম-সিন্ধুমাঝে ভাসে ॥ ৯০
প্রভু-সঙ্গে কথা কহিবারে নাহি ক্ষণ। ভক্তবর্গ-স্থানে কথা কহিলা ব্রাহ্মণ ॥ ৯১
বিপ্র বোলে, "তুমি-সব গোঁসাঞির গণ। সময় পাইলে এই কহিও কথন ॥ ৯২
'রাজার নিকট-গ্রামে কি কার্য রহিয়া?—এই কথা সভে পাঠাইলেন কহিয়া ॥" ৯৩

---

১ (২য়) মুণ্ডাইয়া [ক, খ, গ, ঘ, ঙ, ছ, জ, ঞ], (৭ম) শুন [ক, গ, জ, ঞ]; ৪ (২য়) -রসে [গ, ঙ, ঞ]; ৫ এই পংক্তির পর অধিক পাঠ—শুন শুন আরে ভাই! মঙ্গল আখ্যান। যাহা গায় আদিদেব শেষ-ভগবান্ ॥ [খ, ঙ, জ]; ৬ (২য়—৪র্থ) শুন আরে ভাই [ঘ, জ, ঝ], (৬ষ্ঠ—৯ম) "যাহার শ্রবণে কাষ্ঠ গলে সব শিলা ॥" [জ], (৭ম) খেলান [ঘ], করিল [ছ], (৭ম, ৮ম] খেলিলা কৃষ্ণ [ক, খ, গ, ঝ, ঞ]; ৭ (৯ম) কৃষ্ণভক্তগণ [ঘ]; ৯ (৫ম) লড়ে [ঘ, ঙ, জ], হয়ে [ঞ]; ১৩ (৮ম—১০ম) দেখিবারে চাহি [ঞ], (৮ম—১২শ) সভে মাত্র ধরিয়া এথাই [ছ]; ১৫ (৭ম) চালাইয়া [ক, ঘ, ঙ, জ]; ১৮ (৯ম—১২শ) বোলায়েন বোলেন সংকীর্তন [গ, ঙ, ঞ]; ১৯ (২য়) সন্তোষ [চ]; ২১ (৪র্থ) নিশি [ঝ]; ২২ (৫ম) ভক্তিরসে [ক, খ, গ, ছ, ঞ]; ২৫ (৬ষ্ঠ) এইপাত্র [ছ]।

এই কথা কহি' বিপ্র গেলা নিজস্থানে। প্রভুরে করিয়া কোটি-দণ্ডপরণামে ॥ ৯৪
কথা শুনি' ঈশ্বরের পারিষদগণ। সভে কিছু চিন্তাযুক্ত হইলেন মন ॥ ৯৫
ঈশ্বরের স্থানে সে কহিতে নাহি ক্ষণ। বাহ্য নাহি প্রকাশেন শ্রীশচীনন্দন ॥ ৯৬
'বোল বোল হরি বোল হরি বোল হরি।' এই মাত্র বোলে প্রভু দুই বাহু তুলি' ॥ ৯৭
চতুর্দিগে মহানন্দে কোটি-কোটি লোকে। তালি দিয়া 'হরি' বোলে পরম-কৌতুকে ॥ ৯৮
যাঁ'র সেবকের নাম করিলে স্মরণ। সর্ব বিঘ্ন দূর হয় খণ্ডয়ে বন্ধন ॥ ৯৯
যাঁহার শক্তিতে জীব বোলে করে', চলে। 'পরং ব্রহ্ম নিত্য-শুদ্ধ' যাঁ'রে বেদে বোলে ॥১০০
যাঁহার মায়ায় জীব পাসরি' আপনা'। বদ্ধ হঞা পাইয়াছে সংসার-বাসনা ॥ ১০১
সে-প্রভু আপনে সর্বজীবে উদ্ধারিতে। অবতরিয়াছে ভক্তিরসে পৃথিবীতে ॥ ১০২
কোন্ বা তাহানে রাজা? কা'রে তান ভয়? 'যম-কাল-আদি যাঁ'র ভৃত্য'—বেদে কয় ॥
স্বচ্ছন্দে করেন সভা' লঞা সংকীর্তন। সর্ব-লোক-চূড়ামণি শ্রীশচীনন্দন ॥ ১০৪
আছুক তাহান ভয়, তাহানে দেখিতে। যতেক আইসে লোক চতুর্দিগ হৈতে ॥ ১০৫
তাহারাই কেহো ভয় না করে' রাজারে। হেন সে আনন্দ দিয়াছেন সভাকারে ॥ ১০৬
যদ্যপিহ সর্বলোক পরম-অজ্ঞানে। তথাপিহ দেখিয়া চৈতন্য-ভগবানে ॥ ১০৭
হেন সে আনন্দ জন্মে লোকের শরীরে। যম করি' ভয় নাই, কি দায় রাজারে? ১০৮
নিরন্তর সর্বলোক বোলে 'হরি'ধ্বনি। কা'রো মুখে আর কোন শব্দ নাহি শুনি ॥ ১০৯
হেনমতে মহাপ্রভু বৈকুণ্ঠ-ঈশ্বর। সংকীর্তন করে' সর্বলোকের ভিতর ॥ ১১০
মনে কিছু চিন্তা পাইলেন ভক্তগণ। জানিলেন অন্তর্যামী শ্রীশচীনন্দন ॥ ১১১
ঈষত হাসিয়া কিছু বাহ্য প্রকাশিয়া। লাগিলা কহিতে প্রভু মায়া ঘুচাইয়া ॥ ১১২
প্রভু বোল, "তুমি সব ভয় পাও মনে। রাজা আমা' দেখিবারে নিবে কী কারণে? ১১৩
আমা' চাহে—হেন জন আমিও তা চাও। সবে আমা' চাহে—হেন কোথাও না পাও ॥
তোমরা ইহাতে কেনে ভয় পাও মনে? রাজা আমা' চাহেত' মুঞি যাইমু আপনে ॥ ১১৫
রাজা বা আমারে কেনে বলিব চাহিতে। কী শক্তি রাজার হেন বাক্য উচ্চারিতে? ১১৬
আমি যবে বোলাইমু রাজার মুখেতে। তবে সে বলিব রাজা আমারে চাহিতে ॥ ১১৭
আমা' দেখিবারে শক্তি কোন্ বা তাহার? বেদে অন্বেষিয়া দেখা না পায় আমার ॥ ১১৮

---

৪ ৯ম) মত [খ]; ৭ (৩য়—৫ম) লোক বলে কহে [খ, ঘ]; ৮ (৩য়, ৪র্থ) লোক পাসরে [খ, ঘ, জ], (৯ম) -যাতনা [খ, ঞ]; ১০ (১ম) কেনে [ঘ, ছ, জ], (৫ম) করে [ঘ, ., জ], ১৩ (১ম, ২য়) তারা সব কিছু [খ]; ১৫ (৭ম, ৮ম) যমকেহো [ক্বচিৎ পাঠ]; ২০ (১০ম—১২শ) দেখিবেক নিবার [ঘ, জ], (১১শ, ১২শ) নিবেক [ঝ]; ২১ (৫ম) মুঞিও [ঘ, ঙ, জ]; ২২ (১২শ) রাজাস্থানে [ক্বচিৎ পাঠ], ২৩ (২য়—৬ষ্ঠ) আমা দেখিতে কি করিব যতন [খ], (১০ম, ১১শ) এবা বোল [ক, ঝ], এই বোল [ঙ, ঞ], (১০ম—১২শ) এত বলিব উচ্চারণ [খ]; ২৪ (২য়, ৩য়) যদি বোলাই সে [ক, গ, ঘ, ঙ, ছ, জ, ঝ, ঞ] ।

দেবর্ষি রাজর্ষি সিদ্ধ পুরাণ-ভারতে। আমা' অন্বেষয়ে, কেহো না পায় দেখিতে ॥ ১১৯
সংকীর্তন আরম্ভে মোর অবতার। উদ্ধার করিমু সর্ব পতিত সংসার ॥ ১২০
যে দৈত্য যবনে মোরে কভু নাহি মানে'। এ-যুগে তাহারা কান্দিবেক মোর নামে ॥ ১২১
যতেক অস্পৃশ্য দুষ্ট যবন চণ্ডাল। স্ত্রী-শূদ্র-আদি যত অধম রাখাল ॥ ১২২
হেন-ভক্তিযোগ দিমু এ-যুগে সভারে।—সুর-মুনি-সিদ্ধ যে-নিমিত্ত কাম্য করে' ॥ ১২৩
বিদ্যা-কুল-ধন-জ্ঞান-তপস্যার মদে। যে মোর ভক্তের স্থানে করে' অপরাধে ॥ ১২৪
সেই সব জন হৈব এ-যুগে বঞ্চিত। সবে তা'রা না মানিব আমার চরিত ॥ ১২৫
পৃথিবী-পর্যন্ত যত আছে দেশ গ্রাম। সর্বত্র সঞ্চার হইবেক মোর নাম ॥ ১২৬
পৃথিবীতে আসিয়া আমিহ ইহা চাঙ। খোজে মোরে হেন জন—কোথাহ না পাঙ ॥ ১২৭
রাজা মোরে কোথা চাহিবেক দেখিবারে?—এ-কথা সকল মিথ্যা, কহিলুঁ সভারে ॥"১২৮
বাহ্য প্রকাশিলা প্রভু এতেক কহিয়া। ভক্ত-সভে সন্তোষিত হইলা শুনিয়া ॥ ১২৯
এইমত প্রভু কথোদিন সেই গ্রামে। নির্ভয়ে আছেন নিজ-কীর্তন-বিধানে ॥ ১৩০
ঈশ্বরের ইচ্ছা বুঝিবারে শক্তি কা'র? না গেলেন মথুরা ফিরিলা আরবার ॥ ১৩১
ভক্তগণ-স্থানে এই কহিলেন কথা। "আমি চলিবাঙ নীলাচলচন্দ্র যথা ॥" ১৩২
এত বলি' স্বতন্ত্র পরমানন্দ রায়। চলিলা দক্ষিণমুখে কীর্তন-লীলায় ॥ ১৩৩
নিজানন্দে রহিয়া রহিয়া গঙ্গাতীরে। কথোদিনে আইলেন অদ্বৈত-মন্দিরে ॥ ১৩৪
পুত্রের মহিমা দেখি' অদ্বৈত আচার্য। আবিষ্ট হঞা আছেন ছাড়ি' সর্বকার্য ॥ ১৩৫
হেনই সময়ে গৌরচন্দ্র ভগবান্। অদ্বৈতের গৃহে আসি' হৈলা অধিষ্ঠান ॥ ১৩৬
যে-নিমিত্ত অদ্বৈত আবিষ্ট পুত্র-সঙ্গে। সে বড় অদ্ভুত কথা, কহি শুন রঙ্গে ॥ ১৩৭
যোগ্য পুত্র অদ্বৈতের—সেই সে উচিত। 'শ্রীঅচ্যুতানন্দ' নাম—জগত-বিদিত ॥ ১৩৮
দৈবে একদিন এক উত্তম সন্ন্যাসী। অদ্বৈত-আচার্য-স্থানে মিলিলেন আসি' ॥ ১৩৯
অদ্বৈতে দেখিয়া ন্যাসী সঙ্কোচে রহিলা। অদ্বৈত ন্যাসীরে নমস্করি' বসাইলা ॥ ১৪০
অদ্বৈত বোলেন, "ভিক্ষা করহ গোসাঞি!" ন্যাসী বোলে "দেহ' ভিক্ষা যাহা আমি চাই
কিছু মোর জিজ্ঞাসা আছয়ে তোমা'স্থানে। সেই ভিক্ষা মোর, তাহা কহিবা আপনে ॥"
আচার্য বোলেন, "আগে করহ ভোজন। শেষে যে জিজ্ঞাসা', তাহা কহিব কথন ॥" ১৪৩
ন্যাসী বোলে, "আগে আছে জিজ্ঞাস্য আমার।" আচার্য বোলেন, "বোল যে ইচ্ছা তোমার

১ (১ম—৩য়) দেব,,ঋষি রাজ-ঋষি [খ, ঘ, ঙ, ঝ], (৩য়) -ভাগবতে [ছ, জ], (৬ষ্ঠ) অন্বেষিয়ে [গ]; ৩ (৯ম—১২শ) তাহারাও কান্দিব মোর গুণে [ক্বচিৎ পাঠ]; ৪ (২য়) অসুর [ছ], (৯ম)বাগান [গ]; ৫ (৩য়) অধম [ধ, জ]; ৬ (১ম) -আদি [খ, ঙ]; ৮ (১ম) -ভিতরে [ঞ]; ১০ (৪র্থ, ৫ম) খুজিবেক চাহিবারে [ক, গ, ছ]; ১২ (৭ম, ৮ম) আছিলা হরিনাম সংকীর্তনে [ছ]; ১৪ (২য়) এহি [ঝ], (৬ষ্ঠ) চলিলাঙ [ক, ঘ, চ, ছ, জ, ঝ]; ১৬ (১ম—৩য়) তবে বহুদিন প্রভু রহি [ঞ]; ২৪ (৮ম—১০ম) তুমি মোরে দিবেত [ছ]; ২৫ (১০ম) কহিয় [জ]; ২৬ (৫ম) জিজ্ঞাসা [ক, ঘ, জ, ঝ, ঞ]।

সন্ন্যাসী বোলয়ে, "এই কেশবভারতী। চৈতন্যের কে হয়েন? কহ মোর প্রতি ॥" ১৪৫
মনে-মনে চিন্তেন অদ্বৈত মহাশয়। "ব্যবহার পরমার্থ—দুই পক্ষ হয় ॥ ১৪৬
যদ্যপিহ ঈশ্বরের মাতা-পিতা নাই। তথাপিহ 'দেবকীনন্দন' বলি' গাই ॥ ১৪৭
পরমার্থে গুরুও তাঁহার কেহো নাই। তথাপি যে করে' প্রভু, তাই সভে গাই ॥ ১৪৮
প্রথমেই পরমার্থ কী কার্য কহিয়া? ব্যবহার কহিয়াই যাই প্রবোধিয়া ॥" ১৪৯
এত ভাবি' বলিলা অদ্বৈত মহাশয়। "কেশবভারতী চৈতন্যের গুরু হয় ॥ ১৫০
দেখিতেছ গুরু তান কেশবভারতী। তবে আর কেন জিজ্ঞাসহ আমা' প্রতি?" ১৫১
এইমাত্র অদ্বৈত বলিতে সেইক্ষণে। ধাইয়া অচ্যুতানন্দ আইলা সেইস্থানে ॥ ১৫২
পঞ্চ-বর্ষ-বয়স—মধুর দিগম্বর। খেলা খেলি' সর্ব অঙ্গ ধূলায় ধূসর ॥ ১৫৩
অভিন্ন-কার্তিক যেন সর্বাঙ্গসুন্দর। সর্বজ্ঞ পরমভক্ত সর্বশক্তিধর ॥ ১৫৪
'চৈতন্যের গুরু আছে' বচন শুনিয়া। ক্রোধাবেশে কহে কিছু হাসিয়া হাসিয়া ॥ ১৫৫
"কি বলিলা বাপ্! বোল দেখি আরবার? চৈতন্যের গুরু আছে'—বিচার তোমার? ১৫৬
কোন্ বা সাহসে তুমি এমত বচন। জিহ্বায় আনিলা? ইহার না বুঝি কারণ! ১৫৭
তোমার জিহ্বায় যদি এমত আইল। হেন বুঝি—এখনে সে কলিকাল হৈল! ১৫৮
অথবা, চৈতন্যমায়া—পরম দুস্তর। যাহাতে পায়েন মোহ ব্রহ্মাদি শঙ্কর ॥ ১৫৯
বুঝিলাঙ—বিষ্ণুমায়া হইল তোমারে। কে বা চৈতন্যের মায়া তরিবারে পারে? ১৬০
'চৈতন্যের গুরু আছে' বলিলা যখনে। মায়াবশ বিনা ইহা কহিলা কেমনে ॥ ১৬১
অনন্ত ব্রহ্মাণ্ড যবে চৈতন্য ইচ্ছায়। সব চৈতন্যের লোমকূপে ত মিশায় ॥ ১৬২
জলক্রীড়াপরায়ণ চৈতন্যগোসাঞি। বিহরেন আত্মক্রীড়—আর দুই নাঞি ॥ ১৬৩
যতযত মহামুনি—মহা-অভিমান। উদ্দেশো না থাকে কা'রো কোথা কা'র নাম ॥ ১৬৪
পুন সেই চৈতন্যের অচিন্ত্য-ইচ্ছায়। নাভিপদ্ম হৈতে ব্রহ্মা হয়েন লীলায় ॥ ১৬৫
হইয়াও না থাকে দেখিতে কিছু শক্তি। তবে শেষে করেন একান্তভাবে ভক্তি ॥ ১৬৬
তবে ভক্তিরসে তুষ্ট হইয়া তাহানে। তত্ত্ব-উপদেশ প্রভু কহেন আপনে ॥ ১৬৭
তবে সেই ব্রহ্মা প্রভু-আজ্ঞা ধরি' শিরে। সৃষ্টি করি', সেই জ্ঞান কহেন সভারে ॥ ১৬৮
সেই জ্ঞান সনকাদি পাঞা ব্রহ্মা হৈতে। প্রচার করেন তবে কৃপায় জগতে ॥ ১৬৯
যাঁহা হৈতে হয় আদি-জ্ঞানের প্রচার। তাঁ'র গুরু কেমতে, বোলহ, আছে আর? ১৭০

২ (৮ম, ৯ম) তত্ত্ব কয় [ছ]; ৩ (৩য়) পিতা-মাতা [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঞ]; ৫ (৭ম) কহি আমি [ছ], কহি আগে [জ]; ৬ (৩য়) বলিলেন [ঝ]; ৯ (৫ম) করে [ঘ]; ১০ (৪র্থ) সর্বার্থে [জ], (৫ম) পরমানন্দ [ছ]; ১৩ (৯ম—১১শ) এ ত অদ্ভুত [ক, খ, গ, ঙ, ঝ], (১১শ, ১২শ) অকথ্য কথন [ছ]; ১৬ (৯ম) বুঝিবারে [জ]; ১৮ (৩য়) যার [ক, গ, ঘ, ছ, জ], সব [ঙ]; ১৯ (৪র্থ) আত্মানন্দে [চ]; ২০ (১ম) যতদেখ [গ, ঞ]; ২২ (৭ম, ৮ম) অবশেষে [খ, ঙ]; ২৩ (২য়) ভক্তিবশে [ক], ভক্তিভাবে [খ, গ, ঙ]; ২৬ (৪র্থ) আসি আজ্ঞা [ক, খ, ঝ]।

বাপ্! তুমি, তোমা' হৈতে শিখিবাঙ কোথা? শিক্ষাগুরু হঞা কেনে বোলহ অন্যথা?"
এত বলি' শ্রীঅচ্যুতানন্দ মৌন হৈলা। শুনিঞা অদ্বৈত পরানন্দে প্রবেশিলা ॥ ১৭২
'বাপ্! বাপ্!' বলি' ধরি' করিলেন কোলে। সিঞ্চিলেন অচ্যুতের অঙ্গ প্রেমজলে ॥ ১৭৩
"তুমি সে জনক বাপ্! মুঞি সে তনয়। শিখাইতে পুত্ররূপে হইলা উদয় ॥ ১৭৪
অপরাধ করিলুঁ ক্ষমহ বাপ! মোরে। আর না বলিমু—এই কহিলুঁ তোমারে ॥" ১৭৫
আত্মস্তুতি শুনি' শ্রীঅচ্যুত মহাশয়। লজ্জায় রহিলা প্রভু মাথা না তোলয় ॥ ১৭৬
শুনিঞা সন্ন্যাসী শ্রীঅচ্যুতের বচন। দণ্ডবত হইয়া পড়িলা সেইক্ষণ ॥ ১৭৭
ন্যাসী বোলে, "যোগ্য যোগ্য অদ্বৈত নন্দন। যেন পিতা, তেন পুত্র অচিন্ত্য-কথন ॥ ১৭৮
এ ত ঈশ্বরের শক্তি বিনা অন্য নহে। বালকের মুখে কি এমত কথা হয়ে ॥ ১৭৯
শুভ-লগ্নে আইলাঙ অদ্বৈতে দেখিতে। অদ্ভুত মহিমা দেখিলাঙ নয়নেতে ॥ ১৮০
পুত্রের সহিত অদ্বৈতেরে নমস্করি'। পূর্ণ হঞা ন্যাসী চলিলেন বলি' 'হরি' ॥ ১৮১
ইহানে সে বলি যোগ্য অদ্বৈত-নন্দন। চৈতন্য-পাদপদ্মে যিঁহো একান্ত শরণ ॥ ১৮২
অদ্বৈতেরে ভজে, গৌরচন্দ্রে করে' হেলা। পুত্র হউ অদ্বৈতের, তভু তিঁহ গেলা ॥ ১৮৩
পুত্রের মহিমা দেখি' অদ্বৈত-আচার্য। পুত্রে কোলে করি' কান্দে ছাড়ি' সর্বকার্য ॥ ১৮৪
পুত্রের অঙ্গের ধূলা আপনার অঙ্গে। লেপেন অদ্বৈত অতি পরানন্দ রঙ্গে ॥ ১৮৫
"চৈতন্যের পারিষদ জন্মিলা মোর ঘরে।" এত বলি' নাচে প্রভু তালি দিয়া করে ॥ ১৮৬
পুত্রে কোলে করি' নাচে আচার্য-গোসাঞি। ত্রিভুবনে যাঁহার ভক্তির সম নাঞি ॥ ১৮৭
পুত্রের মহিমা দেখি' অদ্বৈত বিহ্বল। হেনকালে উপসন্ন সর্ব-সুমঙ্গল ॥ ১৮৮
সপার্ষদে শ্রীগৌরসুন্দর হেনক্ষণে। আসি' আবির্ভাব হৈলা অদ্বৈত-ভবনে ॥ ১৮৯
প্রাণনাথ ইষ্টদেবে দেখিয়া অদ্বৈত। দণ্ডবত হঞা পড়িলেন পৃথিবীত ॥ ১৯০
'হরি' বলি' শ্রীঅদ্বৈত করেন হুঙ্কার। প্রেমানন্দে দেহ পাসরিলা আপনার ॥ ১৯১
জয়-জয়কার-ধ্বনি করে' নারীগণে। উঠিল পরমানন্দ অদ্বৈত-ভবনে ॥ ১৯২
প্রভুও করিলা অদ্বৈতেরে নিজ-কোলে। সিঞ্চিলেন অঙ্গ তান প্রেমানন্দজলে ॥ ১৯৩
পাদপদ্ম বক্ষে ধরি' আচার্যগোসাঞি। রোদন করেন অতি, বাহ্য কিছু নাঞি ॥ ১৯৪
চতুর্দিগে ভক্তগণ করেন ক্রন্দন। কী অদ্ভুত প্রেম হৈল—না যায় বর্ণন ॥ ১৯৫
স্থির হঞা ক্ষণেকে অদ্বৈত মহাশয়। বসিতে আসন দিলা করিয়া বিনয় ॥ ১৯৬

---

১ (৫ম) শিখিব যে [চ], শিখিবহুঁ [ছ]; ২ (৮ম) প্রেমানন্দে [ছ]; ৬ (১ম—৩য়) অদ্বৈতের স্তুতি শুনি' অচ্যুত (চ], অদ্বৈতে বাক্য শুনি অচ্যুত [ছ], (৫ম—৭ম) লজ্জিত হইয়া রহে [ক্বচিৎ পাঠ]; ৭ (৩য়, ৪র্থ) অচ্যুতের চরণে [ক্বচিৎ পাঠ]; (৮ম) সেইক্ষণে [ক্বচিৎ পাঠ]; ৯ (৫ম, ৬ষ্ঠ) অন্য কিছু [খ] ১৬ (২য়) পার্ষদ [গ, ঙ, ঝ, ঞ] ১৭ (৯ম) সীমা [গ, ঙ]; ১৯ (৩য়) সেই [খ, ঙ, ঝ, ঞ]; ২০ (২য়) শ্রীচৈতন্য [ছ]; ২১ (৬ষ্ঠ) পরানন্দে [ক, খ, ঘ, জ, ঝ, ঞ], পরমানন্দে [ঙ, চ]; ২৩ (৭ম) নয়নের জলে [চ]; ২৪ (৩য়) করি [ক, গ, ঘ, ঙ, জ], (৯ম) জ্ঞান [ছ]।

বসিলেন মহাপ্রভু উত্তম-আসনে। চতুর্দিগে শোভা করে' পারিবদগণে ॥ ১৯৭
নিত্যানন্দ-অদ্বৈতে হইল কোলাকুলি। দুঁহা দেখি' অন্তরে সে দোঁহে কুতূহলী ॥ ১৯৮
আচার্যেরে নমস্করিলেন ভক্তগণ। আচার্য সভারে কৈলা প্রেম-আলিঙ্গন ॥ ১৯৯
যে-আনন্দ হইল সে অদ্বৈতের ঘরে। বেদব্যাস বিনা তাহা কে বর্ণিতে পারে' ? ২০০
ক্ষণেকে অচ্যুতানন্দ অদ্বৈত কুমার। প্রভুর চরণে আসি' হৈলা নমস্কার ॥ ২০১
অচ্যুতেরে কোলে করি' শ্রীগৌরসুন্দর। প্রেমজলে ধুইলেন তা'র কলেবর ॥ ২০২
অচ্যুতেরে প্রভু না ছাড়েন বক্ষ হৈতে। অচ্যুতো প্রবিষ্ট হৈলা চৈতন্য-দেহেতে ॥ ২০৩
অচ্যুতেরে কৃপা দেখি' সর্বভক্তগণ। প্রেমে সভে লাগিলেন করিতে ক্রন্দন ॥ ২০৪
যত চৈতন্যের প্রিয় পারিবদগণ। অচ্যুতের প্রিয় নহে—হেন নাহি জন ॥ ২০৫
নিত্যানন্দস্বরূপের প্রাণের সমান। গদাধরপণ্ডিতের শিষ্যের প্রধান ॥ ২০৬
ইহানে সে বলি যোগ্য অদ্বৈত নন্দন। যেন পিতা, তেন পুত্র, উচিত মিলন ॥ ২০৭
এইমত শ্রীঅদ্বৈত গোষ্ঠীর সহিতে। আনন্দে ডুবিলা পাঞা প্রভুরে সাক্ষাতে ॥ ২০৮
শ্রীচৈতন্য কথোদিন অদ্বৈত-ইচ্ছায়। রহিলা অদ্বৈত গৃহে কীর্তন-লীলায় ॥ ২০৯
প্রাণনাথে গৃহে পাঞা আচার্যগোসাঞি। না জানেন আনন্দে--আছেন কোন্ ঠাঞি ॥
কিছু স্থির হইয়া অদ্বৈত মহামতি। আই-স্থানে লোক পাঠাইলা শীঘ্রগতি ॥ ২১১
দোলা লঞা নবদ্বীপে আইল সত্বরে। আইরে বৃত্তান্ত কহে চলিবার তরে ॥ ১১২
প্রেম-রস-সমুদ্রে ডুবিয়া আছে আই। কি বোলেন, কি শুনেন,—বাহ্য কিছু নাই ॥ ২১৩
সম্মুখে যাহারে আই দেখেন, তাহারে। জিজ্ঞাসেন "মথুরার কথা কহ মোরে ॥ ২১৪
রাম কৃষ্ণ কেমত আছেন মথুরায় ? পাপী কংস কেমত বা করে' ব্যবসায় ? ২১৫
চোর অক্রূরের কথা কহ,—জান' কে ? রাম-কৃষ্ণে মোর চুরি করিলেক যে ॥ ২১৬
শুনিলাঙ—পাপী কংস মরি' গেল হেন। মথুরার রাজা কি হইল উগ্রসেন ? ২১৭
"রাম-কৃষ্ণ !" বলিয়া কখনো ডাকে আই। 'ঝাট গাভী দোহ'—দুগ্ধ বেচিবারে যাই ॥"
হাতে বাড়ি করিয়া কখনো আই ধায়। "ধর ধর সভে, এই ননীচোরা যায় ॥ ২১৯
কোথা পালাইবা ?—আজি রাখিমু বান্ধিয়া।" এত বলি' ধায় আই আবিষ্ট হইয়া ॥ ২২০
কখনো বোলেন আই সম্মুখে দেখিয়া।—"চল যাই যমুনায়, স্নান করি গিয়া ॥" ২২১

---

৪ (২য়, ৩য়) উপজিল [ক, গ খ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ]; ৫ (১ম) কৈলা [ঞ]; ৬ (৬ষ্ঠ) সিঞ্চিলেন [ঘ, জ]' পাখালিল [ছ]; ৯ (৬ষ্ঠ—৯ম) সম প্রিয় নাহি এক [ঙ]; ১০ (৬ষ্ঠ) সমান [ছ]; ১৩ (৫ম) -দ্বারে [ক, খ, ঙ, ঞ]; ১৪শ পংক্তির পর 'চ' পুঁথিতে 'শ্রীকৃষ্ণচৈতন্য……পদযুগে গান' এই পুষ্পিকার পর ৭ম অধ্যায় শেষ হইয়াছে। ১৬ (১ম, ২য়) দোলা সঙ্গে [চ], লোক গেলা [ছ], বার্তা লই [জ]; ১৭ (৮ম) করেন [ঙ]; ১৮ (৮ম) বার্তা [ঞ]; ২০ (১০ম)করিলেন [ক, ঘ, জ]. করি নিল [খ, গ]; ২১ (৬ষ্ঠ) কেন [ক, ঘ, ঙ, জ, ঞ]; ২২ (১১শ) চাই [ঘ, জ, ঝ]; ২৩(২য়—৬ষ্ঠ)নড়ি করিয়া আই কখন যাইয়া ॥ [চ], (৯ম—১২শ) এই চোর যায় পলাইয়া [চ]; ২৫ (৪র্থ) সম্মুখে ঝ]।

কখনো যে উচ্চ করি' করেন ক্রন্দন। পাষাণ দ্রবয়ে তাহা করিতে শ্রবণ ॥ ২২২
অবিচ্ছিন্ন-ধারা দুই নয়নেতে ঝরে। সে কাকু শুনিয়া কাষ্ঠ-পাষাণ বিদরে' ॥ ২২৩
কখনো বা ধ্যানে কৃষ্ণ-সাক্ষাৎকার করি'। অট্ট-অট্ট হাসে' আই আপনা' পাসরি' ॥ ২২৪
হেন সে অদ্ভুত-হাস্য—আনন্দ পরম। দুই-প্রহরেও কভু নহে উপশম ॥ ২২৫
কখনো যে আই হয় আনন্দে মূর্ছিত। প্রহরেক ধাতু নাহি থাকে কদাচিত ॥ ২২৬
কখনো বা হেন কম্প উপজে আসিঞা। পৃথিবীতে কেহো যেন ফেলে আছাড়িয়া ॥ ২২৭
আইর যে কৃষ্ণাবেশ—কি তা'র উপমা ? আই বিনা অন্যে আর নাহি তা'র সীমা ॥ ২২৮
গৌরচন্দ্র-শ্রীবিগ্রহে যত কৃষ্ণভক্তি। আইরেও প্রভু দিয়াছেন সেই শক্তি ॥ ২২৯
অতএব আইর যে ভক্তির বিকার। তাহা বর্ণিবেক—হেন শক্তি আছে কা'র ? ২৩০
হেনমতে পরানন্দ-সমুদ্র-তরঙ্গে। ভাসেন দিবস-নিশি আই মহারঙ্গে ॥ ২৩১
কদাচিত আইর যে কিছু বাহ্য হয়। সেহো বিষ্ণুপূজা লাগি'—জানিহ নিশ্চয় ॥ ২৩২
কৃষ্ণের প্রসঙ্গে আই আছেন বসিয়া। হেনই সময়ে শুভবার্তা হৈল গিয়া ॥ ২৩৩
"শান্তিপুরে আইলেন শ্রীগৌরসুন্দর। চল আই! ঝাট আসি' দেখহ সত্বর ॥" ২৩৪
বার্তা শুনি' যে-সন্তোষ পাইলেন আই। তাহার অবধি আর কহিবার নাঞি ॥ ২৩৫
বার্তা শুনি' যতেক প্রভুর ভক্তগণ। সভেই হইলা অতি পরানন্দ-মন ॥ ২৩৬
গঙ্গাদাসপণ্ডিত—প্রভুর প্রিয়পাত্র। আই লঞা চলিলেন সেইক্ষণ মাত্র ॥ ২৩৭
শ্রীমুরারিগুপ্ত-আদি যত ভক্তগণ। সভেই আইর সঙ্গে করিলা গমন ॥ ২৩৮
সত্বরে আইলা শচী-আই শান্তিপুর। বার্তা শুনিলেন প্রভু শ্রীগৌরসুন্দর ॥ ২৩৯
শ্রীগৌরসুন্দর প্রভু আইরে দেখিঞা। সত্বরে পড়িলা দূরে দণ্ডবত হঞা ॥ ২৪০
পুনঃপুন প্রদক্ষিণ হইয়া হইয়া। দণ্ডবত হয় শ্লোক পড়িয়া পড়িয়া ॥ ২৪১
"তুমি বিশ্বজননী কেবল ভক্তিময়ী। তোমারে সে গুণাতীত-সত্ত্বরূপা কহি ॥ ২৪২
তুমি যদি শুভদৃষ্টি কর' জীব-প্রতি। তবে সে জীবের হয় কৃষ্ণে রতি মতি ॥ ২৪৩
তুমি সে কেবল মূর্তিমতী কৃষ্ণভক্তি। যাহা হৈতে সব হয়—তুমি সেই শক্তি ॥ ২৪৪
তুমি গঙ্গা দেবকী যশোদা দেবহূতি। তুমি পৃশ্নি অনসূয়া কৌশল্যা অদিতি ॥ ২৪৫
যত দেখি, সব তোমা' হৈতে সে উদয়। পালন কর যে তুমি, তোমাতে মিলয় ॥ ২৪৬

---

১ (৭ম) হৃদয় [খ], সংসার [ক, গ, ঘ, ঙ, চ, ছ, ঝ], (৮ম) ভুলয়ে (জ]; ২ (৪র্থ) বহে [খ, ঙ], (৯ম) দ্রবয়ে [খ, ঙ]. ৪ (৩য়) আনন্দ- [ক, ঝ), (৪র্থ) অদ্ভুত [ক, ঝ], (৮ম) বোল [জ]; ৫ (৭ম) প্রহরেও [ঘ, জ, ঞ]; ৬ (৩য়) ক্ষেণে [গ], (১০ম) তোলে [ক, খ, গ, ঘ, চ, ছ, জ, ঝ, ঞ]; ৭ (৩য়) কৃষ্ণপ্রেম [জ], (৬ষ্ঠ) মহিমা [জ), (৮ম—১২] বিনে অন্যে তার দিতে নারে [ঘ, জ]; ৮ (৭ম. ৮ম) তেন ভক্তি [ক]; ১৩ (৭ম)গিয়া [গ, ঞ], যাই [ঘ]; ১৪ (৩য়) সন্তোষিত [খ, ঞ], (৮ম, ৯ম) অধিক কহিবারে শক্তি [ঘ, জ]; ১৭ (৫ম, ৬ষ্ঠ) শচীর পাছে [ছ]; ২০ (২য়) দণ্ডবত [ক, খ]; ২৫ (৭ম—১৩শ) "পালহ তুমি সে তোমাতে সে লীন হয় ॥" [ক, গ, ঝ], "পালহ সে তুমি তোমার অচিন্ত্যলীলায় ॥" [চ]।

তোমার প্রভাব বলিবারশক্তি কা'র ? সভার হৃদয়ে পূর্ণ বসতি তোমার ॥" ২৪৭
শ্লোকবন্ধে এইমত করিয়া স্তবন। দণ্ডবত হয় প্রভু ধর্ম-সনাতন ॥ ২৪৮
কৃষ্ণ বিনা অন্যে পিতৃ-মাতৃ-গুরু-ভক্তি। করিবারে এমত ধরয়ে কেহো শক্তি ? ২৪৯
আনন্দাশ্রু-ধারা বহে সকল অঙ্গেতে। শ্লোক পঢ়ি' নমস্কার করে' বহুমতে ॥ ২৫০
আই তথি দেখি' মাত্র শ্রীগৌরবদন। পরানন্দে জড় হইলেন সেইক্ষণ ॥ ২৫১
রহিয়াছে আই—যেন কৃত্রিম-পুতলী। স্তুতি করে' বৈকুণ্ঠ-ঈশ্বর কুতূহলী ॥ ২৫২
প্রভু বোলে, "কৃষ্ণভক্তি যে-কিছু আমার। কেবল একান্ত সব প্রসাদে তোমার ॥ ২৫৩
যত যত দাস-দাসী সম্বন্ধে তোমার। সে সভেও প্রাণ হৈতে বল্লভ আমার ॥ ২৫৪
বারেকো যে—জন তোমা' করিব স্মরণ। তা'র কভু নহিবেক সংসারবন্ধন ॥ ২৫৫
সকল পবিত্র করে' যে গঙ্গা—তুলসী। তাঁ'রাও হয়েন ধন্য তোমারে পরশি' ॥ ২৫৬
তুমি যত করিয়াছ আমার পালন। আমার শক্তিতে তাহা না হয় শোধন ॥ ২৫৭
দণ্ডে-দণ্ডে যত স্নেহ করিলা আমারে। তোমার সাদ্‌গুণ্য সে তাহার প্রতিকারে ॥" ২৫৮
এইমত স্তুতি প্রভু করেন সন্তোষে। শুনিয়া বৈষ্ণবগণ মহানন্দে ভাসে ॥ ২৫৯
আই জানে, 'অবতীর্ণ প্রভু নারায়ণ। যখন যে-ইচ্ছা তান, কহেন তেমন ॥' ২৬০
কথোক্ষণে আই এই বলিলেন মাত্র।—"তোমার বচন বুঝে, কে বা আছে পাত্র ? ২৬১
প্রাণহীন জন যেন সিন্ধুস্রোতে ভাসে। স্রোতে যঁহি লয়ে, তঁহি চলয়ে অবশে ॥ ২৬২
এইমত সর্বজীব সংসারসাগরে। তোমার মায়ায় যে করায়, সেই করে' ॥ ২৬৩
সভে এই বলি, বাপ্ ! তোমারে উত্তর। ভাল হয় যেমতে, সে তোমার গোচর ॥ ২৬৪
স্তুতি প্রদক্ষিণ কিবা কর' নমস্কার। মুঞি ত না বুঝি কিছু, যে-ইচ্ছা তোমার ॥" ২৬৫
শুনিঞা আইর বাক্য সর্ব-ভাগবতে। মহা-জয় 'হরি'ধ্বনি লাগিলা করিতে ॥ ২৬৬
আইর ভক্তির সীমা কে কহিতে পারে' ? গৌরচন্দ্র অবতীর্ণ যাঁহার জঠরে ॥ ২৬৭
প্রাকৃত শব্দেও যে বা বলিবেক 'আই'। আই-শব্দ-প্রভাবে তাহার দুঃখ নাই ॥ ২৬৮
প্রভু দেখি' সন্তোষে পূর্ণিত হৈলা আই। ভক্তগণ আনন্দে কাহারো বাহ্য নাই ॥ ২৬৯
এখনে যে হইল আনন্দ-সমুচ্চয়। মনুষ্যের শক্তিতে কি তাহা কহা যায় ? ২৭০

---

১ (২য়) মহিমা [চ], স্বভাব [ঞ], (৩য়) বুঝিবার [ঙ]; ৩ (৩য়) আনেও [চ], (৬ষ্ঠ—৮ম) পারে হেন কার আছে [চ], (৭ম, ৮ম) হয়ে কার [জ]; ৭ (৩য়) বিষ্ণুভক্তি [খ, ঘ, জ], ৮ (১ম—৪র্থ) কোটি দাস-দাসের যে সম্বন্ধ [ক, খ, গ, ঘ, ঝ, ঞ], কোটিদাস-দাসী সেবে সম্পদ [চ], (৬ষ্ঠ) সেহো [খ, ঙ, জ]; ১০ (১ম) জগৎ [ঙ], (১ম—৩য়) সব পাপ মুক্ত করে [জ]; ১১ (৯ম, ১০ম) নহিব [খ]; ১৪ (৯ম) করেন [ঘ, ঙ, জ, ঝ]; ১৫ (২য়, ৩য়) থাকি আই [চ], (৮ম) বুঝিতে [ক, গ], বুঝেন [ঘ]; ১৬ (২য়) জীব [খ], (৪র্থ) সিন্ধুমধ্যে [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ, ঝ, ঞ], (৬ষ্ঠ—৯ম) স্রোত-জল- হিল্লোলেই [ক], (৬ষ্ঠ—১১শ) "স্রোতের হিল্লোলে তহি লয়ে অবশেষে ॥" [ঘ], (১০ম, ১১শ) চলে অবশেষে [ছ, জ]; ২০ (৪র্থ) যত- [ঘ, জ]; ২১ (৫ম) বুঝিতে [ক, খ, জ], (১০ম) উদরে [ছ, ঞ]; ২৪ (৬ষ্ঠ—৯ম) শক্তো কি কহিল তাহা [ঘ, জ], (৭ম—৯ম) তাহা কহিল না [খ]।

নিত্যানন্দ-মহাপ্রভু আইর সন্তোষে। পরানন্দ-সিন্ধুমধ্যে ভাসেন হরিষে ॥ ২৭১
দেবকীর স্তুতি পঢ়ি' আচার্যগোসাঞি। আইরে করেন দণ্ডবত—অন্ত নাঞি ॥ ২৭২
হরিদাস মুরারি শ্রীগর্ভ নারায়ণ। জগদীশ-গোপীনাথ-আদি ভক্তগণ ॥ ২৭৩
আইর সন্তোষে সভে হেন সে হইলা। পরানন্দে যে-হেন সভেই মিশাইলা ॥ ২৭৪
এসব আনন্দ পঢ়ে শুনে যেই জন। অবশ্য মিলয়ে তা'রে প্রেমভক্তি-ধন ॥ ২৭৫
'প্রভুরে দিবেন ভিক্ষা আই ভাগ্যবতী।' প্রভুস্থানে অদ্বৈত লইলা অনুমতি ॥ ২৭৬
সন্তোষে চলিলা আই করিতে রন্ধন। প্রেমযোগে চিন্তি' 'গৌরচন্দ্র নারায়ণ' ॥ ২৭৭
কতেক প্রকার আই করিলা রন্ধন। নাম নাহি জানি—হেন রান্ধিলা ব্যঞ্জন ॥ ২৭৮
আই জানে',—প্রভুর সন্তোষ বড় শাকে। বিংশতিপ্রকার শাক রান্ধে' একে-একে ॥ ২৭৯
এক এক ব্যঞ্জন—প্রকার দশ-বিশে। রান্ধিলেন আই অতি চিত্তের সন্তোষে ॥ ২৮০
অশেষপ্রকারে আই রন্ধন করিঞা। ভোজনের স্থানে সব থুইলেন নিঞা ॥ ২৮১
শ্রীঅন্ন ব্যঞ্জন সব উপস্কার করি'। সভার উপরে দিলা তুলসীমঞ্জরী ॥ ২৮২
চতুর্দিগে সারি করি' শ্রীঅন্ন ব্যঞ্জন। মধ্যে পাতিলেন অতি উত্তম আসন ॥ ২৮৩
আইলেন মহাপ্রভু করিতে ভোজন। সংহতি লইয়া সব পারিষদগণ ॥ ২৮৪
দেখি' প্রভু অন্ন-ব্যঞ্জনের উপস্কার। দণ্ডবত হইয়া করিলা নমস্কার ॥ ২৮৫
প্রভু বোলে, "এ-অন্নের থাকুক ভোজন। এ-অন্ন দেখিলে হয় বন্ধবিমোচন ॥ ২৮৬
কী রন্ধন—ইহা ত কহিলে কিছু নয়। এ-অন্নের গন্ধেও কৃষ্ণেতে ভক্তি হয় ॥ ২৮৭
বুঝিলাঙ—কৃষ্ণ লঞা সর্ব পরিবার। এ-অন্ন আপনে করিয়াছেন স্বীকার ॥" ২৮৮
এত বলি' প্রভু অন্ন-প্রদক্ষিণ করি'। ভোজনে বসিলা তবে গৌরাঙ্গ শ্রীহরি ॥ ২৮৯
প্রভুর আজ্ঞায় সব পারিষদগণ। বসিলেন চতুর্দিগে দেখিতে ভোজন ॥ ২৯০
ভোজন করেন শ্রীবৈকুণ্ঠ-অধিপতি। নয়ন ভরিয়া দেখে আই ভাগ্যবতী ॥ ২৯১
প্রত্যেকে প্রত্যেকে প্রভু সকল ব্যঞ্জন। মহা আমোদিয়া নাথ করেন ভোজন ॥ ২৯২
সভা' হৈতে ভাগ্যবন্ত—শ্রীশাকব্যঞ্জন।—পুনঃপুন যাহা প্রভু করেন গ্রহণ ॥ ২৯৩
শাকেতে দেখিয়া বড় প্রভুর আদর। হাসেন প্রভুর যত সব অনুচর ॥ ২৯৪

---

১ (১ম) -মহামল্ল [ক]' মহামত্ত [গ, ছ, ঞ]; ৪ (৪র্থ, ৫ম) চেনই [ঙ, চ], হরষিত [ছ], (৭ম—১০ম) "পরম-আনন্দ হেন সভেই মানিলা ॥" [ছ]; ৫ (৩য়—৫ম) পাঠ শুনে যে বা [কচিৎ পাঠ], (১০ম) কৃষ্ণভক্তি- [গ], কৃষ্ণপ্রেম- [ঙ]; ৬ (৫ম) পুণ্যবতী [ক]; ৭ (১ম) আনন্দে [ছ], ৯ (৯ম, ১০ম) রান্ধিলা কৌতুকে [ঙ], রান্ধে দৃঢ়পাকে [ছ]; ১০ (৯ম, ১০ম) পরম হরিষে [ঙ]; ১৩ (৮ম) লয়ে [চ, ঞ], আনি [ছ]; ১৭ (৩য়—৭ম) করিয়াছ কহনে না যায় [ছ], (৮ম, ৯ম) এ-অন্ন পরশে [ছ]; ১৯ (৪র্থ) -পরিগ্রহ [ঙ], (৮ম—১০ম) শ্রীগৌরাঙ্গ নরহরি [গ, ঙ, ঝ, ঞ]; ২১ (৪র্থ) নয়ন [ঝ], (৮ম) পুণ্যবতী [ক, গ, ঙ, ঞ]; ২২ (১ম, ২য়) প্রত্যক্ষে প্রত্যক্ষে [ক, চ], (৭ম, ৮ম) আমোদেতে প্রভু [খ], সম্ভাষিত নাথ [ঞ]; ২৩ (৬ষ্ঠ) মহা- [ঙ, চ], (৯ম) ভোজন [ঙ, চ]; ২৪ (৯ম) প্রেম- [ঘ, ঙ, জ]।

শাকের মহিমা প্রভু সভারে কহিয়া। ভোজন করেন প্রভু ঈষত হাসিয়া॥ ২৯৫
প্রভু বোলে, "এই যে অচ্যুতা-নামে শাক। ইহার ভোজনে হয় কৃষ্ণে অনুরাগ॥ ২৯৬
পটোল-বাস্তূক-ব্রাহ্মী-শাকের ভোজনে। জন্ম-জন্ম বিহরয়ে বৈষ্ণবের সনে॥ ২৯৭
শালিঞ্চা-হেলাঞ্চা-শাক ভোজন করিলে। আরোগ্য আছুক তা'রে কৃষ্ণভক্তি মিলে॥"২৯৮
এইমত শাকের মহিমা কহি' কহি'। ভোজন করেন প্রভু আনন্দিত হই'॥ ২৯৯
যতেক আনন্দ হৈল এ-দিনের ভোজনে। সবে ইহা জানে' প্রভু সহস্রবদনে॥ ৩০০
এই যশ সহস্র-জিহ্বায় নিরন্তর। গায়েন অনন্ত আদিদেব মহীধর॥ ৩০১
সেই প্রভু কলিযুগে—অবধূত-রায়। সূত্রমাত্র লিখি আমি তাহান আজ্ঞায়॥ ৩০২
বেদব্যাস-আদি করি' যত মুনিগণ। এইসব যশ সভে করেন বর্ণন॥ ৩০৩
এ-যশের যদি করে শ্রবণ পঠন। তবে সে জীবের খণ্ডে' অবিদ্যা-বন্ধন॥ ৩০৪
হেন-রঙ্গে মহাপ্রভু করিয়া ভোজন। বসিলেন গিয়া প্রভু করি' আচমন॥ ৩০৫
আচমন করি' মাত্র ঈশ্বর বসিলা। ভক্তগণ অবশেষ লুঠিতে লাগিলা॥ ৩০৬
কেহো বোলে, "ব্রাহ্মণের ইহাতে কি দায়? শূদ্র আমি, আমারে সে উচ্ছিষ্ট যুয়ায়॥"৩০৭
আর কেহো বোলে, "আমি নহি ত ব্রাহ্মণ।" আড়ে থাকি' লঞা কেহো করে' পলায়ন॥
কেহো বোলে, "শূদ্রের উচ্ছিষ্ট যোগ্য নহে। 'হয়' 'নয়' বিচারিয়া বুঝ—শাস্ত্রে কহে॥"
কেহো বোলে, "আমি অবশেষ নাহি পাই। শুধু পাতখানা মাত্র আমি লঞা খাই॥"৩১০
কেহো বোলে, "আমি পাত ফেলি সর্বকাল। তোমরা যে লহ, সে কেবল ঠাকুরাল॥"৩১১
এইমত কৌতুকে চপল ভক্তগণ। ঈশ্বর-অধরামৃত করেন ভোজন॥ ৩১২
আইর রন্ধন, ঈশ্বরের অবশেষ। কা'র বা ইহাতে লোভ না জন্মে বিশেষ? ৩১৩
পরানন্দে ভোজন করিয়া ভক্তগণ। প্রভুর সম্মুখে সভে করিলা গমন॥ ৩১৪
বসিয়া আছেন প্রভু শ্রীগৌরসুন্দর। চতুর্দিগে বসিলেন সর্ব-অনুচর॥ ৩১৫
মুরারিগুপ্তেরে প্রভু সম্মুখে দেখিয়া। বলিলেন তাঁ'রে কিছু ঈষত হাসিয়া॥ ৩১৬
"পঢ় গুপ্ত! রাঘবেন্দ্র বর্ণিয়াছ তুমি। অষ্ট-শ্লোক করিয়াছ, শুনিয়াছি আমি॥ ৩১৭
ঈশ্বরের আজ্ঞা গুপ্ত-মুরারি শুনিঞা। পঢ়িতে লাগিলা শ্লোক ভাবাবিষ্ট হঞা॥ ৩১৮

---

৩ (১ম) -বাস্তুকি দুই- [চ], -বার্তাকু-কাল- [জ]; ৪ (১ম) সালিঞ্চা- [চ, ছ, ঝ), -হিলঞ্চা- [ঝ]; ৫ (৯ম) পুলকিত [ঞ]; ৮ (৯ম) কৃপায় [ঙ, ছ]; ১০ (৫ম) কীর্তন [খ, ঙ], বর্ণন [ক, গ, ধ, চ, জ]; ১১শ পংক্তির পর অধিক পাঠ—"মুখবাস হরীতকী দিল ভক্তগণ। পুষ্পমালা আদি দিল সুগন্ধি চন্দন॥"১৬ (৬ষ্ঠ) চাই [ক, গ, চ, ছ, ঝ, ঞ] (৭ম) সুধা [কচিৎ পাঠ]; (১২শ) যাই [ক, খ, গ, ঘ, চ, ছ, জ, ঝ, ঞ]; ১৮ (২য়) হরিষে [ছ], (৩য়) সকল [খ, ছ, জ, ঞ]; ১৯ (৫ম—১১শ) "তাহান ভক্ষণে খণ্ডে বিঘ্নাদি সব ক্লেশ॥" [ছ]; ২২ (৪র্থ) বসাঞা [খ]; ২৪ (৭ম—৯ম) গুপ্ত আবিষ্ট হইয়া [ঘ, জ], শ্লোক বর্ণিয়া বর্ণিয়া [ছ]।

তথা হি শ্রীচৈতন্যচরিতে, ২য় প্রক্রমে, ৭ম সর্গে—

"অগ্রে ধনুর্ধরবরঃ কনকোজ্জ্বলাঙ্গো, জ্যেষ্ঠানুসেবনরতো বরভূষণাঢ্যঃ।
শেষাখ্যধাম-বরলক্ষ্মণনাম যস্য, রামং জগত্রয়গুরুং সততং ভজামি ॥ ৩১৯
হত্বা খর-ত্রিশিরসৌ সগণৌ কবন্ধং, শ্রীদণ্ডকাননমদূষণমেব কৃত্বা।
সুগ্রীবমৈত্রমকরোদ্বিনিহত্য শত্রুং, রামং জগত্রয়গুরুং সততং ভজামি ॥ ৩২০

এইমত অষ্ট শ্লোক মুরারি পঢ়িলা। প্রভুর আজ্ঞায় ব্যাখ্যা করিতে লাগিলা ॥ ৩২১
"দূর্বাদলশ্যামল—কোদণ্ডদীক্ষা-গুরু। ভক্তজন-প্রতি বাঞ্ছাতীত-কল্পতরু ॥ ৩২২
হাস্যমুখে রত্নময়-রাজসিংহাসনে। বসিয়া আছেন শ্রীজানকী করি' বামে ॥ ৩২৩
অগ্রে মহাধনুর্ধর অনুজ লক্ষ্মণ। কনকের প্রায় জ্যোতি কনকভূষণ ॥ ৩২৪
আপনে অনুজ হঞা শ্রীঅনন্তধাম। জ্যেষ্ঠের সেবায় রত—'শ্রীলক্ষ্মণ' নাম ॥ ৩২৫
সর্বমহাগুরু হেন শ্রীরঘুনন্দন। জন্ম-জন্ম ভজ মুঞি তাঁহার চরণ ॥ ৩২৬
ভরত শত্রুঘ্ন দুই চামর ঢুলায়। সম্মুখে কপীন্দ্রগণ পুণ্যকীর্তি গায় ॥ ৩২৭
যে-প্রভু কৈলা গুহকচণ্ডালেরে মিত। জন্মজন্ম ভজোঁ মুঞি তাঁহার চরিত ॥ ৩২৮
গুরু-আজ্ঞা শিরে ধরি' ছাড়ি' নিজরাজ্য। বনে ভ্রমিলেন যে করিতে সুর-কার্য ॥ ৩২৯
বালি মারি' সুগ্রীবেরে রাজ্যভার দিয়া। মিত্র-পদ দিলা তারে করুণা করিয়া ॥ ৩৩০
যে-প্রভু করিলা অহল্যার বিমোচন। ভজোঁ হেন ত্রিভুবন-গুরুর চরণ ॥ ৩৩১
দুস্তর-তরঙ্গ-সিন্ধু—ঈষত লীলায়। কপি-দ্বারে যে বান্ধিলা লক্ষ্মণসহায় ॥ ৩৩২
ইন্দ্রাদির অজেয় রাবণে বংশ-সনে। যে-প্রভু মারিলা, ভজোঁ তাঁহার চরণে ॥ ৩৩৩
যাঁহার কৃপায় বিভীষণ ধর্মপর। ইচ্ছা নাহি, তথাপি হইলা লঙ্কেশ্বর ॥ ৩৩৪
যবনেও যাঁ'র কীর্তি শ্রদ্ধা করি' শুনে। ভজোঁ হেন রাঘবেন্দ্র-প্রভুর চরণে ॥ ৩৩৫
দুষ্টক্ষয় লাগি' নিরন্তর ধনুর্ধর। পুত্রের সমান প্রজা-পালনে তৎপর ॥ ৩৩৬
যাঁহার কৃপায় সব অযোধ্যানিবাসী। স-শরীরে হইলেন শ্রীবৈকুণ্ঠবাসী ॥ ৩৩৭
যাঁ'র নাম-রসে মহেশ্বর দিগম্বর। রমা যাঁ'র পাদপদ্ম সেবে নিরন্তর ॥ ৩৩৮
'পরং ব্রহ্ম জগন্নাথ' বেদে যাঁ'রে গায়। ভজোঁ হেন সর্বগুরু রাঘবেন্দ্র-পা'য় ॥ ৩৩৯

৬ (৭ম) সাক্ষাতে [ঙ]; ৭ (২য়) কোদণ্ডশিক্ষা- [জ], (৩য়) ভক্তগণ- [গ, ঝ, ঞ]; ৮ (৬ষ্ঠ) দেবী [ক, খ, ঘ, ঙ, চ, ছ, ঝ, ঞ]; ৯ (৭ম) দ্যুতি [ঞ]; ১০ (২য়) অনন্ত [ক]; ১২ (৩য়) দোঁহে [ঘ]. (৬ষ্ঠ, ৭ম) সম্মুখেতে কপিগণ [খ, ঘ, ঙ]; ১৪ (৮ম) যেন [ঘ, জ], (১০ম) গুরুকার্য [ক, গ], নিজকার্য [খ, চ]; এই পংক্তির পর অধিক পাঠ—"বাসা করি' রহিলেন দণ্ডক অরণ্যে। শূর্পনখার নাক কাণ কাটিল লক্ষ্মণে ॥ খর-দূষণ মারিলা রাম (মাল্যবান। [ঘ]) ত্রিশিরা কবন্ধ। তা শুনিঞা মন্ত্রণা করিলা দশস্কন্ধ ॥ মারিচ রাক্ষস আইলা মৃগরূপ ধরি। মায়া করি রাবণ সীতায় কৈল চুরি ॥ সীতাকে চাহিয়া রাম ফিরে বনে বনে। ঋষ্যমুখ পর্বতে দেখা সুগ্রীবের সনে ॥" [ঘ, জ]; ১৫ (৬ষ্ঠ) মৈত্র- [ক, গ, ঘ, ছ, জ, ঞ]; ১৮ (১ম, ২য়) ইন্দ্রাদি-অজয় যে, ইন্দ্রাদির অজেয় [কচিৎ পাঠ]; (৪র্থ) -রণে [ঘ, জ]; ১৯ (২য়) চরণে [ঞ]; ২২ (২য়) প্রসাদে [ঘ, জ]; ২৩ (২য়, ৩য়) যশেতে মহেশ [জ]; ২৪ (৩য়) মহাপ্রভু [চ, ছ]।

এইমত অষ্ট শ্লোক আপনার কৃত। পঢ়িলা মুরারি রাম-মহিমা-অমৃত ॥ ৩৪০
শুনি' তুষ্ট হঞা প্রভু শ্রীগৌরসুন্দর। পাদপদ্ম দিলা তাঁ'র মস্তক-উপর ॥ ৩৪১
"শুন গুপ্ত! এই তুমি আমার প্রসাদে। জন্মজন্ম রামদাস হও নির্বিরোধে ॥ ৩৪২
ক্ষণেকো যে করিবেক তোমার আশ্রয়। সেহো রাম-পদাম্বুজ পাইবে নিশ্চয় ॥ ৩৪৩
মুরারিগুপ্তেরে চৈতন্যের বর শুনি'। সভেই করেন মহা-জয়'হরি'ধ্বনি ॥ ৩৪৪
এইমত কৌতুকে আছেন গৌরসিংহ। চতুর্দিগে শোভে সব পাদপদ্ম-ভৃঙ্গ ॥ ৩৪৫
হেনই সময়ে কুষ্ঠরোগী একজন। প্রভুর সম্মুখে আসি' দিল দরশন ॥ ৩৪৬
দণ্ডবত হইয়া পড়িল আর্তনাদে। দুই বাহু তুলি' মহা আর্তি করি' কান্দে ॥ ৩৪৭
"সংসার-উদ্ধার লাগি' তুমি মহাশয়! নবদ্বীপ—মাঝে আসি' হইলা উদয় ॥ ৩৪৮
পরদুঃখ দেখি' তুমি স্বভাবে কাতর। এতেকে আইলুঁ মুঞি তোমার গোচর ॥ ৩৪৯
কুষ্ঠরোগে পীড়িত, জ্বালায় প্রভু! মরোঁ। বোলহ উপায় মোরে—কোন্ মতে তরোঁ ॥ ৩৫০
শুনি' মহাপ্রভু কুষ্ঠরোগীর বচন। বলিতে লাগিলা ক্রোধে করিয়া গর্জন ॥ ৩৫১
"ঘুচ ঘুচ মহাপাপি! বিদ্যমান হৈতে। তোরে দেখিলেও পাপ জন্ময়ে লোকেতে ॥ ৩৫২
পরম-ধার্মিকো যদি দেখে তোর মুখ। সে-দিবসে তাহার অবশ্য হয় দুঃখ ॥ ৩৫৩
বৈষ্ণবনিন্দক তুই পাপী দুরাচার! ইহা হৈতে দুঃখ তোর কত আছে আর! ৩৫৪
এই জ্বালা সহিতে না পার' দুষ্টমতি! কেমতে করিবা কুম্ভীপাকে সে বসতি? ৩৫৫
যে-'বৈষ্ণব'-নামে হয় সংসার পবিত্র। ব্রহ্মাদি গায়েন যেই বৈষ্ণবচরিত্র ॥ ৩৫৬
যে-বৈষ্ণবে ভজিলে অচিন্ত্য কৃষ্ণে পাই। যে-বৈষ্ণব-পূজা হৈতে বড় আর নাই ॥ ৩৫৭
'শেষ রমা অজ ভব, নিজদেহ হৈতে। বৈষ্ণব—কৃষ্ণের প্রিয়, কহে ভাগবতে ॥ ৩৫৮
তথা হি শ্রীমদুদ্ধবং প্রতি ভগবদ্বাক্যম্ (শ্রীভা০ ১১।১৪।১৫)—
"ন তথা মে প্রিয়তম আত্মযোনির্ন শঙ্করঃ। ন চ সঙ্কর্ষণো ন শ্রীর্নৈবাত্মা চ যথা ভবান্ ॥" ৩৫৯
"হেন-বৈষ্ণবের নিন্দা করে' যেই জনে। সেই পায় দুঃখ—জন্ম জীবনে মরণে ॥ ৩৬০
বিদ্যা কুল তপ—সব বিফল তাহার। বৈষ্ণবেরে নিন্দে' যে-যে-পাপিদুরাচার ॥ ৩৬১
পূজাও তাহার কৃষ্ণ না করে' গ্রহণ। বৈষ্ণবের নিন্দা করে' যে-পাপিষ্ঠ জন ॥ ৩৬২
যে-বৈষ্ণব নাচিতে পৃথিবী ধন্য হয়। যাঁ'র দৃষ্টিমাত্র দশ-দিগে পাপক্ষয় ॥ ৩৬৩
যে-বৈষ্ণবজন বাহু তুলিয়া নাচিতে। স্বর্গেরো সকল বিঘ্ন ঘুচে ভালমতে ॥ ৩৬৪

---

১ (৭ম,৮ম) মুরারিগুপ্ত মহিমা [চ], (৮ম) -অদ্ভুত [ক, ছ]; ২ (৪র্থ) তাঁরে [ক, খ, ঘ, ঙ, জ]; ৪ (৭ম) কৃষ্ণ- [ঙ]; ৫ (৫ম, ৬ষ্ঠ) সভে করিলেন [চ]; ৬ (৮ম) -চরণের-ভৃঙ্গ [গ, ঙ, চ, ঝ], পারিষদ-ভৃঙ্গ [ঘ, ছ, জ]; ৮ (৮ম, ৯ম) মহা-কাকুর্বাদে [ছ]; ৯ (৫ম) পৃথিবীর [ক, গ, ঘ, ঙ, চ, জ, ঝ, ঞ]; ১০ (৪র্থ) সভাবে [কচিৎ পাঠ]; ১১ (৪র্থ) মুঞি [ঙ], (৮ম) প্রভু [ক, ঝ], মুঞি [ঙ]; ১২ (৯ম) তর্জন [ঙ], ১৩ (১ম, ২য়) সব সব [চ]; ১৮ (৯ম) অন্য [ক]; ২২ (৪র্থ) যে বা [চ], যে যে [জ], (৫ম—১০ম) "সে পাপিষ্ঠ পায়ে দুঃখ জনমে জনমে ॥" [চ]; ২৩ (৫ম) নিষ্ফল [ঘ, জ], (৭ম, ৮ম) বৈষ্ণব নিন্দয়ে [ঝ]; ২৫ (৮ম) সংসার [ছ]।

হেন—মহাভাগবত শ্রীবাসপণ্ডিতে। তুঞি পাপি! নিন্দা কৈলি তাঁহার চরিতে ॥ ৩৬৫
এতেকে তোহর কুষ্ঠজ্বালা কোন্ কাজ? মুল শাস্তা পশ্চাতে আছন ধর্ম্মরাজ ॥ ৩৬৬
এতেকে আমার দৃশ্যযোগ্য নহ তুমি। তোহর নিষ্কৃতি করিবারে নারি আমি ॥" ৩৬৭
সেই কুষ্ঠরোগী শুনি' প্রভুর উত্তর। দন্তে তৃণ করি' বোলে হইয়া কাতর ॥ ৩৬৮
"কিছু না জানিলুঁ প্রভু! আপনা খাইয়া। বৈষ্ণবের নিন্দা কৈলুঁ প্রমত্ত হইয়া ॥ ৩৬৯
অতএব তা'র শাস্তি পাইলুঁ উচিত। এখনে ঈশ্বর তুমি—চিন্ত' মোর হিত ॥ ৩৭০
সাধুর স্বভাবধর্ম—দুঃখীরে উদ্ধারে'। কৃত-অপরাধেরেও সাধু দয়া করে' ॥ ৩৭১
এতেকে শরণ মুঞি লইলুঁ তোমার। তুমি উপেক্ষিলে মোর নাহিক উদ্ধার ॥ ৩৭২
যাহার যেই প্রায়শ্চিত্ত—তুমি সর্ব্বজ্ঞাতা। প্রায়শ্চিত্ত বোল' মোরে তুমি সর্ব পিতা ॥ ৩৭৩
বৈষ্ণবজনের যেন নিন্দন করিলুঁ। উচিত তাহার বোল', শাস্তিও পাইলুঁ ॥" ৩৭৪
প্রভু বোলে, "বৈষ্ণব নিন্দয়ে যেই জন। কুষ্ঠরোগ কোন্ তা'র শাস্তিতে লিখন ॥ ৩৭৫
আপাতত শাস্তি কিছু হইয়াছে মাত্র। আর কিছু আছয়ে যম-যাতনা পশ্চাত ॥ ৩৭৬
চৌরাশি-সহস্র যমযাতনা পরলোকে। পুনঃপুন করি' ভুঞ্জে বৈষ্ণবনিন্দকে ॥ ৩৭৭
চল কুষ্ঠরোগি! তুমি শ্রীবাসের স্থানে। সত্বরে পড়হ গিয়া তাঁহার চরণে ॥ ৩৭৮
তাঁ'র ঠাঞি তুমি করিয়াছ অপরাধ। নিষ্কৃতি তোমার তিঁহো করিলে প্রসাদ ॥ ৩৭৯
কাঁটা ফুটে যেই-মুখে সেই মুখে যায়। পা'য়ে কাঁটা ফুটিলে কি স্কন্ধে বাহিরায়? ৩৮০
এই কহিলাঙ আমি নিস্তার-উপায়। শ্রীবাসপণ্ডিত ক্ষমিলে সে দুঃখ যায় ॥ ৩৮১
মহা-শুদ্ধ-বুদ্ধি তিঁহো, তাঁ'র স্থানে গেলে। ক্ষমিবেন সর্ব দোষ নিস্তারিবে হেলে ॥ ৩৮২
শুনিঞা প্রভুর অতি সুসত্য বচন। মহা-জয় 'হরি'ধ্বনি কৈলা ভক্তগণ ॥ ৩৮৩
সেই কুষ্ঠরোগী শুনি' প্রভুর বচন। দণ্ডবত হইয়া চলিলা ততক্ষণ ॥ ৩৮৪
সেই কুষ্ঠরোগী পাঞা শ্রীবাস-প্রসাদ। মুক্ত হৈল—খণ্ডিল সকল অপরাধ ॥ ৩৮৫
যতেক অনর্থ হয় বৈষ্ণবনিন্দায়। আপনে কহিলা এই শ্রীবৈকুণ্ঠরায় ॥ ৩৮৬
তথাপিহ বৈষ্ণবেরে নিন্দে' যেই জন। তা'র শাস্তা আছে শ্রীচৈতন্য-নারায়ণ ॥ ৩৮৭

---

২ (৬ষ্ঠ—৯ম) শুন ভাই সভাতে আছেন [ছ]; ৩ (৩য়) দৃষ্টিযোগ্য [চ]; ৫ (১০ম, ১১শ) মদে মত্ত হৈয়া [চ]; ৬ (৯ম) কর [ঙ]; ৭ (৩য়) পতিত [চ], (৫ম) যত অপরাধিরেও [ক, খ]; ৮ (২য়—৫ম) তোমার মুঞি লইলু শরণ [খ], (৩য়) প্রভু [গ], (৮ম—১০ম) উদ্ধারিব কোন জন [খ], (১০ম) নিস্তার [ঙ, ঝ]; ১০ (৭ম) বড় [খ], ফল [ঘ], এই [চ]; ১১ (৮ম—১০ম) তার হয় শাস্ত্রের [ছ], (১১শ) এমন [ঙ]; ১২ (২য়, ৩য়) কিছু সেই [ক], কিছু মাত্র [ঘ], কিছু দুঃখ [ঝ], (৭ম) কিবা [ক, গ], কে বা [ঝ], (৭ম—১০ম) কেবা আছে যমযাতনার পাত্র [ক, গ, ঝ], কত আছে যম যাতনার পাত্র [ঙ, জ]; ১৩ (৩য়) প্রত্যক্ষে [ঙ, চ, ছ, জ]; ১৬ (৩য়) যে- [ক, গ, ঘ, চ, জ, ঝ], (৫ম) সে সেই [ক], সেই সে [ঝ], (৫ম—৭ম) সে মুখে বাহিরায় [ঘ, জ]; ১৮ (১ম) -সুবুদ্ধি সে [ক], মহান সুবুদ্ধি [গ, ঝ], (৬ষ্ঠ—৮ম) ক্ষমিয়া তোমার দোষ [চ], (৭ম, ৮ম) সব তোরে [ক, গ], সর্ব তোরে [খ, ঘ, ঙ, ঝ]; ২৩ (২য়—৪র্থ) বৈষ্ণব নিন্দয়ে যে যে [ঘ, চ, জ], (৭ম—৯ম) শাস্তি দিবেন চৈতন্য [চ]।

বৈষ্ণবে—বৈষ্ণবে যে দেখহ গালাগালি। পরমার্থে নহে, ইথে কৃষ্ণ কুতূহলী ॥ ৩৮৮
সত্যভামা-রুক্মিনীয়ে গালাগালি যেন। পরমার্থে এক তারা দেখি ভিন্ন-হেন ॥ ৩৮৯
এইমত বৈষ্ণবে-বৈষ্ণবে ভিন্ন নাঞি। ভিন্ন করায়েন রঙ্গে চৈতন্যগোসাঞি ॥ ৩৯০
ইহাতে যে এক বৈষ্ণবের পক্ষ লয়। আর বৈষ্ণবেরে নিন্দে', সেই যায় ক্ষয় ॥ ৩৯১
এক হস্ত ঈশ্বরের সেবয়ে কেবল। আর হস্তে দুঃখ দিলে তা'র কি কুশল ? ৩৯২
এইমত সর্বভক্ত—কৃষ্ণের শরীর। ইহা বুঝে,—যে হয় পরম-মহাধীর ॥ ৩৯৩
অভেদ-দৃষ্টিতে সর্ব বৈষ্ণবে পুজিয়া। যে কৃষ্ণ চরণ ভজে', সে যায় তরিয়া ॥ ৩৯৪
যে গায়, যে শুনে এ-সকল পুণ্যকথা। বৈষ্ণবাপরাধ তা'র না জন্মে সর্বথা ॥ ৩৯৫
হেনমতে শ্রীগৌরসুন্দর শান্তিপুরে। আছেন পরমানন্দে অদ্বৈত-মন্দিরে ॥ ৩৯৬
মাধবপুরীর আরাধনা পুণ্যতীথি। দৈবযোগে উপসন্ন হৈল আসি' তথি ॥ ৩৯৭
মাধবেন্দ্রে-অদ্বৈতে যদ্যপি ভেদ নাঞি। তথাপি তাহান শিষ্য—আচার্যগোসাঞি ॥ ৩৯৮
মাধবপুরীর দেহে শ্রীগৌরসুন্দর। সত্য সত্য সত্য বিহরেন নিরন্তর ॥ ৩৯৯
মাধবেন্দ্রপুরীর অকথ্য কৃষ্ণভক্তি। কৃষ্ণের প্রসাদে সর্বকাল পূর্ণশক্তি ॥ ৪০০
যেমতে অদ্বৈত শিষ্য হইলেন তান। চিত্ত দিয়া শুন সেই মঙ্গল-আখ্যান ॥ ৪০১
যে-সময়ে না ছিল চৈতন্য-অবতার। বিষ্ণুভক্তিশূন্য সব আছিল সংসার ॥ ৪০২
তখনেও মাধবেন্দ্র চৈতন্যকৃপায়। প্রেম-সুখসিন্ধু-মাঝে ভাসেন সদায় ॥ ৪০৩
নিরবধি দেহে রোমহর্ষ, অশ্রু, কম্প। হুঙ্কার, গর্জন, মহাহাস্য, স্তম্ভ, ঘর্ম ॥ ৪০৪
নিরবধি গোবিন্দের ধ্যানে নাহি বাহ্য। আপনেও না জানেন—কি করেন কার্য ॥ ৪০৫
পথে চলি' যাইতেও আপনা' আপনি। নাচেন পরমরঙ্গে করি' মহাধ্বনি ॥ ৪০৬
কখনও বা হেন সে আনন্দমূর্ছা হয়। দুই-তিন প্রহরেও দেহে বাহ্য নয় ॥ ৪০৭
কখনো বা বিরহে যে করেন রোদন। গঙ্গাধারা বহে যেন অদ্ভুত কথন ॥ ৪০৮
কখনো হাসেন অতি অট্ট-অট্ট হাস। পরানন্দরসে ক্ষণে হয় দিগ্‌বাস ॥ ৪০৯
এইমত কৃষ্ণসুখে মাধবেন্দ্র সুখী। সবে ভক্তিশূন্য লোক দেখি বড় দুঃখী ॥ ৪১০
কৃষ্ণযাত্রা আহোরাত্রি কৃষ্ণ সংকীর্তন। ইহার উদ্দেশ নাহি জানে' কোনজন ॥ ৪১১
'ধর্ম কর্ম' সব লোক এই মাত্র জানে। মঙ্গলচণ্ডীর গীতে করে' জাগরণে ॥ ৪১২
দেবতা জানেন সবে 'ষষ্ঠী বিষহরী। তাহারে পূজেন সভে মহাদম্ভ করি' ॥ ৪১৩

---

১ (৫ম) পরমাদ [খ]; ৩ (৩য়) ভেদ [ঘ, জ], ৫ (২য়) হস্তে [খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ], (৩য়) ঈশ্বরেরে [চ, জ], (১১শ, ১২শ) কিবা ফল [ছ]; ১৩ (৩য়) বিষ্ণুভক্তি [ক, খ, গ, ঘ, জ, ঝ]; ১৫ (৬ষ্ঠ, ৭ম) ছিল সকল [ঘ, জ]; ১৬ (৪র্থ) কৃষ্ণপ্রেম,সিন্ধু [ছ]; ১৯ (৭ম) পরমানন্দে [ঙ,ঝ], পরমসুখে [ছ]. (৯ম) হরিধ্বনি [ঘ, ঙ, চ, ছ, ঝ]; ২১ (১০ম) অকথা [ঘ, জ]; ২২ (৮ম) হই [ক, ঘ, জ], দেখি [চ]; ২৩—এই পংক্তির পর অতিরিক্ত পাঠ —"তার হিত চিন্তিতে ভাবেন নিতিনিতি। কৃষ্ণ প্রকট হয়েন এই তাঁর মতি ॥" [চ], ২৬ (৩য়) মাত্র [ঘ, জ], (৬ষ্ঠ—৮ম) তাও যে পূজেন সেহো [ঝ]।

'ধন বংশ বাঢ়ুক' করিয়া কাম্য মনে। মদ্য-মাংসে দানব পূজয়ে কোন জনে ॥ ৪১৪
যোগিপাল ভোগিপাল মহীপালের গীত। ইহা শুনিতে সে সর্বলোক আনন্দিত ॥ ৪১৫
অতি বড় সুকৃতি সে স্নানের সময়। গোবিন্দ-পুণ্ডরীকাক্ষ-নাম উচ্চারয় ॥ ৪১৬
কা'রে বা 'বৈষ্ণব' বলি, কেনে বা কীর্তন। কেনে বা কৃষ্ণের নৃত্য, কেনে বা ক্রন্দন ॥ ৪১৭
বিষ্ণুমায়াবশে লোক কিছুই না জানে'। সকল জগত বদ্ধ মহা-তমোগুণে ॥ ৪১৮
লোক দেখি' দুঃখে ভাবে' শ্রীমাধবপুরী।—'হেন নাহি, তিলার্ধ সম্ভাষা যা'রে করি ॥' ৪১৯
সন্ন্যাসীর সনে বা করেন সম্ভাষণ। সেহো আপনারে মাত্র বোলে 'নারায়ণ' ॥ ৪২০
এ-দুঃখে সন্ন্যাসি-সনে না কহেন কথা। হেন স্থান নাহি—কৃষ্ণভক্তি শুনে' যথা ॥ ৪২১
'জ্ঞানী যোগী তপস্বী বিরক্ত' খ্যাতি যা'র। কারো মুখে নাহি দাস্যমহিমা-প্রচার ॥ ৪২২
যত অধ্যাপক, সেহো তর্ক সে বাখানে'। তা'রা সভে কৃষ্ণের বিগ্রহ নাহি মানে' ॥ ৪২৩
দেখিতে শুনিতে দুঃখে শ্রীমাধবপুরী। মনে-মনে চিন্তে'—"বনবাস গিয়া করি' ॥ ৪২৪
লোকমধ্যে ভ্রমি কেনে বৈষ্ণব দেখিতে। সে বৈষ্ণব নাম বোল না শুনি জগতে ॥ ৪২৫
অতএব এ-সকল লোক-মধ্য হৈতে। বনে যাই—যথা লোক না পাই দেখিতে ॥ ৪২৬
এতেকে সে বন ভাল এ-সব হইতে। বনে দেখা নহে অবৈষ্ণবের সহিতে ॥ ৪২৭ ॥"
এইমত মনোদুঃখে ভাবিতে চিন্তিতে। ঈশ্বর-ইচ্ছায় দেখা অদ্বৈত-সহিতে ॥ ৪২৮
বিষ্ণুভক্তিশূন্য দেখি' সকল সংসার। অদ্বৈত-আচার্য দুঃখ ভাবেন অপার ॥ ৪২৯
তথাপি অদ্বৈতসিংহ কৃষ্ণের কৃপায়। প্রৌঢ় করি' বিষ্ণুভক্তি বাখানে' সদায় ॥ ৪৩০
নিরন্তর পঢ়ায়েন গীতা ভাগবত। ভক্তি বাখানেন মাত্র—গ্রন্থে যেই মত ॥ ৪৩১
হেনই সময়ে মাধবেন্দ্র মহাশয়। অদ্বৈত গৃহে আসি' হইলা উদয় ॥ ৪৩২
দেখিয়া অদ্বৈত তান বৈষ্ণব-লক্ষণ। প্রণাম হইয়া পড়িলেন সেইক্ষণ ॥ ৪৩৩
মাধবেন্দ্রপুরীও অদ্বৈতে করি' কোলে। সিঞ্চিলেন অঙ্গ তান প্রেমানন্দ-জলে ॥ ৪৩৪
অন্যোহন্যে কৃষ্ণকথারসে দুইজন। আপনার দেহ কা'রো না হয় স্মরণ ॥ ৪৩৫
মাধবপুরীর প্রেম—অকথ্যকথন। মেঘ-দরশনে মূর্ছা হয় সেইক্ষণ ॥ ৪৩৬
কৃষ্ণনাম শুনিলেই করেন হুঙ্কার। ক্ষণেকে সহস্র হয় কৃষ্ণের বিকার ॥ ৪৩৭
দেখিয়া তাঁহার কৃষ্ণভক্তির উদয়। বড় সুখী হইলা অদ্বৈত মহাশয় ॥ ৪৩৮
তাঁ'র ঠাঞি উপদেশ করিলা গ্রহণ। হেনমতে মাধবেন্দ্র অদ্বৈত-মিলন ॥ ৪৩৯

---

১ (৭ম—৯ম) মৎস্য মাংসে দানে পূজে কোন [ক, খ]; ২ (৬ষ্ঠ—৮ম) শুনি সর্বলোক হয় [চ]; ৪ (৫ম—৭ম) কোন বা কীর্তন [ক, গ], কোন্ সংকীর্তন [ঘ, জ], কেমন কীর্তন [ঙ], কিবা সংকীর্তন [ঝ]; ৫ (৯ম) হয়েতমো-গুণে [ক], মায়া- [চ]; ৬ (৮ম) তিলার্ধেক [ক, চ], (১০ম) কারে [ক, গ], যাহে [ঘ, ঙ]; ১০ (৩য়) সেই [ক, গ, ঘ, জ], (৩য়—৫ম) সব কুতর্ক [চ]; ১১ (৩য়) দুঃখী [ঘ, চ, ঝ]; ১৪ (৮ম) কথা [ক, খ, গ, ঘ, চ, জ, ঝ]; ১৫ (২য়) মনেদুঃখ [ক, ঘ, জ]; ১৭ (৫ম) দৃঢ় [ক, গ, চ]; ২২ (২য়, ৩য়) কৃষ্ণকথা কহে সর্বক্ষণ [খ, জ]; ২৪ (৫ম) দণ্ডেকে [ক, খ, ঘ, ঙ, ছ, ঝ], দণ্ডে দণ্ডে [জ]; ২৫ (৩য়) বিষ্ণু [ক, খ, গ, ঙ, চ, ছ, জ, ঝ] ।

মাধবপুরীর আরাধনার দিবসে। সর্বস্ব নিক্ষেপ করে' অদ্বৈত হরিষে ॥ ৪৪০
দৈবে সেই পুণ্যতিথি আসিয়া মিলিলা। সন্তোষে অদ্বৈত সজ্জ করিতে লাগিলা ॥ ৪৪১
শ্রীগৌরসুন্দর সব পারিষদ সনে। বড় সুখী হইলেন সেই পুণ্যদিনে ॥ ৪৪২
সেই তিথি পূজিবারে আচার্য গোসাঞি। যত সজ্জ করিলেন, তা'র অন্ত নাই ॥ ৪৪৩
নানা দিগ হৈতে সজ্জ লাগিল আসিতে। হেন নাহি জানি—কে আনয়ে কোন্ ভিতে ॥
মাধবেন্দ্রপুরীপ্রতি প্রীতি সভাকার। সভেই লইলেন যথাযোগ্য অধিকার ॥ ৪৪৫
আই লইলেন যত রন্ধনের ভার। আই বেঢ়ে' সর্ব্ব-বৈষ্ণবের পরিবার ॥ ৪৪৬
নিত্যানন্দমহাপ্রভু সন্তোষ অপার। বৈষ্ণব পূজিতে লইলেন অধিকার ॥ ৪৪৭
কেহো বোলে, "আমি সব ঘষিমু চন্দন।" কেহো বোলে, "মালা আমি করিমু গ্রন্থন ॥"
কেহো বোলে, "জল আনিবার মোর ভার।" কেহো বোলে, "মোর ভার স্থান-উপস্কার ॥
কেহো বোলে, "মুঞি যত বৈষ্ণবচরণ। মোর ভার সকল করিমু প্রক্ষালন ॥" ৪৫০
কেহো বান্ধে পতাকা, চান্দোয়া কেহো টানে। কেহো ভাণ্ডারের দ্রব্য দেয়, কেহো আনে
কথোজনে লাগিলা করিতে সংকীর্তন। আনন্দে করেন নৃত্য আর কথোজন ॥ ৪৫২
কথোজনে আর 'হরি' বোলয়ে কীর্তনে। শঙ্খ ঘণ্টা বাজায়েন আর কথোজনে ॥ ৪৫৩
কথোজনে করে' তিথি পুজিবার কার্য। কেহো বা হইলা তিথি পূজার আচার্য ॥ ৪৫৪
এইমত পরানন্দরসে ভক্তগণ। সভেই করেন কার্য যাঁ'র যেই মন ॥ ৪৫৫
'খাও পিও আন লহ দেহ' হরিধ্বনি।' ইহা বিনা চতুর্দিগে আর নাহি শুনি ॥ ৪৫৬
শঙ্খ, ঘণ্টা, মৃদঙ্গ মন্দিরা করতাল। সংকীর্তনসঙ্গে ধ্বনি বাজয়ে বিশাল ॥ ৪৫৭
পরানন্দে কাহারো নাহিক বাহ্যজ্ঞান। অদ্বৈতভবন হৈল শ্রীবৈকুণ্ঠধাম ॥ ৪৫৮
আপনে শ্রীগৌরচন্দ্র পরমসন্তোষে। সম্ভারের সজ্জ দেখি' বুলেন হরিষে ॥ ৪৫৯
তণ্ডুল দেখয়ে প্রভু ঘর দুই-চারি। পর্বতপ্রমাণ দেখে কাষ্ঠ সারি-সারি ॥ ৫৬০
ঘর পাঁচ দেখে ঘট রন্ধনের স্থালী। ঘর দুই-চারি দেখে মুদ্গের বিয়লি ॥ ৪৬১
নানাবিধ বস্ত্র দেখে ঘর পাঁচ-সাত। ঘর দশ-বার প্রভু দেখে খোলা পাত ॥ ৪৬২
ঘর দুই-চারি প্রভু দেখে চিপীটক। সহস্র-সহস্র কান্দি দেখে কদলক ॥ ৪৬৩
না জানি কতেক নারিকেল গুয়া পান। কোথা হৈতে আসিয়া হইল বিদ্যমান ॥ ৪৬৪
পটোল বাস্তুক থোড় আলু শাক মান। কত ঘর ভরিয়াছে—নাহিক প্রমাণ ॥ ৪৬৫
সহস্র-সহস্র ঘড়া দেখে দধি দুগ্ধ। ক্ষীর, ইক্ষুদণ্ড, অঙ্কুরের সনে মুদ্গ ॥ ৪৬৬

---

১ (৭ম) মনের (ঘ]; ৫ (৯ম—১৩শ) জানে কেবা আনে কোথা হৈতে [চ]; ৬ (৭ম) যেই ভার [ঙ]; ১০ (১০ম) দায় [ক, খ, গ, ঙ, ঝ]; ১২ (৮ম—১১শ) বা ভাণ্ডারী কেহো দ্রব্য দেই [ক]; ১৬ (২য়) পরানন্দে যত [ঘ, জ], (৭ম, ৮ম) হৈয়া হর্ষ [চ]; ১৭ (১ম—৫ম) খায় পিয়ে আনন্দে দেন [চ], (৩য়—৫ম) লেহ দেহ কর [ঙ]; ২০ (২য়) সে মহাপ্রভু [ঘ, জ]; ২৫ (১১শ) উপস্থান [চ]; ২৬ [২য়] বার্তাকু [জ, ঞ]।

তৈল ঘৃত লবণ কলস দেখে যত। সকল অনন্ত—লিখিবারে পারি কত ॥ ৪৬৭
অতি-অমানুষি দেখি' সকল সম্ভার। চিত্তে যেন প্রভু হইলেন চমৎকার ॥ ৪৬৮
প্রভু বোলে, "এ সম্পত্তি মনুষ্যের নয়। 'আচার্য মহেশ'—হেন মোর চিত্তে লয় ॥ ৪৬৯
মনুষ্যের এত কি সম্পত্তি সম্ভবে? এ-সম্পত্তি সকল সম্ভবে মহাদেবে ॥ ৪৭০
বুঝিলাঙ আচার্য মহেশ-অবতার।" এইমত হাসি' প্রভু বোলে বার-বার ॥ ৪৭১
ছলে অদ্বৈত তত্ত্ব মহাপ্রভু কহে। যে হয় সুকৃতি, সেই পরানন্দে লয়ে ॥ ৪৭২
তাঁ'র বাক্যে অনাদর অনাস্থা যাহার। তা'রে শ্রীঅদ্বৈত হয় অগ্নি-অবতার ॥ ৪৭৩
যদ্যপি অদ্বৈত কোটি-চন্দ্র-সুশীতল। তথাপি চৈতন্যবিমুখের কালানল ॥ ৪৭৪
সকৃত যে-জন বোলে 'শিব' হেন নাম। সেহো কোন প্রসঙ্গে না জানে' তত্ত্ব তান ॥ ৪৭৫
সেইক্ষণে সর্বপাপ হৈতে মুক্ত হয়। বেদে শাস্ত্রে ভাগবতে এই তত্ত্ব কয়' ॥ ৪৭৬
হেন শিব-নাম শুনি' যা'র দুঃখ হয়। সেই জন অমঙ্গল-সমুদ্রে ভাসয় ॥ ৪৭৭

তথা হি (শ্রীভা০ ৪।৪।১৪)—

"যদ্দ্ব্যক্ষরং নাম গিরেরিতং নৃণাং, সকৃৎ প্রসঙ্গাদঘমাশু হন্তি তৎ।
পবিত্রকীর্তিং তমলঙ্ঘ্যশাসনং, ভবানহো দ্বেষ্টি শিবং শিবেতরঃ ॥" ৪৭৮

শ্রীবদনে কৃষ্ণচন্দ্র বোলেন আপনে। শিবে যে না পূজে', সে বা মোরে পূজে' কেনে? ৪৭৯
মোর প্রিয় শিব-প্রতি অনাদর যা'র। কেমতে বা মোরে ভক্তি হইব তাহার? ৪৮০

তথা হি —

"কথং বা ময়ি ভক্তিং স লভতাং পাপপুরুষঃ। যো মদীয়ং পরং ভক্তং শিবং সম্পূজয়েন্ন হি ॥" ৪৮১

"অতএব সর্বাদ্যে শ্রীকৃষ্ণে পূজি' তবে। প্রীতে শিব পূজি' পূজিবেক সর্বদেবে ॥" ৪৮২

তথা হি স্কন্দপুরাণে —

"প্রথমং কেশবং পূজাং কৃত্বা দেবমহেশ্বরম্। পূজনীয়া মহাভক্ত্যা যে চান্যে সন্তি দেবতাঃ ॥ ৪৮৩

হেন 'শিব' অদ্বৈতেরে বোলে সাধুজনে। সেহো শ্রীচৈতন্যচন্দ্র-ইঙ্গিত কারণে ॥ ৪৮৪
ইহাতে অবুধগণ মহা কলি করে'। অদ্বৈতের মায়া না বুঝিয়া ভালে মরে ॥ ৪৮৫
সে-সম্ভার দেখিয়া প্রভু মহাহর্ষ-মনে। আচার্যেরে প্রশংসা করেন অনুক্ষণে ॥ ৪৮৬
একে-একে দেখি' প্রভু সকল সম্ভার। কীর্তনস্থলীতে আইলেন পুনর্বার ॥ ৪৮৭
প্রভু মাত্র আইলেন সংকীর্তন-স্থানে। পরানন্দ পাইলেন সর্বভক্তগণে ॥ ৪৮৮

---

১ (২য়—৫ম) বা লবণ চিড়া দেখে প্রভু [খ], বা লবণ গুড় দেখে প্রভু [ঝ]; ৪ (৭ম) কেবল [জ], সকলে [ঝ]; ৯ (১ম) সুকৃতি [ক, ঘ, চ, জ]; ১০ (৪র্থ) শুদ্ধ [ক, খ, গ, ঝ], (১০ম) মতে [ঘ, জ]; ১৯(২য়)সর্বারাধ্য [চ], (২য়—৫ম) সর্ব-আগে শ্রীকৃষ্ণ পূজিবে [কচিৎ পাঠ], (৬ষ্ঠ—১০ম) "প্রথমে শিব পূজিবেক অন্যদেব তবে ॥" [ঘ, জ]; ২২ (৫ম) সাধুগণে [খ, ঝ], (৭ম) -আজ্ঞায়- [চ]; ২৪ (৪র্থ) -মন [ক, খ, ঝ, ঞ], (৮ম) অনুক্ষণ [ক, খ, ঝ, ঞ]।

না জানি—কে কোন্ দিগে নাচে গায় বা'য়। না জানি—কে কোন্ দিগে মহানন্দে ধায়
সভে করে' মহা-জয়-জয়-হরিধ্বনি। 'বোল বোল হরি বোল' আর নাহি শুনি ॥ ৪৯০
সর্ব-বৈষ্ণবের অঙ্গ চন্দনে ভূষিত। সভার সুন্দর বক্ষ—মালায় পূর্ণিত ॥ ৪৯১
সভেই প্রভুর পারিষদের প্রধান। সভে নৃত্য গীত করে' প্রভু-বিদ্যমান ॥ ৪৯২
মহানন্দে উঠিল শ্রীহরিসংকীর্তন। যে-ধ্বনি পবিত্র করে' অনন্ত ভুবন ॥ ৪৯৩
নিত্যানন্দ মহামল্ল প্রেমসুখময়। বাল্যভাবে নৃত্য করিলেন অতিশয় ॥ ৪৯৪
বিহ্বল হইয়া অতি আচার্যগোসাঞি। যত নৃত্য করিলেন, তা'র অন্ত নাঞি ॥ ৪৯৫
নাচিলেন অনেক ঠাকুর-হরিদাস। সভেই নাচেন অতি পাইয়া উল্লাস ॥ ৪৯৬
মহাপ্রভু শ্রীগৌরসুন্দরো সর্বশেষে। নৃত্য করিলেন অতি অশেষবিশেষে ॥ ৪৯৭
সর্বপারিষদে প্রভু আগে নাচাইয়া। শেষে নৃত্য করেন আপনে সভা' লৈয়া ॥ ৪৯৮
মণ্ডলী করিয়া নৃত্য করে' ভক্তগণ। মধ্যে নাচে মহাপ্রভু শ্রীশচীনন্দন ॥ ৪৯৯
এইমত সর্বদিন নাচিয়া গাইয়া। রহিলেন মহাপ্রভু সভারে লইয়া ॥ ৫০০
তবে শেষে আজ্ঞা মাগি' অদ্বৈত-আচার্য। ভোজনের করিতে লাগিলা সর্ব কার্য ॥ ৫০১
বসিলেন মহাপ্রভু করিতে ভোজন। মধ্যে প্রভু—চতুর্দিগে সর্বভক্তগণ ॥ ৫০২
চতুর্দিগে ভক্তগণ যেন তারাময়। মধ্যে কোটিচন্দ্র-হেন প্রভুর উদয় ॥ ৫০৩
দিব্য অন্ন বহুবিধ পিষ্টক ব্যঞ্জন। মাধবেন্দ্র-আরাধনা—আইর রন্ধন ॥ ৫০৪
মাধবপুরীর কথা কহিয়া কহিয়া। ভোজন করেন প্রভু সর্বগণে লৈয়া ॥ ৫০৫
প্রভু বোলে, "মাধবেন্দ্র-আরাধনা-তিথি। ভক্তি হয় গোবিন্দে, ভোজন কৈলে ইথি ॥"৫০৬
এইমত রঙ্গে প্রভু করিয়া ভোজন। বসিলেন গিয়া প্রভু করি' আচমন ॥ ৫০৭
তবে দিব্য সুগন্ধি চন্দনে দিব্য মালা। প্রভুর সম্মুখে আনি' অদ্বৈত থুইলা ॥ ৫০৮
তবে প্রভু নিত্যানন্দস্বরূপের আগে। দিলেন চন্দন মালা মহা-অনুরাগে ॥ ৫০৯
তবে প্রভু সর্ব বৈষ্ণবেরে জনে-জনে। শ্রীহস্তে চন্দন মালা দিলেন আপনে ॥ ৫১০
শ্রীহস্তের প্রসাদ পাইয়া ভক্তগণ। সভার হইল পরানন্দময় মন ॥ ৫১১
উচ্চ করি' সভেই করেন হরিধ্বনি। কিবা সে আনন্দ হৈল—কহিতে না জানি ॥ ৫১২
অদ্বৈতের যে-আনন্দ—অন্ত নাহি তা'র। আপনে বৈকুণ্ঠপুরনাথ গৃহে যাঁ'র ॥ ৫১৩
এ-সকল রঙ্গ প্রভু করিলেন যত। মনুষ্যের শক্তি ইহা বর্ণিবেক—কত ? ৫১৪

১ম পংক্তির পর বন্ধনীর মধ্যে অতিরিক্ত পাঠ—"নবনব বস্তু সব দেখে প্রভু যত। সকল অনন্ত লেখিবারে পারি কত ॥" [ঝ]; ২ (৪র্থ, ৫ম) হরিবোল [চ]; ৫ (৪র্থ) -নামে [ঞ], ৬ (২য়) মহামত্ত [ক, চ, ঞ], মহাপ্রভু [ঘ, জ, ঙ], (৭ম) মহাশয় [ক]; ৮ (২য়) ক্ষণেক [ঘ, জ], (৭ম) হইঞা [খ, ঘ, ঙ, জ]; ১২ (৭ম, ৮ম) সর্বগণ লৈয়া [চ]; ১৩ (২য়) শেষ [ঝ], (৪র্থ) লই [ঙ], ১৫ (৭ম) করিলা [ঙ], হইল [ছ]; ১৭ (৮ম) সর্বভক্ত [ছ, ঞ]; ১৮ (৯ম) তথি [ঘ, জ]; ১৯ (১ম, ২য়) পরম সন্তোষে [ছ]; ২০ (৫ম) পুষ্প [ঘ, জ], (১০ম) আচার্য [ঘ, ঙ, জ]; ২১ (৮ম) প্রেম- [জ]; ২৫ (৩য়—৫ম) অতুল অপার [খ]।

একোদিবসের যত চৈতন্যবিহার। কোটি-বৎসরেও কেহো নারে' বর্ণিবার ॥ ৫১৫
পক্ষী যেন আকাশের অন্ত নাহি পায়। যত দূর শক্তি, তত দূর উড়ি' যায় ॥ ৫১৬
এইমত চৈতন্য-যশের অন্ত নাঞি। তিঁহো যত শক্তি দেন, সভে তত গাই ॥ ৫১৭
কাষ্ঠের পুত্তলি যেন কুহকে নাচায়। এইমত গৌরচন্দ্র মোরে যে বোলায় ॥ ৫১৮
এইসব কথার অনুক্রম নাহি জানি। যে-তে-মতে চৈতন্যের যশ সে বাখানি ॥ ৫১৯
সর্ব-বৈষ্ণবের পা'য়ে মোর নমস্কার। ইথে অপরাধ কিছু নহুক আমার ॥ ৫২০
এ-সকল পুণ্যকথা যে করে' শ্রবণ। যেবা পঢ়ে, তা'রে মিলে কৃষ্ণপ্রেমধন ॥ ৫২১
শ্রী(কৃষ্ণ)চৈতন্য-নিত্যানন্দচান্দ পঁহু জান। বৃন্দাবনদাস তছু পদযুগে গান ॥ ৫২২

ইতি শ্রীচৈতন্যভাগবতে অন্ত্যখণ্ডে রামকেলিগমনং তথা শান্তিপুরে
শ্রীমদদ্বৈত গৃহে বিবিধ-বিলাসঃ শ্রীমাধবেন্দ্র-তিথিপূজা-বর্ণনং
চ নাম চতুর্থোঽধ্যায়ঃ ॥ ৪

১ (৫ম, ৬ষ্ঠ) তাহা নারি [ঘ, ঙ, ছ, জ, ঝ], ২ (৯ম) পারে [ঙ]; ৩ (২য়) -রসের [ঘ, জ], -লীলার [ছ], (৯ম, ১০ম) সভে ইহা [ঙ], তাহি সভে [ছ], (১০ম) মাত্র [গ], দূর [চ]; ৪ (২য়) পুতলী [ঝ]; ৬ (৩য়, ৪র্থ) এই মনস্কাম [ছ]; ৭ (৬ষ্ঠ, ৭ম) অচিরাতে [চ] অবশ্য [ঝ], (১০ম) শ্রীকৃষ্ণচরণ [চ]; ৮ (১ম) শ্রীকৃষ্ণচৈতন্য …… চান্দ (চন্দ্র -ক, জ), (২য়, ৩য়) জান [ক, গ, ঘ, চ, ছ, জ, ঝ, ঞ]।

পঞ্চম অধ্যায়

জয় জয় শ্রীগৌরসুন্দর সর্ব-গুরু। জয় জয় ভক্তজন-বাঞ্ছাকল্পতরু ॥ ১
জয় জয় ন্যাসিমণি শ্রীবৈকুণ্ঠনাথ। জীব প্রতি কর' প্রভু! শুভদৃষ্টিপাত ॥ ২
ভক্তগোষ্ঠী-সহিত গৌরাঙ্গ জয় জয়। জয় জয় শ্রীকরুণাসিন্ধু দয়াময় ॥ ৩
শেষখণ্ডকথা ভাই! শুন একমনে। শ্রীগৌরসুন্দর বিহরিলেন যেমনে ॥ ৪
কথোদিন থাকি' প্রভু অদ্বৈতের ঘরে। আইলা কুমারহট্টে শ্রীবাস মন্দিরে ॥ ৫
কৃষ্ণধ্যানানন্দে বসি' আছেন শ্রীবাস। আচম্বিতে ধ্যানফল সম্মুখে প্রকাশ ॥ ৬
নিজ-প্রাণনাথে দেখি' শ্রীবাসপণ্ডিত। দণ্ডবত হঞা সে পড়িলা পৃথিবী ত ॥ ৭
শ্রীচরণ বক্ষে করি' পণ্ডিত-ঠাকুর। উচ্চস্বরে দীর্ঘশ্বাসে কান্দেন প্রচুর ॥ ৮

১৬ (৭ম) ভক্তগণ [গ, ঙ, চ], ভক্তকুল [ঘ, জ]; ১৮ (১ম) -সহিতে [ঝ], (৫ম—৮ম) "শুনিলে চৈতন্য-কথা ভক্তি লভ্য হয় ॥" [ঞ], (৬ষ্ঠ—৮ম) শ্রীকরুণাসিন্ধু মহাদয়াময় [ঘ], (৮ম) মহাশয় [গ], রসময় [চ]; ১৯ (৬ষ্ঠ, ৭ম) বিহরয়ে যেন মনে [ঘ]; ২৩ (৪র্থ) শ্রীবাস [খ]।

শ্রীগৌরসুন্দরো শ্রীবাসেরে করি' কোলে। সিঞ্চিলেন অঙ্গ তান প্রেমানন্দ-জলে ॥ ৯
সুকৃতি শ্রীবাসগোষ্ঠী চৈতন্য-প্রসাদে। সভে প্রভু দেখি' ঊর্দ্ধবাহু করি' কান্দে ॥ ১০
বৈকুণ্ঠনায়কে গৃহে পাইয়া শ্রীবাস। হেন নাহি জানেন—কি জন্মিল উল্লাস ॥ ১১
আপনে মাথায় করি' উত্তম আসন। দিলেন বসিলা তথি কমললোচন ॥ ১২
চতুর্দ্দিগে বসিলেন পারিষদগণ। সভেই গায়েন কৃষ্ণনাম অনুক্ষণ ॥ ১৩
গৃহে 'জয়কার' করে' পতিব্রতাগণ। আনন্দস্বরূপ হৈল শ্রীবাসভবন ॥ ১৪
প্রভু আইলেন মাত্র পণ্ডিতের ঘর। বার্তা পাঞা আইলেন আচার্য-পুরন্দর ॥ ১৫
তাঁ'রে দেখি, মহাপ্রভু 'পিতা' করি' বোলে। মহাপ্রেমে প্রভু তানে করিলেন কোলে ॥
পরম-সুকৃতি সে আচার্য-পুরন্দর। প্রভু দেখি' কান্দে অতি হঞা অসম্বর ॥ ১৭
বাসুদেবদত্ত আইলেন সেইক্ষণে। শিবানন্দসেন-আদি আপ্তবর্গসনে ॥ ১৮
প্রভুর পরম প্রিয়—বাসুদেবদত্ত। প্রভুর কৃপায় সে জানেন সর্ব-তত্ত্ব ॥ ১৯
জগতের হিতকারি—বাসুদেবদত্ত। সর্বভূতে কৃপালু—চৈতন্যরসে মত্ত ॥ ২০
গুণগ্রাহী অদোষদরশী সভা' প্রতি। ঈশ্বরে-বৈষ্ণবে যথাযোগ্য রতি মতি ॥ ২১
বাসুদেবদত্ত দেখি' শ্রীগৌরসুন্দর। কোলে করি' লাগিলেন কান্দিতে বহুতর ॥ ২২
বাসুদেবদত্তো ধরি' প্রভুর চরণ। উচ্চস্বরে লাগিলেন করিতে ক্রন্দন ॥ ২৩
বাসুদেব কান্দিতে কে আছে হেন জন ? শুষ্ক-কাষ্ঠ পাষাণ—যে না করে' ক্রন্দন ? ২৪
বাসুদেবদত্তের যতেক গুণসীমা। বাসুদেবদত্ত বিনা নাহিক উপমা ॥ ২৫
হেন সে প্রভুর প্রীতি দত্তের বিষয়। প্রভু বোলে, "আমি বাসুদেবের নিশ্চয় ॥" ২৬
আপনে শ্রীগৌরচন্দ্র বোলে বারবার— "এ শরীর বাসুদেবদত্তের আমার ॥ ২৭
দত্ত আমা' যথা বেচে, তথাই বিকাই। সত্যসত্য—ইহাতে অন্যথা কিছু নাই ॥ ২৮
বাসুদেবদত্তের বাতাস যাঁ'র গা'য়। লাগিয়াছে, তা'রে কৃষ্ণ রক্ষিব সদায় ॥ ২৯
সত্য আমি কহি, 'শুন বৈষ্ণবমণ্ডল! এ-দেহ আমার—বাসুদেবের কেবল' ॥" ৩০
বাসুদেবদত্তেরে প্রভুর কৃপা শুনি'। আনন্দে বৈষ্ণবগণ করে' জয়ধ্বনি ॥ ৩১
ভক্ত বাঢ়াইতে গৌরসুন্দর সে জানে'। যেন করে' ভক্ত, তেন করেন আপনে ॥ ৩২
এইমত রঙ্গে প্রভু শ্রীগৌরসুন্দর। কথোদিন রহিলেন শ্রীবাসের ঘর ॥ ৩৩

---

১ (৮ম) নিজপ্রেম [ক, গ, চ, ছ, ঝ], নিজচক্ষু [ঞ]; ২ (৩য়) প্রভুর [ঝ]; ৬ (৭ম) সভাকার মন [ঘ, ঙ, জ]; ৮ (৭ম, ৮ম) প্রেমাবেশে মত্ত [খ, ঞ], মহাপ্রভু প্রেমে [ছ]; (৮ম) মত্ত [ক, গ, ঘ]; ১০ (৫ম) যত আপ্তগণে [ঘ, ঙ], আইলা সর্বগণে [জ]; ১৪ (৮ম) নির্ভর [ক, খ, গ, ঞ]; বিস্তর [ঘ, ছ]; ১৬ (৮ম—১১শ) পাষাণাদি কর‍য়ে [গ, ঘ, জ]; ১৭ (৫ম) বিনে [ঘ, জ], বিনু [ঝ]; ২২ (৫ম) বৈষ্ণবসকলে [ঞ], (৬ষ্ঠ—৯ম) "পরাজয় আমি বাসুদেব প্রেমবলে ॥" [ঞ]; ২৩ (৮ম) হরি- [গ, জ, ঞ]; ২৪ (৩য়, ৪র্থ) গৌরচন্দ্র ভাল [গ, ঘ]; সে গৌর ভালে [ছ], সে গৌরাঙ্গ ভাল [জ]; ২৫ (৩য়) তবে [ঞ], (৪র্থ) শ্রীগৌরসুন্দরে (ঙ, চ, ঞ], (৭ম, ৮ম শ্রীবাসমন্দিরে [ঙ]।

শ্রীবাস রামাই— দুই ভাই গুণ গায়। বিহ্বল হঞা নাচে বৈকুণ্ঠের রায়॥ ৩৪
চৈতন্যের অতিপ্রিয়—শ্রীবাস রামাঞি। দুই চৈতন্যের দেহ—দ্বিধা কিছু নাঞি॥ ৩৫
সংকীর্তন-ভাগবতপাঠ-ব্যবহারে। বিদূষক-লীলায়, কি অশেষ প্রকারে॥ ৩৬
জন্মায়েন প্রভুর সন্তোষ শ্রীনিবাস। যাঁ'র গৃহে প্রভুর সর্বাদ্য-পরকাশ॥ ৩৭
একদিন প্রভু শ্রীনিবাসের সহিতে। ব্যবহার কথা কিছু কহেন নিভৃতে॥ ৩৮
প্রভু বোলে, "তুমি দেখি কোথাও না যাও? কেমতে বা কুলাইবা, কেমতে কুলাও? ৩৯
শ্রীবাস বোলেন, "প্রভু! কোথাও যাইতে। নাহি লয় মোর চিত্তে—বলিলুঁ তোমাতে॥"
প্রভু বোলে, "পরিবার অনেক তোমার। নির্বাহ কেমতে তবে হইব সভার?" ৪১
শ্রীবাস বোলেন, "যা'র অদৃষ্টে যে থাকে। সেই হইবেক, মিলিবেক যে-তে-পাকে॥ ৪২
প্রভু বোলে, "তবে তুমি করহ সন্ন্যাস?" "ইহা না পারিমু মুঞি" বোলেন শ্রীবাস॥ ৪৩
প্রভু বোলে, "সন্ন্যাসগ্রহণ না করিবা। ভিক্ষা করিতেও কা'রো দ্বারে না যাইবা॥ ৪৪
কেমতে করিবা পরিবারের পোষণ?—কিছু ত না বুঝি মুঞি তোমার বচন॥ ৪৫
এ কালে ত কোথাও না গেলে, না আইলে। বটো মাত্র কা'রো দ্বারে আসিয়া না মিলে'॥
না মিলে' যদি আসি' তোমার দুয়ারে। তবে তুমি কি করিবা?—বোল দেখি মোরে?"
শ্রীবাস বোলেন, হাথে তিন তালি দিয়া। 'এক দুই তিন' এই কহিলুঁ ভাঙ্গিয়া॥ ৪৮
প্রভু বোলে, "এক দুই তিন যে করিলা। কি অর্থ ইহার?—কহ, কেনে তালি দিলা?"৪৯
শ্রীবাস বোলেন, "এই দঢ়ান আমার। তিন উপাসেও যদি না মিলে আহার॥ ৫০
তবে সত্য কহোঁ,—ঘট বান্ধিয়া গলায়। প্রবেশ করিমু, প্রভু! সর্বথা গঙ্গায়॥" ৫১
এইমত শ্রীবাসের শুনিঞা বচন। উঠিলা হুঙ্কার করি' শ্রীশচীনন্দন॥ ৫২
প্রভু বোলে, "কি বলিলি পণ্ডিত-শ্রীবাস?—তোহর কি অন্ন দুঃখে হইব উপাস॥ ৫৩
যদি কদাচিত বা লক্ষ্মীও ভিক্ষা করে'। তথাপিহ দারিদ্র নহিব তোর ঘরে॥ ৫৪

---

১ (৪র্থ) প্রভুর [চ], (১০ম, ১১শ) শ্রীবৈকুণ্ঠ রায় [ক, গ, ঝ], শ্রীগৌরাঙ্গ রায় [ঙ]; ২ (৫ম) দোঁহে [ঘ, ঝ], দুহে [চ], (৮ম, ৯ম) কিছু ভেদ [ঘ, জ]; ৩ (১ম) -ভাগবত পঢ়ে বারবার [গ], (২য়—৫ম) "বিহরে অনেক লীলা অশেষ প্রকার॥" [খ], "সর্বার্থে সকল লীলায় অশেষ প্রকারে॥" [চ], "বিবশ করিলা যে অশেষ পরকারে॥" [জ]; ৪ (৬ষ্ঠ) ঘরে [চ, ছ, ঝ], (৮ম) সব বাহ্য প্রকাশ [ছ]; ৬ (৭ম) যাহ [ঘ, জ], (৮ম, ৯ম) কেন মতে [ঘ, ঙ, জ], (১১শ, ১২শ) তাহা সব কহ [ঘ, ঙ, জ]; ৮ (৩য়) পরিকর [ক, গ, ছ]; ৯ (১০ম) কোনপাকে [ক, ছ]; ১০ (১১শ, ১২শ) বোলে শ্রীনিবাস [ক, গ, জ, ঝ]; ১২ (১১শ) কারণ [ঘ, ছ, জ]; ১৩ (১ম, ২য়) এত কাল [জ], (১০ম, ১৩শ) কাহারে কাহারে আসি [ঘ, জ], দ্বারেহো আসিয়া নাহি [চ], দ্বারে আসি কাহুকে না [ঝ]. ১৪ (১১শ, ১৩শ) বোলহ আমারে [খ, গ, ঘ, চ, ছ, জ, ঞ]; ১৫ (১০ম) আমি [গ, ঙ, চ, ছ, ঞ], (১১শ) কহিল [ক, খ, ঘ, জ]; ১৬ (৭ম) কহিলা [ঘ, চ, ছ, জ, ঞ]; ১৭ (৭ম) উপবাসেও [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ]; ১৮ (৩য়) করোঁ [ক, চ], (৯ম) আমি [গ], মুঞি [ঝ], তবে [ঞ]; ১৯ (১ম) এইমাত্র [ঘ, জ, ঝ]; ২০ (৬ষ্ঠ—৯ম) তোর কি অন্নের দুঃখ [গ, ঝ], (১১শ) উপবাস [ক, খ, ঘ, ঙ, চ, ঞ]; ২১ (২য়—৬ষ্ঠ) লক্ষ্মী ভিক্ষা মাগে নগরে নগরে [ছ], (৭ম—১০ম) তথাপি দরিদ্র তোর নহিবেক [ছ]।

আপনে যে গীতা শাস্ত্রে বলিয়াছি মুঞি। তাহো কি,শ্রীবাস! এবে পাসরিলি তুঞি? ৫৫

তথা হি (শ্রীগীতায়াম্, ৯।২২)—

"অনন্যাশ্চিন্তয়ন্তো মাং যে জনাঃ পর্যুপাসতে। তেষাং নিত্যাভিযুক্তানাং যোগ-ক্ষেমং বহাম্যহম্ ॥৫৬

"যে যে জনে চিন্তে মোরে অনন্য সে হঞা। তা'দেরে ভক্ষ্য দেউ মুঞি মাথায় বহিঞা॥
যেই মোরে চিন্তে' নাহি যায় কা'রো দ্বারে। আপনে আসিয়া সর্ব সিদ্ধি মিলে তা'রে ॥৫৮
ধর্ম, অর্থ, কাম, মোক্ষ—আপনে আইসে। তথাপিহ না চাহে, না লয়ে মোর দাসে॥ ৫৯
মোর সুদর্শনচক্র রাখে মোর দাস। মহাপ্রলয়েও যা'র নাহিক বিনাশ॥ ৬০
যে বা মোর দাসেরেও করয়ে স্মরণ। তাহারেও করোঁ মুঞি পোষণ পালন॥ ৬১
সেবকের দাস সে মোহর প্রিয় বড়। অনায়াসে সেই সে মোহরে পায় দঢ়॥ ৬২
কোন্ চিন্তা মোর সেবকের 'ভক্ষ্য' করি'? মুঞি যার পোষ্টা আছি সকল উপরি॥ ৬৩
সুখে শ্রীনিবাস! তুমি বসি' থাক ঘরে। আপনে মিলিব আসি তোমার দুয়ারে॥ ৬৪
অদ্বৈতেরে—তোমারে আমার এই বর। 'জড়াগ্রস্ত নহিব দোঁহার কলেবর'॥" ৬৫
রামপণ্ডিতেরে ডাকি' শ্রীগৌরসুন্দর। প্রভু বোলে, "শুন রাম! আমার উত্তর॥ ৬৬
জ্যেষ্ঠভাই শ্রীবাসেরে তুমি সর্বথায়। সেবিবা ঈশ্বরবুদ্ধ্যে আমার আজ্ঞায়॥ ৬৭
প্রাণসম তুমি মোর, শ্রীরামপণ্ডিত! শ্রীবাসের সেবা না ছাড়িবা কদাচিত॥" ৬৮
শুনি' সে প্রভুর বাক্য শ্রীবাস শ্রীরাম। অন্ত নাহি আনন্দে হৈলা পূর্ণকাম॥ ৬৯
অদ্যাপিহ শ্রীবাসেরে চৈতন্যকৃপায়। দ্বারে সব উপসন্ন হৈতেছে লীলায়॥ ৭০
কি কহিমু শ্রীবাসের উদার চরিত্র?—ত্রিভুবন হয় যাঁ'র স্মরণে পবিত্র॥ ৭১
সত্য সেবিলেন চৈতন্যেরে শ্রীনিবাস। যাঁ'র ঘরে চৈতন্যের সকল বিলাস॥ ৭২
হেন রঙ্গে শ্রীবাস-মন্দিরে গৌররায়। রহিলেন কথোদিন শ্রীবাস-ইচ্ছায়॥ ৭৩
ঠাকুরপণ্ডিত সর্বগোষ্ঠীর সহিতে। আনন্দে ভাসেন প্রভু দেখিতে দেখিতে॥ ৭৪
কথোদিন থাকি' প্রভু শ্রীবাসের ঘরে। তবে গেলা পানীহাটী—রাঘবমন্দিরে॥ ৭৫
কৃষ্ণকার্যে আছিলা শ্রীরাঘবপণ্ডিত। সম্মুখে শ্রীগৌরচন্দ্র হইলা বিদিত॥ ৭৬
নিজপ্রাণনাথে দেখি' রাঘবপণ্ডিত। দণ্ডবত হঞা পড়িলেন পৃথিবীত॥ ৭৭
দৃঢ় করি' ধরিলেন প্রভুর চরণ। আনন্দে রাঘবানন্দ করেন ক্রন্দন॥ ৭৮

---

১ (৩য়,৪র্থ) গীতায় বলিয়া আছ [ক, গ, ঘ, জ (১১শ) দেখি [ক, গ, ঝ]; ৪ (১ম—৪র্থ) যে জনা চিন্তয়ে [ক, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঞ], (১০ম) ভিক্ষা [ক, গ, ঘ, জ, ঞ]; ৬ (৯ম) ছোঁয় [ঙ]; ৮ (২য়, ৪র্থ) মোর দাসের দাস [কচিৎ পাঠ]; (১০ম, ১১শ) রক্ষণ পোষণ [খ], পোষণ রক্ষণ [ছ]; ৯ (৩য়—৫ম) মোর প্রিয়তম [ছ], (৯ম, ১০ম) জন মোরে [ছ]; ১০ (৫ম) ভিক্ষা [গ, চ], ভয় [ঘ, জ]; ১৫ (৪র্থ) শ্রীবাস- [ঘ, জ, ঙ]; ১৭ (৫ম) আসি [ঘ, ঙ, জ]; ১৮ (৫ম) চরিত [খ, ঙ, চ, ছ], (১০ম) পবিত [ছ]; ২০ (২য়) মতে [ঙ, ছ], (৩য়) শ্রীরাম- [চ]; ২৩ (২য়) আছেন [ক, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ], (৭ম) উপনীত [জ]; ২৫ (৩য়, ৪র্থ) ধরি রমাবল্লভ- [ক, গ, ঘ, চ, ছ, জ, ঝ, ঞ], ধরি মাত্র দুর্লভ- [ঙ]।

প্রভুও রাঘবপণ্ডিতেরে করি' কোলে। সিঞ্চিলেন অঙ্গ তান নয়নের জলে ॥ ৭৯
হেন সে আনন্দ হৈল রাঘবশরীরে। কোন্ বিধি করিবেন, তাহা নাহি স্ফুরে ॥ ৮০
রাঘবের ভক্তি দেখি' শ্রীবৈকুণ্ঠনাথ। রাঘবেরে করিলেন শুভদৃষ্টিপাত ॥ ৮১
প্রভু বোলে, "রাঘবের আলয়ে আসিয়া। পাসরিলুঁ সব দুঃখ রাঘবে দেখিয়া ॥ ৮২
গঙ্গায় মজ্জন কৈলে যে সন্তোষ হয়ে। সেই সুখ পাইলাঙ রাঘব-আলয়ে ॥" ৮৩
হাসি' বোলে প্রভু, "শুন রাঘবপণ্ডিত! কৃষ্ণের রন্ধন গিয়া করহ ত্বরিত ॥" ৮৪
আজ্ঞা পাঞা শ্রীরাঘব পরমসন্তোষে। চলিলেন রন্ধন করিতে প্রেমরসে ॥ ৮৫
চিত্তবৃত্তি যতেক মানস আপনার। সেইরূপে পাক বিপ্র করিলা অপার ॥ ৮৬
মনের হরিষে বিপ্র অন্ন সে বাঢ়িলা। তুলসী-মঞ্জরী দিয়া কৃষ্ণে নিবেদিলা ॥ ৮৭
আইলেন মহাপ্রভু করিতে ভোজন। নিত্যানন্দ সঙ্গে আর যত আপ্তগণ ॥ ৮৮
ভোজন করেন গৌরচন্দ্র লক্ষ্মীকান্ত। সকল ব্যঞ্জন প্রভু প্রশংসে' একান্ত ॥ ৮৯
প্রভু বোলে, "রাঘবের কি সুন্দর পাক! এমত কোথাও আমি নাহি খাই শাক ॥ ৯০
রাঘবেহ প্রভুর প্রীতি শাকে ত জানিয়া। রান্ধিয়া আছেন শাক বিবিধ আনিঞা ॥ ৯১
এইমত রঙ্গে প্রভু করি' ত ভোজন। বসিলেন আসি' প্রভু করি' আচমন ॥ ৯২
রাঘবমন্দিরে শুনি' শ্রীগৌরসুন্দর। গদাধরদাস ধাঞা আইলা সত্বর ॥ ৯৩
প্রভুর পরম প্রিয়—গদাধরদাস। ভক্তিসুখে পূর্ণ যাঁ'র বিগ্রহ প্রকাশ ॥ ৯৪
প্রভুও দেখিয়া গদাধর সুকৃতিরে। শ্রীচরণ তুলিয়া দিলেন তা'ন শিরে ॥ ৯৫
পুরন্দরপণ্ডিত, পরমেশ্বরদাস। যাঁ'র বিগ্রহে গৌরচন্দ্রের প্রকাশ ॥ ৯৬
সত্বরে ধাইঞা আইলেন সেইক্ষণে। প্রভু দেখি' প্রেমযোগে কান্দে দুইজনে ॥ ৯৭
রঘুনাথবৈদ্য আইলেন ততক্ষণে। পরম বৈষ্ণব, অন্ত নাহি যাঁ'র গুণে ॥ ৯৮
এইমত যথা যত বৈষ্ণব আছিলা। সভেই প্রভুর স্থানে আসিয়া মিলিলা ॥ ৯৯
পানীহাটীগ্রামে হৈল পরম-আনন্দ। আপনে সাক্ষাতে যথা প্রভু গৌরচন্দ্র ॥ ১০০
রাঘবপণ্ডিত—প্রতি শ্রীগৌরসুন্দর। নিভৃতে কহিলা কিছু রহস্য-উত্তর ॥ ১০১
"রাঘব! তোমারে আমি নিজ গোপ্য কই। আমার দ্বিতীয় নাহি নিত্যানন্দ বই ॥ ১০২
এই নিত্যানন্দ যেই করায়েন আমারে। সেই করি আমি, এই কহিলুঁ তোমারে ॥ ১০৩
আমার সকল কর্ম—নিত্যানন্দ-দ্বারে।—অকপটে এই আমি কহিলুঁ তোমারে ॥ ১০৪

১ (৮ম) প্রেমানন্দ- [খ, ঙ, চ, ঞ], প্রেম-অশ্রু- [ঘ, জ]; ২ (৭ম) বুদ্ধি [ঙ]; ৪ (৪র্থ) নিলয়ে [ঘ], মন্দিরে [চ]; ৫ (১০ম) নিলয় [ছ]; ৬ (১৮ম) তুরিত [ক, গ, ঘ, চ, ছ, জ], ১১ (৯ম) নিতান্ত [খ, চ, ছ]; ১২ (৫ম) সুগন্ধি [খ]; ১৩ (৯ম) অনেক [ছ], (১০ম) করিঞা [ক, খ, গ, ঘ, ঞ]; ১৬ (৫ম—৮ম) যাঁহার গৃহেতে গৌরচন্দ্রের [ঘ, জ]; ১৭ (৫ম) চরণ [চ], (৭ম) প্রভু দিলা [চ]. ১৮ (৬ষ্ঠ) বিলাস [ঙ, চ]; ১৯ (৮ম, ৯ম) করেন ক্রন্দনে [খ]; ২০ (৩য়) সেইক্ষণে [খ, ঘ, জ], (৫ম) ধার্মিক [খ, চ]; ২৩ (৭ম) মধুর- [ক, গ, ঞ]।

যেই আমি, সেই নিত্যানন্দ, ভেদ নাঞি। তোমার ঘরেই জানিবা এথাই ॥ ১০৫
মহাযোগেন্দ্রেরো যাহা পাইতে দুর্লভ। নিত্যানন্দ হৈতে তাহা হইব সুলভ ॥ ১০৬
এতেকে হঞা সে তুমি মহা সাবধান। নিত্যানন্দে সেবিহ—যেহেন ভগবান্ ॥” ১০৭
মকরধ্বজকর-প্রতি শ্রীগৌরচন্দ্র। বলিলেন, “সেবিহ রাঘব-পদদ্বন্দ্ব ॥ ১০৮
রাঘবপণ্ডিত-প্রতি যে প্রীতি তোমারো। সে কেবল সুনিশ্চয় জানিহ আমারো ॥” ১০৯
হেনমতে পানীহাটী-গ্রাম ধন্য করি’। আছিলেন কথোদিন গৌরাঙ্গ শ্রীহরি ॥ ১১০
তবে প্রভু আইলেন বরাহনগরে। মহাভাগ্যবন্ত এক ব্রাহ্মণের ঘরে ॥ ১১১
সেই বিপ্র বড় সুশিক্ষিত ভাগবতে। প্রভু দেখি’ ভাগবত লাগিলা পড়িতে ॥ ১১২
শুনি’ সে তাহান ভক্তিযোগের পঠন। আবিষ্ট হইলা গৌরচন্দ্র নারায়ণ ॥ ১১৩
‘বোল বোল’ বোলে প্রভু শ্রীবৈকুণ্ঠরায়। হুঙ্কার গর্জন প্রভু করেন সদায় ॥ ১১৪
সেহো বিপ্র পড়ে পরানন্দে মগ্ন হঞা। প্রভুও করেন নৃত্য বাহ্য পাসরিঞা ॥ ১১৫
ভক্তির মহিমা-শ্লোক শুনিতে শুনিতে। পুনঃপুন আছাড় পড়েন পৃথিবীতে ॥ ১১৬
হেন সে করেন প্রভু প্রেমের প্রকাশ। আছাড় দেখিতে সর্বলোক পায় ত্রাস ॥ ১১৭
এইমত রাত্রি তিনপ্রহর-অবধি। ভাগবত শুনিঞা নাচিলা গুণনিধি ॥ ১১৮
বাহ্য পাঞা বসিলেন শ্রীশচীনন্দন। সন্তোষে বিপ্রেরে করিলেন আলিঙ্গন ॥ ১১৯
প্রভু বোলে, “ভাগবত এমত পড়িতে। কভু নাহি শুনি’ আর কাহারো মুখেতে ॥ ১২০
এতেকে তোমার নাম ‘ভাগবতাচার্য’। ইহা বিনা আর কোন না করিহ কার্য ॥” ১২১
বিপ্র-প্রতি প্রভুর পদবী যোগ্য শুনি’। সভে করিলেন মহা-জয়-‘হরি’ধ্বনি ॥ ১২২
এইমত প্রতি-গ্রামে-গ্রামে গঙ্গাতীরে। রহিয়া রহিয়া প্রভু ভক্তের মন্দিরে ॥ ১২৩
সভার করিয়া মনোরথ পূর্ণকাম। পুন আইলেন প্রভু নীলাচল-স্থান ॥ ১২৪
গৌড়দেশে পুনর্বার প্রভুর বিহার। ইহা যে শুনয়ে, তা’র দুঃখ নহে আর ॥ ১২৫
সর্ব নীলাচল-দেশে উপজিল ধ্বনি। পুন আইলেন প্রভু ন্যাসিচূড়ামণি ॥ ১২৬
মহানন্দে সর্বলোক ‘জয়জয়’ বোলে। “আইলা সচল-জগন্নাথ নীলাচলে ॥ ১২৭
শুনি’ সর্ব উৎকলের পারিষদগণ। সার্বভৌম-আদি আইলেন সেইক্ষণ ॥ ১২৮
চিরদিন প্রভুর বিরহে ভক্তগণ। আনন্দে প্রভুরে দেখি’ করয়ে ক্রন্দন ॥ ১২৯

---

১ (৯ম) শেষে [খ, চ, ছ]; ২ (১ম) মহাযোগেশ্বরে [গ, ঞ]; ৫ (৭ম) সকল [ঞ]; ৭ (৫ম) মহাভাগাবান [চ, ছ]; ৮ (৪র্থ) সুসংস্কৃত [ঘ]; ৯ (৫ম) কথন [ঙ]; ১০ (৫ম) শ্রীগৌরাঙ্গরায় [চ, জ, ঞ]; ১১ (৪র্থ) প্রেমানন্দে [ঘ], (১১শ) প্রকাশিয়া [ক, গ, ঘ, ঙ, জ]; ১২ (৭ম) খায়েন [ঙ, ছ]; ১৪ (৩য়) দিন প্রহর [খ, ঘ, জ, ঞ]; ১৫ (৭ম) প্রভু কৈলা [চ]; ১৭ (৬ষ্ঠ) বহি [গ, ঙ], বই [ছ, ঝ]; ১৮ (৮ম) মহা-জয়জয় [খ, ঘ, ঙ, চ, ছ, জ, ঞ]; ১৯ (২য়, ৩য়) প্রতি-গ্রামে গঙ্গা-তীরে-তীরে [ঘ, জ], ২০ (৯ম) -ধাম [চ], -গ্রাম [ছ]; ২২ (৫ম—৮ম) আইলেন সর্ব সন্ন্যাসীর চূড়ামণি [ক, ঘ, ঙ, ছ, জ]; ২৩ (৩য়) হরি হরি [ঙ]; ২৪ (৭ম) ততক্ষণ [ক]; সর্বজন [চ]।

প্রভুও সভারে মহাপ্রেমে করি' কোলে। সিঞ্চিল সভার অঙ্গ নয়নের জলে ॥ ১৩০
হেনমতে শ্রীগৌরসুন্দর নীলাচলে। রহিলেন কাশীমিশ্র-গৃহে কুতুহলে ॥ ১৩১
নিরন্তর নৃত্য গীত আনন্দ-আবেশ। প্রকাশেন গৌরচন্দ্র, দেখে সর্বদেশ ॥ ১৩২
কখনো নাচেন জগন্নাথের সম্মুখে। তিলার্ধেকো বাহ্য নাহি নিজানন্দ-সুখে ॥ ১৩৩
কখনো নাচেন কাশীমিশ্রের মন্দিরে। কখনো নাচেন মহাপ্রভু সিন্ধুতীরে ॥ ১৩৪
এইমত নিরন্তর প্রেমের বিলাস। তিলার্ধেকো অন্য কর্ম নাহিক প্রকাশ ॥ ১৩৫
পানিশঙ্খ বাজিলে উঠেন সেইক্ষণে। কবাট ফেটিলে জগন্নাথ দরশনে ॥ ১৩৬
জগন্নাথ দেখিতে যে প্রকাশেন প্রেম। অকথ্য অদ্ভুত !—গঙ্গাধারা বহে যেন ॥ ১৩৭
দেখিয়া অদ্ভুত উৎকলের সর্ব লোক। কা'রো দেহে আর নাহি রহে দুঃখ শোক ॥ ১৩৮
যে-দিগে চৈতন্য মহাপ্রভু চলি' যায়। সেই-দিগে সর্বলোক 'হরিহরি' গায় ॥ ১৩৯
প্রতাপরুদ্রের স্থানে হইল গোচর। "নীলাচলে আইলেন শ্রীগৌরসুন্দর" ॥ ১৪০
সেইক্ষণে শুনি' মাত্র নৃপতি প্রতাপ। কটক ছাড়িয়া আইলেন জগন্নাথ ॥ ১৪১
প্রভুরে দেখিতে সে রাজার বড় প্রীত। প্রভুও না দেন দরশন কদাচিত ॥ ১৪২
সার্বভৌম-আদি সভা'স্থানে রাজা কহে। তথাপি প্রভুরে কেহ না জানায় ভয়ে ॥ ১৪৩
রাজা বোলে, "তুমি সব ! যদি কর' ভয়। অগোচরে আমারে দেখাহ মহাশয় ॥" ১৪৪
দেখি' সে রাজার আর্তি সর্ব-ভক্তগণে। সভে মিলি' এই যুক্তি ভাবিলেন মনে ॥ ১৪৫
"যে-সময়ে প্রভু নৃত্য করেন কীর্তনে। বাহ্যজ্ঞান দৈবে নাহি থাকয়ে তখনে ॥ ১৪৬
রাজাও পরম ভক্ত—সেই অবসরে। দেখিবেন প্রভুরে সে থাকি' অগোচরে ॥" ১৪৭
এই যুক্তি সভে কহিলেন রাজাস্থানে। রাজা বোলে, "যে-তে-মতে দেখিমু মাত্র তানে ॥"
দৈবে একদিন নৃত্য করেন ঈশ্বর। শুনি' রাজা একেশ্বর আইলা সত্বর ॥ ১৪৯
আড়ে থাকি' দেখে রাজা—নৃত্য করে' প্রভু। পরম-অদ্ভুত ! যাহা দেখে নাই কভু ॥ ১৫০
অবিচ্ছিন্ন কত ধারা বহে শ্রীনয়নে। কম্প স্বেদ বৈবর্ণ পুলক ক্ষণে-ক্ষণে ॥ ১৫১
হেন সে আছাড় প্রভু পড়েন ভূমিতে। হেন নাহি যে বা ত্রাস না পায় দেখিতে ॥ ১৫২
হেন সে করেন প্রভু হুঙ্কার গর্জন। শুনিয়া প্রতাপরুদ্র ধরেন শ্রবণ ॥ ১৫৩
কখনো করেন হেন রোদন বিরহে। রাজা দেখে,—শ্রীনয়নে যেন নদী বহে ॥ ১৫৪

---

১ (৯ম) নয়ানের [খ, গ, ঘ, ঙ, চ, জ, ঞ], প্রেমানন্দ- [ছ]; ৩ (৪র্থ) -আবেশে [খ, ঙ, চ, ছ, ঞ]; (৮ম) -দেশে [খ, চ, জ, ঞ], সর্বদাসে [ঘ, ছ]; ৪ (৩য়) জগমোহন- [ঞ], (৮ম) পরানন্দ- [ঙ, ছ], নিত্যানন্দ- [ঞ]; ৭ (৬ষ্ঠ) খুলিলে [খ, গ, ঙ, চ, ঞ], ফেড়িলে [ঘ];(৮ম) সে নয়ানে [ঘ]; ৮ (৬ষ্ঠ—৮ম) অদ্ভুত আনন্দধারা নদী [ঙ]; ১০ (৮ম) হরিনাম [ঞ]; ১৪ (৮ম—১০ম) নাহি ভয়ে কহে [ঘ, জ]; ১৬ (৫ম) যত- [ঘ, জ], (১০ম) ভাবে মনে [ঙ]; করিলেন [ছ, ঞ]; ১৭ (৫ম) আপনে [ক, গ, চ, ঝ, ঞ]; ২০ (৮ম) সবে একা [ক, খ, গ, ছ]; ২৪ (৯ম) না ধরে [চ], (১০ম) চরণ [গ, ছ, জ]; ২৫ (৮ম) পৃথিবীতে [ক, গ, চ, ছ, ঝ, ঞ]।

এইমত কত হয় অনন্ত বিকার। কত কত উপজয় ভাব—কত তা'র ॥ ১৫৫
নিরবধি দুই মহাবাহুদণ্ড তুলি'। 'হরিবোল' বলি' প্রভু নাচে কুতূহলী ॥ ১৫৬
এইমত নৃত্য প্রভু করি' কথোক্ষণে। বাহ্য প্রকাশিয়া বসিলেন সর্বগণে ॥ ১৫৭
রাজাও চলিলা অলক্ষিতে সেইক্ষণে। দেখিয়া প্রভুর নৃত্য মহানন্দ-মনে ॥ ১৫৮
দেখি' সে অদ্ভুত নৃত্য অদ্ভুত বিকার। রাজার মনেতে হৈল সন্তোষ অপার ॥ ১৫৯
সবে একখানি মাত্র ধরিলেক মনে। সেই তাঁ'রে অনুগ্রহ হৈবার কারণে ॥ ১৬০
প্রভুর নয়নে যত দিব্য-ধারা বহে। নিরবধি নাচিতে শ্রীমুখে লালা হয়ে ॥ ১৬১
ধূলায়ে-লালায়ে, নাসিকার প্রেমধারে। সকল শ্রীঅঙ্গ ব্যপ্ত কীর্তন-বিকারে ॥ ১৬২
এ-সকল কৃষ্ণভাব না বুঝি' নৃপতি। ঈষত সন্দেহ তাঁ'র ধরিলেক মতি ॥ ১৬৩
কা'রো স্থানে ইহা রাজা না করি' প্রকাশ। পরমসন্তোষে রাজা গেলা নিজবাস ॥ ১৬৪
প্রভুরে দেখিয়া রাজা মহাসুখী হৈয়া। থাকিলেন গৃহে গিয়া শয়ন করিয়া ॥ ১৬৫
'আপনে শ্রীজগন্নাথ ন্যাসিরূপ ধরি'। নিজে সংকীর্তন-ক্রীড়া করে' অবতরি ॥' ১৬৬
ঈশ্বর-মায়ায় রাজা এ-মর্ম না জানে'। প্রভু তানে জানাইতে লাগিলা আপনে ॥ ১৬৭
সুকৃতি প্রতাপরুদ্র রাত্রে স্বপ্নে দেখে—। 'স্বপ্নে গিয়াছেন জগন্নাথের সম্মুখে ॥' ১৬৮
রাজা দেখে,—জগন্নাথ-অঙ্গ ধূলাময়। দুই শ্রীনয়নে যেন গঙ্গাধারা বয় ॥ ১৬৯
দুই শ্রীনাসায় জল পড়ে নিরন্তর। শ্রীমুখের লালা পড়ি' তিতে' কলেবর ॥ ১৭০
স্বপ্নে রাজা মনে চিন্তে, "এ কিরূপ লীলা! বুঝিতে না পারি—জগন্নাথের কী খেলা?" ১৭১
জগন্নাথ-চরণ স্পর্শিতে রাজা যায়। জগন্নাথ বোলে, "রাজা! এ ত না যুয়ায় ॥ ১৭২
কর্পুর কস্তুরী গন্ধ চন্দন কুঙ্কুমে। লেপিত তোমার অঙ্গ সকল উত্তমে ॥ ১৭৩
আমার শরীর দেখ—ধূলা-লালাময়। আমা' পরশিতে কি তোমার যোগ্য হয়? ১৭৪
আমি যে নাচিতে আজি তুমি গিয়াছিলা। ঘৃণা কৈলা, মোর অঙ্গে দেখি' ধূলা লালা ॥১৭৫
সেই ধূলা লালা দেখ সর্বাঙ্গে আমার। তুমি মহারাজা—মহারাজার কুমার ॥ ১৭৬
আমা' পরশিতে কি তোমার যোগ্য হয়?" এত বলি' ভৃত্যে চাহি' হাসে' দয়াময় ॥ ১৭৭
সেইক্ষণে দেখে রাজা,—সেই সিংহাসনে। চৈতন্যগোসাঞি বসি' আছেন আপনে ॥ ১৭৮
সেইমত সকল শ্রীঅঙ্গ ধূলাময়। রাজারে বোলেন হাসি' "এ ত যোগ্য নয় ॥ ১৭৯
তুমি যে আমারে ঘৃণা করি' গেলা মনে। আর তুমি আমা' পরশিবা কি-কারণে? ১৮০

---

১ (৭ম—৯ম) যায় কত হয় লেখা [ক, গ, ঘ, ঙ, ঝ], (১১শ) নাহি [চ, ঞ]; ২ (৩য়) মহাবাহুযুগ [খ]; ৪ (৮ম) আনন্দিত- [ঙ, ঞ]; ৫ (৩য়) প্রভুর [খ, চ, ছ], (৫ম) প্রভুর [ঙ]; ৬ (৭ম) তানে [ক, গ, জ]; ৭ (২য়) নাশায় [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ]. ৯ (২য়) প্রভুর ভাব [খ]; ১২ (৫ম) নিজ- [ক, খ, ঘ, চ, ছ, জ, ঞ]; ১৩ (৩য়, ৪র্থ) মর্ম নাহি [ক, গ, ঘ, ঙ, জ, ঝ, ঞ]; ১৪ (২য়) প্রতাপ সেই [ক, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঞ] ১৬ [২য়] শ্রীনয়নে [ঘ, জ], নাসিকায় [ক], (৬ষ্ঠ—৮ম) শ্রীমুখে পড়য়ে লাল [ঞ], ১৮ (৪র্থ) চায় [ঝ]; ২০ (৫ম) ইহা [খ, চ, ছ]; ২৩ (১১শ) বলে [খ, ঘ, ঙ, জ]

এইমত প্রতাপরুদ্রেরে কৃপা করি'। সিংহাসনে বলি' হাসে শ্রীগৌরাঙ্গহরি ॥ ১৮১
রাজার হইল কথোক্ষণে জাগরণ। জাগিয়া লাগিলা রাজা করিতে ক্রন্দন ॥ ১৮২
"মহা-অপরাধী মুঞি পাপী দুরাচার। না জানিলুঁ চৈতন্য—ঈশ্বর অবতার ॥ ১৮৩
জীবের বা কোন্ শক্তি তাহানে জানিতে? ব্রহ্মাদিরো মোহ হয় যাঁহার মায়াতে ॥ ১৮৪
এতেকে ক্ষমহ, প্রভু! মোর অপরাধ। নিজ-দাস করি' মোরে করহ প্রসাদ ॥"১৮৫
আপনে শ্রীজগন্নাথ—চৈতন্যগোসাঞি। রাজা জানিলেন ইথে কিছু ভেদ নাঞি ॥ ১৮৬
বিশেষ উৎকণ্ঠা হৈল প্রভুরে দেখিতে। তথাপি না পারে' কেহো দেখা করাইতে ॥ ১৮৭
দৈবে একদিন প্রভু পুষ্পের উদ্যানে। বসিয়া আছেন কথো পারিষদ-সনে ॥ ১৮৮
একাকী প্রতাপরুদ্র গিয়া সেইস্থানে। পড়িলা দীঘল হঞা প্রভুর চরণে ॥ ১৮৯
অশ্রু কম্প পুলকে—রাজার অন্ত নাঞি। আনন্দে মূর্ছিত রাজা হৈলা সেই ঠাঞি ॥ ১৯০
কৃষ্ণভক্তিচিহ্ন প্রভু দেখিয়া রাজার। "উঠ" বলি' শ্রীহস্ত দিলেন অঙ্গে তাঁ'র ॥ ১৯১
শ্রীহস্তপরশে রাজা পাঞা সে চেতন। প্রভুর চরণ ধরি' করেন ক্রন্দন ॥ ১৯২
"ত্রাহি ত্রাহি কৃপাসিন্ধু সর্বজীবনাথ! মুঞি পাতকীরে কর' শুভদৃষ্টিপাত ॥ ১৯৩
ত্রাহি ত্রাহি স্বতন্ত্রবিহারি কৃপাসিন্ধু! ত্রাহি ত্রাহি শ্রীকৃষ্ণচৈতন্য দীনবন্ধু! ১৯৪
ত্রাহি ত্রাহি সর্ববেদ-গোপ্য রমাকান্ত! ত্রাহি ত্রাহি ভক্তজন-বল্লভ একান্ত! ১৯৫
ত্রাহি ত্রাহি মহাশুদ্ধসত্ত্বরূপধারি! ত্রাহি ত্রাহি সংকীর্তন লম্পট মুরারি! ১৯৬
ত্রাহি ত্রাহি অবিজ্ঞাত-তত্ত্ব-গুণ-নাম! ত্রাহি ত্রাহি পরম কোমল গুণ-ধাম! ১৯৭
ত্রাহি ত্রাহি অজ-ভব-বন্দ্য-শ্রীচরণ! ত্রাহি ত্রাহি সন্ন্যাসধর্মের বিভূষণ! ১৯৮
ত্রাহি ত্রাহি শ্রীগৌরসুন্দর মহাপ্রভু! এই কৃপা কর' মোরে—না ছাড়িবা কভু! ১৯৯
শুনি' প্রভু প্রতাপরুদ্রের কাকুবাদ। তুষ্ট হঞা প্রভু তানে করিলা প্রসাদ ॥ ২০০
প্রভু বোলে, "কৃষ্ণভক্তি হউক তোমার। কৃষ্ণকার্য বিনা তুমি না করিহ আর ॥ ২০১
নিরন্তর গিয়া কর' কৃষ্ণসংকীর্তন। তোমার রক্ষিতা—বিষ্ণুচক্র-সুদর্শন ॥ ২০২
তুমি, সার্বভৌম, আর রামানন্দরায়। তিনের নিমিত্ত মুঞি আইলুঁ এথায় ॥ ২০৩
সবে একখানি বাক্য পালিবা আমার।—'মোরে না করিবা তুমি কোথাও প্রচার ॥ ২০৪
এ সে নহে আমারে প্রচার কর' তুমি। তবে এথা ছাড়ি' সত্য চলিবাঙ আমি ॥"২০৫

---

১ (৫ম—৭ম) "সিংহাসনে বসিয়াছেন [ঘ, জ], (৫ম—৮ম) হাসেন গৌরচন্দ্র সুন্দর নরহরি [ক], হাসেন শ্রীগৌরাঙ্গ সুন্দর নরহরি [খ, গ, ঝ]; ৩ (২য়) আমি [ক, ঘ, ছ, জ]; ৬ (৮ম) দ্বিধা [খ]; ৭ (১ম) বিশেষে [খ. গ, ঘ, ঙ, চ, ছ, জ], ১০ (৩য়, ৪র্থ) পুলক যাহার [খ], (৯ম, ১০ম) হইলেন [ক, খ, গ, ঘ, ঙ, জ, ঝ, ঞ]; ১৫ (৩য়) সর্বদেব- [ক, খ, ঙ, জ]; ১৭ (৩য়) -সত্ত্বগুণগণ [চ], (৬ষ্ঠ, ৭ম) সকল পরম [ঙ], পরম মঙ্গল [চ]; ১৯ (৮ম) নাথ [ক, ঝ, ঞ], প্রভু [গ, ঘ, ঙ, জ]; ২০ (৪র্থ) কাকুর্বাদ [গ, ঘ, ছ, জ]; ২২ (৭ম) কৃষ্ণচক্র- [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঞ]; ২৪ (৪র্থ) করিবা [ক, খ, গ, ঘ, ঝ], ধরিবা [চ]; ২৫ (১ম—৪র্থ) এতেকে আমারে সে [খ], এবে যদি আমারে [গ]।

এত বলি' আপন গলার মালা দিয়া। বিদায় দিলেন তাঁ'রে সন্তোষ সে হঞা॥ ২০৬
চলিলা প্রতাপরুদ্র আজ্ঞা ধরি' শিরে। দণ্ডবত প্রদক্ষিণ করিয়া প্রভুরে॥ ২০৭
প্রভুরে নৃপতি দেখি' হৈলা পূর্ণকাম। নিরবধি করেন চৈতন্যচন্দ্র-ধ্যান॥ ২০৮
প্রতাপরুদ্রের প্রভু সহ দরশন। ইহা যে শুনয়ে, তা'রে মিলে প্রেমধন॥ ২০৯
হেনমতে শ্রীগৌরসুন্দর নীলাচলে। রহিলেন কীর্তনবিহার-কুতূহলে॥ ২১০
উৎকলে জন্মিলা যত যত অনুচর। সভে চিনিলেন নিজ-প্রাণের ঈশ্বর॥ ২১১
শ্রীপ্রদ্যুম্নমিশ্র—কৃষ্ণসুখের সাগর। আত্মপদ যাঁ'রে দিলা শ্রীগৌরসুন্দর॥ ১১২
শ্রীপরমানন্দ-মহাপাত্র মহাশয়। যাঁ'র তনু শ্রীচৈতন্যভক্তিরসময়॥ ২১৩
কাশীমিশ্র পরম-বিহ্বল কৃষ্ণরসে। আপনে রহিলা প্রভু যাঁহার আবাসে॥ ২১৪
এইমত প্রভু সর্বভৃত্য করি' সঙ্গে। নিরবধি গোঙায়েন সংকীর্তন-রঙ্গে॥ ২১৫
যতযত উদাসীন শ্রীচৈতন্যদাস। সভে করিলেন আসি' নীলাচলে বাস॥ ২১৬
নিত্যানন্দ-মহাপ্রভু—পরম উদ্দাম। সর্বনীলাচলে ভ্রমে' মহাজ্যোতির্ধাম॥ ২১৭
নিরবধি পরানন্দরসে মহা-মত্ত। লখিতে না পারে' কেহো,—অবিজ্ঞাততত্ত্ব॥ ২১৮
সদাই জপেন নাম শ্রীকৃষ্ণচৈতন্য। স্বপ্নেহো নাহিক নিত্যানন্দমুখে অন্য॥ ২১৯
রামচন্দ্রে যেন লক্ষ্মণের রতি মতি। সেইমত নিত্যানন্দও চৈতন্য-প্রতি॥ ২২০
নিত্যানন্দ-প্রসাদে সে সকল সংসার। অদ্যাপিহ গায় শ্রীচৈতন্য-অবতার॥ ২২১
হেনমতে মহাপ্রভু-চৈতন্য নিতাই। নীলাচলে বসতি করেন দুই ভাই॥ ২২২
একদিন শ্রীগৌরসুন্দর নরহরি। নিভৃতে বসিলা নিত্যানন্দে সঙ্গে করি'॥ ২২৩
প্রভু বোলে, "শুন নিত্যানন্দ মহামতি! অবিলম্বে চল তুমি গৌড়দেশ-প্রতি॥ ২২৪
প্রতিজ্ঞা করিয়া আছি আমি নিজমুখে।—'মূর্খ-নীচ-দরিদ্রে ভাসামু প্রেমসুখে॥'২২৫
তুমিও থাকিলা যদি মুনিধর্ম করি'। আপন-উদ্দাম-ভাব সব পরিহরি'॥ ২২৬
তবে মূর্খ নীচ যত পতিত সংসার। বোল দেখি?—আর কেবা করিবে উদ্ধার? ২২৭
ভক্তিরসদাতা তুমি, তুমি সম্বরিলা। তবে অবতার বা কী নিমিত্তে করিলা? ২২৮
এতেকে আমার বাক্য সত্য যদি চাও। তবে অবিলম্বে তুমি গৌড়দেশে যাও॥ ২২৯

---

২ (৪র্থ) করি [ক, খ, গ, ঘ, চ, ছ, জ, ঝ, ঞ], (৭ম) পুনঃপুন [ক, গ, ঘ, ঙ, জ, ঝ ঞ]; প্রণাম [ছ]; ৩ (৮ম) চৈতন্যরূপ [চ], চৈতন্যপদ- [ঝ]; ৪ (২য়, ৩য়) সহিত প্রভুর মিলন [ছ]; ৫ (৫ম) সংকীর্তনানন্দকুতূহলে [চ]; ৬ (২য়—৪র্থ (জন্মিয়াছিলা যতেক [গ, চ, ছ, ঝ, ঞ]; ৭ (২য়) -রসের [ঘ], -প্রেমের [ঙ, চ, জ, ঞ]; ৯ (৮ম) নিবাসে [ক, গ, ঙ, চ, জ]; ১০ (৩য়) সর্বভক্ত [খ, ছ]; ১৩ (৩য়) উনমত্ত [ক, গ, ঘ, জ, ঝ, ঞ], তনুমত্ত [খ, ঙ, ছ], (৪র্থ) লক্ষিতে [ক], বুঝিতে [ছ]; ১৫ (১ম—৩য়) রামচন্দ্রে লক্ষ্মণে যেমত [খ, জ], রামচন্দ্র-লক্ষ্মণেতে যেন [ক, ঘ]; ১৬—এই পংক্তির পর অধিক পাঠ—"কারুণ্য-ভক্তিদানার্থে চৈতন্যগুণ বর্ণনে। অমায়া কথনে নাস্তি নিত্যানন্দসমঃ প্রভুঃ॥ নিত্যানন্দমহং বন্দে কর্ণে লম্বিতমৌক্তিকম্। চৈতন্যাগ্রজরূপেন পবিত্রীকৃত ভূতলম্॥" [চ] ১৯ (৬ষ্ঠ—৯ম) সত্বরে চলহ তুমি নবদ্বীপে [ক, গ, ঘ, ঙ, জ, ঝ, ঞ]; ২০ (৭ম) তারিব [ঙ]; ২২ (১২শ) নিস্তার [খ, চ]।

মূর্খ নীচ পতিত দরিদ্র যত জন। ভক্তি দিয়া কর' গিয়া সভার মোচন ॥ ২৩০
আজ্ঞা পাঞা নিত্যানন্দচন্দ্র সেইক্ষণে। চলিলেন গৌড়দেশে লঞা নিজগণে ॥ ২৩১
রামদাস গদাধরদাস মহাশয়। রঘুনাথ-বৈদ্য-ওঝা—ভক্তিরসময় ॥ ২৩২
কৃষ্ণদাসপণ্ডিত পরমেশ্বরদাস। পুরন্দরপণ্ডিত—যাঁর পরম উল্লাস ॥ ২৩৩
নিত্যানন্দস্বরূপের যত আপ্তগণ। নিত্যানন্দসঙ্গে সভে করিলা গমন ॥ ২৩৪
চলিলেন নিত্যানন্দ গৌড়দেশ-প্রতি। সর্বপারিষদগণ করিয়া সংহতি ॥ ২৩৫
পথে চলিতেই নিত্যানন্দ মহাশয়। সর্বপারিষদে আগে কৈলা প্রেমময় ॥ ২৩৬
সভার হইল আত্মবিস্মৃতি অত্যন্ত। কা'র দেহে কত ভাব—তার নাহি অন্ত ॥ ২৩৭
প্রথমেই বৈষ্ণবাগ্রগণ্য রামদাস। তান দেহে হইলেন গোপাল-প্রকাশ ॥ ২৩৮
মধ্যপথে রামদাস ত্রিভঙ্গ সে হঞা। আছিলেন প্রহর-তিন বাহ্য পাসরিঞা ॥ ২৩৯
হইল রাধিকা-ভাব—গদাধরদাসে। 'দধি কে কিনিবা ? বলি' অট্ট অট্ট হাসে ॥ ২৪০
রঘুনাথ-বৈদ্য-উপাধ্যায় মহামতি। হইলেন মূর্তিমতি যে হেন রেবতী ॥ ২৪১
কৃষ্ণদাস পরমেশ্বরদাস—দুইজন। গোপাল-ভাবে হৈ হৈ করে' সর্বক্ষণ ॥ ২৪২
পুরন্দরপণ্ডিত গাছেতে গিয়া চড়ে। 'মুঞিরে অঙ্গদ' বলি' লাফ দিয়া পড়ে ॥ ২৪৩
এইমত নিত্যানন্দ—শ্রীঅনন্তধাম। সভারে দিলেন ভাব পরম-উদ্দাম ॥ ২৪৪
দণ্ড-পথ ছাড়ি' সভে ক্রোশ দুই-চারি। যায়েন দক্ষিণ-বামে আপনা' পাসরি' ॥ ২৪৫
কথোক্ষণে পথ জিজ্ঞাসয়ে লোকস্থানে। "বোল ভাই ! গঙ্গাতীরে যাইমু কেমনে ?" ২৪৬
লোক বোলে,"হায় হায়, পথ পাসরিলা ! দুই প্রহরের পথ ফিরি সে আইলা !" ২৪৭
লোকবাক্যে ফিরি' পুন যায় যথা পথ। পুন পথ ছাড়িয়া যায়েন সেই মত ॥ ২৪৮
পুন পথ জিজ্ঞাসা করেন লোকস্থানে। লোক বোলে "পথ রৈল দশক্রোশ বামে ॥" ২৪৯
পুন হাসি' সভেই চলেন পথ যথা। নিজ-দেহ না জানেন—পথের কি কথা ? ২৫০
যত দেহধর্ম—ক্ষুধা তৃষ্ণা ভয় দুঃখ। কাহারো নাহিক—পাঞা পরানন্দসুখ ॥ ২৫১
পথে যত লীলা কৈলা প্রভু নিত্যানন্দ। কে বর্ণিব ? কে বা জানে' ?—সকলি অনন্ত ॥২৫২
হেনমতে নিত্যানন্দ শ্রীঅনন্তধাম। আইলেন গঙ্গাতীরে পানিহাটি-গ্রাম ॥ ২৫৩
রাঘবপণ্ডিতগৃহে সর্বাগ্রে আসিয়া। রহিলেন সকল পার্ষদগণ লঞা ॥ ২৫৪

---

১ (৪র্থ) দুঃখিত [ক,গ,ঘ,জ,ঝ,ঞ],অধম[ছ]; ৩ (৪র্থ) -বেজ- [ক,খ,গ,ঙ,ঝ], -দাস- [ঘ, জ], -ভক্তি- [ছ]; ৭ (৬ষ্ঠ, ৭ম) করিলেন [ক, খ, গ, ঘ, ঙ, ছ, জ]; ৮ (১০ম, ১১শ) বা অনন্ত [ছ]; ১১ (৬ষ্ঠ) কিনিব [ঝ], (৬ষ্ঠ—৮ম) নিবেক বলি অট্ট [খ, চ], (৮ম] মহা [ক, গ, চ, ছ, ঝ], ১৪ (৮ম) লম্ফ [ক, গ, ঞ]; ১৬ (৩য়—৫ম) সভেই আপনা পাসরি [খ, চ, ছ], (৮ম, ৯ম) ক্রোশ দুই চারি [খ, চ, ছ]; ১৯ (৫ম, ৬ষ্ঠ) সেই পথে [ঘ], পথে পথে [জ], (১২শ) মতে [ঘ, জ]; ২১ (৪র্থ) যায়েন [খ, চ], চলিলা [ঘ, জ], (৮ম, ৯ম) নাহি জানে [ক, চ, ছ, ঞ]. ২৩ এই পংক্তির পর অতিরিক্ত পাঠ—"শ্রীচৈতন্য- নিত্যানন্দচাঁদ পহুঁ জান। বৃন্দাবনদাস তছু পীদযুগে গান ॥" [ঞ]; ২৪ (৫ম, ৬ষ্ঠ) পানীধাটী রাঘবের-গ্রাম [ঙ]।

পরম আনন্দ হৈলা রাঘবপণ্ডিত। মকরধ্বজ-করাদি গোষ্ঠীর সহিত ॥ ২৫৫
হেনমতে নিত্যানন্দ পানিহাটি-গ্রামে। রহিলেন সকল-পার্ষদগণ-সনে ॥ ২৫৬
নিরন্তর পরানন্দে করেন হুঙ্কার। বিহ্বলতা বিনা দেহে বাহ্য নাহি আর ॥ ২৫৭
নৃত্য করিতে ইচ্ছা হৈল যবে অন্তরে। গায়ন সকল আসি' মিলিলা সত্বরে ॥ ২৫৮
সুকৃতি মাধবঘোষ—কীর্তনে তৎপর। হেন কীর্তনিয়া নাহি পৃথিবীভিতর ॥ ২৫৯
যাহারে কহেন, 'বৃন্দাবনের গায়ন'। নিত্যানন্দস্বরূপের মহা-প্রিয়তম ॥ ২৬০
মাধব গোবিন্দ বাসুঘোষ—তিন ভাই। গাইতে লাগিলা, নাচে ঠাকুর নিতাই ॥ ২৬১
হেন সে নাচেন অবধূত মহাবল। পদভরে পৃথিবী করয়ে টলমল ॥ ২৬২
নিরবধি 'হরি' বলি' করেন হুঙ্কার। আছাড় দেখিতে লোকে পায় চমৎকার ॥ ২৬৩
যা'রে ত করেন দৃষ্টি নাচিতে নাচিতে। সেই প্রেমে ঢলিয়া পড়য়ে পৃথিবীতে ॥ ২৬৪
পরিপূর্ণ প্রেমরসময় নিত্যানন্দ। সংসার তারিতে কৈলা নৃত্যে শুভারম্ভ ॥ ২৬৫
যতেক আছয়ে প্রেমভক্তির বিকার। সব প্রকাশিয়া নৃত্য করেন অপার ॥ ২৬৬
কথোক্ষণে বসিলেন খট্টার উপরে। আজ্ঞা হৈল অভিষেক করিবার তরে ॥ ১৬৭
রাঘবপণ্ডিত-আদি পারিষদগণে। অভিষেক করিতে লাগিলা সেইক্ষণে ॥ ২৬৮
সহস্রসহস্র ঘটে আনি' গঙ্গাজল। নানাগন্ধে সুবাসিত করিয়া সকল ॥ ২৬৯
সন্তোষে সভেই দেন শ্রীমস্তকোপরি। চতুর্দিগে সভেই বোলেন 'হরি হরি' ॥ ২৭০
সভেই পঢ়েন অভিষেক-মন্ত্র-গীত। পরম সন্তোষে সভে হইলা পুলকিত ॥ ২৭১
অভিষেক করাইয়া নূতন বসন। পরাইয়া লেপিলেন শ্রীঅঙ্গে চন্দন ॥ ২৭২
দিব্য দিব্য বনমালা তুলসী সহিতে। পীন-বক্ষে পূর্ণ করিলেন নানামতে ॥ ২৭৩
তবে দিব্য খট্টা পুষ্পে করি' সুশোভিত। সম্মুখে আনিয়া করিলেন উপনীত ॥ ২৭৪
খট্টায় বসিলা মহাপ্রভু নিত্যানন্দ। ছত্র ধরিলেন শিরে শ্রীরাঘবানন্দ ॥ ২৭৫
জয়ধ্বনি করিতে লাগিলা ভক্তগণ। চতুর্দিগে হৈল মহা-আনন্দ-ক্রন্দন ॥ ২৭৬
'ত্রাহি ত্রাহি'সভেই বোলেন বাহু তুলি'। কা'রো বাহ্য নাহি, সভে মহাকুতুহলী ॥ ২৭৭
স্বানুভাবানন্দে প্রভু নিত্যানন্দরায়। প্রেমদৃষ্টি-বৃষ্টি করি' চতুর্দিগে চা'য় ॥ ২৭৮

---

১ (৫ম) মকরধ্বজ আনন্দ পাইল [ঘ], মকরধ্বজ কর আইল [চ, ছ], মকরধ্বজ করে সেবা [জ]; ৩ (৬ষ্ঠ) বই [ক, ছ, ঝ]; ৫ (৫ম) হেন [ঞ]; ৬ (২য়) কহিয়ে [খ, চ, ছ], (৬ষ্ঠ) বড়- [ঘ, চ], ৭ (৩য়) বাসুদেব [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, ঝ, ঞ], (৯ম) ঈশ্বর [ক, গ, ঘ, ঙ, ঝ, ঞ], চৈতন্য [জ]; ৯ (৯ম) লাগে [ঝ]; ১১ (২য়) প্রেমময় প্রভু [ঘ, জ]; ১৩ (৫ম—৯ম) "চতুর্দিগে ভক্তগণ প্রেমে স্তব করে ॥" [জ]; ১৫ (৭ম) করিল [ঘ, চ], (৫ম—৮ম) "আগে ছানিলেন দিব্য বসনে সকল ॥" [ছ]; ১৭ (২য়) গায়েন [চ], (৪র্থ—৮ম) পরানন্দে সভেই হৈলা আনন্দিত [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, ঝ],পরম আনন্দে সভে হৈলা প্রফুল্লিত ॥" [জ];১৯ (২য়, ৩য়)বনমালা তাহে [চ, ঞ]; ২০ (৩য়) স্বর্ণে [ক, গ, ঘ, ঙ, জ, ঝ, ঞ], (৪র্থ, ৫ম) করিয়া ভূষিত [ক, গ, ঘ, ঙ, জ, ঝ, ঞ], (৫ম) পূর্ণিত [চ, ছ]; ২২ (৫ম—৭ম) "আনন্দেতে পরিপূর্ণ হৈলা ভক্তজন ॥" [জ], (৭ম) -কীর্তন [ঘ, চ, ছ], -রোদন [ঞ]; ২৩ (১১শ) হৈলা কুতুহলী [ঘ, জ]; ২৪ (৬ষ্ঠ) সর্বদিগে [খ, ঙ, ঝ]।

আজ্ঞা করিলেন, "শুন রাঘবপণ্ডিত! কদম্বের মালা ঝাট আনহ ত্বরিত ॥ ২৭৯
বড় প্রীতি আমার কদম্বপুষ্প-প্রতি। কদম্বের বনে নিত্য আমার বসতি ॥" ২৮০
করজোড় করিয়া রাঘবানন্দ কহে। "কদম্বপুষ্পের যোগ এ সময়ে নহে ॥" ২৮১
প্রভু বোলে, "বাড়ী গিয়া চা'হ ভাল-মনে। কদাচিত ফুটিয়া বা থাকে কোনস্থানে ॥"২৮২
বাড়ীর ভিতর গিয়া চাহেন রাঘব। বিস্মিত হইলা দেখি' মহা-অনুভব ॥ ২৮৩
জম্বীরের বৃক্ষে যত কদম্বের ফুল। ফুটিয়া আছয়ে অতি-পরম-অতুল ॥ ২৮৪
কি অপূর্ব বর্ণ সে বা, কি অপূর্ব গন্ধ! যে-পুষ্প দেখিলে ক্ষয় যায় ভব-বন্ধ ॥ ২৮৫
দেখিয়া কদম্বপুষ্প রাঘবপণ্ডিত। বাহ্য গেল দূর, হৈলা মহা- আনন্দিত ॥ ২৮৬
আপনা' সম্বরি' মালা গাঁথিয়া সত্বরে। আনিলেন নিত্যানন্দপ্রভুর গোচরে ॥ ২৮৭
কদম্বের মালা দেখি' নিত্যানন্দরায়। পরমসন্তোষে তুলি দিলেন গলায় ॥ ২৮৮
কদম্বমালার গন্ধে সকল বৈষ্ণব। বিহ্বল হইলা দেখি' মহা-অনুভব ॥ ২৮৯
আরো মহা-আশ্চর্য হইল কথোক্ষণে। অপূর্ব দোনার গন্ধ পায় সর্বজনে ॥ ২৯০
দমনকপুষ্পের সুগন্ধে মন হরে'। দশদিগ ব্যাপ্ত হৈল সকল মন্দিরে ॥ ২৯১
হাসি' নিত্যানন্দ বোলে, "আরে ভাই সব! বোল দেখি—কী গন্ধের পাও অনুভব ?"২৯২
করজোড় করি' সভে লাগিলা কহিতে। "অপূর্ব দোনার গন্ধ পাই চারিভিতে ॥"২৯৩
সভার রচন শুনি' নিত্যানন্দরায়। কহিতে লাগিলা গোপ্য পরমকৃপায় ॥ ২৯৪
প্রভু বোলে, "শুন সভে পরম রহস্য। তোমরা সকলে ইহা জানিবা অবশ্য ॥ ২৯৫
চৈতন্যগোসাঞি আজি শুনিতে কীর্তন। নীলাচল হৈতে কৈলা শুভ আগমন ॥ ২৯৬
সর্বাঙ্গে পরিয়া দিব্য দমনক-মালা। একবৃক্ষ অবলম্ব করিয়া রহিলা ॥ ২৯৭
সেই শ্রীঅঙ্গের দিব্য দমনক গন্ধে। চতুর্দিগ পূর্ণ সে হঞাছে মহানন্দে ॥ ২৯৮
তোমা' সভাকার নৃত্য কীর্তন দেখিতে। আপনে আইসে প্রভু নীলাচল হৈতে ॥ ২৯৯
এতেকে তোমরা সর্ব কার্য পরিহরি'। নিরবধি 'কৃষ্ণ' গাও আপনা' পাসরি' ॥ ৩০০
নিরবধি শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্র যশে। সভার শরীর পূর্ণ হউ প্রেম-রসে ॥" ৩০১
এত বলি' 'হরি' বলি' করয়ে হুঙ্কার। সর্বদিগে প্রেমদৃষ্টি করিলা বিস্তার ॥ ৩০২
নিত্যানন্দস্বরূপের প্রেমদৃষ্টিপাতে। সভার হইল আত্মবিস্মৃতি দেহেতে ॥ ৩০৩
শুন শুন আরে ভাই! নিত্যানন্দশক্তি। যেরূপে দিলেন সর্বজগতেরে ভক্তি ॥ ৩০৪

---

১ (৬ষ্ঠ, ৭ম) পুষ্প তুমি [ছ], (৯ম) তুরিত [খ, ঙ, ছ, ঝ, ঞ]; ৪ (৩য়) গাছে [ছ]; ৭ (৯ম) সে- [ক, ঘ, ছ, জ], (১৩শ) সর্ব- [ক, ঘ, জ, ঝ]; ১০ (৬ষ্ঠ) মালা [ক, গ, ঘ, ঙ, জ, ঝ, ঞ]; ১৪ (৪র্থ) শুন [ঙ], (১০ম) পাই [খ, ঘ, ঙ, ছ, জ]; ১৯ (৫ম) এই বৃক্ষে (ঘ, জ]; ২১ (১ম) তোমরা সভের [ক, গ, জ]; ২৩ (২য়) শ্রীকৃষ্ণচৈতন্য- প্রেমরসে [ঘ, জ], (৭ম) কৃষ্ণ- [ক, গ]; ২৪ (৮ম) কৃষ্ণপ্রেম [খ, গ], প্রেমবৃষ্টি [ঘ, জ]; ২৫ এই পংক্তির পর চ পুঁথিতে "শ্রীকৃষ্ণচৈতন্যনিত্যানন্দ ……তছু পদযুগে গান ॥" এই পুষ্পিকা সহ অধ্যায় শেষ এবং "ভক্তগোষ্ঠী সহিত গৌরাঙ্গ জয় জয়। শুনিলে চৈতন্যকথা ভক্তি লভ্য হয় ॥" এই অধিক পাঠের পর নূতন অধ্যায় আরম্ভ হইয়াছে।

যে-ভক্তি গোপিকাগণের কহে ভাগবতে। নিত্যানন্দ হৈতে তাহা পাইল জগতে ॥ ৩০৫
নিত্যানন্দ বসিয়া আছেন সিংহাসনে। সম্মুখে করয়ে নৃত্য পারিষদগণে ॥ ৩০৬
কেহো গিয়া বৃক্ষের উপর-ডালে চঢ়ে। পাতে-পাতে বেড়ায়, তথাপি নাহি পড়ে ॥ ৩০৭
কেহো কেহো প্রেমসুখে হুঙ্কার করিয়া। বৃক্ষের উপরি থাকি' পড়ে লাফ দিয়া ॥ ৩০৮
কেহো বা হুঙ্কার করি' বৃক্ষমূল ধরি'। উপাড়িয়া ফেলে বৃক্ষ বলি' 'হরি হরি' ॥ ৩০৯
কেহো বা গুবাক বনে যায় রড় দিয়া। গাছ পাঁচ সাত গুয়া একত্র করিয়া ॥ ৩১০
হেন সে দেহেতে জন্মিয়াছে প্রেমবল। তৃণপ্রায় উপাড়িয়া ফেলায় সকল ॥ ৩১১
অশ্রু, কম্প, স্তম্ভ, ঘর্ম, পুলক, হুঙ্কার। স্বরভঙ্গ, বৈবর্ণ, গর্জন-সিংহসার ॥ ৩১২
শ্রীআনন্দমূর্ছা-আদি যত প্রেমভাব। ভাগবতে যত কহে কৃষ্ণ-অনুরাগ ॥ ৩১৩
সভার শরীরে পূর্ণ হইল সকল। হেন নিত্যানন্দস্বরূপের প্রেম-বল ॥ ৩১৪
যে-দিগে দেখেন নিত্যানন্দ মহাশয়। সেই-দিগে মহাপ্রেমভক্তি-বৃষ্টি হয় ॥ ৩১৫
যাঁ'র দিগে চাহে, সেই প্রেমে মূর্ছা পায়। বস্ত্র না সম্বরে'—প্রেমে গড়াগড়ি যায় ॥ ৩১৬
নিত্যানন্দস্বরূপেরে ধরিবারে যায়। হাসে নিত্যানন্দ-প্রভু বসিয়া খট্টায় ॥ ৩১৭
যত পারিষদ নিত্যানন্দের প্রধান। সভার হইল সর্বশক্তি-অধিষ্ঠান ॥ ৩১৮
সর্বজ্ঞতা বাক্যসিদ্ধি হইল সভার। সভে হইলেন যেন কন্দর্প-আকার ॥ ৩১৯
সভে যা'রে পরশ করেন হস্ত দিঞা। সেই হয় বিহ্বল সকল পাসরিঞা ॥ ৩২০
এইমত পাণিহাটি-গ্রামে তিন-মাস। করে' নিত্যানন্দপ্রভু ভক্তির বিলাস ॥ ৩২১
তিনমাস কা'রো বাহ্য নাহিক শরীরে। দেহ-ধর্ম তিলার্ধেকো কা'রো নাহি স্ফুরে ॥ ৩২২
তিন-মাস কেহো নাহি করিল আহার। সভে প্রেমসুখে নৃত্য বিনা নাহি আর ॥ ৩২৩
পাণিহাটি-গ্রামে যত হইল প্রেমসুখ। চারিবেদে বর্ণিবেন সে-সব কৌতুক ॥ ৩২৪
একো-দণ্ডে নিত্যানন্দ কৈলা লীলা যত। তাহা বর্ণিবার শক্তি আছে কা'র কত ? ৩২৫
ক্ষণে-ক্ষণে আপনে করেন নৃত্যরঙ্গ। চতুর্দিগে লঞা সব পারিষদ-সঙ্গ ॥ ৩২৬
কখনো আপনে প্রভু বসি' বীরাসনে। নাচায়েন সকল সেবকে জনে-জনে ॥ ৩২৭
একো সেবকের নৃত্যে হেন রঙ্গ হয়। চতুর্দিগে দেখি—যেন প্রেমবন্যাময় ॥ ৩২৮
মহাঝড়ে পড়ে যেন কদলির বন। এইমত প্রেমসুখে পড়ে সর্বজন ॥ ৩২৯
আপনে যেহেন মহাপ্রভু নিত্যানন্দ। সেইমত করিলেন সর্বভক্তবৃন্দ ॥ ৩৩০

---

৪ (১ম—৩য়) কেহোত পরমসুখে [খ]; ৬ (৩য়) গুয়ারবনে [ক, ঞ], (৭ম) -পাঁচ-ছয় [ঘ, জ]; ১০ (৮ম) কৃপাবল [ছ]; ১২ (৫ম, ৬ষ্ঠ) প্রেমমূর্ছা [ক, চ, ছ], (১১শ) ভূমে [ক, খ, গ, ঙ], (১১শ, ১২শ) ভূমি পড়ি গড়ি [চ, ছ, ঝ]; ১৩ (২য়, ৩য়) ধরিয়া বেড়ায় [ক], (৪র্থ) হাসি [ক, খ, চ, ছ, ঞ], (৬ষ্ঠ) পড়িয়া [ঘ], (৫ম—৭ম) -প্রভুর পড়িয়া সে পায় [জ]; ১৪ (৫ম) সভার [ঙ, চ]; ১৬ (১ম—৬ষ্ঠ) "সেই সভে সভারে পরশে মত্ত হৈয়া" [খ]; ১৭ (৬ষ্ঠ) প্রেমের [ছ], (৭ম) প্রকাশ [গ, ঙ]; ১৮ (৮ম, ৯ম) কাহার না [ক, ঝ]; ২১ (১ম) একোদণ্ডে [ক, গ, ঝ]; ২২ (৮ম) -ভূঙ্গ [ঘ, জ]; ২৬ (১ম, ২য়) আপনেই যেন [কচিৎ পাঠ], (৫ম) এইমত [ক, খ, গ, ঘ, ঙ, চ]।

নিরবধি শ্রীকৃষ্ণচৈতন্য-সংকীর্তন। করায়েন করেন লইয়া সর্বগণ ॥ ৩৩১
হেন সে লাগিলা প্রেম প্রকাশ করিতে। সেই হয় বিহ্বল, যে আইসে দেখিতে ॥ ৩৩২
যে-সেবক যখনে যে-ইচ্ছা করে' মনে। সেই আসি' উপসন্ন হয় সেইক্ষণে ॥ ৩৩৩
এইমত পরানন্দ প্রেমসুখরসে। ক্ষণ-হেন কেহো না জানিলা তিন মাসে ॥ ৩৩৪
তবে শ্রীনিত্যানন্দ-প্রভুর কথোদিনে। অলঙ্কার পরিতে হইল ইচ্ছা মনে ॥ ৩৩৫
ইচ্ছামাত্র সর্ব-অলঙ্কার সেইক্ষণে। উপসন্ন আসিয়া হইল বিদ্যমানে ॥ ৩৩৬
সুবর্ণ রজত মরকত মনোহর। নানাবিধ বহুমুল্য কতেক প্রস্তর ॥ ৩৩৭
মণি সুপ্রবাল পট্টবাস মুক্তাহার। সুকৃতিসকলে দিয়া করে' নমস্কার ॥ ৩৩৮
কথো বা নির্মিত, কথো করিয়া নির্মাণ। পরিলেন অলঙ্কার—যেন ইচ্ছা তান ॥ ৩৩৯
দুই হস্তে সুবর্ণের অঙ্গদ বলয়। পুষ্ট করি' পরিলেন আত্ম-ইচ্ছাময় ॥ ৩৪০
সুবর্ণমুদ্রিকা রত্নে করিয়া খিচন। দশ-শ্রীঅঙ্গুলে শোভে হঞা বিভুষণ ॥ ৩৪১
কণ্ঠে শোভা করে' বহুবিধ দিব্য হার। মণি মুক্তা প্রবালাদি—যত সর্বসার ॥ ৩৪২
রুদ্রাক্ষ বিড়ালাক্ষ সুবর্ণ-রজতে। বান্ধিয়া পরিলা কণ্ঠে মহেশের প্রীতে ॥ ৩৪৩
মুক্তা-কসা সুবর্ণ করিয়া সুরচন। দুই শ্রুতিমুলে শোভে পরম শোভন ॥ ৩৪৪
পাদপদ্মে রজতনুপুর বিলক্ষণ। তদুপরি মল শোভে জগতমোহন ॥ ৩৪৫
শুক্ল পট্ট নীল পীত—বহুবিধ বাস। অপূর্ব শোভয়ে পরিধানের বিলাস ॥ ৩৪৬
মালতী মল্লিকা যূথী চম্প্কের মালা। শ্রীবক্ষে করয়ে দোল-আন্দোলন-খেলা ॥ ৩৪৭
গোরোচনা-সহিত চন্দন দিব্যগন্ধে। বিচিত্র করিয়া লেপিয়াছেন শ্রীঅঙ্গে ॥ ৩৪৮
শ্রীমস্তকে শোভিত বিবিধ পট্টবাস। তদুপরি নানাবর্ণ মাল্যের বিলাস ॥ ৩৪৯
প্রসন্ন শ্রীমুখ—কোটি শশধর জিনি'। হাসিয়া করেন নিরবধি 'হরি'ধ্বনি ॥ ৩৫০
যে-দিগে চাহেন দুই কমল নয়নে। সেই-দিগ প্রেমরসে ভাসে সেইক্ষণে ॥ ৩৫১
রজতের প্রায় লোহদণ্ড সুশোভন। দুই দিগ করি' তথি সুবর্ণ বন্ধন ॥ ৩৫২
নিরবধি সেই লোহদণ্ড শোভে করে'। মুষল ধরিলা যেন প্রভু হলধরে ॥ ৩৫৩
পারিষদো সব ধরিলেন অলঙ্কার। অঙ্গদ বলয় হার নূপুর সভার ॥ ৩৫৪
শিঙ্গা, বেত্র, বংশী, ছান্দদড়ি, গুঞ্জামালা। সভে ধরিলেন গোপালের অংশ-কলা ॥ ৩৫৫
এইমত নিত্যানন্দ স্বানুভাবরঙ্গে। বিহরেন সকল পার্ষদ করি' সঙ্গে ॥ ৩৫৬

---

১ (৬ষ্ঠ) জন [গ, ঘ, ঙ, জ]; ২ (৮ম—১০ম) কান্দি পড়ে যেই [খ, ঙ, চ]; ৩ (১০ম) সর্বক্ষণে [ক, গ], ৬ (৭ম) তার স্থানে [ঘ, জ], সেই স্থানে [ঙ, ছ]; ৭ (৩য়) কসা কত [ঙ], কত মুক্তা [চ]; ৯ (৩য়) নির্মাণ [ক, গ, ঘ, চ, ছ, জ]; ১১ (৪র্থ) খেচন [ক, খ, ছ]; ১৩ (৫ম) ধরিলা [ক, চ, ঞ]; ১৫ (২য়) যুগল [ঘ, জ], (৫ম) মল্ল [ক, খ, ঝ], মালা [ঘ, জ]; ১৬ (১ম) সূক্ষ্ম [ঘ, জ]; ১৭ (৩য়) কুন্দ [ছ]; ২১ (৮ম) সর্বজনে [গ, ছ, ঞ], ততক্ষণে [ঘ, জ]; ২৪ (৩য়) পরিলেন [ছ], (৭ম) মল্ল [খ, চ], (৯ম) সুহার [ক, খ, গ], সুসার [ছ]; ২৬ (৩য়) স্বাত্মভাবানন্দে [ঘ], স্বানুভাবানন্দে [ঙ, জ]।

তবে প্রভু সর্ব পারিষদগণে মিলি'। ভক্ত গৃহে-গৃহে করে' পর্যটনকেলি ॥ ৩৫৭
জাহ্নবীর দুই কূলে যত আছে গ্রাম। সর্বত্র ফিরেন নিত্যানন্দ জ্যোতির্ধাম ॥ ৩৫৮
দরশন-মাত্র সর্বজীব মুক্ত হয়। নাম তনু দুই—নিত্যানন্দরসময় ॥ ৩৫৯
পাষণ্ডীও দেখিলেই মাত্র করে' স্তুতি। সর্বস্ব দিবারে সেইক্ষণে করে' মতি ॥ ৩৬০
নিত্যানন্দস্বরূপের শরীর মধুর। সভারেই কৃপাদৃষ্টি করেন প্রচুর ॥ ৩৬১
কি ভোজনে কি শয়নে কিবা পর্যটনে। ক্ষণেকো না যায় ব্যর্থ সংকীর্তন বিনে ॥ ৩৬২
যেখানে করেন নৃত্য কৃষ্ণ-সংকীর্তন। তথাই বিহ্বল হয় শতশত জন ॥ ৩৬৩
গৃহস্থের শিশু সব কিছুই না জানে'। তাহারাও মহা-মহা-বৃক্ষ ধরি' টানে ॥ ৩৬৪
হুঙ্কার করিয়া বৃক্ষ ফেলে উপাড়িঞা। 'মুঞি রে গোপাল' বলি' বেড়ায় সে ধাঞা ॥ ৩৬৫
হেন সে সামর্থ্য এক শিশুর শরীরে। শতজন মিলিয়াও ধরিতে না পারে' ॥ ৩৬৬
"শ্রীকৃষ্ণচৈতন্য জয় নিত্যানন্দ" বলি'। সিংহনাদ করে' শিশু হঞা কুতুহলী ॥ ৩৬৭
এইমত নিত্যানন্দ—বালক-জীবনে। বিহ্বল করিতে লাগিলেন শিশুগণে ॥ ৩৬৮
মাসেকেও এক শিশু না করে' আহার। দেখিতে লোকের চিত্তে লাগে চমৎকার ॥ ৩৬৯
হইলেন বিহ্বল সকল ভক্তবৃন্দ। সভার রক্ষক হইলেন নিত্যানন্দ ॥ ৩৭০
পুত্রপ্রায় করি' প্রভু সভারে ধরিঞা। করায়েন ভোজন আপনে হস্ত দিয়া ॥ ৩৭১
কা'রেও বা বান্ধিয়া রাখেন নিজ-পাশে। মারেন বান্ধেন—তভু অট্ট অট্ট হাসে ॥ ৩৭২
একদিন গদাধরদাসের মন্দিরে। আইলেন, তান প্রীতি করিবার তরে ॥ ৩৭৩
গোপীভাবে গদাধরদাস মহাশয়। হইয়া আছেন অতি পরানন্দময় ॥ ৩৭৪
মস্তকে ধরিয়া গঙ্গাজলের কলস। নিরবধি ডাকে, "কে কিনিবা গোরস ?" ৩৭৫
শ্রীবালগোপালমূর্তি তাঁ'র দেবালয়ে। আছেন পরমলাবণ্যের সমুচ্চয়ে ॥ ৩৭৬
দেখি' বালগোপালের মূর্তি মনোহর। প্রীত্যে নিত্যানন্দ লৈলা বক্ষের উপর ॥ ৩৭৭
অনন্তহৃদয়ে দেখি' শ্রীবালগোপাল। সর্বগণে 'হরি'ধ্বনি করেন বিশাল ॥ ৩৭৮
হুঙ্কার করিয়া নিত্যানন্দ-মল্ল-রায়। করিতে লাগিলা নৃত্য গোপাল-লীলায় ॥ ৩৭৯
দানখণ্ড গায়েন মাধবানন্দঘোষ। শুনি' অবধূতসিংহ পরমসন্তোষ ॥ ৩৮০
ভাগ্যবন্ত মাধবের হেন দিব্য-ধ্বনি। শুনিতেই আবিষ্ট হয় অবধূতমণি ॥ ৩৮১

---

১ (৬ষ্ঠ, ৭ম) ভক্তগৃহে করে প্রভু [ঘ, ঞ]; ৩ (৩য়) মগ্ন [খ], মুগ্ধ [গ, ঙ, ঝ, ঞ], (৬ষ্ঠ) তত্ত্ব [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, ঞ]; ৪ (৯ম) লয় [খ, ছ, ঝ], হয় [গ, ঞ]; ৫ (২য়) সর্বত্র [ঙ, চ]; ৭ (৪র্থ) হরি- [ঘ, জ], (৬ষ্ঠ) বিভোল [খ, ঙ, চ, ছ, ঞ]; ৮ (৩য়) যেন [ক, গ], (৮ম) মহাবৃক্ষ ধরি [ছ]; ৯ (৪র্থ) পেলে [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ]; ১০ (৭ম) সবজন [খ, চ]; ১১ (১ম—৩য়) জয় জয় শ্রীচৈতন্যনিত্যানন্দ [ঘ, ঙ, জ]. শ্রীকৃষ্ণচৈতন্য-নিত্যানন্দ জয় [ছ], ১৬ (১ম) কাহারেও [চ, ছ, ঞ], (৭ম) মহা [খ], তারা [ঘ, ছ, জ]; ১৯ (২য়) করিয়া [চ, ছ, জ], (৮ম) নিবেক [ঙ], নিবেরে [জ]; ২০ (৫ম, ৬ষ্ঠ) পরম সুরবন্দ্য মহাশয় [ঘ]; ২১ (৭ম, ৮ম) নিজ মস্তক [চ]; ২৪ (৬ষ্ঠ) হইলা সন্তোষ [ঘ, জ]; ২৫ (১ম) পুণ্যবন্ত- [চ, ছ]।

সুকৃতি শ্রীগদাধরদাসে করি' সঙ্গে। দানখণ্ড নৃত্য প্রভু করে নিজরঙ্গে ॥ ৩৮২
গোপীভাবে বাহ্য নাহি গদাধরদাসে। নিরবধি আপনারে 'গোপী'-হেন বাসে' ॥ ৩৮৩
দানখণ্ড-লীলা শুনি' নিত্যানন্দরায়। যে-নৃত্য করিলা, তাহা বর্ণন না যায় ॥ ৩৮৪
প্রেমভক্তিবিকারের যত আছে নাম। সব প্রকাশিয়া নৃত্য করে' অনুপাম ॥ ৩৮৫
বিদ্যুতের প্রায় নৃত্যগতির ভঙ্গিমা। কিবা সে অদ্ভুত ভুজচালন-মহিমা ॥ ৩৮৬
কিবা সে নয়নভঙ্গি, কী সুন্দর হাস। কিবা সে অদ্ভুত শিরকম্পন-বিলাস ॥ ৩৮৭
একত্র করিয়া দুই চরণ সুন্দর। কিবা জোড়ে-জোড়ে লাফ দেন মনোহর ॥ ৩৮৮
যে-দিগে চা'হেন নিত্যানন্দ প্রেমরসে। সেই-দিগে স্ত্রী-পুরুষে কৃষ্ণসুখে ভাসে ॥ ৩৮৯
হেন সে করেন কৃপাদৃষ্টি অতিশয়। পরানন্দে দেহ-স্মৃতি কারো না থাকয় ॥ ৩৯০
যে-ভক্তি বাঞ্ছেন যোগীন্দ্রাদি-মুনিগণে। নিত্যানন্দ-প্রসাদে সে ভুঞ্জে যে-তে জনে ॥ ৩৯১
হস্তিসম জন না খাইলে তিন দিন। চলিতে না পারে'—দেহ হয় অতিক্ষীণ ॥ ৩৯২
একমাসও শিশুরা না করে' আহার। তথাপিহ সিংহপ্রায় সর্ব ব্যবহার ॥ ৩৯৩
হেন শক্তি প্রকাশেন নিত্যানন্দরায়। তথাপি না বুঝে কেহো চৈতন্যমায়ায় ॥ ৩৯৪
এইমত কথোদিন প্রেমানন্দরসে। গদাধরদাসের মন্দিরে প্রভু বৈসে ॥ ৩৯৫
বাহ্য নাহি গদাধরদাসের শরীরে। নিরবধি 'হরিবোল' বোলয় সভারে ॥ ৩৯৬
শুন শুন আরে ভাই নিত্যানন্দ শক্তি। যেরূপে দিলেন সর্ব-জীবে প্রেমভক্তি ॥ ৩৯৭
সেই গ্রামে কাজী আছে পরম দুর্বার। কীর্তনের প্রতি দ্বেষ করয়ে অপার ॥ ৩৯৮
পরানন্দে মত্ত গদাধর মহাশয়। নিশাভাগে গেলা সেই কাজীর আলয় ॥ ৩৯৯
যে-কাজীর ভয়ে লোক পালায় অন্তরে। নির্ভয়ে চলিলা নিশাভাগে তা'র ঘরে ॥ ৪০০
নিরবধি হরিধ্বনি করিতে করিতে। প্রবিষ্ট হৈলা গিয়া কাজীর বাড়ীতে ॥ ৪০১
দেখি' মাত্র রহিয়া কাজীর সর্বগণে। কাহারো বলিতে কিছু না আইসে বদনে ॥ ৪০২
গদাধর বোলে, "অরে! কাজী বেটা কোথা। ঝাট কৃষ্ণ বোল, নহে ছিণ্ডোঁ তোর মাথা ॥
অগ্নি-হেন ক্রোধে কাজী হৈল ঘর-বাহির। গদাধরদাসে দেখি' মাত্র হইল স্থির ॥ ৪০৪
কাজী বোলে, "গদাধর! তুমি কেনে এথা?" গদাধর বোলে, "আছয়ে কিছু কথা ॥" ৪০৫
শ্রীচৈতন্য নিত্যানন্দ প্রভু অবতরি'। জগতের মুখে বোলাইলা 'হরি হরি' ॥ ৪০৬
সবে তুমি মাত্র নাহি বোল হরিনাম। তাহা বোলাইতে আইলাঙ তোমা' স্থান ॥ ৪০৭

---

১ "এইরূপ লীলা তাঁর নিজ প্রেমরঙ্গে। সুকৃতি শ্রীগদাধরদাস করি সঙ্গে ॥" [ঞ]; ৩ (১ম) -কথা [গ], (১ম, ২য়) -লীলারসে [খ], (৭ম) বর্ণিলে [খ], কহনে [চ]; ৬ (১০ম) সব কম্পন- [ক, গ, ঞ]; ৭ (৮ম) লম্ফ [ক, গ, চ, ঞ]. ৯ (৬ষ্ঠ) প্রেমানন্দে [ক]; ১০ (৬ষ্ঠ—৮ম) পায় যেন তেন [ক]; ১২ (১ম, ২য়] একমাস একশিশু [ক, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ]; ১৩ (২য়) ভক্তি [গ]; ২১ (৩য়) বসিয়া [গ, ঞ]; ২২ (১১শ) ছিড়োঁ [ক, খ, গ], কাটিব [ছ], (১২শ [এই [ক, খ, গ] ।

পরম-মঙ্গল হরিনাম বোল তুমি। তোমা' সব-পাপ হৈতে উদ্ধারিমু আমি ॥ ৪০৮
যদ্যপিহ কাজী মহা-হিংসক-চরিত। তথাপি না বোলে কিছু, হইলা স্তম্ভিত ॥ ৪০৯
হাসি' বোলে কাজী, "শুন দাস-গদাধর! কালি বলিবাঙ 'হরি' আজি যাহ ঘর ॥" ৪১০
হরিনাম মাত্র শুনিতেই তা'র মুখে। গদাধরদাস পূর্ণ হৈলা প্রেমসুখে ॥ ৪১১
গদাধরদাস বোলে, "আর কালি কেনে? এই ত বলিলা 'হরি' আপন-বদনে ॥ ৪১২
আর তোর অমঙ্গল নাহি কোন ক্ষণে। যখনে করিলি হরিনামের গ্রহণে ॥" ৪১৩
এত বলি' পরম-উন্মাদে গদাধর। হাথে তালি দিয়া নৃত্য করে' বহুতর ॥ ৪১৪
কথোক্ষণে আইলেন আপন-মন্দিরে। নিত্যানন্দ-অধিষ্ঠান যাহান শরীরে ॥ ৪১৫
হেনমত গদাধরদাসের মহিমা। চৈতন্য-পার্ষদ-মধ্যে যাঁহার গণনা ॥ ৪১৬
যে-কাজীর বাতাসো না লয় সাধুজনে। পাইলেই জাতিমাত্র লয় সেইক্ষণে ॥ ৪১৭
"যে কাজী দুর্বার, হিন্দু দেখি' জাতি লয়। হেন-জনে কৃপাদৃষ্টি কৈলা মহাশয় ॥" ৪১৮
হেন-জন পাসরিল সব হিংসাধর্ম। ইহারে সে বলি—কৃষ্ণ-আবেশের কর্ম ॥ ৪১৯
"হেন-জনে গদাধর বলাইলা হরি। এইমত কৃষ্ণভাবাবেশে চিত্ত ধরি ॥" ৪২০
সত্য কৃষ্ণভাব হয় যাঁহার শরীরে। অগ্নি-সর্প-ব্যাঘ্রেও লঙ্ঘিতে নারে' তাঁ'রে ॥ ৪২১
ব্রহ্মাদির অভীষ্ট যে-সব কৃষ্ণভাব। গোপীগণে ব্যক্ত যে-সকল অনুরাগ ॥ ৪২২
ইঙ্গিতে সে-সব ভাব নিত্যানন্দরায়। দিলেন সকল প্রিয়গণেরে কৃপায় ॥ ৪২৩
ভজ ভাই! হেন নিত্যানন্দের চরণ। যাঁহার প্রসাদে হয় চৈতন্য-শরণ ॥ ৪২৪
তবে নিত্যানন্দমহাপ্রভু কথোদিনে। শচী-আই দেখিবারে ইচ্ছা হৈল মনে ॥ ৪২৫
শুভযাত্রা কৈলা প্রভু নবদ্বীপ-প্রতি। পারিষদগণ সব চলিলা সংহতি ॥ ৪২৬
যেমতে আইলা প্রভু খড়দহ-গ্রামে। পুরন্দরপণ্ডিতের দেবালয়-স্থানে ॥ ৪২৭
খড়দহ-গ্রামে প্রভু নিত্যানন্দরায়। যত নৃত্য করিলেন কহনে না যায় ॥ ৪২৮
পুরন্দরপণ্ডিতের পরম উন্মাদ। বৃক্ষের উপরে চড়ি' করে সিংহনাদ ॥ ৪২৯
বাহ্য নাহি শ্রীচৈতন্যদাসের শরীরে। ব্যাঘ্র তাড়াঞা যায় বনের ভিতরে ॥ ৪৩০
কখনো চড়েন সেই ব্যাঘ্রের উপরে। কৃষ্ণের প্রসাদে ব্যাঘ্র লঙ্ঘিতে না পারে' ॥ ৪৩১
মহা অজগরসর্প লঞা নিজ-কোলে। নির্ভয়ে চৈতন্যদাস থাকে কুতুহলে ॥ ৪৩২
ব্যাঘ্রের সহিত খেলা খেলেন নির্ভয়। হেন কৃপা করে অবধূত মহাশয় ॥ ৪৩৩
সেবকবৎসল প্রভু নিত্যানন্দ-রায়। ব্রহ্মার দুর্লভ রস ইঙ্গিতে ভুঞ্জায় ॥ ৪৩৪

---

৪ (৭ম, ৮ম) হইলা মত্ত [চ]; ৭ (৩য়) -উদ্দাম [ঘ, চ]. ৮ (২য়, ৩য়) গদাধর আইলা মন্দিরে [খ], (৪র্থ) নিতাই-প্রবিষ্ট-হৈলা [জ], ১৫ (৬ষ্ঠ, ৭ম) বিদিত যে সব [চ, ছ]; ১৭ (৭ম) কৃপায় [ছ], (৮ম) হই [ক, গ], পাই [ঘ, ঞ]; ১৯ (৫ম) -বর্গ [ক, গ, চ, ছ, ঞ], (৭ম) হইলা [ক, গ]; ২১ (৭ম) কথন [খ, ঙ, ঝ]; ২৪ (৯ম— ১১শ) পরশিতে নারে [ঘ]; ২৭ (৮ম) বুঝায় [ঘ, ঙ, জ]।

চৈতন্যদাসের আত্মবিস্মৃতি সর্বথা। নিরন্তর কহেন আনন্দ-মনঃকথা ॥ ৪৩৪
দুই-তিন দিন মজ্জি' জলের ভিতরে। থাকেন, কোথাও দুঃখ না হয় শরীরে ॥ ৪৩৫
জড়প্রায় অলক্ষিত সব ব্যবহার। পরম উদ্দাম সিংহবিক্রম অপার ॥ ৪৩৬
চৈতন্যদাসের যত ভক্তির বিকার। কত বা কহিতে পারি ?—সকল অপার ॥ ৪৩৭
জয় চৈতন্যদাস পুরন্দর-পণ্ডিত। যাঁ'দের বাতাসেও কৃষ্ণ পাইয়ে নিশ্চিত ॥ ৪৩৮
এবে কেহো বোলায় 'চৈতন্যদাস' নাম। স্বপ্নেও না বোলে শ্রীচৈতন্যগুণগ্রাম ॥ ৪৩৯
অদ্বৈতের প্রাণনাথ—শ্রীকৃষ্ণচৈতন্য। যাঁ'র ভক্তিপ্রসাদে অদ্বৈত সত্য ধন্য ॥ ৪৪০
জয় জয় অদ্বৈতের শ্রীচৈতন্যে ভক্তি। যাঁহার প্রসাদে অদ্বৈতের সর্বশক্তি ॥ ৪৪১
সাধুলোক অদ্বৈতের এ মহিমা ঘোষে'। কেহো ইহা অদ্বৈতের নিন্দা হেন বাসে' ॥ ৪৪২
সেহো ছার বোলায় 'চৈতন্যদাস' নাম। সে পাপী বা কেনে যায় অদ্বৈতের স্থান ? ৪৪৩
সে পাপীরে 'অদ্বৈতের লোক' বোলে যে। অদ্বৈতের হৃদয় না জানে' কভু সে ॥ ৪৪৪
রাক্ষসের নাম যেন কহে 'পুণ্যজন'। এইমত এ সব চৈতন্যদাসগণ ॥ ৪৪৫
কথোদিন থাকি' নিত্যানন্দ খড়দহে। সপ্তগ্রামে আইলেন সর্বগণ-সহে ॥ ৪৪৬
সেই সপ্তগ্রামে আছে সপ্তঋষি-স্থান। জগতে বিদিত সে 'ত্রিবেণীঘাট' নাম ॥ ৪৪৭
সেই গঙ্গাঘাটে পূর্বে সপ্তঋষিগণ। তপ করি পাইলেন গোবিন্দচরণ ॥ ৪৪৮
তিন দেবী সেই-স্থানে একত্র মিলন। জাহ্নবী যমুনা সরস্বতীর সঙ্গম ॥ ৪৪৯
প্রসিদ্ধ 'ত্রিবেণীঘাট' সকল-ভুবনে। সর্বপাপ ক্ষয় হয় যা'র দরশনে ॥ ৪৫০
নিত্যানন্দ মহাপ্রভু পরম আনন্দে। সেই ঘাটে স্নান কৈলা সঙ্গে ভক্তবৃন্দে ॥ ৪৫১
উদ্ধারণদত্ত ভাগ্যবন্তের মন্দিরে। রহিলেন নিত্যানন্দ ত্রিবেণীর তীরে ॥ ৪৫২
কায়-মনো-বাক্যে নিত্যানন্দের চরণ। ভজিলেন অকৈতবে দত্ত-উদ্ধারণ ॥ ৪৫৩
নিত্যানন্দস্বরূপের সেবা-অধিকার। পাইলেন উদ্ধারণ—কত ভাগ্য তাঁ'র ॥ ৪৫৪
জন্মজন্ম নিত্যানন্দস্বরূপ ঈশ্বর। জন্মজন্ম উদ্ধারণো তাঁহার কিঙ্কর ॥ ৪৫৫
যতেক বণিক-কুল উদ্ধারণ হৈতে। পবিত্র হইল—দ্বিধা নাহিক ইহাতে ॥ ৪৫৬
বণিক তারিতে নিত্যানন্দ অবতার। বণিকেরে দিলা প্রেমভক্তি অধিকার ॥ ৪৫৭
সপ্তগ্রামে প্রতি-বণিকের ঘরে ঘরে। আপনে শ্রীনিত্যানন্দ কীর্তনে বিহরে ॥ ৪৫৮
বণিকসকল নিত্যানন্দের চরণ। সর্বভাবে ভজিলেন লইয়া শরণ ॥ ৪৫৯
বণিক-সভের কৃষ্ণভজন দেখিতে। মনে চমৎকার পায় সকল জগতে ॥ ৪৬০

---

২ (৩য়) ডুবি [ঞ]; ৩ (৩য়) বেশ (খ, গ]; ৪ (৯ম, ১০ম) অন্ত নাহি যার [খ]; ৬ (৩য়) বোলয়ে [ক, গ]; ৮ (২য়) খড়া [ক, ঘ, ঝ, ঞ], (৩য়, ৪র্থ) অদ্বৈতের যে চৈতন্যভক্তি [ক, ঘ, ঝ, ঞ], অদ্বৈতরাজ চৈতন্যের ভক্তি [খ], শ্রীঅদ্বৈত চৈতন্যের শক্তি [জ]; ১০ (৬ষ্ঠ—১১শ] "সেবা কেন জানিবে অদ্বৈত গুণগ্রাম ॥" [ঞ]; ১১ (৭ম, ৮ম) যাহার স্মরণে [ঙ, ছ]; ১৯ (৫ম) মহাপ্রভু [ক, খ, গ, ঙ, চ, ছ, ঝ]; ২১ (৭ম) আর [ক, খ, ঙ]।

নিত্যানন্দমহাপ্রভুর মহিমা অপার। বণিক অধম মুখে' যে কৈলা উদ্ধার ॥ ৪৬১
সপ্তগ্রামে মহামত্ত নিত্যানন্দরায়। গণসহ সংকীর্তন করেন লীলায় ॥ ৪৬২
সপ্তগ্রামে যত হৈল কীর্তন-বিহার। শতবৎসরেও তাহা নারি' বর্ণিবার ॥ ৪৬৩
পূর্বে যেন সুখ হৈল নদীয়া-নগরে। সেইমত সুখ হৈল সপ্তগ্রাম-পুরে ॥ ৪৬৪
রাত্রিদিন ক্ষুধা-তৃষ্ণা নাহি নিদ্রা-ভয়। সর্বদিগে হৈল হরি-সংকীর্তনময় ॥ ৪৬৫
প্রতি-ঘরে-ঘরে প্রতি-নগরে-চত্বরে। নিত্যানন্দমহাপ্রভু কীর্তনে বিহরে' ॥ ৪৬৬
নিত্যানন্দস্বরূপের আবেশ দেখিতে। হেন নাহি—যে বিহ্বল না হয় জগতে ॥ ৪৬৭
অন্যের কি দায় বিষ্ণুদ্রোহী যে যবন। তাহারাও পাদপদ্মে লইল শরণ ॥ ৪৬৮
যবনের নয়নে দেখি' সে প্রেমধার। ব্রাহ্মণেহ আপনারে করয়ে ধিক্কার ॥ ৪৬৯
জয় জয় অবধূতচন্দ্র মহাশয়। যাঁহার কৃপায় হেন সব রঙ্গ হয় ॥ ৪৭০
এইমত সপ্তগ্রামে, আম্বুয়া-মুলুকে। বিহরেন নিত্যানন্দস্বরূপ কৌতুকে ॥ ৪৭১
কথোদিনে প্রভু আইলেন শান্তিপুরে। আচার্যগোসাঞি প্রিয়বিগ্রহের ঘরে ॥ ৪৭২
দেখি' শ্রীঅদ্বৈত নিত্যানন্দের শ্রীমুখ। হেন নাহি জানেন—জন্মিল কোন্ সুখ ॥ ৪৭৩
'হরি' বলি' লাগিলেন করিতে হুঙ্কার। প্রদক্ষিণ দণ্ডবত করেন অপার ॥ ৪৭৪
নিত্যানন্দস্বরূপো অদ্বৈতে করি' কোলে। সিঞ্চিলেন অঙ্গ তান প্রেমানন্দজলে ॥ ৪৭৫
দোঁহে দোঁহারে দেখি' বড় হইলা বিবশ। জন্মিল অনন্ত অনির্বচনীয় রস ॥ ৪৭৬
দোঁহে দোঁহা ধরি' গড়ি যায়েন অঙ্গনে। দোঁহে চাহেন ধরিবারে দোঁহার চরণে ॥ ৪৭৭
কোটিসিংহ জিনি দোঁহে করে' সিংহনাদ। সম্বরণ নহে দুই-প্রভুর উন্মাদ ॥ ৪৭৮
তবে কথোক্ষণে দুই প্রভু হইলা স্থির। বসিলেন একস্থানে দুই মহাধীর ॥ ৪৭৯
করযোড় করি' শ্রীঅদ্বৈত মহামতি। সন্তোষে করেন নিত্যানন্দপ্রতি স্তুতি ॥ ৪৮০
তুমি নিত্যানন্দ-মূর্তি নিত্যানন্দ-নাম। মূর্তিমন্ত তুমি চৈতন্যের গুণগ্রাম ॥ ৪৮১
সর্ব-জীব-পরিত্রাণ তুমি মহাহেতু। মহাপ্রলয়েহ তুমি সত্য-ধর্মসেতু ॥ ৪৮২
তুমি সে বুঝাও চৈতন্যের প্রেমভক্তি। তুমি বক্ষে ধর' চৈতন্যের পূর্ণশক্তি ॥ ৪৮৩
ব্রহ্মা শিব-নারদাদি 'ভক্ত' নাম যাঁ'র। তুমি সে পরম উপদেষ্টা সভাকার ॥ ৪৮৪
বিষ্ণুভক্তি সভেই লয়েন তোমা' হৈতে। তথাপিহ অভিমান না স্পর্শে' তোমাতে ॥ ৪৮৫

---

১ (৮ম, ৯ম) করিলা পার [চ, ছ], (৯ম) নিস্তার [ক, গ, ঘ, ঙ, জ ঞ]; ২ (২য়] মহাপ্রভু [ক, খ, গ, ঘ, (ঙ, জ, ঝ, ঞ]; ৪ (৫ম) গোকুল- [ক, খ, গ, চ]; ৬ (৩য়) নিতাইচাঁদ [ঞ]; ৭ (৮ম—১০ম) নাহি ত্রিজগতে [খ, চ]; ৯ "যবনের কৃষ্ণাবেশ দেখিতে দেখিতে। মনে চমৎকার পায় ব্রাহ্মণ সভেতে ॥" [ছ], (৭ম) জন্মায় [ক, খ, গ, চ, ঝ], এই পংক্তির পর খ-পুঁথিতে "যে ভক্তি বাঞ্ছয়ে যোগেশ্বর ঋষিগণে। নিত্যানন্দ প্রসাদে সে পায় যে-তে জনে॥ শ্রীচৈতন্যনিত্যানন্দচাঁদ পহুঁ জান। বৃন্দাবনদাস তছু পদযুগে গান ॥" এই অতিরিক্ত পাঠ এবং পঞ্চম অধ্যায় শেষ আছে; ১২ (৫ম) অদ্বৈতআচার্য [চ, ছ]; ১৭ (৬ষ্ঠ) হরিষ [চ]; ২১ (৩য়) -রাম [ঘ]; ২২ (৬ষ্ঠ) মহাধর্ম- [ঙ, চ]; ২৩ (৫ম) রসভক্তি [জ], (৮ম—১০ম) চৈতন্যের ধরহ [খ], (৯ম) বলে [কচিৎ পাঠ]; ২৫ (৩য়) শিখেন [চ], শিখিলা [ছ], লভেন [জ]।

পতিতপাবন তুমি দোষদৃষ্টি শূন্য। তোমারে সে জানে'—যাঁ'র আছে বহু পুণ্য ৪৮৬
সর্বযজ্ঞময় এই বিগ্রহ তোমার। অবিদ্যা-বন্ধন খণ্ডে' স্মরণেহ যাঁ'র॥ ৪৮৭
যদি তুমি প্রকাশ না কর' আপনারে। তবে কা'র শক্তি আছে জানিতে তোমারে? ৪৮৮
অক্রোধ পরমানন্দ তুমি মহেশ্বর। সহস্রবদন আদিদেব মহীধর॥ ৪৮৯
রক্ষ-কুল-হন্তা তুমি শ্রীলক্ষ্মণচন্দ্র। তুমি গোপপুত্র হলধর মূর্তিমন্ত॥ ৪৯০
মূর্খ-নীচ-অধম-পতিতে উদ্ধারিতে। তুমি অবতীর্ণ হইয়াছ পৃথিবীতে॥ ৪৯১
যে-ভক্তি বাঞ্ছয়ে যোগেশ্বর-সব মনে। তোমা' হৈতে তাহা পাইবেক যে-তে জনে॥" ৪৯২
কহিতে অদ্বৈত নিত্যানন্দের মহিমা। আনন্দ-আবেশে পাসরিলা সে আপনা'॥ ৪৯৩
অদ্বৈত সে জ্ঞাতা নিত্যানন্দের প্রভাব। এইমর্ম জানে' কোন কোন মহাভাগ॥ ৪৯৪
তবে যে কলহ দেখ অন্যোহন্যে বাজে। সে কেবল পরানন্দ, যদি জনে বুঝে॥ ৪৯৫
অদ্বৈতের বাক্য বুঝিবার শক্তি কা'র? জানিহ—ঈশ্বর-সনে ভেদ নাহি তাঁ'র॥ ৪৯৬
হেনমতে দুই মহাপ্রভু নিজরঙ্গে। বিহরেন কৃষ্ণকথা-মঙ্গল-প্রসঙ্গে॥ ৪৯৭
অনেক রহস্য করি' অদ্বৈত সহিত। অশেষপ্রকারে তান জন্মাইলা প্রীত॥ ৪৯৮
তবে অদ্বৈতের স্থানে লঞা অনুমতি। নিত্যানন্দ আইলেন নবদ্বীপ-প্রতি॥ ৪৯৯
সেইমতে সর্বাদ্যে আইলা আই-স্থানে। আসি' নমস্করিলেন আইর চরণে॥ ৫০০
নিত্যানন্দস্বরূপেরে দেখি' শচী-আই। কী আনন্দ পাইলেন—তা'র অন্ত নাই॥ ৫০১
আই বোলে, "বাপ্! তুমি সত্য অন্তর্যামী। তোমারে দেখিতে ইচ্ছা করিলাঙ আমি॥
মোর চিত্ত জানি' তুমি আইলা সত্বর। কে তোমা' চিনিতে পারে' সংসার ভিতর? ৫০৩
কথোদিন থাক বাপ্! এই নবদ্বীপে। যেন তোমা দেখোঁ মুঞি দশে পক্ষে মাসে॥ ৫০৪
মুঞি দুঃখিনীর ইচ্ছা তোমারে দেখিতে। দৈবে তুমি আসিয়াছ দুঃখীরে তারিতে॥" ৫০৫
শুনি' সে আইর বাক্য হাসে নিত্যানন্দ। যিঁহো জানে' আইর প্রভাবের আদি অন্ত॥
নিত্যানন্দ বোলে, "শুন আই জগন্মাতা! তোমারে দেখিতে মুঞি আসিয়াছি এথা॥৫০৭
মোর ইচ্ছা তোমা' দেখি' থাকিমু এথায়। রহিলাঙ নবদ্বীপে তোমার আজ্ঞায়॥" ৫০৮
হেনমতে নিত্যানন্দ আই সম্ভাষিঞা। নবদ্বীপে ভ্রমেন আনন্দযুক্ত হঞা॥ ৫০৯
নবদ্বীপে নিত্যানন্দ প্রতি-ঘরে-ঘরে। সব পারিষদ-সঙ্গে কীর্তনে বিহরে'॥ ৫১০
নবদ্বীপে আসিয়া প্রভু নিত্যানন্দ। হইলেন কীর্তনে আনন্দ মূর্তিমন্ত॥ ৫১১

---

২ (৭ম) শরণে [খ], শ্রবণে [চ, জ]; ৪ (৬ষ্ঠ) আদি-শেষ [গ]; ৭ (২য়) রক্ষয়ে [ক], (৩য়, ৪র্থ) মুনি-গণে [ঘ, ঙ, জ], (৯ম) হীন [ছ]; ৯ (৩য়) জানে [খ]; ১০ (৩য়, ৪র্থ) দেখহ হের [ক, গ], (৪র্থ) হের [ঝ], (১০ম) নাহি [ক], জানে [খ], মনে [গ, ঞ]; ১১ (৫ম) যার [খ]; ১২ (৪র্থ) মহারঙ্গে [গ, ঘ, ঙ, ঞ], (৬ষ্ঠ) -আনন্দ- [চ, ছ]; ১৪—এই পংক্তির পর অধিক পাঠ—"শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দচাঁদ জান। বৃন্দাবনদাস তছু পদযুগে গান॥" [ঞ]; ১৭ (৩য়) বাপু [ক, গ, জ]; (৫ম) সর্ব [ঘ, ছ]; ২০ (৯ম) পতিত [ঘ, জ]; ২২ (৫ম) সর্বমাতা [ঘ, ঙ, জ, ঝ], বিশ্বমাতা [চ]; ২৬ (২য়, ৩য়) আসি মহাপ্রভু [ক, খ, ঘ, ঙ, ছ, জ, ঝ, ঞ]।

প্রতি-ঘরে-ঘরে সব পারিষদ-সঙ্গে। নিরবধি বিহরেন সংকীর্তনরঙ্গে ॥ ৫১২
পরম মোহন সংকীর্তন-মল্ল-বেশ। দেখিতে সুকৃতি পায় আনন্দ বিশেষ ॥ ৫১৩
শ্রীমস্তকে শোভে বহুবিধ পট্টবাস। তদুপরি বহুবিধ মাল্যের বিলাস ॥ ৫১৪
কণ্ঠে বহুবিধ মণি-মুক্তা-স্বর্ণহার। শ্রুতিমূলে দোলে মুক্তা কাঞ্চন অপার ॥ ৫১৫
সুবর্ণের অঙ্গদ বলয় শোভে করে। না জানি—কতেক মালা শোভে কলেবরে ॥ ৫১৬
গোরোচনা-চন্দনে লেপিত সর্ব অঙ্গ। নিরবধি বালগোপালের প্রায় রঙ্গ ॥ ৫১৭
কী অপূর্ব লৌহদণ্ড ধরেন লীলায়। পূর্ণ দশ-অঙ্গুলি সুবর্ণমুদ্রিকায় ॥ ৫১৮
শুক্ল নীল পীত বহুবিধ পট্ট-বাস। পরম বিচিত্র পরিধানের বিলাস ॥ ৫১৯
বেত্র বংশী ছরিকা জঠরপটে শোভে। যাঁ'র দরশন ধ্যানে জগ-মন লোভে' ॥ ৫২০
রজত-নূপুর-মল শোভে দু'চরণে। পরম মধুর ধ্বনি গজেন্দ্রগমনে ॥ ৫২১
যে-দিগে চাহেন মহাপ্রভু নিত্যানন্দ। সেই দিগে হয় কৃষ্ণরস মূর্তিমন্ত ॥ ৫২২
হেনমতে নিত্যানন্দ পরম-কৌতুকে। আছেন চৈতন্যজন্মভূমি-নবদ্বীপে ॥ ৫২৩
নবদ্বীপ—যে-হেন মথুরা-রাজধানী। কত-মত লোক আছে,—অন্ত নাহি জানি ॥ ৫২৪
হেন সব সুজন আছেন, যাহা দেখি'। সর্ব মহাপাপ হৈতে মুক্ত হয় পাপী ॥ ৫২৫
তঁহি মধ্যে দুর্জনো হেন কথো কথো বৈসে। সর্ব-ধর্ম ঘুচে তা'দের ছায়ার পরশে ॥ ৫২৬
তা'রাও শ্রীনিত্যানন্দপ্রভুর কৃপায়। কৃষ্ণ পথে রত হৈল অতি অমায়ায় ॥ ৫২৭
আপনে চৈতন্য কতেকে করিলা মোচন। নিত্যানন্দদ্বারে উদ্ধারিলা ত্রিভুবন ॥ ৫২৮
চোর-দস্যু-পতিত-অধম-নাম যা'র। নানামতে নিত্যানন্দ করিলা উদ্ধার ॥ ৫২৯
শুন শুন নিত্যানন্দপ্রভুর আখ্যান। চোর-দস্যু যেমতে করিলা পরিত্রাণ ॥ ৫৩০
নবদ্বীপে বৈসে এক ব্রাহ্মণকুমার। তাহার সমান চোর-দস্যু নাহি আর ॥ ৫৩১
যত চোর দস্যু, তা'র মহাসেনাপতি। নামে সে ব্রাহ্মণ, অতি পরম দুর্মতি ॥ ৫৩২
পরবধে দয়ামাত্র নাহিক শরীরে। নিরন্তর দস্যুগণ সংহতি বিহরে' ॥ ৫৩৩
নিত্যানন্দস্বরূপের অঙ্গে অলঙ্কার। সুবর্ণ প্রবাল মণি মুক্তা দিব্য হার ॥ ৫৩৪
প্রভুর শ্রীঅঙ্গে দেখি' বহুবিধ ধন। হরিতে হইল দস্যুব্রাহ্মণের মন ॥ ৫৩৫
মায়া করি' নিরবধি নিত্যানন্দ-সঙ্গে। ভ্রময়ে তাঁহার ধন হরিবার রঙ্গে ॥ ৫৩৬
অন্তরে পরম দুষ্ট বিপ্র ভাল নয়। জানিলেন নিত্যানন্দ অন্তর-হৃদয় ॥ ৫৩৭
হিরণ্যপণ্ডিত-নামে এক সুব্রাহ্মণ। সেই নবদ্বীপে বৈসে—মহা-অকিঞ্চন ॥ ৫৩৮

---

২ (৩য়) -মত্ত-বেশ [ঘ]; ৩ (৬ষ্ঠ)নানাবর্ণ [ছ]; ৪(৫ম) শোভে [ক, খ, গ, ঙ, চ, ছ, ঝ, ঞ];৭ (১ম,২য়) স্ববর্ণের [ছ]; ৯ (৩য়) চুরিকা (চ) ছুরিকা [ঘ], কাঁচুলি [চ], ঝুরিঝাপা [ছ]; ১০(৩য়)শ্রীচরণে [ক, খ, গ, ঙ, চ, ছ, ঝ, ঞ]; ১১ (৩য়)মাত্র প্রভু [ঘ],—এই পংক্তির পর ঞ-পুস্তকে অধিক পাঠ—"শ্রীকৃষ্ণচৈতন্য......পদযুগে গান ॥" ১৩ (৫ম) কতশত [খ, চ]; ২২ (১ম) নরবধে [জ]; পরধনে [ঞ]; ২৬ (৯ম) আপন [ঙ], অনন্ত [চ]।

সেই ভাগ্যবন্তের মন্দিরে নিত্যানন্দ। থাকিলা বিরলে প্রভু হইয়া অসঙ্গ ॥ ৫৩৯
সেই দুষ্ট ব্রাহ্মণ পরম-দুষ্টমতি। লইয়া সকল দস্যু করয়ে যুকতি ॥ ৫৪০
“আরে ভাই! সভে আর কেনে দুঃখ পাই। চণ্ডীমায়ে নিধি মিলাইলা এক ঠাঁই ॥ ৫৪১
এই অবধূতের দেহেতে অলঙ্কার। সোণা মুক্তা হিরা কসা বই নাহি আর ॥ ৫৪২
কত লক্ষ টাকার পদার্থ নাহি জানি। চণ্ডী-মা'য়ে একঠাই মিলাইলা আনি' ॥ ৫৪৩
শূন্য-বাড়ী-খান—থাকে হিরণ্যের ঘরে। কাড়িয়া আনিমু এক দণ্ডের ভিতরে ॥ ৫৪৪
ঢাল খাঁড়া লঞা সভে হও সমবায়। আজি গিয়া হানা দিমু কথোক নিশায় ॥ ৫৪৫
এইমত যুক্তি করি' সব দস্যুগণ। সভে নিশাভাগ করি' করিল গমন ॥ ৫৪৬
খাঁড়া ছুরি ত্রিশূল লইয়া জনে-জনে। আসিয়া বেড়িল—নিত্যানন্দ যেই স্থানে ॥ ৫৪৭
একস্থানে রহিয়া সকল দস্যুগণে। আগে চর পাঠাইয়া দিল এক জনে ॥ ৫৪৮
নিত্যানন্দ মহাপ্রভু করেন ভোজন। চতুর্দিগে হরিনাম লয় ভক্তগণ ॥ ৫৪৯
কৃষ্ণনামানন্দে মত্ত নিত্যানন্দ-গণ। কেহো করে' সিংহনাদ, কেহো বা গর্জন ॥ ৫৫০
ক্রন্দন করয়ে কেহো পরানন্দরসে। কেহো করতালি দিয়া অট্ট-অট্ট হাসে ॥ ৫৫১
'হৈ হৈ হায় হায়' করে' কোনজন। কৃষ্ণানন্দে নিদ্রা নাহি সভে সচেতন ॥ ৫৫২
চর আসি' কহিলেক দস্যুগণস্থানে। "ভাত খায় অবধূত, জাগে সর্বজনে ॥" ৫৫৩
দস্যুগণ বোলে, "সভে শুউক খাইয়া। আমরাও বসি', সভে হানা দিমু গিয়া ॥ ৫৫৪
বসিল সকল দস্যু এক বৃক্ষতলে। পরধন পাইবেক—এই কুতূহলে ॥ ৫৫৫
কেহো বোলে, "মোহর সোণার তাড় বালা"। কেহো বোলে, "মুঞি নিমু মুকুতার মালা"
কেহো বোলে, "মুঞি নিমু কর্ণ-আভরণ"। "ঝুরি* সব নিমু মুঞি" বোলে কোন জন ॥
কেহো বোলে, "মুঞি নিমু রূপার নূপুর।" সভে হেন মনকলা খায়ে ত প্রচুর ॥ ৫৫৮
হেনই সময়ে নিত্যানন্দের ইচ্ছায়। নিদ্রা ভগবতী আসি' চাপিলা সভায় ॥ ৫৫৯
সেইক্ষণে ঘুমাঞা পড়িল দস্যুগণ। সভেই হইল অতি মহা অচেতন ॥ ৫৬০
নিদ্রায় সকল দস্যু হইল মোহিত। রাত্রি পোহাইল, তভু নাহিক সম্বিত ॥ ৫৬১
কাকরবে জাগিলেক সব দস্যুগণ। রাত্রি নাহি দেখি' সভে হৈল দুঃখি মন ॥ ৫৬২

---

১ (৫ম—৭ম) থাকিলেন বিরলেতে [ঘ, জ]; (৯ম) নিঃশঙ্ক [খ]; ২ (৪র্থ) দুর্মতি [ঘ, জ], ৪ (৩য়) অঙ্গেতে [ঘ, জ, ঞ], (৬ষ্ঠ) রূপা [ঘ, জ]; ৫ (৩য়) তঙ্কার [ঘ, জ], অলঙ্কার [ঙ], (৭ম) -মাতা [ক, ঘ, জ]; ৬ (৫ম) কাড়িয়া [ক, খ, গ- ঘ, ঙ, চ, ঞ]; ৭ (২য়) খাণ্ডা [ক, ঞ], খড়্গা [জ]; ৮ (৩য়) করে [ক, গ, ঘ ঙ, চ, জ], (৮ম) জানি [গ]; ৯ (১ম) খাণ্ডা [ক, খ, গ, ঘ, চ, জ, ঞ], (৭ম) মিলিলা [ক গ, চ, ঞ]; ১১ (৭ম) সর্বজন [খ, গ, জ], সর্বগণ [ঘ, ঙ]; ১২ (১ম—৩য়) কৃষ্ণানন্দে মত্ত নিত্যানন্দ-ভৃত্য- [ক, ঙ, ঝ], কৃষ্ণানন্দে মত্ত নিত্যানন্দভক্ত [গ, জ]; ১৩ (৬ষ্ঠ) করে তালি [ক, খ, গ, ঘ ঙ, জ, ঞ]; ১৪ (১০ম, ১১শ) সভেই চেতন [ক, ঝ]; ১৫ (৭ম) নিত্যানন্দ [খ, ঘ, জ]; ১৯ (৬ষ্ঠ) * ঝুরি [ক]—মণিমুক্তাদির হারবৎ গ্রথিত অলঙ্কার বিশেষ; চুর্ণি [গ] ছুরি [ঘ], ছবি [জ], ছরি [ঝ], (৬ষ্ঠ, ৭ম) সকলি [খ], সব ছবি [ঙ], স্বর্ণহার [ঞ]; ২২ (১ম) সেইখানে [ক, খ, গ, ঘ, ঙ, জ, ঞ], (২য়, ৩য়) মাথা ঘুমাইয়া [ক, খ, গ, ঙ], মাথা ঘুচাইয়া [ঘ, জ], মাথা শুতাইলা [চ]।

আথে ব্যথে ঢাল খাঁড়া ফেলাইয়া বনে। সত্বরে চলিল সব দস্যু গঙ্গাস্নানে ॥ ৫৬৩
শেষে সব দস্যুগণ নিজস্থানে গেল। সভেই সভারে গালি পাড়িতে লাগিল ॥ ৫৬৪
কেহো বোলে,'তুঞি আগে পড়িলি যে শুঞা।'কেহো বোলে'তুঞি বড় আছিলি জাগিঞা।
দস্যুসেনাপতি যে ব্রাহ্মণ দুরাচার। সে বোলয়ে, "কলহ করহ কেনে আর? ৫৬৬
যে হইল, সে হইল চণ্ডীর ইচ্ছায়। এক দিন গেলে কি সকল-দিন যায়? ৫৬৭
বুঝিলাঙ চণ্ডী আজি মোহিলা আপনে। বিনি চণ্ডী পূজিয়া গেলাঙ যে-কারণে ॥ ৫৬৮
ভাল করি' আজি সভে মদ্য মাংস দিয়া। চল সভে একঠাঞি চণ্ডী পূজি গিয়া ॥" ৫৬৯
এতেক করিয়া যুক্তি সব দস্যুগণ। মদ্য-মাংস দিয়া সভে করিল পূজন ॥ ৫৭০
আর দিন দস্যু সব কাচি নানা অস্ত্র। আইলেন বীর-ছান্দে পরি' নীলবস্ত্র ॥ ৫৭১
মহানিশা—সর্বলোক আছয়ে শয়নে। হেনই সময়ে বেড়িলেক দস্যুগণে ॥ ৫৭২
বাড়ীর নিকটে থাকি' দস্যুগণে দেখে। চতুর্দিগে অনেক পাইকে বাড়ী রাখে ॥ ৫৭৩
চতুর্দিগে অস্ত্রধারী পদাতিকগণ। নিরবধি হরিধ্বনি করয়ে গ্রহণ ॥ ৫৭৪
পরম প্রকাণ্ড মূর্তি—সভেই উদ্দণ্ড। নানা-অস্ত্রধারী সভে—পরম প্রচণ্ড ॥ ৫৭৫
সর্বদস্যুগণ দেখে তা'র একোজনে। শতজন মারিতে পারয়ে সেইক্ষণে ॥ ৫৭৬
সভার গলায় মালা, সর্বাঙ্গে চন্দন। সভার বদনে নিরবধি সংকীর্তন ॥ ৫৭৭
নিত্যানন্দ মহাপ্রভু আছেন শয়নে। চতুর্দিগে 'কৃষ্ণ' গায় সেই-সব-জনে ॥ ৫৭৮
তাহা দেখি' দস্যুগণ হইল বিস্মিত। বাড়ী ছাড়ি' সভে বসিল এক-ভিত ॥ ৫৭৯
সর্বদস্যুগণে যুক্তি লাগিলা করিতে। "কোথাকার পদাতিক আইল এথাতে ॥" ৫৮০
কেহো বোলে, "অবধূত কেমতে জানিয়া। কাহার পাইক আনি' আছয়ে মাগিয়া ॥" ৫৮১
কেহো বোলে, "ভাই! অবধূত বড় 'জ্ঞানী'। মাঝে-মাঝে অনেক লোকের মুখে শুনি ॥
জ্ঞানবান্ বড় অবধূত মহাশয়। আপনার রক্ষা কিবা আপনে করয় ॥ ৫৮৩
অন্যথা যে-সব দেখি পদাতিকগণে। মনুষ্যের প্রায় ত না দেখি একজনে ॥ ৫৮৪
হেন বুঝি—এই সব শক্তির কারণে। 'গোসাঞি' করিয়া সভে বোলয়ে উহানে ॥ ৫৮৫
আর কেহো বোলে, "তুমি অবুধ যে ভাই! যে খায়, যে পরে', সে বা কেমত গোসাঞি?"
সকল দস্যুর সেনাপতি যে-ব্রাহ্মণ। সে বোলয়ে, "জানিলাঙ সকল কারণ ॥ ৫৮৭
যত বড় বড় লোক চারিদিগ হৈতে। সভে আইসেন অবধূতেরে দেখিতে ॥ ৫৮৮

---

১ (১ম, ২য়) আস্তে ব্যস্তে [ক, ঘ, ঙ, চ, জ, ঞ]; ৬(৩য়) আসি [ক, চ, ঝ],(৬ষ্ঠ) বিনে [খ], (৯ম,১০ম) গেলা কি কারণে [খ]; ৯ (১ম) এক [ঘ, জ], (৯ম) বীরবেশে [ঞ]; ১২ (১ম) কতকত [খ], (৫ম) হরিনাম [খ, ঝ]; ১৩ (৫ম) ডাঙ্গর [চ], দুর্দণ্ড [ঞ], (৯ম) প্রথর [চ]; ১৪ (৫ম) শতশত [ঘ, চ]; ১৬ (৫ম, ৬ষ্ঠ) জাগি রহে [চ], (৭ম) -গণে [ক, গ, চ]; ১৭ (১ম—৩য়) দস্যুগণ দেখি বড় [ক, গ, ঘ, ঙ, চ, ঝ, ঞ], (৮ম) নড়ি [ক, গ], লড়ি [ঝ]; ১৯ (৬ষ্ঠ—৯ম) কার পদাতিক বা সে আনিল [জ]; ২০ (৮ম) সকল [ঘ]; ২১ (২য়) কিবা [ক, গ, ঞ]; ২২ (১ম, ২য়) এ কারণে সব] খ];২৪ (৪র্থ) তুই [খ, ঙ];২৬ (১ম—৩য়) যত যত বড় [ক,খ,ঞ]।

কোন দিগ হৈতে কোন বিশ্বাস নস্কর। আসিয়াছে, তাঁ'র পদাতিক বহুতর ॥ ৫৮৯
অতএব পদাতিক সকল ভাবক। এই সে কারণে 'হরি হরি' করে' জপ ॥ ৫৯০
এ বা নহে—তোলা-পদাতিক আনি' থাকে। তবে কথোদিন এড়াইমু এই পাকে ॥ ৫৯১
অতএব চল সভে আজি ঘরে যাই। চুপে চাপে দিন-দশ থাকি' গিয়া ভাই! ৫৯২
এত বলি' সব দস্যুগণ গেল ঘরে। অবধূতচন্দ্র প্রভু স্বচ্ছন্দে বিহরে' ॥ ৫৯৩
নিত্যানন্দচরণ ভজয়ে যে-যে-জনে। সর্ব দুঃখ খণ্ডে' সে-সভার স্মরণে ॥ ৫৯৪
হেন নিত্যানন্দপ্রভু বিহরে' আপনে। তাঁহারে করিতে বিঘ্ন পারে' কোন্ জনে? ৫৯৫
অবিদ্যা খণ্ডয়ে যাঁ'র দাসের স্মরণে। সে-প্রভুরে বিঘ্ন করিবেক কোন্ জনে? ৫৯৬
সর্বগণ-সহ বিঘ্ননাথ যাঁ'র দাস। যাঁ'র অংশ রুদ্র করে' জগত বিনাশ ॥ ৫৯৭
যাঁ'র অংশ নড়িতেই ভুবন-কম্প হয়। হেন-প্রভু নিত্যানন্দ—কা'রে তাঁ'র ভয়? ৫৯৮
সর্ব-নবদ্বীপে করে' স্বচ্ছন্দে কীর্তন। স্বচ্ছন্দে করেন ক্রীড়া ভোজন শয়ন ॥ ৫৯৯
সর্ব-অঙ্গে অমূল্য সকল অলঙ্কার। যেন দেখি বলদেব—নন্দের কুমার ॥ ৬০০
কর্পূর তাম্বূল প্রভু করেন ভোজন। ঈষত হাসিয়া মোহে' ত্রিজগত-মন ॥ ৬০১
অভয়-পরমানন্দ বুলে সর্বস্থানে। আনন্দে বিহরে প্রভু ভক্তগণ সনে ॥ ৬০২
আরবার যুক্তি করি' পাপী দস্যুগণে। আইলেক নিত্যানন্দচন্দ্রের ভবনে ॥ ৬০৩
দৈবে সেই রাত্রে মহা-মেঘে অন্ধকার। মহা-ঘোর নিশা—নাহি লোকের সঞ্চার ॥ ৬০৪
মহাভয়ঙ্কর নিশা চোর দস্যুগণ। দশ পাঁচ অস্ত্র একো-জনের কাচন ॥ ৬০৫
প্রবিষ্ট হইলে মাত্র বাড়ীর ভিতরে। সভে হৈল অন্ধ, কেহো দেখিতে না পারে' ॥ ৬০৬
কিছু নাহি দেখে, অন্ধ হৈল দস্যুগণ। সভেই হইল হত-প্রাণ বুদ্ধি-মন ॥ ৬০৭
কেহো গিয়া পড়ে গড়খাইর ভিতরে। জোঁকে পোকে ডাঁসে তা'রে কামড়াঞা মারে ॥
উচ্ছিষ্টগর্তে ত কেহো কেহো গিয়া পড়ে। তথাও মরয়ে বিছা পোকের কামড়ে ॥ ৬০৯
কেহো কেহো পড়ে গিয়া কাঁটার উপরে। গা'য়ে পা'য়ে কাঁটা ফুটে—নড়িতে না পারে' ॥
খালের ভিতরে গিয়া পড়ে কোন জন। হাথ পাও ভাঙ্গি' পড়ে করয়ে ক্রন্দন ॥ ৬১১
সেইখানে কা'রো কা'রো গা'য়ে হৈল জ্বর। সব দস্যুগণ চিন্তা পাইল অন্তর ॥ ৬১২
হেনই সময়ে ইন্দ্র পরম-কৌতুকী। করিতে লাগিলা মহা ঝড় বৃষ্টি তথি ॥ ৬১৩

---

১ (৮ম, ৯ম) হরিনাম [খ]; ৩ (১ম) এবে [ক, খ, গ, ঘ, ঙ, জ, ঞ], (৩য়) কোন- [ঞ]; ৪ (১০ম, ১১শ) বিশ থাকি [ক, গ], ঘরে থাকি [চ]; ৬ (৫ম) বিঘ্ন [ক, খ, গ, ঘ, ঙ চ, জ, ঞ]; ৯ (১ম) সর্ববিঘ্ন [খ, ঘ, চ, জ] (২য়) বিঘ্ননাশে [খ]; ১০ (৩য়) চলিতেই [ক, গ, চ, ঝ, ঞ], কলাতে [খ]; ১২ (২য়) শোভয়ে [জ], (৩য়) রতন [চ]; ১৪ (২য়, ৩য়] ভৃত্যগোষ্ঠীসনে [ক], (৪র্থ—৭ম) "রাত্রি দিনে ভক্তসঙ্গে করে সংকীর্তনে ॥" [ক], অভয় পরমানন্দ ভক্তগোষ্ঠীসনে [গ, ঘ, চ, জ, ঝ, ঞ]; ১৭ (১ম) মহাঅন্ধকার [ঘ], (৯ম) কাছন [ক, ঘ, জ, ঞ]; ২০ (৮ম, ৯ম) ভাসে ডাঁসে [ক, ঞ]; ২২ (৬ষ্ঠ) ভিতরে [ক, গ, চ, ঝ, ঞ], (৭ম, ৮ম) সর্ব-অঙ্গে [ঞ], (১১শ) চলিতে [ঘ, জ]; ২৩ (১০ম) কেহো [খ, ঘ, ঙ, জ]।

একে মরে দস্যু জোঁক-পোকের কামড়ে। বিশেষে মরয়ে আরো মহাবৃষ্টি-ঝড়ে॥ ৬১৪
শিলাবৃষ্টি পড়ে সব অঙ্গের উপরে। প্রাণো নাহি যায়, ভাসে দুঃখের সাগরে॥ ৬১৫
হেন সে পড়য়ে একো মহাঝনঝনা। ত্রাসে মূর্ছা যায় সভে পাসরি' আপনা॥ ৬১৬
মহাবৃষ্ট্যে দস্যুগণ ভিজে নিরন্তর। মহা-শীতে সভার কম্পিত কলেবর॥ ৬১৭
অন্ধ হইয়াছে—কিছু না পায় দেখিতে। মরে দস্যুগণ মহা-ঝড়-বৃষ্টি-শীতে॥ ৬১৮
নিত্যানন্দদ্রোহে আসিয়াছে এ লাগিয়া। ক্রোধে ইন্দ্র বিশেষে মারয়ে দুঃখ দিয়া॥ ৬১৯
কথোক্ষণে দস্যুসেনাপতি যে-ব্রাহ্মণ। অকস্মাত ভাগ্যে তা'র হইল স্মরণ॥ ৬২০
মনে ভাবে' বিপ্র, "নিত্যানন্দ নর নহে। সত্য এহো ঈশ্বর—মনুষ্যে সত্য কহে॥ ৬২১
একদিন মোহিলেন সভারে নিদ্রায়। তথাপিহ না বুঝিলুঁ ঈশ্বর মায়ায়॥ ৬২২
আরদিন মহাদ্ভুত পদাতিকগণ। দেখাইলা' তভু মোর নহিল চেতন॥ ৬২৩
যোগ্য মুঞি-পাপিষ্ঠের এ-সব দুর্গতি। হরিতে প্রভুর ধন যেন কৈলুঁ মতি॥ ৬২৪
এ-মহাসঙ্কটে মোরে কে করিবে পার?—নিত্যানন্দ বিনা মোর গতি নাহি আর!" ৬২৫
এত ভাবি' বিপ্র নিত্যানন্দের চরণ। চিন্তিয়া একান্তভাবে লইল শরণ॥ ৬২৬
সে-চরণ চিন্তিলে আপদ নাহি আর। সেইক্ষণে কোটি অপরাধীরো নিস্তার॥ ৬২৭

যথা (কারুণ্য) শারদা-ভাটিয়ারী-রাগেণ গীয়তে —

"রক্ষ রক্ষ নিত্যানন্দ শ্রীবালগোপল! রক্ষা কর' প্রভু! তুমি সর্বজীবপাল॥ ৬২৮
"ভুমৌ স্খলিতপাদানাং ভুমিরেবাবলম্বনম্। ত্বয়ি জাতাপরাধানাং ত্বমেব শরণং প্রভো॥
যে-জন আছাড় প্রভু! পৃথিবীতে খায়। পুনশ্চ পৃথিবী তা'রে হয়েন সহায়॥ ৬৩০
এইমত যে তোমাতে অপরাধ করে'। শেষে সেহো তোমার স্মরণে দুঃখ তরে'॥ ৬৩১
তুমি সে জীবের ক্ষম' সর্ব অপরাধ। পতিতজনেরো তুমি করহ প্রাসাদ॥ ৬৩২
তথাপি যদ্যপি মুঞি ব্রহ্মঘ্ন গোবধী। মোর বড় আর, প্রভু! নাহি অপরাধী॥ ৬৩৩
সর্বমহাপাতকীও তোমার শরণ। লইলে খণ্ডয়ে তা'র অশেষ বন্ধন॥ ৬৩৪
জন্মাবধি তুমি সে জীবের রাখ প্রাণ। অন্তেও তুমি সে প্রভু! কর' পরিত্রাণ॥ ৬৩৫
এ-সঙ্কট হৈতে প্রভু! কর' আজি রক্ষা। যদি জীউ, তবে প্রভু! হৈল এই শিক্ষা॥ ৬৩৬
জন্মজন্ম প্রভু তুমি, মুঞি তোর দাস। কিবা জিউ মরোঁ—এই হউ মোর আশ॥" ৬৩৭

---

১ (৪র্থ) পোক-জোঁকের [ঘ, জ]; ২ (৬ষ্ঠ) প্রাণে [ক, গ, ঘ, জ]; ৪ (৩য়) তিতে [ক, খ, গ, ঘ, ঙ, জ, ঝ]; ৬ (৯ম) দুষ্ট দিয়া [ক], কদর্থিয়া [খ, ঘ, ঙ, জ]; ৭ (৪র্থ) আচম্বিতে [চ]; ৮ (৭ম, ৮ম) সত্যই [ক, জ], সত্যও [ঘ], (১০ম) মনুষ্যও [ক, জ]; ১১ (৩য়) এমত [ক], এহেন [গ]; ১২ (৭ম) বহি [ক, খ, ঙ, চ], বই [গ, ঝ]; ১৫—করুণা ভাটীয়ারী রাগ [খ], "কারুণ্য-শরণ শ্রীপদারবিন্দ জানি। এত চিন্তি স্তুতি করে সর্বসার মানি॥ ॥কর্ণাট রাগঃ॥" [কচিৎ পাঠ]; ১৬ (১ম, ২য়) রক্ষা কর [খ, ঘ, জ]; ১৮ (৬ষ্ঠ, ৭ম) পুন পৃথিবীতে [ক, গ, ঘ]; ২২ (৭ম) সকল [ক, গ, ঝ, ঞ], সংসার [ঙ], যতেক [জ]; ২৪ (৮ম) জিয়ে [ক, ঘ]।

নিত্যানন্দচন্দ্র কৃপাময় অবতার। শুনি' করিলেন দস্যুগণের উদ্ধার ॥ ৬৩৮
শ্রী(কৃষ্ণ)চৈতন্য-নিত্যানন্দচন্দ্র পঁহু জান। বৃন্দাবনদাস তছু পদযুগে গান ॥ ৬৩৯

ইতি শ্রীচৈতন্যভাগবতে অন্ত্যখণ্ডে শ্রীনিত্যানন্দ-বিলাস-বর্ণনং
নাম পঞ্চমোঽধ্যায়ঃ ॥ ৫

---

২ (১ম) শ্রীকৃষ্ণচৈতন্য.........চান্দ (চন্দ্র (ক, ঙ, জ), (২য়, ৩য়) জ্ঞান [ক, গ, ঘ, ঙ, চ, জ, ঝ]।

ষষ্ঠ অধ্যায়

জয় জয় গৌরচন্দ্র জয় নিত্যানন্দ। জয় জয় প্রভুর যতেক ভক্তবৃন্দ ॥ ১
"জয় জয় মহাপ্রভু জয় নিত্যানন্দ। জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ ॥" ২
এইমত চিন্তিতে সকল দস্যুগণ। সভার হইল দুইচক্ষু বিমোচন ॥ ৩
নিত্যানন্দস্বরূপের স্মরণ-প্রভাবে। ঝড় বৃষ্টি আর কা'রো দেহে নাহি লাগে ॥ ৪
কথোক্ষণে পথ দেখি' সর্ব দস্যুগণ। মৃতপ্রায় হঞা সভে করিল গমন ॥ ৫
সভে ঘরে গিয়া সেইমত দস্যুগণ। গঙ্গাস্নান করিলেন গিয়া সেইক্ষণ ॥ ৬
দস্যুসেনাপতি বিপ্র কান্দিতে-কান্দিতে। নিত্যানন্দচরণে আইল সেইমতে ॥ ৭
বসি' আছেন নিত্যানন্দ বিশ্বনাথ। পতিতজনেরে করি' শুভদৃষ্টিপাত ॥ ৮
চতুর্দিগে ভক্তগণ করে' 'হরিধ্বনি'। আনন্দে হুঙ্কার করে' অবধূতমণি ॥ ৯
সেই মহাদস্যু-বিপ্র হেনই সময়। 'ত্রাহি' বলি' বাহু তুলি' দণ্ডবত হয় ॥ ১০
আপাদমস্তক পুলকিত সর্ব অঙ্গ। নিরবধি অশ্রুধারা বহে, মহাকম্প ॥ ১১
হুঙ্কার গর্জন নিরবধি বিপ্র করে'। বাহ্য নাহি জানে' ডুবি' আনন্দসাগরে ॥ ১২
নিত্যানন্দস্বরূপের প্রভাব দেখিয়া। আপনা' আপনি নাচে হরষিত হৈয়া ॥ ১৩
"ত্রাহি বাপ, নিত্যানন্দ পতিতপাবন!" বাহু তুলি' এইমত ডাকে ঘনে-ঘন ॥ ১৪
দেখি' হইলেন সভে পরম বিস্মিত।—"এমত দস্যুর কেনে এমত চরিত?" ১৫
কেহো বোলে, "মায়া বা করিয়া আসিয়াছে। কোন পাক করিয়া বা হানা দেয় পাছে ॥"
কেহো বোলে, "নিত্যানন্দ পতিতপাবন। কৃপায় ইহার বা কৈলেন ভাল মন ॥" ১৭
বিপ্রের অত্যন্ত প্রেমবিকার দেখিয়া। জিজ্ঞাসিলা নিত্যানন্দ হরষিত হঞা ॥ ১৮
প্রভু বোলে, "কহ বিপ্র! কি তোমার রীত?—বড় ত তোমার দেখি অদ্ভুত-চেষ্টিত? ১৯

---

৯ (২য়) শরণ- [ঙ]; ১১ (১ম) সর্বজন [খ]; ১৭ (৮ম) হৈল [ঘ, ঞ], করিলা [ঝ]; ১৮ (৭ম, ৮ম) ঈষত হাসিয়া [ক, গ, ঘ, চ, জ, ঝ, ঞ], হাসিয়া হাসিয়া [ঙ]।

কি দেখিলা কি শুনিলা কৃষ্ণ-অনুভব। কিছু চিন্তা নাহি—অকপটে কহ সব ॥” ২০
শুনিয়া প্রভুর বাক্য সুকৃতি ব্রাহ্মণ। কহিতে না পারে' কিছু, করয়ে ক্রন্দন ॥ ২১
গড়াগড়ি যায় পড়ি' সকল অঙ্গনে। হাসে' কান্দে গায় নাচে আপনা' আপনে ॥ ২২
সুস্থির হইয়া বিপ্র তবে কথোক্ষণে। কহিতে লাগিলা সব প্রভুবিদ্যমানে ॥ ২৩
“এই নবদ্বীপে প্রভু! বসতি আমার। নামে সে ব্রাহ্মণ—ব্যাধ-চণ্ডাল-আচার ॥ ২৪
নিরন্তর দুষ্টসঙ্গে করি ডাকা চুরি। পরহিংসা বিনা জন্মে আর নাহি করি ॥ ২৫
আমা' দেখি' সর্ব নবদ্বীপ কাঁপে ডরে। কিবা পাপ নাহি হয় আমার শরীরে? ২৬
দেখিয়া তোমার অঙ্গে দিব্য অলঙ্কার। তাহা হরিবারে চিত্ত হইল আমার ॥ ২৭
একদিন সাজি বহু পদাতিকগণ। হরিতে' আইলুঁ মুঞি শ্রীঅঙ্গের ধন ॥ ২৮
সেদিন নিদ্রায়ে প্রভু! মোহিলা সভারে। তোমার মায়ায় নাহি জানিলুঁ তোমারে ॥ ২৯
আরদিন নানামতে চণ্ডিকা পূজিয়া। আইলাঙ খাঁড়া ছুরি ত্রিশূল কাচিয়া ॥ ৩০
অদ্ভুত মহিমা দেখিলাঙ সেইদিনে। সর্ব বাড়ী বেড়িয়াছে পদাতিকগণে ॥ ৩১
একো পদাতিক যেন মত্তহস্তিপ্রায়। আ-জানুলম্বিত মালা সভার গলায় ॥ ৩২
নিরবধি হরিধ্বনি সভার বদনে। তুমি আছ এই গৃহে আনন্দ-শয়নে ॥ ৩৩
হেন সে পাপিষ্ঠ চিত্ত আমা'সভাকার। তভু নাহি বুঝিলাঙ মহিমা তোমার ॥ ৩৪
'কা'র পদাতিক আসিয়াছে কোথা হৈতে।' এত ভাবি সেই দিন গেলাঙ সেইমতে ॥ ৩৫
তবে কথোদিন গেলে কালি আইলাঙ। আসিয়াই মাত্র দুই চক্ষু খাইলাঙ ॥ ৩৬
বাড়ীতে প্রবিষ্ট হঞা সব দস্যুগণে। অন্ধ হঞা সভে পড়িলাঙ নানাস্থানে ॥ ৩৭
কাঁটা জোঁক পোক ঝড় বৃষ্টি শিলাপাতে। সভে মরি, কা'রো শক্তি নাহিক যাইতে ॥ ৩৮
মহা-যমযাতনা হইল যদি ভোগ। তবে শেষে সভার হইল ভক্তিযোগ ॥ ৩৯
তোমার কৃপায় সভে তোমার চরণ। করিলুঁ একান্তভাবে সভেই স্মরণ ॥ ৪০
তবে হৈল সভার লোচন বিমোচন।—হেন মহাপ্রভু তুমি পতিতপাবন! ৪১
সবে আমি এড়াইলুঁ এ-সব যাতনা।—এ তোমার স্মরণের কোন্ বা মহিমা? ৪২
যাঁহার স্মরণে খণ্ডে' অবিদ্যা-বন্ধন। অনায়াসে চলি' যায় বৈকুণ্ঠ-ভুবন ॥” ৪৩
কহিতে কহিতে বিপ্র কান্দে ঊর্ধ্ব-রা'য়। হেন কৃপা করে' প্রভু অবধূতরায় ॥ ৪৪
শুনিয়া সভার হৈল মহাশ্চর্য-জ্ঞান। ব্রাহ্মণের প্রতি সভে করয়ে প্রণাম ॥ ৪৫

---

১ (৯ম) নিষ্কপটে [ক, গ, ঙ, চ]; নিঃসন্দেহে [খ, ঘ, জ], ৩ (১০ম, ১১শ) আপনার মনে [ঘ, জ], আপনা না জানে [চ]; ৫ (২য়) নদীয়ায় [ক, খ, গ, ঙ, ঞ], (৬ষ্ঠ, ৭ম) নাম মাত্র [চ, জ]; ৬ (২য়) দস্যুসঙ্গে [জ],(৭ম) বহি [ক, খ, গ, ঙ, ঞ], বই [চ, ঝ]; ১১ (৯ম) লইয়া [ঘ, জ]; ১২ (৩য়) প্রভু দেখি [খ]; ১৪ (৭ম, ৮ম) গৃহ মাঝে [ঘ, ঙ, জ]; ১৬ (৩য়) আনিয়াছে [ক, খ, গ]; ১৮ (২য়, ৩য়) আর কথোদিনে [ক, গ, ঝ], (৩য়) গেল [খ ঘ], ব্যাজে [চ, ঞ]; ২২ (৮ম) পাতকি-পাবন [ক, গ, চ], পতিততারণ [ঘ, জ], ২৩ (৯ম, ১০ম) কারুণ্য [খ]; ২৪ (৮ম) -ভবন [খ, ঘ, চ]; ২৫ (৫ম) উভরা'য় [ঘ, জ, ঝ]।

বিপ্র বোলে, "প্রভু ! মুঞি হইলুঁ বিদায়। এ-দেহ রাখিতে মোর আর না যুয়ায় ॥ ৪৬
যেন মোর চিত্ত হৈল তোমার হিংসায়। এই মোর প্রায়শ্চিত্ত—'মরিমু গঙ্গায়' ॥" ৪৭
শুনি' অতি অকৈতব বিপ্রের বচন। তুষ্ট হইলেন প্রভু, সর্বভক্তগণ ॥ ৪৮
প্রভু বোলে, "বিপ্র ! তুমি ভাগ্যবন্ত বড়। জন্ম-জন্ম কৃষ্ণের সেবক তুমি দঢ় ॥ ৪৯
নহিলে এমত কৃপা করিবেন কেনে। এ-প্রকাশ অন্যে কি দেখয়ে ভৃত্য বিনে ? ৫০
পতিতপাবন-হেতু চৈতন্যগোসাঞি। অবতরিয়াছেন,—ইহাতে অন্য নাঞি ॥ ৫১
শুন বিপ্র ! যতেক পাতক কৈলা তুমি। আর যদি না কর'—সব নিলুঁ আমি ॥ ৫২
পরহিংসা ডাকা চুরি সব অনাচার। ছাড়' গিয়া সব তুমি, না করিহ আর ॥ ৫৩
ধর্মপথে গিয়া তুমি লহ হরিনাম। তবে তুমি অন্যেরে করিবা পরিত্রাণ ॥ ৫৪
যত চোর দস্যু—সভে ডাকিয়া আনিয়া। ধর্মপথে সভারে লওয়াও তুমি গিয়া ॥"৫৫
এত বলি' আপন-গলার মালা আনি'। তুষ্ট হঞা ব্রাহ্মণেরে দিলেন আপনি ॥ ৫৬
মহা-জয়জয়-ধ্বনি হইল তখন। বিপ্রের হইল সর্ববন্ধ বিমোচন ॥ ৫৭
কাকু করে' বিপ্র প্রভু-চরণে ধরিয়া। ক্রন্দন করয়ে অতি ডাকিয়া ডাকিয়া ॥ ৫৮
"অহে প্রভু নিত্যানন্দ পতিতপাবন ! মুঞি পাতকীরে দেহ' চরণে শরণ ॥ ৫৯
তোমার হিংসায় প্রভু হৈল মোর মতি। মুঞি পাপিষ্ঠের কোন্ লোকে হবে গতি ?"৬০
নিত্যানন্দ মহাপ্রভু করুণাসাগর। পাদপদ্ম দিলা তা'র মস্তক উপর ॥ ৬১
চরণারবিন্দ পাঞা মস্তকে প্রসাদ। ব্রাহ্মণের খণ্ডিল সকল অপরাধ ॥ ৬২
সেই বিপ্র দ্বারে যত চোর-দস্যুগণ। ধর্মপথে লৈল শ্রীচৈতন্যে শরণ ॥ ৬৩
ডাকা চুরি পরহিংসা ছাড়ি' অনাচার। সভে লৈল কায়-মনে সাধু-ব্যবহার ॥ ৬৪
সভেই লয়েন হরিনাম লক্ষলক্ষ। সভে হইলেন বিষ্ণুভক্তিযোগে দক্ষ ॥ ৬৫
অন্য অবতারে ঝাট কেহ নাহি পায়। নিরবধি নিত্যানন্দ 'চৈতন্য' লওয়ায় ॥ ৬৬
যে-ব্রাহ্মণ নিত্যানন্দস্বরূপে না মানে'। তাহারে লওয়ায় সেই চোর-দস্যুগণে ॥ ৬৭
যোগেশ্বর-সভে বাঞ্ছে' যে-প্রেমবিকার। যে-অশ্রু যে-কম্প যে বা পুলক হুঙ্কার ॥ ৬৮
চোর-ডাকাইতের হইল হেন ভক্তি।—হেন প্রভু-নিত্যানন্দস্বরূপের শক্তি ॥ ৬৯
ভজ ভজ ভাই ! হেন প্রভু-নিত্যানন্দ। যাঁহার প্রসাদে পাই প্রভু গৌরচন্দ্র ॥ ৭০
যে শুনয়ে নিত্যানন্দপ্রভুর আখ্যান। তাহারে মিলিব গৌরচন্দ্র ভগবান্ ॥ ৭১

---

১ (৪র্থ, ৫ম) এবে আমার [গ, ঞ]; ২ (১০ম) পশিমু [ঙ]; ৭ (৫ম, ৬ষ্ঠ) কৈলি তুঞি [ক, গ, ঞ], (১০ম) করিস্ [ক, গ, ঙ, চ], (১২শ, ১৩শ) নিমু মুঞি [ক], নিলুঁ মুঞি [গ, ঞ]; ১০ (৪র্থ) গণ [খ, ঘ, ঙ, জ]; ১৩ (১ম—৪র্থ) কাকু করে বিপ্রবর চরণ [খ]; ১৫ (২য়—৫ম) দ্রোহেতে সে হেন হৈল [চ], (৯ম—১১শ) কোন লোকেঁ নাহি [ক]; ১৯ (৬ষ্ঠ—৯ম) "প্রভুর কৃপায় কৈল হরিনাম সার ॥" [জ], (৭ম) হইলেন [ক]; ২০ এই পংক্তির পর অধিক ক্বচিৎ পাঠ—"কৃষ্ণপ্রেমে মত্ত কৃষ্ণগান নিরন্তর। নিত্যানন্দ প্রভু হেন করুণা-সাগর ॥"; ২১ (৩য়) ভক্তি [খ]; ২৪ (১ম—৩য়) চোর দস্যুগণে হৈল হেন সব [চ, ঞ]।

দস্যুগণমোচন যে মন দিয়া শুনে'। নিত্যানন্দ-চৈতন্যে দেখিব সেই জনে ॥ ৭২
হেনমতে নিত্যানন্দ পরম কৌতুকে। বিহরেন অভয়-পরমানন্দ-সুখে ॥ ৭৩
তবে নিত্যানন্দ সব পারিষদ-সঙ্গে। প্রতি-গ্রামে-গ্রামে ভ্রমে' সংকীর্তনরঙ্গে ॥ ৭৪
খানাচৌতাল বড়গাছি আর দোগাছিয়া। গঙ্গার ও'পার কভু যায়েন কুলিয়া ॥ ৭৫
বিশেষে সুকৃতি অতি বড়গাছিগ্রাম। নিত্যানন্দস্বরূপের বিহারের স্থান ॥ ৭৬
বড়গাছিগ্রামের যতেক ভাগ্যোদয়। তাহা কভু করিতে না পারি সমুচ্চয় ॥ ৭৭
নিত্যানন্দস্বরূপের পারিষদগণ। নিরবধি সভেই পরমানন্দমন ॥ ৭৮
কা'রো কোন কর্ম নাহি সংকীর্তন বিনে। সভার গোপাল-ভাব বাঢ়ে ক্ষণে ক্ষণে ॥ ৭৯
বেত্র বংশী শিঙ্গা ছান্দদড়ি গুঞ্জাহার। তাড় খাড়ু হাথে পায়ে নূপুর সভার ॥ ৮০
নিরবধি সভার শরীরে কৃষ্ণভাব। অশ্রু কম্প পুলক—যতেক অনুভাব ॥ ৮১
সভার সৌন্দর্য যেন অভিন্নমদন। নিরবধি সভেই করেন সংকীর্তন ॥ ৮২
পাইয়া অভয় স্বামী প্রভু-নিত্যানন্দ। নিরবধি কৌতুকে থাকেন ভক্তবৃন্দ ॥ ৮৩
নিত্যানন্দস্বরূপের দাসের মহিমা। লক্ষবর্ষ যদি কহি, তভু নহে সীমা ॥ ৮৪
তথাপিহ নাম কহি—জানি যাঁ'র' যাঁ'র'। নাম-মাত্র স্মরণেও তরিয়ে সংসার ॥ ৮৫
যাঁ'র' যাঁ'র' সঙ্গে নিত্যানন্দের বিহার। সভে নন্দগোষ্ঠী গোপ-গোপী অবতার ॥ ৮৬
নিত্যানন্দস্বপের নিষেধ লাগিয়া। পূর্বনাম না লিখিলুঁ বিদিত করিয়া ॥ ৮৭
পরম পার্ষদ—রামদাস মহাশয়। নিরবধি ঈশ্বরভাবে সে কথা কয়' ॥ ৮৮
যাঁ'র বাক্য ঝাট কেহো বুঝিতে না পারে'। নিত্যানন্দ নিরবধি হৃদয়ে বিহরে ॥ ৮৯
সভার অধিক ভাবগ্রস্ত রামদাস। তান দেহে কৃষ্ণ আছিলেন তিন মাস ॥ ৯০
শ্রীদাম করি' সে যাঁ'রে ভাগবতে কয়। রামদাসে তাঁ'র ভাব জানিহ নিশ্চয় ॥ ৯১
প্রসিদ্ধ চৈতন্যদাস মুরারিপণ্ডিত। যাঁ'র খেলা মহাসর্প ব্যাঘ্রের সহিত ॥ ৯২
রঘুনাথবৈদ্য উপাধ্যায় মহামতি। যাঁ'র দৃষ্টিমাত্রে হয় কৃষ্ণে রতি মতি ॥ ৯৩

---

১ (৩য়) চিত্ত [ক, খ, গ, ঙ, চ, ঝ, ঞ], এই পংক্তির পর অধিক পাঠ—"শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দ চান্দ জান। বৃন্দাবনদাস তছু পদযুগে গান ॥" [ঞ]; ২ (৩য় স্বরূপ [ক, গ, ঞ]; ৩ (১ম—৪র্থ) নিজানন্দে সকল পার্ষদগণ সঙ্গে [ক, গ], নিত্যানন্দ সকল পার্ষদগণ সঙ্গে [ঞ]; ৪ (১ম) খানাকুলচৌতালা [ঘ], খানাকোল চো-তালা [জ]; ৬ষ্ঠ পংক্তিটি কেবল খ, চ পুঁথি এবং ঝ-মুদ্রিত গ্রন্থে দৃষ্ট হয়; ৯ (৪র্থ) ছাঁদদড়ি [ঙ], হারদড়ি [জ], (৮ম) গায়ে ক, গ, ঘ, চ, ঞ]; ১২ (৪র্থ) রাম- [কচিৎ পাঠ], (৬ষ্ঠ) আনন্দে [খ], (৭ম) নাচেন [চ]; ১৩ (৪র্থ) শতবর্ষ [ক, খ, গ, ঘ, ঙ, ঝ, ঞ], শতমুখে [জ]; ১৪ (৮ম) শ্রবণেও [ক, ঙ], (৮ম—১০ম) শরণে তরি এ ভব সংসার[খ], স্মরণে তরিয়ে যা সভার [ঙ]; ১৭ (৬ষ্ঠ, ৭ম) ঈশ্বর আবেশে [খ], ঈশ্বর ভাবেতে [ঘ, জ], ঈশ্বর ভাবেহ [ঙ], (৬ষ্ঠ —৯ম) ঈশ্বর ভাবেতে থাকয় [ঞ]- ১৮ (৫ম—৭ম) না পারে বুঝিতে [ক, গ, ঘ, ঙ, চ, ঝ, ঞ], (৮ম—১১শ) নিরবধি গৌরচন্দ্র নিত্যানন্দ [চ, ঝ], যার হৃদয়েতে [ক, গ, ঘ, ঙ, জ, ঞ]; ১৯ (৩য়) ভাবগুপ্ত [ঘ]; ভাবদৃঢ় [জ] ভাবশ্রেষ্ঠ [চ], (৫ম—৯ম) যাহার হৃদয়ে কৃষ্ণ আছিলা চারি [গ]; ২১শ পংক্তির পর চ পুঁথির অধিক পাঠ—গদাধর দাস হয় পরম উদার। যাঁহার বাতাসে হয় জগত উদ্ধার ॥ ২২ (৪র্থ-৯ম) "যাঁহার শরীরে নিত্যানন্দের বসতি ॥" [চ]।

প্রেমভক্তি-রসময় গদাধরদাস। যাঁ'র দরশন মাত্র সর্বপাপ-নাশ॥ ৯৪
প্রেমরস-সমুদ্র—সুন্দরানন্দ নাম। নিত্যানন্দস্বরূপের পার্ষদ প্রধান॥ ৯৫
পণ্ডিত-কমলাকান্ত--পরম-উদ্দাম। যাঁহারে দিলেন নিত্যানন্দ সপ্তগ্রাম॥ ৯৬
গৌরীদাসপণ্ডিত পরমভাগ্যবান্। কায়মনোবাক্যে নিত্যানন্দ যাঁ'র প্রাণ॥ ৯৭
পুরন্দরপণ্ডিত পরম শান্ত দান্ত। নিত্যানন্দস্বরূপের বল্লভ একান্ত॥ ৯৮
নিত্যানন্দজীবন পরমেশ্বরদাস। যাঁ'র শ্রীবিগ্রহে নিত্যানন্দের বিলাস॥ ৯৯
ধনঞ্জয়পণ্ডিত মহান্ত বিলক্ষণ। যাঁহার হৃদয়ে নিত্যানন্দ সর্বক্ষণ॥ ১০০
প্রেমরসে মহামত্ত বলরামদাস। যাঁহার বাতাসে সর্ব পাপ যায় নাশ॥ ১০১
যদুনাথ কবিচন্দ্র প্রেমরসময়। নিরবধি নিত্যানন্দ যাঁহার হৃদয়॥ ১০২
জগদীশপণ্ডিত পরমজ্যোতির্ধাম। সপার্ষদে নিত্যানন্দ যাঁ'র ধন-প্রাণ॥ ১০৩
পণ্ডিত-পুরুষোত্তম নবদ্বীপে জন্ম। নিত্যানন্দস্বরূপের মহা ভৃত্য মর্ম॥ ১০৪
পূর্বে যাঁ'র ঘরে নিত্যানন্দের বসতি। যাঁহার প্রসাদে হয় নিত্যানন্দে রতি॥ ১০৫
রাঢ়ে জন্ম মহাশয় বিপ্র-কৃষ্ণদাস। নিত্যানন্দ-পারিষদে যাঁহার বিলাস॥ ১০৬
প্রসিদ্ধ কালিয়া-কৃষ্ণদাস ত্রিভুবনে। গৌরচন্দ্র লভ্য হয় যাঁহার স্মরণে॥ ১০৭
সদাশিব-কবিরাজ মহাভাগ্যবান্। যাঁ'র পুত্র—শ্রীপুরুষোমদাস-নাম॥ ১০৮
বাহ্য নাহি পুরুষোত্তমদাসের শরীরে। নিত্যানন্দচন্দ্র যাঁ'র হৃদয়ে বিহরে'॥ ১০৯
উদ্ধারণদত্ত মহাবৈষ্ণব উদার। নিত্যানন্দসেবায় যাঁহার অধিকার॥ ১১০
মহেশপণ্ডিত অতি পরম মহান্ত। পরমানন্দ উপাধ্যায়—বৈষ্ণব একান্ত॥ ১১১
চতুর্ভুজপণ্ডিত -নন্দন গঙ্গাদাস। পূর্বে যাঁ'র ঘরে নিত্যানন্দের বিলাস॥ ১১২
আচার্য-বৈষ্ণবানন্দ পরম -উদার। পূর্বে 'রঘুনাথপুরী'-নাম খ্যাতি যাঁ'র॥ ১১৩
প্রসিদ্ধ পরমানন্দগুপ্ত মহাশয়। পূর্বে যাঁ'র ঘরে নিত্যানন্দের আলয়॥ ১১৪
বড়গাছি-নিবাসী সুকৃতি কৃষ্ণদাস। যাঁহার মন্দিরে নিত্যানন্দের বিলাস॥ ১১৫
কৃষ্ণদাস দেবানন্দ—দুই শুদ্ধমতি। মহান্ত আচার্যচন্দ্র—নিত্যানন্দগতি॥ ১১৬
গায়ন মাধবানন্দঘোষ মহাশয়। বাসুদেবঘোষ—অতি প্রেমরসময়॥ ১১৭
মহাভাগ্যবন্ত জীবপণ্ডিত উদার। যাঁ'র ঘরে নিত্যানন্দচন্দ্রের বিহার॥ ১১৮
নিত্যানন্দপ্রিয় মনোহর নারায়ণ। কৃষ্ণদাস দেবানন্দ—এই চারিজন॥ ১১৯

---

৪ (৬ষ্ঠ) ধন [প, ঘ, ঙ]; ইহার পর ১১৫ সংখ্যক পয়ারটি কেবল ঝ-মুদ্রিত গ্রন্থে মুদ্রিত আছে; ৭ (৫ম) শরীরে [খ, ঘ], (৭ম) অনুক্ষণ [প]; ৮ (৫ম) প্রসাদে [খ], (৮ম) হয় [খ], (৬ষ্ঠ—৮ম) হয়ে সর্ব বন্ধ [চ]; ১২ (১০ম) মতি [ক, ঘ, ঙ, ঝ, ঞ]; ১৩ (৫ম) -পাদপদ্মে [চ]; ১৪(৪র্থ—৬ষ্ঠ) নিত্যানন্দভৃত্য হই [চ], (৮ম) শ্রবণে [গ, ঘ, জ]; ১৮ (২য়) আদি [খ, ঘ, ঙ, জ]; ১৯ "গঙ্গাদাসপণ্ডিত পরম শুদ্ধমতি। যাঁর ঘরে নিত্যানন্দচন্দ্রের বসতি॥" [চ]; ২০ (৩য়) পূর্ব [ক, গ, ঝ, ঞ], ২২(৫ম) গ্রামেতে [ক,ঞ] ২৫(১ম) মহাভাগ্যবান [ঘ, জ]; ২৬ (৫ম) শিবানন্দ [চ], এই পংক্তির পর অধিক ক্বচিৎ পাঠ—"হিরণ্যপণ্ডিত আর দ্বিজ কৃষ্ণদাস। যাঁর ঘরে নিরবধি প্রভুর বিলাস॥"।

যত ভৃত্য নিত্যানন্দচন্দ্রের সহিতে। শত-বৎসরেও তাহা না পারি লিখিতে॥ ১২০
সহস্রসহস্র একো সেবকের গণ। নিত্যানন্দপ্রসাদে তাঁ'রাও গুরু-সম॥ ১২১
শ্রীচৈতন্যরসে সভে পরম উদ্দাম। সভার চৈতন্য-নিত্যানন্দ—ধন-প্রাণ॥ ১২২
কিছুমাত্র আমি লিখিলাঙ জানি যাঁ'রে। সকল বিদিত হৈব বেদব্যাস দ্বারে॥ ১২৩
সর্বশেষ ভৃত্য তান—বৃন্দাবনদাস। অবশেষ পাত্র-নারায়ণী-গর্ভজাত॥ ১২৪
অদ্যাপিহ বৈষ্ণবমণ্ডলে যাঁ'র ধ্বনি। 'চৈতন্যের অবশেষপাত্র নারায়ণী'॥ ১২৫
শ্রী(কৃষ্ণ)চৈতন্য-নিত্যানন্দচান্দ পঁহু জান। বৃন্দাবনদাস তছু পদযুগে গান॥ ১২৬

ইতি শ্রীচৈতন্যভাগবতে অন্ত্যখণ্ডে শ্রীশ্রীনিত্যানন্দগণ-নামকরণং

নাম ষষ্ঠোঽধ্যায়ঃ॥ ৬

---

১ (৫ম) লক্ষ- [চ], (৯ম) বর্ণিতে [খ, ঙ, জ], কহিতে [চ], বলিতে [ঞ]; ৪ (৪র্থ ৫ম) জানিবারে [ঞ] ৫(৫ম) গর্ভবাস [খ], "অবশেষ নারায়ণীগর্ভে পরকাশ॥" [কচিৎ পাঠ]; ৭ (১ম) শ্রীকৃষ্ণচৈতন্য……চান্দ (চন্দ্র-ক, জ), (২য়, ৩য়) জান [ক, খ, ঘ, ঙ, চ, জ, ঝ]।

সপ্তম অধ্যায়

জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য গুণনিধি। জয় জয় অজ-ভব সভাকার নিধি॥ ১
জয় জয় গৌরচন্দ্র জয় নিত্যানন্দ। জয় জয় প্রভুর যতেক ভক্তবৃন্দ॥ ২
হেননতে মহাপ্রভু নিত্যানন্দচন্দ্র। সর্বদাস-সহিত করে' কীর্তন-আনন্দ॥ ৩
বৃন্দাবনমধ্যে যেন করিলেন লীলা। সেইমত নিত্যানন্দস্বরূপের খেলা॥ ৪

---

১৩ "জয় জয় জগতজীবন গৌরচন্দ্র। দান দেহ' হৃদয়ে তোমার পদদ্বন্দ্ব॥" [ক], "জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দ। [ঙ] জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ॥" [ঙ, জ], (৩য়, ৪র্থ) মহাপ্রভু জয় নিত্যানন্দ [জ], (৫ম—৯ম) "জয় হউ যত তোমার চরণের ভৃঙ্গ॥" [ঝ]; ২ "ভক্তগোষ্ঠী সহিতে গৌরাঙ্গ জয় জয়। শুনিলে চৈতন্যকথা ভক্তি লভ্য হয়॥" [ক]।

অকৈতবরূপে সর্বজগতের প্রতি। লওয়ায়েন শ্রীকৃষ্ণচৈতন্যে রতি মতি ॥ ৫
সঙ্গে পারিষদগণ—পরম উদ্দাম। সর্ব নবদ্বীপে ভ্রমে' মহাজ্যোতির্ধাম ॥ ৬

---

১ এই পংক্তির পর খ-পুঁথির অধিক পাঠ—

পতিতপাবন নাম(১) নিত্যানন্দ প্রভু। তাঁহার চরণ বিনা না সেবিহ কভু ॥
অতিশয় মূর্খজন(২) না জানে' মহিমা। বোলে অন্যবোল—সেই পাপিষ্ঠের সীমা ॥
জয় প্রভু নিত্যানন্দ চৈতন্য-প্রিয়তম(৩)। ত্রিজগতে কেহো নাহি পাবন(৪) তোমা' সম ॥
আনন্দকন্দ মহাপ্রভু প্রেমভক্তিদাতা। যে সেবয়ে, সে ভক্তি পায়েত(৫) সর্বথা ॥
সকলজীবেরে(৬) প্রভু করিলা প্রসাদ। ক্ষমিলা সকল মহা-মহা-অপরাধ ॥
শ্রীকৃষ্ণচৈতন্যদেব নিত্যানন্দ নাম। পৃথিবীর ভাগ্যে অবতার(৭) অনুপাম ॥
আর কি কহিমু কথা বাক্যের(৮) অবধি। শ্রীচৈতন্য নিত্যানন্দ প্রভু(৯) গুণনিধি ॥
দুরন্ত অভিমানে না হইল(১০) কৃষ্ণে রতি। ইহা জানি' নিত্যানন্দে করিহ ভকতি ॥*

* অধিক পাঠ—

"যাঁহার প্রসাদে পামর পাইল নিস্তার। হেন প্রভু-নাম হার হউক গলার ॥"
স্বভাবে পরম শুদ্ধ নিত্যানন্দ রাম। পতিতপাবন প্রভু চৈতন্যের ধাম ॥×
জগত তারণ হেতু যাঁ'র অবতার। যে-জন না ভজে', সেই পাপের আকর ॥
শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দ—এক-দেহ। ইহা ত নিশ্চয় করি' তোমরা জানিহ(১১) ॥
পরমানন্দময় দোঁহে(১২) মূরতি রসাল। নিতাই-চৈতন্য প্রভু শ্রীরাম(১৩)-গোপাল ॥
ইহাতে করয়ে ভেদ(১৪) অত্যন্ত বুদ্ধিহীন। তা'র না দেখিমু কোন বিষ্ণুভক্তিচিহ্ন ॥
জয় জয় শচীসুত আনন্দ বিহার। পতিতপাবন নাম বিদিত যাঁহার ॥
জীবোদ্ধার কৈলা দিয়া নিজ-নাম। হেন দয়াময়ে ভজি—এই মনস্কাম ॥
কায়মনোবাক্যে মোর প্রভুর শরণ। মোর বড়(১৫) পতিত নাহি কমললোচন(১৬) !
জয় জয় গৌরচন্দ্র ভুবনসুন্দর। প্রকাশহ পদ(১৭) মোর হৃদয় ভিতর ॥
যত যত বিহার করিলে গৌড়দেশে। সকল হউক মোর হৃদয়ে প্রকাশে(১৮) ॥
জয় জয় লক্ষ্মীকান্ত ত্রিভুবননাথ। চরণে শরণ লৈলুঁ—কর' আত্মসাত(১৯) ॥
অন্য(২০) অবতারে কৈলা(২১) নানাবিধ কর্ম। কেবল কহিলো এবে প্রেমভক্তি-মর্ম ॥
ইহাতে যাঁ'র মতি না পাইল আনন্দ। তা'রে জানিহ ভাই পাপিষ্ঠ-মহান্ধ ॥"

উপরি লিখিত পাদটীকায় খ-পুঁথির পাঠের নিম্নলিখিত ক্বচিৎপাঠান্তর দৃষ্ট হয়— (১) -বানা; (২) মূর্খজন; (৩) নিত্যানন্দ চৈতন্যের প্রিয়তম; (৪) আর কেহো নাহি; (৫) পায়ে ত; (৬) সর্বজীবেরে সে; (৭) পৃথিবীর ভাগ্যে অবতারি; (৮) ভাগ্যের; (৯) মহা; (১০) দুরন্ত তথি না পাই; × "জয় জয় নিত্যানন্দ প্রেমময় ধাম। স্বভাবে পরম শুদ্ধ নিত্যানন্দ নাম ॥"; (১১) কর এক দেহ; (১২) দুহুঁ; (১৩) চৈতন্য নিত্যানন্দ প্রভু রামগোপাল (১৪) ভিন্ন; (১৫) উত; (১৬) নাহিক ত্রিভুবন, (১৭) প্রকাশহ পদ; (১৮) প্রকাশ মোর হউক বিশেষে; (১৯) মোর হউক একান্ত; (২০) আর, (২১) কহি।

অলঙ্কার মালায় পূর্ণিত কলেবর। কর্পূর-তাম্বূলে শোভে সুরঙ্গ অধর ॥ ৭
দেখি' নিত্যানন্দমহাপ্রভুর বিলাস। কেহো সুখ পায়, কা'রো না জন্মে বিশ্বাস ॥ ৮
সেই নবদ্বীপে এক আছয়ে ব্রাহ্মণ। চৈতন্যের সঙ্গে তা'র পুর্ব অধ্যয়ন ॥ ৯
নিত্যানন্দস্বরূপের দেখিয়া বিলাস। চিত্তে তা'র কিছু জন্মিয়াছে অবিশ্বাস ॥ ১০
চৈতন্যচন্দ্রেতে তান বড় দৃঢ়-ভক্তি। নিত্যানন্দস্বরূপের না জানেন শক্তি ॥ ১১
দৈবে সেই ব্রাহ্মণ গেল নীলাচলে। তথাই ত আছে কথোদিন কুতূহলে ॥ ১২
প্রতিদিন যায় বিপ্র চৈতন্যের স্থানে। পরম বিশ্বাস তা'র প্রভুর চরণে ॥ ১৩
দৈবে একদিন সেই ব্রাহ্মণ নিভৃতে। চিত্তে ইচ্ছা করিলেন কিছু জিজ্ঞাসিতে ॥ ১৪
বিপ্র বোলে, "প্রভু! মোর এক নিবেদন। করিমু তোমার স্থানে, যদি দেহ' মন ॥ ১৫
নবদ্বীপে গিয়া অবধুত নিত্যানন্দ। কত কী করে' তিঁহো নানা রঙ্গ ছন্দ ॥ ১৬
সন্ন্যাস-আশ্রম তান বোলে সর্বজন। কর্পূর তাম্বুল সে ভোজন অনুক্ষণ ॥ ১৭
ধাতুদ্রব্য পরশিতে নাহি সন্ন্যাসীরে। সোণা রূপা মুক্তা সে সকল কলেবরে ॥ ১৮
কাষায়-কৌপীন ছাড়ি' দিব্য পট্টবাস। ধরেন চন্দনমালা সদাই বিলাস ॥ ১৯
দণ্ড ছাড়ি' লৌহদণ্ড ধরেন বা কেনে? শূদ্রের আশ্রমে সে থাকেন সর্বক্ষণে ॥ ২০
শাস্ত্রমত মুঞি তান না দেখি আচার। এতেকে মোর এ-চিত্তে সন্দেহ অপার ॥ ২১
'বড় লোক' করি' তানে বোলে সর্বজনে। তথাপি আশ্রমাচার না করেন কেনে? ২২
যদি মোরে 'ভৃত্য'-হেন জ্ঞান থাকে মনে। কী মর্ম ইহার প্রভু! কহ শ্রীবদনে॥" ২৩
সুকৃতি ব্রাহ্মণ প্রশ্ন কৈল শুভক্ষণে। অমায়ায় প্রভু তত্ত্ব কহিলেন তানে ॥ ২৪
শুনিয়া বিপ্রের বাক্য শ্রীগৌরসুন্দর। হাসিয়া বিপ্রের প্রতি করিলা উত্তর ॥ ২৫
"শুন বিপ্র! যদি মহা-অধিকারী হয়। তবে তান গুণদোষ কিছু না জন্ময় ॥ ২৬

তথা হি (শ্রীভা০ ১১।২০।৩৬)—

"ন ময্যেকান্তভক্তানাং গুণদোষোদ্ভবা গুণাঃ। সাধূনাং সমচিত্তানাং বুদ্ধেঃ পরমুপেয়ুষাম্ ॥" ২৭

পদ্মপত্রে যেন কভু নাহি লাগে জল। এইমত নিত্যানন্দস্বরূপ নির্মল ॥ ২৮
পরমার্থে কৃষ্ণচন্দ্র তাহান শরীরে। নিশ্চয় জানিহ, বিপ্র! সর্বদা বিহরে' ॥ ২৯

---

২ (২য়) নিত্যানন্দপ্রভুর লাবণ্য [ঘ, জ]; ৪ (৪র্থ—৭ম) চিত্তেতে তাহার কিছু আছে [খ]; ৫ (৪র্থ) গূঢ়- [ক]; ৭ (৯ম) চৈতন্য- [ঙ]; ৯ (৭ম) কহিমু [ঘ], কহিব [জ], (৯ম) ঠাই [ঘ, ঞ], এই পংক্তির পর অতিরিক্ত ক্বচিৎ পাঠ—"মোরে যদি ভৃত্য হেন জ্ঞান থাকে মনে। ইহাব কারণ প্রভু! কহ শ্রীবদনে॥" ১০ (৩য়) নিত্যানন্দ অবধূত [ক, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ]. (৪র্থ—১০ম) কিছু ত না বুঝো মুঞি করেন কিরূপ [ক, গ, ঘ, ঙ, ছ, জ, ঝ, ঞ]; ১২ (১০ম) ধাতুমাত্র [খ], (৮ম) কসা [ক্বচিৎ পাঠ]; ১৩ (১ম) কটীতে-কৌপীন [জ];১৪ (১০ম) থায়েন [ক]; ১৫ (৮ম) আমার [ক, ঞ]; ১৭ (৩য়, ৪র্থ) ভৃত্য করি দয়া [খ]; ১৮ (১ম—৫ম) "শুনিঞা বিপ্রের বাক্য শ্রীশচীনন্দনে।" [ঘ, জ]; ১৯ (২য়) তাহার [খ], (৪র্থ) শচীরনন্দন [খ], (৮ম, ৯ম) কহিলা বচন [খ]; ২৪ "পরমার্থে নিত্যানন্দদেহে গৌরচন্দ্র। করয়ে বিহার যাঁর' সদাই আনন্দ॥" [খ]।

অধিকারী না হঞা করে' তাঁহার আচার। দুঃখ পায় সেই জন, পাপ জন্মে' তা'র ॥ ৩০
রুদ্র বিনা অন্য যদি করে' বিষ পান। সর্বথায় মরে—সর্বপুরাণ প্রমাণ ॥ ৩১

তথা হি (শ্রীভা ১০।৩৩।২৯,৩০)—

"ধর্মব্যতিক্রমো দৃষ্ট ঈশ্বরাণাঞ্চ সাহসম্। তেজীয়সাং ন দোষায় বহ্নেঃ সর্বভুজো যথা ॥ ৩২
নৈতৎ সমাচরেজ্জাতু মনসাপি হ্যনীশ্বরঃ। বিনশ্যত্যাচরন্মৌঢ্যাদ্ যথারুদ্রোঽব্ধিজং বিষম্ ॥ ৩৩

এতেকে না জানিঞা যে নিন্দে' তান কর্ম। নিজ-দোষে সেই দুঃখ পায় জন্ম-জন্ম ॥ ৩৪
গর্হিতো করয়ে যদি মহা-অধিকারী। নিন্দার কি দায়, তাঁ'রে হাসিলেই মরি ॥ ৩৫
ভাগবত হৈতে সে এ-সব তত্ত্ব জানি। তাহো, যদি বৈষ্ণব গুরুর মুখে শুনি ॥ ৩৬
মহান্তের আচরণে হাসিলে যে হয়। চিত্ত দিয়া শুন ভাগবতে যেই কয় ॥ ৩৭
এককালে রামকৃষ্ণ গেলেন পড়িতে। বিদ্যা পূর্ণ করি' চিত্ত করিলা আসিতে ॥ ৩৮
'কী দক্ষিণা দিমু ?' বলিলেন গুরু-প্রতি। তবে পত্নিসঙ্গে গুরু করিলা যুগতি ॥ ৩৯
মৃত পুত্র মাগিলেন রাম-কৃষ্ণ-স্থানে। তবে রামকৃষ্ণ গেলা যমের সদনে ॥ ৪০
আজ্ঞায় শিশুর সর্বকর্ম ঘুচাইঞা। যমালয় হৈতে পুত্র দিলেন আনিঞা ॥ ৪১
পরম অদ্ভুত শুনি' এ-সব আখ্যান। দেবকীও মাগিলেন মৃতপুত্র-দান ॥ ৪২
দৈবে একদিন রামকৃষ্ণে সম্বোধিঞা। কহেন দেবকী অতিকাতর সে হঞা ॥ ৪৩
'শুন শুন রাম-কৃষ্ণ যোগেশ্বরেশ্বর! তুমিদুই আদি নিত্যশুদ্ধকলেবর ॥ ৪৪
সর্বজগতের পিতা—তুমি-দুইজন। মুঞি জানি—তুমি-দুই পরম-কারণ ॥ ৪৫
জগতের উৎপত্তি স্থিতি বা প্রলয়। তোমার অংশের অংশ হৈতে সব হয় ॥ ৪৬
তথাপিহ পৃথিবীর খণ্ডাইতে ভার। হঞাছ ত মোর পুত্ররূপে অবতার ॥ ৪৭
যম-ঘর হৈতে যেন গুরুর নন্দন। আনিঞা দক্ষিণা দিলা তুমি-দুইজন ॥ ৪৮
মোর ছয় পুত্র যে মরিল কংস হৈতে। বড় চিত্ত মোর সে-সভারে দেখিতে ॥ ৪৯
কত কাল গুরুপুত্র আছিল মরিঞা। তা'দের যে আনি' দিলা শক্তি প্রকাশিঞা ॥ ৫০
এইমত আমারেহ কর' পূর্ণকাম। আনি' দেহ' মোরে মৃত ছয় পুত্র দান ॥' ৫১
শুনি' জননীর বাক্য কৃষ্ণ-সঙ্কর্ষণ। সেইক্ষণে চলি' গেলা বলির ভবন ॥ ৫২
নিজ-ইষ্টদেবে দেখি' বলি-মহারাজ। মগ্ন হইলেন প্রেমানন্দসিন্ধুমাঝ ॥ ৫৩

---

২ (১০ম) সেই পুরাণ [খ, চ]; ৭ (১ম) গার্হস্থ্য [খ; ঘ, জ]; ৮ (৭ম) তাহা [গ, ঘ, ঙ, জ, ঞ]; ১২ (৮ম) শমন [ছ], (৮ম, ৯ম) যম দরশনে [জ], যম বিগুমানে [ঞ]; ১৩ (২য়) ঈশ্বর [ঘ, জ]; ১৬ (৬ষ্ঠ) জানি [খ], অতি [ছ]; ১৮ (৬ষ্ঠ) যাহার [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ]; ২১ (৯ম) ইচ্ছা [খ], (৯ম, ১০ম) সাধ আমার [ছ]; ২২ (৭ম—৯ম) যে আনিলা তুমি শক্তি [ঘ], (৬ষ্ঠ—৯ম) তাহা যেন আনিলা স্বশক্তি [ক, ঞ]; তাহা যে আনিলা তুমি [জ]; ২৩ (২য়, ৩য়) আমার করহ [ক], (৪র্থ) পুত্রদান [গ], (৮ম) এই [খ]; ২৪ (৬ষ্ঠ, ৭ম) চলিলেন [ক, খ, গ, ঘ, চ, ছ, জ], (৯ম) সদন [ক, ঘ]; ভুবন [চ]; ২৫ (২য়, ৩য়) দেখিয়া মহাশয় [খ], (৪র্থ—৬ষ্ঠ) "জোড়হস্তে স্তুতি করেন করিয়া বিনয় ॥" [খ], (৬ষ্ঠ) বলি প্রেমসিন্ধুমাঝ [ঘ, ঙ, ছ, জ]।

গৃহ পুত্র দেহ বিত্ত সকল বান্ধব। সেইক্ষণে পাদপদ্মে আনি দিলা সব ॥ ৫৪
লোমহর্ষ অশ্রুপাত পুলক আনন্দে। স্তুতি করে' পাদপদ্ম ধরি' বলি কান্দে ॥ ৫৫
'জয় জয় প্রকট অনন্ত সঙ্কর্ষণ। জয় জয় কৃষ্ণচন্দ্র গোকুলভূষণ ॥ ৫৬
জয় সখ্য-গোপাচার্য হলধর রাম। জয় জয় কৃষ্ণচন্দ্র ভক্তধনপ্রাণ ॥ ৫৭
যদ্যপিহ শুদ্ধসত্ত্ব দেবঋষিগণ। তাঁ'সভার দুর্লভ তোমার দরশন ॥ ৫৮
তথাপি হেন সে প্রভু! কারুণ্য তোমার। তমোগুণ অসুরেরে হও সাক্ষাৎকার ॥ ৫৯
অতএব শত্রু মিত্র নাহিক তোমাতে। বেদেহো কহেন—ইহা দেখিও সাক্ষাতে ॥ ৬০
পুতনা মারিতে আইল লইয়া বিষস্তন। তাহারেও পাঠাইলা বৈকুণ্ঠভুবন ॥ ৬১
অতএব তোমার হৃদয় বুঝিবারে। বেদশাস্ত্র যোগেশ্বর—কেহো ত না পারে' ॥ ৬২
যোগেশ্বর-সভে যাঁ'র মায়া নাহি জানে'। মুঞি পাপী অসুর বা জানিমু কেমনে? ৬৩
এই কৃপা কর' মোরে সর্বলোকনাথ! গৃহ-অন্ধকূপে মোর নহু আত্ম-পাত ॥ ৬৪
তোমার দুইপাদপদ্ম হৃদয়ে ভাবিয়া। শান্ত হঞা বৃক্ষমূলে পড়ি' থাকি গিয়া ॥ ৬৫
তোমার দাসের সঙ্গে কর' মোরে দাস। আর যেন চিত্তে মোর কিছু নহে আশ ॥ ৬৬
রাম-কৃষ্ণ-পাদপদ্ম ধরিয়া হৃদয়ে। এইমত স্তুতি করে' বলি- মহাশয়ে ॥ ৬৭
ব্রহ্মলোক শিবলোক যে-চরণোদকে। পবিত্র করিতেছেন ভাগীরথীরূপে ॥ ৬৮
হেন পুণ্যজল বলি গোষ্ঠীর সহিতে। পান করে', শিরে ধরে', ভাগ্যোদয় হৈতে ॥ ৬৯
গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, বস্ত্র অলঙ্কার। পাদপদ্মে দিয়া বলি করে' নমস্কার ॥ ৭০
'আজ্ঞা কর' প্রভু! মোরে শিখাহ আপনে। যদি মোরে ভৃত্য-হেন জ্ঞান থাকে মনে ॥ ৭১
যে করয়ে, প্রভু! আজ্ঞাপালন তোমার। সেই জন হয় বিধি-নিষেধের পার ॥' ৭২
শুনিঞা বলির বাক্য প্রভু তুষ্ট হৈলা। যে-নিমিত্তে আগমন—কহিতে লাগিলা ॥ ৭৩
প্রভু বোলে, "শুন শুন বলি-মহাশয়! যে-নিমিত্ত আইলাঙ তোমার আলয় ॥ ৭৪
আমার মা'য়ের ছয় পুত্র পাপী কংসে। মারিলেক, সেই পাপে সেহো মৈল শেষে ॥ ৭৫
নিরবধি সেই পুত্রশোক স্মঙরিঞা। কান্দয়ে দেবকী-দেবী দুঃখিতা হইয়া ॥ ৭৬
তোমার নিকটে আছে, সেই ছয়জনে। তাহা নিব জননীর সন্তোষকারণে ॥ ৭৭
সে-সব ব্রহ্মার পৌত্র সিদ্ধ দেবগণ। তাঁ'সভার এত দুঃখ শুন যে-কারণ ॥ ৭৮

---

১ (১ম—৩য়) দেহ গেহ পুত্র [ঝ], (২য়—৪র্থ) দেহ পুত্র ভৃত্য সকল [চ] (৪র্থ) গেহ [গ]; ২ (৩য়, ৪র্থ) কম্প প্রেমানন্দে [চ], (৬ষ্ঠ) করি [ক, খ, চ, ঞ]; ৪ (২য়—৩র্থ) জয় সাংখ্য গোপাচার্য বলরাম [ক], (৮ম)ভক্ত মনস্কাম [ক, গ, চ, ঝ], -ধনমনপ্রাণ [ঙ]; ৬ (৮ম) অন্ধজনে [ক] অন্ধের [খ], আধারেও [ঘ, জ], অন্ধেরে[ছ]; ৮ (১ম—৪র্থ) মারিতে যে তোমা আইল লই [ক], মারিতে যে আইল লইয়া [খ, গ, ঞ], মারিতে আইলা পুত্না লৈয়া [ঙ]; ১০ (১ম) -সব [ক, ঘ, চ, ছ, ঝ], যোগেশ্বরেশ্বর [খ]; ১২ (১ম) তোর [ক, খ, গ, ঙ, চ, ছ, জ], (৪র্থ) ধরিয়া [ক, গ, ছ, ঞ], করিয়া [খ]; ১৩ (৩য়) সনে [ক, ঙ, ছ], সভে [ঘ, জ], সহ [ঞ]; ১৪ (২য়) করিঞা [ক, গ, জ]; ২২ (২য়) মাতার [ঞ], (১০ম, ১১শ) মার গেল [ক]; ২৫ (৩য়) পুত্র [ক,খ,ঙ,ছ, (৪র্থ) হয়ে [খ] ।

প্রজাপতি মরীচি যে ব্রহ্মার নন্দন। পূর্বে তাঁ'র পুত্র ছিলা এই ছয়জন ॥ ৭৯
দৈবে ব্রহ্মা কামশরে হইয়া মোহিত। লজ্জা ছাড়ি' কন্যা-প্রতি করিলেন চিত ॥ ৮০
তাহা দেখি' হাসিলেন এই ছয়জন। সেই দোষে অধঃপাত হৈল সেইক্ষণ ॥ ৮১
মহান্তের কর্ম দেখি' কৈলা উপহাস। অসুরযোনিতে পাইলেন গর্ভবাস ॥ ৮২
হিরণ্যকশিপু জগতের দ্রোহ করে'। দেবদেহ ছাড়ি' জন্মিলেন তা'র ঘরে ॥ ৮৩
তথাও ইন্দ্রের বজ্রাঘাতে ছয়জন। নানা দুঃখ-যাতনায় পাইলা মরণ ॥ ৮৪
তবে যোগমায়া ধরি' আনি' আরবার। দেবকীর গর্ভে লঞা করিলা সঞ্চার ॥ ৮৫
ব্রহ্মারে যে হাসিলেন, সেই পাপ হৈতে। সেহো দেহে দুঃখ পাইলেন নানামতে ॥ ৮৬
জন্ম হৈতে অশেষপ্রকার যাতনায়। ভাগিনা—তথাপি মারিলেন কংসরায় ॥ ৮৭
দেবকী এ-সব গুপ্ত রহস্য না জানি'। তাঁ'সভালাগি' কান্দে আপন-পুত্র মানি' ॥ ৮৮
সেই ছয়পুত্র জননীরে দিমু দান। এই কার্য লাগি' আইলাঙ তোমা' স্থান ॥ ৮৯
দেবকীর স্তন পান করি' ছয়জন। শাপ হৈতে মুক্ত হইবেক সেইক্ষণ ॥' ৯০
প্রভু বোলে, 'শুন শুন বলি মহাশয়! বৈষ্ণবের কর্মে হাসিলেই হেন হয় ॥ ৯১
সিদ্ধসবো পাইলেন এতেক যাতনা। অসিদ্ধ-জনের দুঃখ কি কহিমু সীমা? ৯২
যে দুষ্কৃতি জন বৈষ্ণবের নিন্দা করে'। জন্ম জন্ম নিরবধি সেই দুঃখে মরে ॥ ৯৩
শুন বলি! এই শিক্ষা করাই তোমারে। কভু জানি নিন্দা হাস্য কর' বৈষ্ণবেরে? ৯৪
মোর পূজা মোর নাম গ্রহণ যে করে'। মোর ভক্তে নিন্দে যদি, তা'র বিঘ্ন ধরে ॥ ৯৫
মোর ভক্তপ্রতি প্রেমভক্তি করে' যে। নিঃসংশয় নিঃসংশয় মোরে পায় সে ॥ ৯৬

তথা হি বারাহে —

"সিদ্ধির্ভবতি বা নেতি সংশয়োঽচ্যুতসেবিনাম্। নিঃসংশয়স্তু তদ্ভক্তপরিচর্যারতাত্মনাম্ ॥ ৯৭

'মোর ভক্তে না পূজে, মোরে যে পূজে মাত্র। সে দাম্ভিক নহে মোর প্রসাদের পাত্র ॥' ৯৮

তথা হি শ্রীহরিভক্তিসুধোদয়ে (১৩।৭৬)—

"অর্চয়িত্বা তু গোবিন্দং তদীয়ান্নার্চয়েত্তু যঃ। ন স ভাগবতো জ্ঞেয়ঃ কেবলং দাম্ভিকঃ স্মৃতঃ ॥ ৯৯

'তুমি বলি! মোর প্রিয়সেবক সর্বথা। অতএব তোমারে কহিলুঁ গোপ্যকথা ॥' ১০০

---

২ (৩য়) কামবশে [গ, ঘ, ঞ], কামরসে [ঙ, জ]; ৪ (১ম—৪র্থ) মহাজনের কর্মেতে করিলা [ঘ, জ]; ৫ (৫ম—৭ম) দেবদ্রোহ কারণে জন্মিলা [ঘ, জ]; ৬ (৬ষ্ঠ, ৭ম) দুঃখ পাইল, তথা হইল [ঘ, জ], দুঃখ জালায় তথা পাইল [চ]; ১০ (৩য়—৫ম) গোপ্য মর্ম নাহি [চ], (৭ম—১২শ) "আপনার পুত্র বলি তা সভাকে গণি ॥" [ঘ, ছ, জ]; ১২ (২য়—৪র্থ) স্তন পানে সেই [ক, গ, ঙ, ছ, ঝ, ঞ], (১০ম) ততক্ষণ [ক, গ, ঘ ঙ, জ, ঞ]; ১৬ (৮ম) নাহি [ঞ], (৯ম, ১০ম) উপহাস [চ], (১০ম) পাছে [ঙ]; ১৭ (৯ম) ভক্ত [ক খ, গ, ঙ; ছ, জ, ঝ, ঞ], (১২শ) তভু [ক, গ], তত [ঞ]; ১৮ (২য়) জনপ্রতি [খ], (৬ষ্ঠ—৯ম) নিশ্চয়ে জানিহ মোরে পাইবেক [ক], অবশ্য সংশয় নাহ্রি মোরে পায় [ছ], (৭ম) বলিলাম [ঞ]; ২১ (৫ম) আমারে [ক, ঞ]; ২৪ (৩য়, ৪র্থ) রাজা মোর সেবক [ক, ঘ, ছ]।

শুনিঞা প্রভুর শিক্ষা বলি-মহাশয়। অত্যন্ত আনন্দযুক্ত হইলা হৃদয় ॥ ১০১
সেই ক্ষণে ছয় পুত্রে আজ্ঞা শিরে ধরি'। সম্মুখে দিলেন আনি' পুরস্কার করি' ॥ ১০২
তবে রাম-কৃষ্ণ প্রভু লঞা ছয়জন। জননীরে আনিয়া দিলেন সেইক্ষণ ॥ ১০৩
মৃত-পুত্রে পাইয়া দেবকী সেইক্ষণে। স্নেহে স্তন সভারে দিলেন হর্ষমনে ॥ ১০৪
ঈশ্বরের অবশেষ-স্তন করি' পান। সেই ক্ষণে সভার হইল দিব্য-জ্ঞান ॥ ১০৫
দণ্ডবত হঞা সভে ঈশ্বরচরণে। পড়িলেন সাক্ষাতে—দেখিল সর্বজনে ॥ ১০৬
তবে প্রভু কৃপা-দৃষ্ট্যে সভারে চাহিঞা। বলিতে লাগিলা প্রভু সদয় সে হঞা ॥ ১০৭
"চল চল, দেবগণ! যাহ নিজ-বাস। মহান্তেরে আর পাছে কর' উপহাস? ১০৮
ঈশ্বরের শক্তি ব্রহ্মা—ঈশ্বর-সমান। মন্দ কর্ম করিলেও মন্দ নহে তান ॥ ১০৯
তাহানে হাসিয়া এত পাইলা যাতনা। হেন বুদ্ধি নহু আর করিহ কামনা ॥ ১১০
ব্রহ্মা-স্থানে গিয়া মাগি' লহ অপরাধ। তবে সভে চিত্তে পুন পাইবে প্রসাদ ॥' ১১১
ঈশ্বরের আজ্ঞা শুনি' সেই ছয়জন। পরম- আদরে আজ্ঞা করিয়া গ্রহণ ॥ ১১২
পিতা-মাতা-রাম-কৃষ্ণ পা'য়ে নমস্করি'। চলিলেন ছয়জন আপনার পুরী ॥ ১১৩
"কহিলাঙ এই বিপ্র! ভাগবত-কথা। নিত্যানন্দ- প্রতি দ্বিধা ছাড়হ সর্বথা ॥ ১১৪
নিত্যানন্দস্বরূপ—পরম- অধিকারী। অল্পভাগ্যে তাহানে জানিতে নাহি পারি' ॥ ১১৫
অলৌকিকচেষ্টা যে বা কিছু দেখ তান। তাহাতে সে আদর করিলে পরিত্রাণ ॥ ১১৬
পতিতের ত্রাণ লাগি' তাঁ'র অবতার। তাঁহা হৈতে সর্বজীব পাইল উদ্ধার ॥ ১১৭
তাঁহার আচার—বিধি-নিষেধের পার। তাঁহারে বুঝিতে শক্তি আছয়ে কাহার? ১১৮
না বুঝিয়া নিন্দে' তাঁ'র চরিত্র অগাধ। পাইয়াও কৃষ্ণভক্তি হয় তা'র বাধ ॥ ১১৯
চল বিপ্র! শীঘ্র তুমি নবদ্বীপে যাও। এই কথা গিয়া তুমি সভারে বুঝাও ॥ ১২০
পাছে তাঁ'রে কেহো কোনরূপে নিন্দা করে'। তবে আর রক্ষা তা'র নাহি যম-ঘরে ॥ ১২১
যে তাঁহারে প্রীতি করে', সে করে' আমারে।—সত্য সত্য সত্য বিপ্র—কহিলুঁ তোমারে

---

১ (৩য়) বাক্য [ঘ, জ, ঞ]; (৫ম) অনন্ত [ক, গ, ঘ, জ, ঞ], অধিক [খ]; ২ (৩য়) জন [ছ], শিশু [ঝ], (৬ষ্ঠ) করি' [ক]; ৩ (৯ম) ততক্ষণ [ক, গ, ঞ]; ৪ (২য়) দেখিয়া [ক, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ], (৫ম—৯ম] "তা সভার মুখে স্তন দিলেন সেইক্ষণে ॥" [চ]; ৬ (৫ম—৭ম) বিনয় করেন দেখিলেক [ক]; ৭ (৬ষ্ঠ—৮ম) শিখাই-তে লাগিলেন [ক, গ, চ, ঞ], ৮ (১০ম) পরিহাস [ক, গ]; ৯ (৮ম—১০ম) নহে মন্দ জ্ঞান [ক]; ১০ (৭ম) বুঝি [ঘ, জ], (১০ম) করহ [ঘ, জ], (৮ম—১০ম) নহে ইহা করিমু [ক]; ১১ (২য়) যাই [খ, ঝ], (৪র্থ) লেহ [ক, গ, চ], (৭ম, ৮ম) সে চিত্তের [খ], (৭ম—১০ম) চিত্ত পুন তিঁহো করিব [চ], পুন চিত্তেতে পাইবে [জ]; ১২ (৩য়) পাই (খ], (৪র্থ, ৫ম) সর্বদেবগণ [ক, খ, গ, ঘ, ঙ, চ, ঝ [, সর্ববুধগণ [খ], সর্ব-দেবগণ নিজ [ক, খ, গ, ঘ, ঙ, ছ, জ, ঝ, ঞ [; ১৬ (২য়—৫ম) সব দেখিয়াছ [খ]; বা দেখহ যত [চ], (৭ম—১১শ) তাহাতেও আদর করিলে পাই ত্রাণ ॥ [খ, গ, ঙ, জ, ঝ, ঞ]; ১৭ (৬ষ্ঠ) যাঁহা [ক, খ, ঙ, ছ], ১৮ (৬ষ্ঠ) জানিতে [খ, গ, ঘ, ঙ, জ, ঞ]; ১৯ (৮ম) বিষ্ণুভক্তি [ক, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ], ২০ (৩য়) সুখে [চ], (৯ম) কহি [গ, ঙ, ঞ] (১২শ) শিখাও [চ]. ২২ (৩য়) প্রীত [চ, ছ, ঝ, ঞ], (১০ম, ১১শ) বিপ্র এই [চ, ছ, ঝ], এই বিপ্র [জ]।

মদিরা যবনী যদি নিত্যানন্দ ধরে'। তথাপি ব্রহ্মার বন্দ্য—কহিলুঁ তোমারে ॥" ১২৩

তথা হি শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রস্য শ্লোক :—

"গৃহ্ণীয়াদ্ যবনীপাণিং বিশেদ্ বা শৌণ্ডিকালয়ম্। তথাপি ব্রহ্মণো বন্দ্যং নিত্যানন্দপদাম্বুজম্ ॥"১২৪

শুনিঞা প্রভুর বাক্য সেই সুব্রাহ্মণ। পরম-আনন্দযুক্ত হইলেন মন ॥ ১২৫

নিত্যানন্দপ্রতি বড় জন্মিল বিশ্বাস। তবে আইলেন নবদ্বীপ—নিজ বাস ॥ ১২৬

সেই ভাগ্যবন্ত বিপ্র আসি' নবদ্বীপে। সর্বাদ্যে আইলা নিত্যানন্দের সমীপে ॥ ১২৭

অকৈতবে কহিলেন নিজ-অপরাধ। প্রভুও শুনিঞা তাঁ'রে করিলা প্রসাদ ॥ ১২৮

হেন নিত্যানন্দস্বরূপের ব্যবহার। বেদগুহ্য লোকবাহ্য যাহান আচার ॥ ১২৯

পরমার্থে নিত্যানন্দ—পরম যোগেন্দ্র। যাঁ'রে কহি—'আদিদেব ধরণীধরেন্দ্র' ॥ ১৩০

সহস্রবদন নিত্য-শুদ্ধ-কলেবর। চৈতন্যের কৃপা বিনা জানিতে দুষ্কর ॥ ১৩১

কেহো বোলে, "নিত্যানন্দ যেন বলরাম।" কেহ বোলে, 'চৈতন্যের বড় প্রিয়ধাম ॥"১৩২

কেহো বোলে, "মহাতেজী অংশ অধিকারী।" কেহো বোলে, "কোনরূপ বুঝিতে না পারি

কিবা জীব নিত্যানন্দ, কিবা ভক্ত জ্ঞানী। যা'র যেন-মত ইচ্ছা না বোলয়ে কেনি ॥ ১৩৪

যে-সে কেনে চৈতন্যের নিত্যানন্দ নহে। তাঁ'র পাদপদ্ম মোর রহুক হৃদয়ে ॥ ১৩৫

তিঁহো মোর প্রভু, মুঞি জন্ম-জন্ম দাস'।—সভার চরণে মোর এই অভিলাষ ॥ ১৩৬

এত পরিহারেও যে পাপী নিন্দা করে'। তবে লাথি মারোঁ তা'র শিরের উপরে ॥ ১৩৭

আমার প্রভুর প্রভু শ্রীগৌরসুন্দর। এ বড় ভরসা আমি ধরিয়ে অন্তর ॥ ১৩৮

হেন দিন হৈব কি ?—চৈতন্যে-নিত্যানন্দে। দেখিমু বেষ্টিত চতুর্দিগে ভক্তবৃন্দে ॥ ১৩৯

জয় জয় জয় মহাপ্রভু গৌরচন্দ্র। দিলাও নিলাও তুমি প্রভু নিত্যানন্দ ॥ ১৪০

তথাপিহ এই কৃপা কর' গৌরহরি। নিত্যানন্দ সঙ্গে যেন তোমা' না পাসরি ॥ ১৪১

যথা যথা তুমি-দুই কর' অবতার। তথা তথা দাস্যে মোর হউ অধিকার ॥ ১৪২

শ্রী(কৃষ্ণ)চৈতন্য-নিত্যানন্দচান্দ পঁহু জান। বৃন্দাবনদাস তছু পদযুগে গান ॥ ১৪৩

ইতি শ্রীচৈতন্যভাগবতে অন্ত্যখণ্ডে শ্রীশ্রীনিত্যানন্দ-মাহাত্ম্য-বর্ণনং
নাম সপ্তমোঽধ্যায়ঃ ॥ ৭

---

১ (১ম—৩য়) যদি বা যবনী-পাণি [ঞ], (৩য়) পাণি [গ, ঙ, জ]; ২ "অত্রৈব মদুক্তি" [ক], "তত্রৈব শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্র শ্লোকেঽপি" [গ], "শ্রীচৈতন্যচন্দ্রস্য শ্লোকঃ" [ঘ, ঙ, জ], "তথা হি শ্রীমুখকৃত শিক্ষাশ্লোকঃ" [ঝ]; ৪ (৭ম, ৮ম) হইল তখন [ঞ], ৫ (৫ম) ত্বরায় [ক], (৭ম, ৮ম) বিপ্র নবদ্বীপ [খ, ঘ, ঙ, ছ, জ]; ৮ (৪র্থ) বেদ-গোপ্য [ঘ], বেদগুপ্ত [জ]; ১০ (৫ম) বিনু [গ, ঝ], বিনা [ঞ]; ১২ (৪র্থ) অংশী [ক, ঘ]; ১৪ এই পংক্তিটি খ-পুঁথি এবং ঝ-মুদ্রিত পুস্তকে ভিন্ন অন্যত্র নাই; ১৫ (৭ম) তাঁহার [ঞ]; ১৭ (৮ম) চিত্তে [চ], এই পংক্তিটি খ, চ পুঁথি এবং ঝ-মুদ্রিত গ্রন্থ ভিন্ন অন্যত্র নাই; ১৮ (৭ম, ৮ম) কি বেষ্টিত সকল [ক, চ]; এই পংক্তির পর জ-পুঁথিতে পরের অধ্যায় আরম্ভ হইয়াছে; ১৯ (৬ষ্ঠ, ৭ম) মিলাও মিলাও [খ], দিলাও দিলাও [চ], (৭ম) মিলাও [ঘ], ২১ (২য়) তথা [ক, গ, ঘ, চ, ছ], (৪র্থ, ৫ম) -দুঁহে করহ বেহার [চ, ছ]; ২২ (১ম) শ্রীকৃষ্ণচৈতন্য-...... চান্দ (চন্দ্র-ক), (২য়, ৩য়) জান [ক, খ, গ, ঘ, ঙ, ঝ]।

অষ্টম অধ্যায়

জয় জয় শ্রীবৈকুণ্ঠনাথ গৌরচন্দ্র। জয় জয় শ্রীসেবাবিগ্রহ নিত্যানন্দ ॥ ১
জয় জয় অদ্বৈত-শ্রীবাস-প্রিয়ধাম। জয় গদাধর- শ্রীজগদানন্দ- প্রাণ ॥ ২
জয় জয় পরমানন্দপুরীর জীবন। জয় দামোদরস্বরূপের প্রাণ-ধন ॥ ৩
জয় বক্রেশ্বরপণ্ডিতের প্রিয়কারী। জয় পুণ্ডরীকবিদ্যানিধি- মনোহারী ॥ ৪
জয় জয় দ্বারপাল-গোবিন্দের নাথ। জীব প্রতি কর' প্রভু! শুভদৃষ্টিপাত ॥ ৫

হেনমতে নিত্যানন্দ নবদ্বীপপুরে। বিহরেন প্রেমভক্তি- আনন্দসাগরে ॥ ৬
নিরবধি ভক্তসঙ্গে করেন কীর্তন। কৃষ্ণ-নৃত্য-গীত হৈল সভার ভজন ॥ ৭
গোপশিশুগণ-সঙ্গে প্রতি-ঘরে-ঘরে। যেন ক্রীড়া করিলেন গোকুলনগরে ॥ ৮
সেইমত গোকুলের আনন্দ প্রকাশি'। কীর্তন করেন নিত্যানন্দ সুবিলাসী ॥ ৯
ইচ্ছাময় নিত্যানন্দচন্দ্র ভগবান্। গৌরচন্দ্রে দেখিতে হইল ইচ্ছা তান ॥ ১০
আই স্থানে লইলেন সন্তোষে বিদায়। নীলাচলে চলিলেন চৈতন্য-ইচ্ছায় ॥ ১১
পরম- বিহ্বল পারিষদগণসঙ্গে। আইলেন শ্রীচৈতন্যনাম- গুণ- রঙ্গে ॥ ১২
হুঙ্কার, গর্জন, নৃত্য, আনন্দ-কীর্তন। নিরবধি করে' সব পারিষদগণ ॥ ১৩
এইমত সর্বপথে প্রেমানন্দরসে। আইলেন নীলাচলে কথোক দিবসে ॥ ১৪

---

২ (৩য়) -মুরারি- [খ], -প্রিয়তম [গ, ঘ, জ], -শ্রীরাম [ছ], ৩ (২য়, ৩য়) শ্রীপরমানন্দপুরীর [ক, খ, গ, ঘ, জ, ঝ, ঞ]; ৭ (১ম—৪র্থ) "কৃষ্ণানন্দ-নৃত্যগীত করে ভক্তগণ।" [চ]; (৮ম) ভোজন [ক, ঘ, জ], ভাজন [ঞ]; ১১ (২য়) করিলেন [ক, খ, গ, ঘ, ঙ, চ, ঝ], হইলেন [জ, ঞ]; ১২ (২য়)পারিষদসব [ক, গ, ঞ]; ১৩ (৪র্থ) -ক্রন্দন [ক, গ, ঝ, ঞ]।

১৩শ পংক্তির পর কেবল ছ-পুঁথির অধিক পাঠ—[অর্বাচীন ও প্রক্ষিপ্ত, পাঠ—হেতু সর্বথা অগ্রাহ্য—সং]

"কথোদূরে আসি' এক তাঁতির মন্দিরে। উত্তরিলা আসি' এক তাঁতির মন্দিরে ॥
সেই তাঁতি ভাগ্যবন্ত—সপ্ত-পুত্র তা'র। সপ্তপুত্র লঞা যুক্তি করেন সুসার ॥
'দেখ পুত্রগণ! জন্ম সুখে-দুঃখে যায়। পরিণামে শুনি যে বিষম যম-দায় ॥
'হরে কৃষ্ণ' মহামন্ত্র ব্যক্ত হৈল এবে। তবে ইহা না জপি' কেনে যমঘরে যাবে?
হস্তে করিব কর্ম মুখে বলি' 'হরি'। ভুঞ্জিব নরক মোরা—এ-কর্ম না করি ॥"
পুত্রগণ বলে, "হরে কৃষ্ণ সার বচন। ইহা ত বলিতে কিছু নাহি চাহি ধন!
ইহা না বলিমু যদি, কি করিমু আর। বলিতে বলিতে যেন ইক্ষুরস-ভার ॥"
ইহা শুনি' নিত্যানন্দ বড় হরষিত। চলিলেন রাত্রে সর্ব-ভক্তর সহিত ॥
রাত্রে উত্তরিলা এক মন্দিরের কাছে। স্ত্রী-পুরুষে এক জন শুতি রহিয়াছে ॥

কমলপুরেতে আসি' দেউল দেখিয়া। পড়িলেন নিত্যানন্দ মুর্ছিত হইয়া॥ ১৫
নিরবধি নয়নে বহয়ে প্রেম-ধার। 'শ্রীকৃষ্ণচৈতন্য' বলি' করেন হুঙ্কার॥ ১৬

১ (৩য়) প্রাসাদ [ক, খ, গ, ঝ], প্রসাদ [ঘ, ঙ, চ, ছ, জ]; ২ (৩য়) ঝরয়ে [ক]।

ছ-পুঁথির অধিক পাঠের ক্রমিক—পূর্ব পৃষ্ঠার পর—

নারী বোলে, "শুন নাথ! এই নিত্যানন্দ। অনুক্ষণ-কান্দে—কৃষ্ণনামে তান আনন্দ॥
সে-দিন গেলাম আমি করিবারে স্নান। তাঁহার ক্রন্দনে কিছু নাহিক বিরাম॥
বহিতেছে আনন্দধারা সতত নয়নে। কিবা সে আছাড় খাঞা পড়ে ঘনে-ঘনে॥
"হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ রাম।" চারিদিগে ভক্তগণ গান অভিরাম॥
ইহা দেখি' মোর মনে আর নাহি চায়। নিরবধি 'হরে কৃষ্ণ' উঠয়ে জিহ্বায়॥
কিবা সে কৃষ্ণের রূপ কই দেখি শুনি। তুমি স্বামী—তোমারে কহিলাম ঐছে বাণী॥"
স্বামী বোলে, "শুন প্রিয়া! তোর যেন আঁখি। তেনমত কৃষ্ণের রূপ—কহে, হেন দেখি॥
নিরবধি দুই চক্ষু দেখি' সে তোমার। উঠয়ে কৃষ্ণের ভাব হৃদয়ে আমার॥
সেই ত চৈতন্য-নিত্যানন্দ- মহাশয়। জীবের কারণে কৈলা নামের উদয়॥
সেই নামে বিমুখ হইব যেই জন। পাইবেক শমনের অধিক দমন॥"
নারী বোলে, "ইহা বলিবারে ধন চাই।" স্বামী বলে, "ধন রহু, শুনি' মুক্তিহ পাই॥"
নারী বলে, "ভালই, লোক করিয়া যতন। হরে কৃষ্ণ হরে কৃষ্ণ বোলে অনুক্ষণ॥"
একথা শুনিঞা প্রভু চলিয়া যাইতে। উত্তরিলা গিয়া এক বৃক্ষের কাছেতে॥
সেই বৃক্ষে বনমনুষ্য দুই জন। অন্যোহন্যে দুই জন করে' জিজ্ঞাসন॥
একজন বলে, "এই ঘোর কলিকালে। এ-সময়ে হইল চৈতন্য-অবতারে॥
যদি কলি-অবতার না করিত তাঁ'রা। তবে যমালয়ে স্থান না যাইত ধরা॥
তবে হরে-কৃষ্ণ নাম লওয়াইলা জীবে। তাহাতেই লোক সুখে তরিয়া যাইবে॥
শুনিয়া তাহার কথা বোলে আর জন। "যম কেনে শাস্তি করে' কহত কারণ?"
"শুন শুন যে-কারণে যম করে' শাস্তি। সকল ইন্দ্রিয়গণ সব হঞা প্রাপ্তি॥
পদ, কর্ণ, হস্ত, আঁখি, সুজিহ্বা। পাঞা তথাপি নরক ভুঞ্জে অভিমানী হঞা॥
জিহ্বায় যে-জন প্রভুর গুণ নাহি গায়। পদেতে ঈশ্বরক্ষেত্রে চলিয়া না যায়॥
কর্ণেতে প্রভুর নাম শুনে নাহি যেহ। ভক্ত আলিঙ্গন নাহি ব্যর্থ সেই দেহ॥
যে-হস্তে প্রভুর কর্ম নাহি করে মতি। মস্তকে প্রভুর পদে নম্র নহে যদি॥
ধিক্ ধিক্! সেই দেহ কি কাজ ধরিঞা? তা'র শাস্তি করে' যম মহাক্রোধী হঞা॥
খণ্ড খণ্ড করিয়া কাটিয়া পাড়ে অঙ্গ। * * * * *
কুম্ভিপাক নরকে ত কল্প-দুই রহে। তথাপি তাহার পাপ উপশম নহে॥
লোকের করুণা যত শতশত স্থানে। দেখিয়া করুণাময় জন্মিলা আপনে॥

আসিয়া বসিলা এক পুষ্পের উদ্যানে। কে বুঝে তাঁহার ইচ্ছা, শ্রীচৈতন্য বিনে ? ১৭
নিত্যানন্দ-বিজয় জানিয়া গৌরচন্দ্র। একেশ্বর আইলেন ছাড়ি' ভক্তবৃন্দ ॥ ১৮
ধ্যানানন্দে যেখানে আছেন নিত্যানন্দ। সেই স্থানে বিজয় হইলা গৌরচন্দ্র ॥ ১৯
প্রভু আসি' দেখি' নিত্যানন্দে ধ্যানপর। প্রদক্ষিণ করিতে লাগিলা বহুতর ॥ ২০
শ্লোকবন্ধে নিত্যানন্দমহিমা বর্ণিঞা। প্রদক্ষিণ করে' প্রভু প্রেম পূর্ণ হঞা ॥ ২১
শ্রীমুখের শ্লোক শুন—নিত্যানন্দস্তুতি। যে-শ্লোক পড়িলে হয় নিত্যানন্দে রতি ॥ ২২
তথা হি শ্রীচৈতন্যচন্দ্রস্য শ্লোক: —
"গৃহ্ণীয়াদ্‌যবনীপাণিং বিশেদ্‌বা শৌণ্ডিকালয়ম্। তথাপি ব্রহ্মণো বন্দ্যং নিত্যানন্দপদাম্বুজম্ ॥"২৩
"মদিরা যবনী যদি ধরে' নিত্যানন্দ। তথাপি ব্রহ্মার বন্দ্য" বোলে গৌরচন্দ্র ॥ ২৪
এই শ্লোক পড়ি' প্রভু প্রেমবৃষ্টি করি'। নিত্যানন্দ-প্রদক্ষিণ করে' গৌরহরি ॥ ২৫
নিত্যানন্দস্বরূপো জানি" সেই ক্ষণে। উঠিলেন 'হরি' বলি' পরমসম্ভ্রমে ॥ ২৬
দেখি' নিত্যানন্দ গৌরচন্দ্রের বদন। কি আনন্দ হৈল, তাহা না যায় বর্ণন ॥ ২৭
'হরি' বলি' সিংহনাদ লাগিলা করিতে। প্রেমানন্দে আছাড় পড়েন পৃথিবীতে ॥ ২৮
দুইজন প্রদক্ষিণ করেন দুঁহারে। দুঁহে দণ্ডবত হঞা পড়েন দুঁহারে ॥ ২৯
ক্ষণে দুই প্রভু করে' প্রেম-আলিঙ্গন। ক্ষণে গলা ধরি' করে' আনন্দ-ক্রন্দন ॥ ৩০
পরানন্দে গড়াগড়ি যায় দুইজন। মহামত্ত সিংহ জিনি' দুঁহার গর্জন ॥ ৩১
কী অদ্ভুত প্রীতি সে করেন দুইজনে। পূর্বে যেন শুনিয়াছি শ্রীরামলক্ষ্মণে ॥ ৩২
দুইজনে শ্লোক পড়ি' বর্ণেন দুঁহারে। দুঁহারেই দুঁহে জোড়হস্তে নমস্করে' ॥ ৩৩
অশ্রু, কম্প, হাস্য, মূর্ছা, পুলক, বৈবর্ণ্য। কৃষ্ণভক্তি-বিকারের যত আছে মর্ম ॥ ৩৪

---

১ (২য়) রহিলা [ক, ঝ, ঞ], রহিলেন [চ]; ২ (৪র্থ—৬ষ্ঠ) আপনে আইলা প্রভু লই [খ]; ৫ (১ম) শ্লোকছন্দে [ঞ], (৭ম—৯ম) প্রেমমূর্ছা হৈয়া [খ, ঙ], মহিমা পড়িয়া [জ]; ৬ (৬ষ্ঠ) শুনিলে [খ, গ, চ, জ, ঞ], (৯ম) রতি [ঝ]; ৭ (৩য়) শ্রীচৈতন্যদেবস্য [ঘ]; ১০ (৫ম) প্রেমদৃষ্টি [খ, জ]; ১২ (৫ম) যে [ঙ, জ]; ১৩ (৬ষ্ঠ) পরানন্দে [গ], এই পংক্তির পর অধিক পাঠ—"বন্দে নন্দব্রজস্ত্রীণাং পাদরেণুমভীক্ষ্‌শঃ। যাসাং হরিকথোদ্গীতং পুনাতি ভুবনত্রয়ম্ ॥" [চ]; ১৪ (৮ম, ৯ম) পড়ে দুজনারে [ঞ]; ১৬ (১ম, ২য়) পরম আনন্দে গড়ি [খ, ঘ, ঙ, জ]; ১৭(৭ম—১০ম) "ব্রজে যেন রামকৃষ্ণ ভাই দুইজনে ॥"[ক্বচিৎ পাঠ]; ১৯ (৩য়) হর্ষ [খ, ঙ], (১ম) বিষ্ণুভক্তি [খ,ঘ,ঙ,চ,জ]।

ছ-পুঁথির অধিক পাঠের ক্রমিক—পূর্ব পৃষ্ঠার পর—

এবে হেন দেখি সকল জীব ইথে। চলিবেক বৈকুণ্ঠে, চড়ি' দিব্যরথে ॥
হরেকৃষ্ণ মহামন্ত্র বৈকুণ্ঠের গুপ্ত। হেন রত্ন বিলায় প্রভু হঞা বড় মত্ত ॥
জীবে উদ্ধারিতে প্রভু লভিলা জনম। চৈতন্য নিতাই দুই রাম-নারায়ণ ॥
বড়ই করুণাসিন্ধু চৈতন্য-নিতাই। তাঁর সেবা কৈল যে, তরিবেক সেই ॥
এ কথা শুনিয়া বনমনুষ্যের মুখে। সব ভক্তগণ সঙ্গে চলিলেন সুখে ॥

— ✡ —

ইহা বিনা দুই শ্রীবিগ্রহে আর নাঞি। সব করেন করায়েন চৈতন্যগোসাঞি ॥ ৩৫
কী অদ্ভুত প্রেমভক্তি হইল প্রকাশ। নয়ন ভরিয়া দেখে যে একান্তদাস ॥ ৩৬
তবে কথোক্ষণে প্রভু যোড়হস্ত করি'। নিত্যানন্দপ্রতি স্তুতি করে' গৌরহরি ॥ ৩৭
"নাম রূপে তুমি নিত্যানন্দ মূর্তিমন্ত। শ্রীবৈষ্ণবধাম তুমি—ঈশ্বর অনন্ত ॥ ৩৮
যত কিছু তোমার শ্রীঅঙ্গে অলঙ্কার। সত্য সত্য সত্য ভক্তিযোগ-অবতার ॥ ৩৯
স্বর্ণ- মুক্তা- রূপা- কসা-রুদ্রাক্ষাদি-রূপে। নববিধা ভক্তি ধরি আছ নিজসুখে ॥ ৪০
নীচজাতি পতিত অধম যত জন। তোমা' হৈতে সভার হইল বিমোচন ॥ ৪১
যে-ভক্তি দিয়াছ তুমি বণিক-সভারে। তাহা বাঞ্ছে সুরসিদ্ধ মুনি যোগেশ্বরে ॥ ৪২
'স্বতন্ত্র' করিয়া বেদে যে-কৃষ্ণেরে কয়। হেন কৃষ্ণেহ পার' তুমি করিতে বিক্রয় ॥ ৪৩
তোমার মহিমা জানিবার শক্তি কা'র? তুমি মূর্তিমন্ত কৃষ্ণরস-অবতার! ৪৪
বাহ্য নাহি জান' তুমি সংকীর্তন-সুখে। অহর্নিশ কৃষ্ণগুণ তোমার শ্রীমুখে ॥ ৪৫
কৃষ্ণচন্দ্র তোমার হৃদয়ে নিরন্তর। তোমার বিগ্রহ কৃষ্ণবিলাসের ঘর ॥ ৪৬
অতএব তোমারে যে-জন প্রীতি করে'। সত্য সত্য কভু কৃষ্ণ না ছাড়েন তা'রে ॥ ৪৭
তবে কথোক্ষণে নিত্যানন্দ মহাশয়। বলিতে লাগিলা অতি করিয়া বিনয় ॥ ৪৮
"প্রভু হঞা তুমি যে আমারে কর' স্তুতি। এই তোমার বাৎসল্য ভক্ত প্রতি অতি ॥ ৪৯
প্রদক্ষিণ কর', কিবা কর' নমস্কার। কিবা মার', কিবা' রাখ—যে ইচ্ছা তোমার ॥ ৫০
কোন্ বা বক্তব্য প্রভু! আছে তোমা' স্থানে? কিবা নাহি দেখ তুমি দিব্য-দরশনে? ৫১
মন প্রাণ সভার ঈশ্বর প্রভু তুমি। তুমি যে করাহ, সেইরূপ করি আমি ॥ ৫২
আপনেই মোরে তুমি দণ্ড ধরাইলা। আপনেই ঘুচাইয়া এরূপ করিলা ॥ ৫৩
তাড়, খাড়ু, বেত্র, বংশী, শিঙ্গা, ছান্দদড়ি। ইহা সে ধরিলুঁ আমি মুনিধর্ম ছাড়ি' ॥ ৫৪
আচার্যাদি তোমার যতেক প্রিয়গণ। সভারেই দিলা তপ-ভক্তি-আচরণ ॥ ৫৫
মুনিধর্ম ছাড়াইয়া কী কৈলা আমারে? ব্যবহারী-জনে দেখি' সভে হাস্য করে' ৫৬
তোমার নর্তক আমি, নাচাও যেরূপে। সেইরূপ নাচি আমি তোমার কৌতুকে ॥ ৫৭
কি নিগ্রহ অনুগ্রহ—তুমি সে প্রমাণ। বৃন্দদ্বারে কর', তভু তোমার সে নাম ॥" ৫৮

---

১ (৮ম) রঙ্গ [খ, ঙ]; ২ (৬ষ্ঠ) নয়ান [ক, গ, ঘ, চ, জ]; ৩ (৬ষ্ঠ) নিতানন্দপ্রভু [ক]; ৪ (১ম, ২য়) নামে রূপে [ক], নামে গুণে [গ, ঘ]; ৫ (৪র্থ) অঙ্গের [চ, ছ, ঞ], (৮ম) হয় [খ]. ৬ (১ম) -কাসা [ক, ছ, জ], (৪র্থ, ৫ম) করি আছে [ক], ধরিয়াছে [গ, ছ, জ]; ৮ (৬ষ্ঠ) চিন্তে [ঙ]; (৭ম) সর্ব [খ], (৯ম) মহা [খ], যোগী [ঞ]; ৯ (৫ম) কহে [ঘ, ঙ, চ, ঝ]; ১১ (৫ম) -রসে [ছ], (৬ষ্ঠ) দিবানিশি [ঞ], (৭ম) কৃষ্ণনাম [ক], কৃষ্ণকথা [ছ], (৯ম) প্রয়াসে [ছ]; ১২ (৬ষ্ঠ) হৃদয় [খ]; ১৩ (৮ম) কহি [খ], (১১শ) ছাড়িব [ঘ, ঙ, জ, ঞ]; ১৭ (৩য়) অব্যক্ত [কচিৎ পাঠ], (৯ম) জান [ক, গ], ১৯ (১ম, ২য়) আপনে আমারে [ঘ, জ]; ২০ (১ম) টাড় [ঘ, ছ]; ২১ (৫ম) সভাকারে [খ], (৭ম) শুদ্ধ- [খ], প্রেম- [চ], উপ- [ছ]; ২২ (৪র্থ) কৈলে [ঙ, ঝ], (৮ম, ৯ম) সকল নাশ [ক, চ], সর্বনাশ [ছ]; ২৪ (১ম, ২য়) কিনিগ্রহ কি অনুগ্রহ [ক, গ, ঘ, ঙ, চ, ছ, ঞ]।

প্রভু বোলে, "তোমার যে দেহে অলঙ্কার। নববিধা ভক্তি বিনা কিছু নহে আর ॥ ৫৯
শ্রবণ-কীর্তন-স্মরণাদি নমস্কার। এই সে তোমার সর্বকাল অলঙ্কার ॥ ৬০
নাগ-বিভূষণ যেন ধরেন শঙ্করে। তাহা নাহি সর্বজনে বুঝিবারে পারে' ॥ ৬১
পরমার্থে মহাদেব—অনন্ত-জীবন। নাগ-ছলে অনন্ত ধরেন সর্বক্ষণ ॥ ৬২
না বুঝিয়া নিন্দে' তান চরিত্র অগাধ। যতেক নিন্দয়ে, তা'র হয় কার্য-বাধ ॥ ৬৩
মুঞি ত তোমার অঙ্গে ভক্তিরস বিনে। অন্য নাহি দেখি কিছু কায়-বাক্য-মনে ॥ ৬৪
নন্দগোষ্ঠে বৈস তুমি বৃন্দাবনে সুখে। ধরিয়াছ অলঙ্কার আপনে কৌতুকে ॥ ৬৫
ইহা দেখি' যে-সুকৃতি চিত্তে পায় সুখ। সে অবশ্য দেখিবেক কৃষ্ণের শ্রীমুখ ॥ ৬৬
বেত্র, বংশী, শিঙ্গা, গুঞ্জাহার, মাল্য, গন্ধ। সর্বকাল এইরূপ তোমার শ্রীঅঙ্গ ॥ ৬৭
যতেক বালকে দেখি তোমার সংহতি। শ্রীদাম-সুদামপ্রায় লয় মোর মতি ॥ ৬৮
বৃন্দাবনক্রীড়ার যতেক শিশুগণ। সকল তোমার সঙ্গে—লয় মোর মন ॥ ৬৯
সেই ভাব, সেই কান্তি, সেই সর্বশক্তি। সর্ব দেহে দেখি সেই নন্দগোষ্ঠী-ভক্তি ॥ ৭০
এতেকে যে তোমারে, তোমার সেবকেরে। প্রীত করে, সত্য সত্য সে করে' আমারে ॥"
স্বানুভাবানন্দে দুই—মুকুন্দ অনন্ত। কিরূপে কহেন কথা—কে জানয়ে অন্ত ? ৭২
কথোক্ষণে দুই প্রভু বাহ্য প্রকাশিয়া। বসিলেন নিভৃতে পুষ্পের বনে গিয়া ॥ ৭৩
ঈশ্বরে পরমেশ্বরে হৈল কী কথা। বেদেহ সে ইহার তত্ত্ব না জানে' সর্বথা ॥ ৭৪
নিত্যানন্দ-চৈতন্যে যখনে কথা হয়। প্রায় আর কেহো নাহি থাকে সে-সময় ॥ ৭৫
কী করেন আনন্দবিগ্রহ দুইজনে। চৈতন্য-ইচ্ছায় কেহো না থাকে তখনে ॥ ৭৬
নিত্যানন্দস্বরূপো প্রভুর ইচ্ছা জানি'। একান্তে সে আসিয়া দেখেন ন্যাসিমণি ॥ ৭৭
আপনারে যেন প্রভু না করেন ব্যক্ত। এইমত লুকায়েন নিত্যানন্দ-তত্ত্ব ॥ ৭৮
সুকোমল দুর্বিজ্ঞেয় ঈশ্বর-হৃদয়। বেদ-শাস্ত্রে ব্রহ্মা শিব সভে এই কয়' ॥ ৭৯
না বুঝি' না জানি' মাত্র সভে গায় গাঁথা। লক্ষ্মীরো এই সে বাক্য—অন্যের কি কথা ? ৮০
এইমত ভাব-রঙ্গী চৈতন্যগোসাঞি। এক কথা না কহেন একজন-ঠাঞি ॥ ৮১

---

১ (৯ম) বহি [ক, খ, ঙ, চ]; বই [ঝ]; ২ (৬ষ্ঠ) সর্পময় [খ]; ৪ (২য়) শঙ্করের [ঙ], মহাদেবের [চ]; ৫ (৭ম—১১শ) "পাইয়াও বিষ্ণুভক্তি তার হয় বাদ ॥" [ছ]; ৬ (১০ম) কভু [খ, গ ঙ], ৭ (১ম, ২য়) নন্দগোষ্ঠীরসে [ঘ, ঙ], নন্দগোষ্ঠীসব [ঞ], (২য়) বসি [ঝ], (৭ম) আনন্দ- [ঞ]; ৮ (১০ম) চৈতন্য- [চ, ছ) ১২ (১১শ) নন্দগোষ্ঠ- [ঝ]; ১৩ (৬ষ্ঠ) প্রীতি [গ, ঘ, ঝ]; ১৪ (৫ম—১০ম) "কিবা রূপে কহে কথা কেবা জানে তত্ত্ব ॥" [খ], (৬ষ্ঠ—৮ম) কি কহেন কে করিব [চ], কি কহে কে জানিবে [ঞ], (৭ম—১০ম) কেবা জানে তত্ত্ব [খ], এই পংক্তির পর ঞ-মুদ্রিত গ্রন্থে অধিক পাঠ — শ্রীকৃষ্ণচৈতন্য...... গান ॥"; ১৬ (৩য়, ৪র্থ) হৈল যেবা [খ], (৬ষ্ঠ—৮ম) বেদেও তাহার [ঙ, ছ], (১০ম, ১১শ) জানেন (খ, ঘ, চ, জ, ঝ, ঞ]; ১৭ (১ম) নিত্যানন্দচৈতন্যে [ঙ, ঝ, ঞ]; ২১ (৮ম, ৯ম) এই তত্ত্ব [ক], এই সব [ঙ, চ], সব এই [ঝ]; ২২ (১ম—৫ম) নাহি বুঝি নাহি জানি [খ], না জানি না বুঝি মাত্র [ঝ]; ২৩ (২য়) ভাবে রঙ্গী [ক], ভাল রঙ্গী [খ, ঘ, ঙ, জ], -রঙ্গে [ঙ, ঝ], -ভঙ্গে [ঞ]; (৪র্থ) এই [ক]।

হেন সে তাহান রঙ্গ,—সভেই জানেন। "আমার অধিক প্রীত কা'রে না বাসেন ॥ ৮২
আমারে সে কহেন সকল গোপ্য-কথা।—মুনিধর্ম করি' কৃষ্ণ ভজিমু সর্বথা ॥' ৮৩
বেত্র, বংশী, বর্হা গুঞ্জামালা, ছাঁদ-দড়ি। ইহা বা ধরেন কেনে মুনিধর্ম ছাড়ি' ॥"৮৪
কেহো বোলে, "ভক্তি-নাম যতেক প্রকার। বৃন্দাবনে গোপক্রীড়া—অধিক সভার ॥ ৮৫
গোপ-গোপী-ভক্তি—সর্বতপস্যার ফল। যাহা বাঞ্ছে' ব্রহ্মা-আদি ঈশ্বর-সকল ॥ ৮৬
অতি কৃপাপাত্র সে গোকুলভক্তি পায়। যে-ভক্তি বন্দেন প্রভু শ্রীউদ্ধবরায় ॥ ৮৭

তথা হি (শ্রীভা০ ১০।৪৭।৬৩) —

"বন্দে নন্দব্রজস্ত্রীণাং পাদরেণুমভীক্ষ্ণশঃ। যাসাং হরিকথোদ্গীতং পুনাতি ভুবনত্রয়ম্ ॥" ৮৮

এইমত যে বৈষ্ণব যে করে' বিচার। সর্বত্র শ্রীগৌরচন্দ্র করেন স্বীকার ॥ ৮৯
অন্যোহন্যে বাজায়েন আনন্দ ইচ্ছায়। হেন রঙ্গী মহাপ্রভু শ্রীগৌরাঙ্গ-রায় ॥ ৯০
কৃষ্ণের কৃপায়ে সভে আনন্দে বিহ্বল। কখনো কখনো বাজে আনন্দকোন্দল ॥ ৯১
ইহাতে যে এক ঈশ্বরের পক্ষ হঞা। অন্য ঈশ্বরেরে নিন্দে', সেই অভাগিয়া ॥ ৯২
ঈশ্বরের অভিন্ন—সকল ভক্তগণ। দেহের যেহেন বাহু অঙ্গুলি চরণ ॥ ৯৩

তথা হি (শ্রীভা০ ৪।৭।৫৩) —

"যথা পুমান্ ন স্বাঙ্গেষু শিরঃপাণ্যাদিষু ক্বচিৎ। পারক্যবুদ্ধিং কুরুতে এবং ভূতেষু মৎপরঃ ॥" ৯৪

তথাপিহ সর্ব-বৈষ্ণবের এই কথা। 'সভার ঈশ্বর—কৃষ্ণচৈতন্য সর্বথা ॥ ৯৫
'নিয়ন্তা পালক স্রষ্টা অবিজ্ঞাত তত্ত্ব।' সভে মিলি' এই মাত্র গায়েন মহত্ত্ব ॥ ৯৬
আবির্ভাব হইতেছেন যে-সব শরীরে। তাঁ'সভার অনুগ্রহে ভক্তিফল ধরে' ॥ ৯৭
সর্বজ্ঞতা সর্বশক্তি দিয়াও আপনে। অপরাধ হৈলে শাস্তি করে' ভাল-মনে ॥ ৯৮
ইতিমধ্যে সকলে বিশেষ দুই প্রতি। নিত্যানন্দ-অদ্বৈতের না ছাড়েন স্তুতি ॥ ৯৯
কোটি অলৌকিকো যদি এ-দুই করেন। তথাপিহ গৌরচন্দ্র কিছু না বোলেন ॥ ১০০
এইমত কথোক্ষণ পরানন্দ করি'। অবধূতচন্দ্রসঙ্গে গৌরাঙ্গশ্রীহরি ॥ ১০১
তবে নিত্যানন্দস্থানে হইয়া বিদায়। বাসায় আইলা প্রভু শ্রীগৌরাঙ্গরায় ॥ ১০২
নিত্যানন্দস্বরূপো পরমহর্ষ- মনে। আনন্দে চলিলা জগন্নাথ-দরশনে ॥ ১০৩

---

১ (৬ষ্ঠ) মানেন [ক, গ, ঙ, ঝ, ঞ], (৭ম) আমারে [ক, গ, ঘ, চ, জ], (৯ম) প্রীতি [ক, গ, ঘ, জ]; ৩ (৩য়—৫ম) বর্হাপুচ্ছ গুঞ্জা ছাঁদ- [ক, ঘ, চ], (৫ম) ডোড়ি [ঝ]; ৪ (৩য়) মুনিধর্ম [খ, ঝ]. ৫ (৩য়) ফলে [ঞ] (৪র্থ—৭ম) "তাহা বাঞ্ছে ব্রহ্মা শিব ঈশ্বর সকলে ॥" [ঞ]; ৯ (৪র্থ, ৫ম) করয়ে [খ], করেন [ঝ, ঞ], (৭ম) সর্বত্রেই [ঝ]; ১০ (৩য়) ঈশ্বর [ঘ, ঙ, চ], (৮ম) শ্রীচৈতন্য- [ক, ঘ, ঙ, চ]; ১২ (৪র্থ) বৈষ্ণবের [চ], (৬ষ্ঠ) লৈয়া [গ, ঘ, ঙ], (৮ম) বৈষ্ণবের [চ]; ১৪, ১৫ পংক্তি খ-পুঁথি এবং ঝ-মুদ্রিত গ্রন্থ ভিন্ন অন্যত্র নাই; ১৭ (৪র্থ) দুর্বিজ্ঞেয় তত্ত্ব [খ, ঘ, ঙ, চ, জ, ঞ]; ১৯ (৫ম) অপরাধীর [গ, চ], (৫ম—৭ম) অপরাধে শাস্তিহ [খ, ঘ, ঙ, ঝ, ঞ]; ২৩ (৩য়) করিয়া [ক, খ, গ, ঙ, চ, ঝ]; ২৪ (১ম, ২য়) তবে নিত্যানন্দ প্রভু হরষিত মনে [ছ]।

নিত্যানন্দ-চৈতন্যে যে হৈল দরশন। ইহার শ্রবণে সর্ব-বন্ধ-বিমোচন ॥ ১০৪
জগন্নাথে দেখি' মাত্র নিত্যানন্দরায়। আনন্দে বিহ্বল হঞা গড়াগড়ি যায় ॥ ১০৫
আছাড় পড়েন প্রভু প্রস্তর-উপরে। শতজনে ধরিলেও ধরিতে না পারে' ॥ ১০৬
জগন্নাথ বলরাম সুভদ্রা সুদর্শন। সভা' দেখি' নিত্যানন্দ করেন ক্রন্দন ॥ ১০৭
সভার গলার মালা ব্রাহ্মণে আনিঞা। পুনঃপুন দেন সভে প্রভাব জানিঞা ॥ ১০৮
নিত্যানন্দে দেখি' যত জগন্নাথদাস। সভার জন্মিল অতি-পরম-উল্লাস ॥ ১০৯
যে জনে না চিনে, সে জিজ্ঞাসে' কা'রো ঠাঞি। সভে কহে, "এই কৃষ্ণচৈতন্যের ভাই ॥"
নিত্যানন্দস্বরূপো সভারে করি' কোলে। সিঞ্চিলা সভার অঙ্গ নয়নের জলে ॥ ১১১
তবে জগন্নাথ দেখি' বড় হর্ষ-মনে। আনন্দে চলিলা গদাধর-দরশনে ॥ ১১২
নিত্যানন্দ-গদাধরে যে প্রীতি অন্তরে। ইহা কহিবারে শক্তি ঈশ্বর সে ধরে' ॥ ১১৩
গদাধর-ভবনে মোহন গোপীনাথ। আছেন, যেহেন নন্দকুমার সাক্ষাত ॥ ১১৪
আপনে চৈতন্য তানে করিয়াছেন কোলে। অতিপাষণ্ডীও সে-বিগ্রহে দেখি' ভুলে ॥ ১১৫
দেখি' শ্রীমুরলীমুখ অঙ্গের ভঙ্গিমা। নিত্যানন্দ-আনন্দ-অশ্রুর নাহি সীমা ॥ ১১৬
নিত্যানন্দ-বিজয় জানিঞা গদাধর। ভাগবতপাঠ ছাড়ি' আইলা সত্বর ॥ ১১৭
দুঁহে মাত্র দেখিয়া দুঁহার শ্রীবদন। গলা ধরি' লাগিলেন করিতে ক্রন্দন ॥ ১১৮
অন্যোহন্যে দুই প্রভু করে' নমস্কার। অন্যেহন্যে দুঁহে বোলে মহিমা দুঁহার ॥ ১১৯
কেহো বোলে, "আজি হৈল লোচন নির্মল।" কেহো বোলে, "জন্ম আজি হইল সফল ॥"
বাহ্যজ্ঞান নাহি দুইপ্রভুর শরীরে। দুইপ্রভু ভাসে ভক্তি-আনন্দ-সাগরে ॥ ১২১
হেন সে হইল প্রেমভক্তির প্রকাশ। দেখি' চতুর্দিগে পড়ি' কান্দে সর্বদাস ॥ ১২২
কী অদ্ভুত প্রীতি নিত্যানন্দ-গদাধরে। একের অপ্রিয়ে আর সম্ভাষা না করে' ॥ ১২৩
গদাধরদেবের সঙ্কল্প এইরূপ। নিত্যানন্দ-নিন্দকের না দেখেন মুখ ॥ ১২৪
নিত্যানন্দস্বরূপেরে প্রীতি যা'র নাঞি। দেখাও না দেন তা'রে পণ্ডিতগোসাঞি ॥ ১২৫
তবে দুইপ্রভু স্থির হঞা একস্থানে। বসিলেন চৈতন্যমঙ্গল-সংকীর্তনে ॥ ১২৬
তবে গদাধরদেব নিত্যানন্দ-প্রতি। নিমন্ত্রণ করিলেন "আজি ভিক্ষা ইথি ॥" ১২৭

---

১ (২য়, ৩য়) যে হেন [ক, গ, ঙ, চ, জ, ঞ], (৭ম) ঘুচে আবিষ্টাবন্ধন [ক্বচিৎ পাঠ], এই পংক্তির পর ঞ-মুদ্রিত গ্রন্থে অধিক পাঠ—শ্রীকৃষ্ণচৈতন্য……পদযুগে গান ॥"; ৪ (৪র্থ) সংকর্ষণ [ছ]; ৫ (১ম) প্রভুর [ছ], (৮ম) আনি [গ]; ৬ (৩য়) সব [খ, ছ]; ৮ (৮ম) নয়ানের [খ, ঘ, জ], প্রেমানন্দ- [ঝ]; ৯ (৩য়) হেরি [ঝ], (৪র্থ ৫ম) হর্ষ সর্বগণে [ক, গ, ঘ, জ, ঝ, ঞ], হর্ষ গর্বমনে [ঙ], হর্ষ ভক্তগণে [চ]. ১০ (৩য়) প্রীত [ক, খ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ]; ১৫ (১ম) দোঁহে [ক, খ, গ, ঘ, ছ, জ, ঞ], (৬ষ্ঠ, ৭ম) গদাধর [ঘ]; ১৭ (১ম) দোঁহে [ঘ, ঙ, ছ], (১১শ) আমার [ক, ঘ, ঙ, ছ]; ১৮ (৭ম) নিজ- [খ]; ১৯ (৫ম) বিলাস [ঘ, জ]; ২০ (৭ম) অন্যে [খ]; ২১ (৪র্থ) -নিন্দুকের [ঘ, জ, ঞ]; ২২ (১ম) নিত্যানন্দস্বরূপের [ঘ, চ, ঞ], (২য়) প্রীত [ক, খ, গ, ঙ, ছ, জ], (৫ম —৭ম) দেখিয়া না দেখে [খ]।

নিত্যানন্দ গদাধর-ভিক্ষার কারণে। এক-মান চাউল আনিয়াছেন যতনে ॥ ১২৮
অতি সূক্ষ্ম শুক্ল দেবযোগ্য সর্বমতে। গদাধর লাগি আনিঞাছেন গৌড় হৈতে ॥ ১২৯
আর একখানি বস্ত্র—রঙ্গির সুন্দর। দুই আনি' দিলা গদাধরের গোচর ॥ ১৩০
"গদাধর! এ তণ্ডুল করিয়া রন্ধন। শ্রীগোপীনাথেরে দিয়া করিবা ভোজন ॥" ১৩১
তণ্ডুল দেখিয়া হাসে' পণ্ডিতগোসাঞি। "নয়নে ত এমত তণ্ডুল দেখি নাঞি ॥ ১৩২
এ-তণ্ডুল গোসাঞি! কি বৈকুণ্ঠ থাকিয়া। আনিঞা আছেন গোপীনাথের লাগিয়া? ১৩৩
লক্ষ্মীমাত্র এ-তণ্ডুল করেন রন্ধন। কৃষ্ণ সে ইহার ভোক্তা, তবে ভক্তগণ ॥" ১৩৪
আনন্দে তণ্ডুল প্রশংসেন গদাধর। বস্ত্র লঞা গেলা গোপীনাথের গোচর ॥ ১৩৫
দিব্য-রঙ্গবস্ত্র গোপীনাথের শ্রীঅঙ্গে। দিলেন, দেখিয়া শোভা ভাসেন আনন্দে ॥ ১৩৬
তবে রন্ধনের কার্য করিতে লাগিলা। আপনে টোটার শাক তুলিতে লাগিলা ॥ ১৩৭
কেহো বোনে নাহি—দৈবে হঞাছে সে শাক। তাহা তুলি' আনিঞা করিলা এক পাক ॥
তেঁতুলবৃক্ষের যত পত্র সুকোমল। তাহা আনি' বাটিয়া দিলেন লোণজল ॥ ১৩৯
তা'র এক ব্যঞ্জন করিলা অম্ল-নাম। রন্ধন করিলা গদাধর ভাগ্যবান্ ॥ ১৪০
গোপীনাথ-অগ্রে লঞা ভোগ লাগাইলা। হেন কালে গৌরচন্দ্র আসিয়া মিলিলা ॥ ১৪১
প্রসন্ন শ্রীমুখে 'হরে কৃষ্ণ কৃষ্ণ' বলি'। বিজয় হইলা গৌরচন্দ্র কুতূহলী ॥ ১৪২
"গদাধর! গদাধর!" ডাকে গৌরচন্দ্র। সম্ভ্রমে বন্দেন গদাধর পদদ্বন্দ্ব ॥ ১৪৩
হাসিয়া বোলেন প্রভু, "কেনে গদাধর! আমি কি না হই নিমন্ত্রণের ভিতর? ১৪৪
আমি ত তোমরা দুই হৈতে ভিন্ন নই। না দিলেও তোমরা, বলে ত আমি খাই ॥ ১৪৫
নিত্যানন্দদ্রব্য, গোপীনাথের প্রসাদ। তোমার রন্ধন—মোর ইথে আছে ভাগ ॥" ১৪৬
কৃপাবাক্য শুনি' নিত্যানন্দ গদাধর। মগ্ন হইলেন সুখসাগর-ভিতর ॥ ১৪৭
সন্তোষে প্রসাদ আনি' দেব-গদাধর। থুইলেন গৌরচন্দ্রপ্রভুর গোচর ॥ ১৪৮
সর্ব টোটা ব্যাপিলেক অন্নের সুগন্ধে। ভক্তি করি প্রভু পুনঃপুন অন্নে বন্দে ॥ ১৪৯
প্রভু বোলে, "তিন ভাগ সমান করিঞা। অন্ন লঞা তিনে ভুঞ্জি একত্র সে হঞা ॥" ১৫০
নিত্যানন্দস্বরূপের তণ্ডুলের প্রীতে। বসিলেন মহাপ্রভু ভোজন করিতে ॥ ১৫১

---

১ (৪র্থ) -মোন [খ, ছ], (৫ম) তণ্ডুল [খ], আলচালু [ঘ], (৭ম) দেশে হনে [চ]; ২ (২য়, ৩য়) শুক্ল সুগন্ধি [ক্বচিৎ পাঠ], (৬ষ্ঠ) গোপীনাথ [গ, ঞ]; ৬ (৬ষ্ঠ—৮ম) যত্নে আনিয়াছেন গোপীনাথের [খ, ঙ], আনিয়াছেন গোপীনাথ [ক, গ, ঘ, চ, জ], (৯ম) গোপীনাথদেবের [ক, গ; চ, ঞ], গোপীনাথ-ভোগের [ঘ], গোপীনাথ-ভোজন [জ]; ১০ (৭ম) টোটাতে [ক, ঘ], টোটায় [ঝ]; ১১ (২য়, ৩য়) করে নাঞি [ক, গ, ঞ], নাহি রোপে [খ, ঘ, জ], আছে নাহি [চ]; ১২ (৭ম, ৮ম) ঝাট তাই দিল [ক, গ], বাটি তথি দিলা [ঝ, ঞ]; ১৪ (৪র্থ) তোলাইলা [ক, গ, ঘ, জ], (৫ম—৮ম) "প্রেমযুক্ত হই গোপীনাথে সমর্পিলা ॥" [জ]; ১৮ (৮ম—১১শ) নাহি দিলে তোমরা বলে কাড়ি [খ]; ১৯ (৮ম, ৯ম) বড় সাধ [ক্বচিৎ পাঠ]; ২১ (৪র্থ) দেন গদাধর [ক, খ, চ], দিলেন গদাধর [ঘ]; ২৩ (৪র্থ) ভোগ [চ], (৮ম) লহ [খ], (৭ম—১০ম) লব তিন জনে ভুঞ্জি [ক], ভুঞ্জিব প্রসাদ অন্ন [ঞ], (১১শ, ১২শ) হইয়া [খ, ঘ, ঙ, চ, জ, ঞ]।

দুইপ্রভু ভোজন করেন দুইপাশে। সন্তোষে ঈশ্বর অন্ন-ব্যঞ্জন প্রশংসে' ॥ ১৫২
প্রভু বোলে, "এ অন্নের গন্ধেও সর্বথা। কৃষ্ণভক্তি হয়, ইথে নাহিক অন্যথা ॥ ১৫৩
গদাধর ! কী তোমার মনোহর পাক। আমি ত এমত কভু নাহি খাই শাক ॥ ১৫৪
গদাধর ! কী বিচিত্র তোমার রন্ধন !—তেঁতুল পত্রের কর' এমত ব্যঞ্জন ! ১৫৫
বুঝিলাঙ—বৈকুণ্ঠে রন্ধন কর' তুমি। তবে আর আপনারে লুকাও বা কেনি ?" ১৫৬
এইমত মহানন্দে হাস্য-পরিহাসে। ভোজন করেন তিন প্রভু প্রেমরসে ॥ ১৫৭
এ-তিন জনের প্রীতি এ-তিনে সে জানে'। গৌরচন্দ্র ঝাট না কহেন কা'রো স্থানে ॥১৫৮
কথোক্ষণে প্রভু সব করিয়া ভোজন। চলিলেন, পত্র লুট কৈলা ভক্তগণ ॥ ১৫৯
এ আনন্দ-ভোজন যে পঢ়ে, যে বা শুনে। কৃষ্ণভক্তি কৃষ্ণ পায় সেই সব জনে ॥ ১৬০
গদাধর শুভদৃষ্টি করেন যাহারে। সেই সে জানয়ে নিত্যানন্দস্বরূপেরে ॥ ১৬১
নিত্যানন্দস্বরূপো যাহারে প্রীত মনে। লওয়ায়েন গদাধরে, জানে' সেই জনে ॥ ১৬২
হেনমতে নিত্যানন্দপ্রভু নীলাচলে। রহিলেন গৌরচন্দ্র-সঙ্গে কুতূহলে ॥ ১৬৩
তিনজন একত্র থাকেন নিরন্তর। শ্রীকৃষ্ণচৈতন্য, নিত্যানন্দ, গদাধর ॥ ১৬৪
জগন্নাথো একত্র দেখেন তিনজনে। আনন্দে বিহ্বল সভে মাত্র সংকীর্তনে ॥ ১৬৫
শ্রী(কৃষ্ণ)চৈতন্য-নিত্যানন্দচান্দ পঁহু জান। বৃন্দাবনদাস তছু পদযুগে গান ॥ ১৬৬

ইতি শ্রীচৈতন্যভাগবতে অন্ত্যখণ্ডে শ্রীনিত্যানন্দস্য নীলাচল গমনং
তথা শ্রীগদাধর-মন্দির-বিলাস-বর্ণনং
নাম অষ্টমোঽধ্যায়ঃ ॥ ৮

---

৪ (৬ষ্ঠ) তেঁতুলিপাতের [ঝ]; ৬ (২য় (প্রেমানন্দে [চ], সন্তোষেতে [ঞ], নানারূপে [কচিৎ পাঠ]; ৮ (২য়, ৩য়) তিন প্রভু [ঘ, ছ, জ], (৮ম) লুটী [ক, গ], ১০ (৬ষ্ঠ, ৭ম) জন জানে [চ, ছ], জানিতে পারে [ঞ], (৮ম) নিতাইচাঁদেরে [ঞ]; ১২ (৫ম) গদাধর [ক]; ১৪ (৫ম) সন্তোষে [ঞ), (৬ষ্ঠ), বিলসে [ক], (৭ম, ৮ম) মাত্র সভে [ঘ, ঙ, জ], সবে মাত্র [ঞ]; ১৫ (১ম) শ্রীকৃষ্ণচৈতন্য-···· , (২য়, ৩য়) জান [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ, ঝ]।

জয় জয় মহাপ্রভু শ্রীকৃষ্ণচৈতন্য। জয় জয় নিত্যানন্দ ত্রিভুবনধন্য ॥ ১
জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য গুণনিধি। জয় জয় নিত্যানন্দ দয়ার অবধি ॥ ২
জয় জয় শ্রীঅদ্বৈত-আদি ভক্তগণ। জয় হউ যত তোমা' লীলা-শ্রোতাগণ ॥ ৩
ভক্তগোষ্ঠীসহিত গৌরাঙ্গ জয় জয়। শুনিলে চৈতন্যকথা ভক্তি লভ্য হয় ॥ ৪
এবে শুন বৈষ্ণবসভের আগমন। আচার্যগোসাঞি-আদি যত প্রিয়গণ ॥ ৫
শ্রীরথযাত্রার আসি' হইল সময়। নীলাচলে ভক্তগোষ্ঠীর হইল বিজয় ॥ ৬
ঈশ্বরের আজ্ঞা—প্রতি-বৎসরে-বৎসরে। সভেই আসিবা রথযাত্রা দেখিবারে ॥ ৭
আচার্যগোসাঞিরে অগ্রে করি' ভক্তগণ। সভে নীলাচল-প্রতি করিলা গমন ॥ ৮
চলিলেন ঠাকুরপণ্ডিত শ্রীনিবাস। যাঁহার মন্দিরে হৈল চৈতন্যবিলাস ॥ ৯
চলিলেন আচার্যরত্ন শ্রীচন্দ্রশেখর। দেবীভাবে যাঁ'র গৃহে নাচিলা ঈশ্বর ॥ ১০
চলিলেন হরিষে পণ্ডিতগঙ্গাদাস। যাঁহার স্মরণে হয় কর্মবন্ধ-নাশ ॥ ১১
পুণ্ডরীকবিদ্যানিধি চলিলা আনন্দে। উচ্চস্বরে যাঁ রে স্মরি' গৌরচন্দ্র কান্দে ॥ ১২
চলিলেন আনন্দে পণ্ডিত-বক্রেশ্বর। যে নাচিতে কীর্তনীয়া—শ্রীগৌরসুন্দর ॥ ১৩
চলিলা প্রদ্যুম্নব্রহ্মচারী মহাশয়। সাক্ষাতে নৃসিংহ যাঁ'র সঙ্গে কথা কয়' ॥ ১৪
চলিলেন আনন্দে ঠাকুর হরিদাস। আর হরিদাস—যাঁ'র সিন্ধুকূলে বাস ॥ ১৫
চলিলেন বাসুদেবদত্ত মহাশয়। যাঁ'র স্থানে কৃষ্ণ হয়ে আপনি বিক্রয় ॥ ১৬
চলিলেন মুকুন্দদত্ত—শ্রীকৃষ্ণের গায়ন। শিবানন্দসেন-আদি লৈয়া আপ্তগণ ॥ ১৭
চলিলেন গোবিন্দানন্দ আনন্দে বিহ্বল। দশদিগ হয় যাঁ'র স্মরণে নির্মল ॥ ১৮
চলিলেন গোবিন্দদত্ত মহাহর্ষমনে। মুল হৈলা যে কীর্তন করে প্রভু সনে ॥ ১৯
চলিলেন আখরিয়া শ্রীবিজয়দাস। 'রত্নবাহু' যাঁ'রে প্রভু করিলা প্রকাশ ॥ ২০
সদাশিবপণ্ডিত চলিলেন শুদ্ধমতি। যাঁ'র ঘরে পূর্বে নিত্যানন্দের বসতি ॥ ২১
পুরুষোত্তমসঞ্জয় চলিলা হর্ষমনে। যে—প্রভুর মুখ্য শিষ্য, পূর্বে অধ্যয়নে ॥ ২২
'হরি' বলি' চলিলেন পণ্ডিত-শ্রীমান্। প্রভু-নৃত্যে যে দেউটি ধরে' সাবধান ॥ ২৩
নন্দন-আচার্য চলিলেন প্রীতমনে। নিত্যানন্দ যাঁ'র গৃহে আইলা প্রথমে ॥ ২৪
হরিষে চলিলেন শুক্লাম্বরব্রহ্মচারী। যাঁ'র অন্ন মাগি' খাইলেন গৌরহরি ॥ ২৫
অকিঞ্চন-কৃষ্ণদাস চলিলেন শ্রীধর। যাঁ'র জল পান কৈলা শ্রীগৌরসুন্দর ॥ ২৬

---

৫ (৩য়) বৈষ্ণব-সভার [ক, খ, গ, চ, ছ, জ, ঝ, ঞ], (৭ম) ভক্তগণ [চ, ছ, জ]; ৮ (২য়, ৩য়) আদি যত [কচিৎ পাঠ]; ১৩ (১ম) চলিলা [ক, গ, ঝ]; ১৪ (৪র্থ) সাক্ষাত [ঝ]; ১৭ (৭ম) ভক্তগণ [ঙ]; ১৮ (২য়) গোবিন্দদত্ত [ঘ, ঙ, চ], (৩য়) প্রেমেতে [ঞ]; ২১ (৩য়) মহামতি [ছ]; ২৪ (৩য়) হর্ষমনে [ঘ, ঙ, ছ, জ] ২৬ (৯ম) প্রভু বিশ্বম্ভর [ঝ, ঞ]।

চলিলেন লেখক পণ্ডিত ভগবান্। যাঁ'র দেহে কৃষ্ণ হইয়াছিলা অধিষ্ঠান ॥ ২৭
গোপীনাথপণ্ডিত আর শ্রীগর্ভপণ্ডিত। চলিলেন,—দুই কৃষ্ণবিগ্রহ নিশ্চিত ॥ ২৮
চলিলেন বনমালীপণ্ডিত মঙ্গল। যে দেখিলা সুবর্ণের শ্রীহল-মুষল ॥ ২৯
জগদীশপণ্ডিত হিরণ্য-ভাগবত। আনন্দে চলিলেন দুই কৃষ্ণরসে মত্ত ॥ ৩০
পূর্বে শিশুরূপে প্রভু যে-দুইর ঘরে। নৈবেদ্য খাইলা আনি' শ্রীহরিবাসরে ॥ ৩১
চলিলেন বুদ্ধিমন্তখান মহাশয়। আ-জন্ম চৈতন্য আজ্ঞা যাঁহার বিষয় ॥ ৩২
হরিষে চলিলেন আচার্য পুরন্দর। 'বাপ!' বলি' যাঁ'রে ডাকে শ্রীগৌরসুন্দর ॥ ৩৩
চলিলেন শ্রীরাঘবপণ্ডিত উদার। গুপ্তে যাঁ'র ঘরে হৈল চৈতন্যবিহার ॥ ৩৪
ভবরোগ-বৈদ্যসিংহ চলিলেন মুরারি। গুপ্তে যাঁ'র দেহে বৈসে গৌরঙ্গশ্রীহরি ॥ ৩৫
চলিলেন শ্রীগরুড়পণ্ডিত হরিষে। নাম-বলে যাঁ'রে না লঙ্ঘিল সর্পবিষে ॥ ৩৬
চলিলেন গোপীনাথসিংহ মহাশয়। 'অক্রূর' বলিয়া যাঁ'রে গৌরচন্দ্র কয় ॥ ৩৭
প্রভুর পরমপ্রিয় শ্রীরামপণ্ডিত। চলিলেন নারায়ণপণ্ডিত সহিত ॥ ৩৮
আই-দরশনে শ্রীপণ্ডিত-দামোদর। আসিছিলা, আই দেখি' চলিলা সত্বর ॥ ৩৯
অনন্ত চৈতন্য-ভক্ত—কত জানি নাম। সভে চলিলেন হঞা আনন্দের ধাম ॥ ৪০
আই-স্থানে ভক্তি করি' বিদায় হইয়া। চলিলেন অদ্বৈতসিংহ ভক্তগোষ্ঠী লঞা ॥ ৪১
যে-যে-দ্রব্যে জানেন প্রভুর পূর্ব প্রীত। সব লৈলা সভে প্রভুর ভিক্ষার নিমিত্ত ॥ ৪২
সর্বপথে সংকীর্তন-আনন্দ করিতে। আইলেন পবিত্র করিয়া সর্বপথে ॥ ৪৩
উল্লাসে যে হরিধ্বনি করে' ভক্তগণ। শুনিয়া পবিত্র হয় ত্রিভুবন-জন ॥ ৪৪
পত্নী-পুত্র-দাস-দাসীগণের সহিতে। আইলেন পরানন্দে প্রভুরে দেখিতে ॥ ৪৫
যে-স্থানে রহেন আসি' সভে বাসা করি'। সেই স্থান হয় যেন শ্রীবৈকুণ্ঠপুরী ॥ ৪৬
শুন শুন আরে ভাই! মঙ্গল-আখ্যান। যাহা গায়েন প্রভু শেষ ভগবান্ ॥ ৪৭
এইমত রঙ্গে মহাপুরুষসকল। সকল মঙ্গলে আইলেন নীলাচল ॥ ৪৮
কমলপুরে ত ধ্বজ-প্রাসাদ দেখিয়া। পড়িলেন কান্দি' সভে দণ্ডবত হইয়া ॥ ৪৯
প্রভুও জানিঞা ভক্তগোষ্ঠীর বিজয়। আগু বাড়িবারে চিত্ত কৈলা ইচ্ছাময় ॥ ৫০
অদ্বৈতের প্রতি অতি প্রীতিযুক্ত হঞা। অগ্রে মহাপ্রসাদ দিলেন পাঠাঞা ॥ ৫১

---

১ (৭ম, ৮ম) শ্রীকৃষ্ণ হইলা [জ], (৮ম) পূর্বে হৈলা [চ]; ৪ (৩য়) হরিষে [ঞ]; ৫ (৮ম) প্রভু [ঘ, ঙ, ছ, জ]; ১০ (৪র্থ—৭ম) যাঁর নাম লৈলে না লঙ্ঘে [ঘ]; ১১ (৫ম) করিয়া [গ, ঘ, ঙ, চ, জ, ঞ]; ১৪ (২য়) ভৃত্য [চ, ছ, জ], (৬ষ্ঠ—১০ম) "কি বড় কি ছোট সভে করিলা পয়ান ॥" [ছ]; ১৫ (৫ম) করিয়া [ক, খ, গ, ঘ, ঙ, ঝ], মাগিয়া [চ]; ১৬ (৪র্থ) আছে [খ], বড় [ঘ, ঙ, জ], মহা [চ]: এই পংক্তির পর ঞ-মুদ্রিত গ্রন্থে অধিক পাঠ—"শ্রীকৃষ্ণচৈতন্য......পদযুগে গান ॥" ১৭ (২য়) সংকীর্তন করিতে [ঙ]; ১৮ (৯ম) সকল ভুবন [ঘ, চ]; ১৯ (৫ম) চৈতন্য [খ, গ, ঘ, চ, জ, ঝ, ঞ]; ২১ (৭ম, ৮ম) গায় মহাপ্রভু [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ, ঝ, ঞ]; ২৫ (৪র্থ) প্রীতিযুক্ত [ক, খ, ঘ, ঙ, চ, জ, ঞ], (৭ম) মালাপ্রসাদ [কচিৎ পাঠ]।

কী অদ্ভুত প্রীতি সে, তাহার নাহি অন্ত। প্রসাদ চলয়ে যাঁ'রে কটক-পর্যন্ত ॥ ৫২
"শয়নে আছিলুঁ ক্ষীরসাগর ভিতরে। নিদ্রাভঙ্গ হৈল মোর নাঢ়ার হুঙ্কারে ॥ ৫৩
অদ্বৈতনিমিত্ত মোর এই অবতার।" এই বাক্য মহাপ্রভু বোলে বারবার ॥ ৫৪
এতেকে ঈশ্বরতুল্য যতেক মহান্ত। অদ্বৈতসিংহেরে ভক্তি করেন একান্ত ॥ ৫৫
"আইলা অদ্বৈত" শুনি' শ্রীবৈকুণ্ঠপতি। আগু বাঢ়িলেন প্রিয়গোষ্ঠীর সংহতি ॥ ৫৬
নিত্যানন্দ গদাধর শ্রীপুরীগোসাঞি। চলিলেন আনন্দে কাহারো বাহ্য নাঞি ॥৫৭
সার্বভৌম জগদানন্দ কাশীমিশ্রবর। শ্রীদামোদরস্বরূপ পণ্ডিত-শঙ্কর ॥ ৫৮
কাশীশ্বরপণ্ডিত আচার্য-ভগবান্। শ্রীপ্রদ্যুম্নমিশ্র—প্রেমভক্তির নিধান ॥ ৫৯
পাত্র-শ্রীপরমানন্দ রায়-রামানন্দ। চৈতন্যের দ্বারপাল—সুকৃতি গোবিন্দ ॥ ৬০
ব্রহ্মানন্দভারতী শ্রীরূপ সনাতন। রঘুনাথ-বৈদ্য শিবানন্দ নারায়ণ ॥ ৬১
অদ্বৈতের জ্যেষ্ঠপুত্র—শ্রীঅচ্যুতানন্দ। বাণীনাথ শিখিমাহাতি-আদি ভক্তবৃন্দ ॥ ৬২
অনন্ত চৈতন্যভৃত্য—কত জানি নাম? কি ছোট কি বড়, সভে করিলা পয়ান ॥ ৬৩
পরানন্দে সভে চলিলেন প্রভু-সঙ্গে। বাহ্যদৃষ্টি বাহ্যজ্ঞান নাহি কা'রো অঙ্গে ॥ ৬৪
শ্রীঅদ্বৈতসিংহো সর্ববৈষ্ণব-সহিতে। মিলিলা প্রভুরে আসি' আঠারনালাতে ॥ ৬৫
প্রভুও আইলা নরেন্দ্রেরে আগুয়ান। দুই গোষ্ঠী দেখাদেখি হৈল বিদ্যমান ॥ ৬৬
দূরে দেখি' দুই গোষ্ঠী অন্যোঽন্যে সব। দণ্ডবত হঞা সব পড়িলা বৈষ্ণব ॥ ৬৭
দূরে অদ্বৈতেরে দেখি শ্রীবৈকুণ্ঠনাথ। অশ্রুমুখে করিতে লাগিলা দণ্ডপাত ॥ ৬৮
শ্রীঅদ্বৈতো দূরে দেখি' নিজ-প্রাণনাথ। পুনঃপুন করিতে লাগিলা দণ্ডপাত ॥ ৬৯
অশ্রু, কম্প, স্বেদ, মূর্ছা, পুলক, হুঙ্কার। দণ্ডবত বিনা কিছু নাহি দেখি আর ॥ ৭০
দুই গোষ্ঠী দণ্ডপাত কেবা কা'রে করে? সভেই চৈতন্যরসে বিহ্বল অন্তরে ॥ ৭১
কিবা ছোট, কিবা বড়, জ্ঞানী বা অজ্ঞানী। দণ্ডবত করি' সভে করে' হরিধ্বনি ॥ ৭২
ঈশ্বরো করেন ভক্তসঙ্গে দণ্ডবত। অদ্বৈতাদি-প্রভুও করেন সেইমত ॥ ৭৩
এইমত দণ্ডবত করিতে করিতে। দুই গোষ্ঠী একত্র মিলিলা ভালমতে ॥ ৭৪
এবে যে এখানে হৈল আনন্দ-দর্শন। উচ্চ হরিধ্বনি, উচ্চ আনন্দ-ক্রন্দন ॥ ৭৫

---

১ (১০ম) তানে [ক, গ], যার [খ, ঘ, ঙ, চ, ছ, জ]; ২ (৭ম) যাঁহার [ঘ, ঙ, ছ, জ]; ৩ (৫ম) এইমত [ক গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ], ৬ (৩য়) মুরারি-গোসাঞি [ক], (৫ম) হরিষে [ঞ]; ৭ (৪র্থ, ৫ম) -পণ্ডিত শ্রীসঙ্কর্ষণ আর [জ]; ৮ (৫ম) নিদান [ছ]; প্রধান [ঝ, ঞ]; ১১ [(৫ম) শিখিমাইতি- [ক], শ্রীশিখিমাহাতি-[চ, ঝ], (৫ম, ৬ষ্ঠ) -আর যত বৃন্দ [ক, গ, জ], -আর ব্রহ্মানন্দ [ঙ]; ১২ (২য়) চৈতন্যভক্ত [খ, ঘ, ঙ], (৪র্থ) সব [ঘ, ঙ]; ১৩ (১ম—৪র্থ) "পরম আনন্দে সভে চলিলেন রঙ্গে ॥" [ছ], (৭ম—৯ম) নাহিক শ্রীঅঙ্গে [ছ]; ১৫ (৭ম—৯ম) একত্র মিলি আনন্দিত মন [চ]; ১৭ (৫ম—৭ম) পুনঃপুন হইতে লাগিলা [খ], ১৮ (৬ষ্ঠ) হইতে [ক, গ, ঙ, ঞ], (৮ম) প্রণিপাত [ঞ]; ১৯ (৩য়) হাস্য [ছ], (৮ম) বহি [ক, গ], বই [খ, চ, ঝ]; ২১ (১১শ) কহে [ক, গ, ঘ]; ২২ (৫ম) প্রভুরে [ঘ], অদ্বৈতাদি সভেই [ছ]; ২৩ (৮ম) হইলা [খ, ঞ]; ২৪ (৮ম) -কীর্তন [ক, ঘ, ছ, জ]।

মনুষ্যে কি পারে' ইহা করিতে বর্ণন? সবে বেদব্যাস আর সহস্রবদন ॥ ৭৬
অদ্বৈতে দেখিয়া প্রভু লৈলা নিজ-কোলে। সিঞ্চিলেন অঙ্গ তান প্রেমানন্দ-জলে ॥ ৭৭
শ্লোক পড়ি' অদ্বৈত করেন নমস্কার। হইলেন শ্রীঅদ্বৈত আনন্দ-অবতার ॥ ৭৮
যত সজ্জ করিছিলা প্রভু পূজিবারে। সব পাসরিলেন—কিছু নাহি স্ফুরে ॥ ৭৯
আনন্দে অদ্বৈতসিংহ করেন হুঙ্কার। "আনিলুঁ আনিলুঁ" বলি' বোলে বারবার ॥ ৮০
হেন সে হইল অতি-উচ্চ-হরিধ্বনি। কোন্ লোক পূর্ণ নহে—হেন নাহি জানি ॥ ৮১
বৈষ্ণবের কি দায়, অজ্ঞান যত জন। তা'রাও বোলয়ে 'হরি', করয়ে ক্রন্দন ॥ ৮২
সর্বভক্তগোষ্ঠী অন্যোঽন্যে গলা ধরি'। আনন্দে ক্রন্দন করে' বলি' 'হরি হরি' ॥ ৮৩
অদ্বৈতেরে সভে করিলেন নমস্কার। যাঁহার নিমিত্ত শ্রীচৈতন্য-অবতার ॥ ৮৪
মহা-উচ্চধ্বনি করি' হরিসংকীর্তন। দুই গোষ্ঠী করিতে লাগিলা ততক্ষণ ॥ ৮৫
কোথা কে বা নাচে কে বা কোন্ দিগে গায়। কে বা কোনদিগে পড়ি' গড়াগড়ি যায় ॥ ৮৬
প্রভু দেখি' সভে হৈলা আনন্দে বিহ্বল। প্রভুও নাচেন মাঝে ভুবন-মঙ্গল ॥ ৮৭
নিত্যানন্দ-অদ্বৈত করিয়া কোলাকুলি। নাচে দুই মত্তসিংহ হঞা কুতুহলী ॥ ৮৮
সর্ব-বৈষ্ণবেরে প্রভু ধরি' জনে-জনে। আলিঙ্গন করেন পরম-প্রীত-মনে ॥ ৮৯
ভক্তনাথ ভক্তবশ ভক্তের জীবন। ভক্তগলা ধরি' প্রভু করেন ক্রন্দন ॥ ৯০
জগন্নাথদেবের আজ্ঞায় সেইক্ষণ। সহস্রসহস্র মালা আইল চন্দন ॥ ৯১
আজ্ঞামালা দেখি' হর্ষে শ্রীগৌরাঙ্গরায়। অগ্রে দিলা শ্রীঅদ্বৈতসিংহের গলায় ॥ ৯২
সর্ব-বৈষ্ণবেরে প্রভু শ্রীহস্তে আপনে। পরিপূর্ণ করিলেন মালায় চন্দনে ॥ ৯৩
দেখিয়া প্রভুর কৃপা সর্বভক্তগণ। বাহু তুলি' উচ্চস্বরে করেন ক্রন্দন ॥ ৯৪
সভেই মাগেন বর শ্রীচরণ ধরি'।—"জন্মে-জন্মে যেন প্রভু তোমা' না পাসরি ॥ ৯৫
কি মনুষ্য পশু-পক্ষি ঘরে জন্মি যথা। তোমার চরণ যেন দেখিয়ে সর্বথা ॥ ৯৬
এই বর দেহ' প্রভু করুণাসাগর।" পাদপদ্ম ধরি' কান্দে সর্ব অনুচর ॥ ৯৭
বৈষ্ণবগৃহিনী যত পতিব্রতাগণ। দূরে থাকি' প্রভু দেখি' করেন ক্রন্দন ॥ ৯৮
তাঁ'সভার প্রেমধারের অন্ত নাহি পাই। সভেই বৈষ্ণবী-শক্তি ভেদ কিছু নাই ॥ ৯৯

---

১ (৭ম) বিনি [ঘ]; ৪ (২য়) সজ্জা [ঝ, ঞ], (৭ম—৯ম) দ্রব্য পাসরিলা কিছুই না [ঞ]; ৫ (৮ম) ডাকে [ক, খ, গ, ঝ, ঞ]; ৬ (৫ম—১১শ) "লোকালোক পূর্ণ হৈল হেন অনুমানি ॥" [খ]; ৭ (৪র্থ) অজ্ঞাত [ক, গ]; ৮ (৭ম) কারি [ঘ, ঙ, চ, জ]; ১০ (২য়) মহা [চ, ছ, জ]; ১১ (৯ম) ধায় [ঘ, জ], (১৪শ) কান্দি গড়ি [ছ]; ১২ (১০ম) সকল [ক, গ, ঘ; ছ, জ, ঝ. ঞ], পরম- [খ, চ]; ১৩ (২য়) হইল [ঘ, ঙ], করিল [ছ, জ]; ১৪ (৭ম) -প্রীতি- [ক, গ, ঘ, জ]. ১৫ (১ম) ভক্তিনাথ [ক্বচিৎ পাঠ], (২য়) ভক্তবর্গ [ঘ, ঙ, ছ, জ]; ১৭ (৩য়) হর্ষ [ক, ঘ, চ, জ, ঝ, ঞ]; ১৮ (৫ম) সভে পূর্ণ [খ]; ১৯ (৯ম) কীর্তন [ছ]; ২০ (২য়) মাগিল [ক]; ২১ (৩য়—৫ম) -পক্ষ জন্মি গিয়া [চ], (৫ম) পাই [ক], যাই [খ, গ, ঘ, জ, ঞ], (৫ম ৬ষ্ঠ) যথা তথা [ঙ]; ২২ (৪র্থ—১০ম) মোরে হইয়া সদয়। তোমার চরণযুগে যেন মন রয় ॥" [ছ]; ২৪ (২য়) প্রেমজলের [গ], (৭ম) -সমা [চ], -ভক্তি [ছ,জ]।

'জ্ঞান ভক্তি-যোগে সভে পতির সমান।' কহিয়া আছেন শ্রীচৈতন্য ভগবান ॥ ১০০
এইমত নৃত্য গীত বাদ্য সংকীর্তনে। আইলেন চলিয়া সভেই প্রভু-সনে ॥ ১০১
হেন সে হৈল বিষ্ণুভক্তির প্রকাশ। হেন নাহি—যা'র দেখি' না হয় উল্লাস ॥ ১০২
আঠারনালায় হৈতে দশদণ্ড হৈলে। মহাপ্রভু আইলেন নরেন্দের কূলে ॥ ১০৩
হেনকালে রাম-কৃষ্ণ শ্রীযাত্রা গোবিন্দ। জলকেলি করিবারে আইলা নরেন্দ্র ॥ ১০৪
হরিধ্বনি নৃত্য গীত মৃদঙ্গ কাহাল। শঙ্খ ভেরী জয়ডাক বাজয়ে বিশাল ॥ ১০৫
সহস্রসহস্র ছত্র পতাকা চামর। চতুর্দিগে শোভা করে পরমসুন্দর ॥ ১০৬
মহা জয়জয়শব্দ মহা হরিধ্বনি। ইহা বিনা আর কোন শব্দ নাহি শুনি ॥ ১০৭
রাম কৃষ্ণ শ্রীগোবিন্দ মহা-কুতূহলে। উত্তরিলা আসি' সভে নরেন্দ্রের জলে ॥ ১০৮
জগন্নাথগোষ্ঠী শ্রীচৈতন্যগোষ্ঠী-সনে। মিশাইলা তাঁ'রাও করিলা সংকীর্তনে ॥ ১০৯
দুই গোষ্ঠী একত্র কী হইল আনন্দ।—কি বৈকুণ্ঠসুখ আসি' হৈল মূর্তিমন্ত ? ১১০
চতুর্দিগে লোকের আনন্দের অন্ত নাঞি। সব করেন করায়েন চৈতন্যগোসাঞি ॥ ১১১
রাম কৃষ্ণ শ্রীগোবিন্দ উঠিলা নৌকায়। চতুর্দিগে ভক্তগণ চামর ঢুলায় ॥ ১১২
রাম-কৃষ্ণ-শ্রীগোবিন্দের নৌকা-বিজয়। দেখিয়া সন্তোষ শ্রীগৌরাঙ্গ-মহাশয় ॥ ১১৩
প্রভুও সকল ভক্ত লঞা কুতূহলে। ঝাঁপ্ দিয়া পড়িলেন নরেন্দ্রের জলে ॥ ১১৪
শুন ভাই! শ্রীকৃষ্ণচৈতন্য-অবতার। যেরূপে নরেন্দ্র-জলে করিলা বিহার ॥ ১১৫
পূর্বে যমুনায় যেন শিশুগণ মিলি'। মণ্ডলী হইয়া করিলেন জলকেলি ॥ ১১৬
সেই রূপে সকল বৈষ্ণবগণ মিলি'। পরস্পরে করে ধরি' হইলা মণ্ডলী ॥ ১১৭
গৌড়দেশে জলকেলি আছে 'কয়া'-নামে। সেই জলক্রীড়া আরম্ভিলেন প্রথমে ॥ ১১৮
'কয়া কয়া' বলি' করতালি দেন জলে। জলে বাদ্য বাজায়েন বৈষ্ণব-মণ্ডলে ॥ ১১৯
গোকুলের শিশুভাব হইল সভার। প্রভুও হইলা গোকুলেন্দ্র-অবতার ॥ ১২০
বাহ্য নাহি কা'রো, সভে আনন্দে বিহ্বল। নির্ভয়ে ঈশ্বর দেহে সভে দেন জল ॥ ১২০
অদ্বৈতে-চৈতন্যে দুঁহে জল ফেলাফেলি। প্রথমে লাগিলা দুঁহে মহাকুতূহলী ॥ ১২২
অদ্বৈত হারেন ক্ষণে, ক্ষণে বা ঈশ্বর। নির্ঘাত নয়নে জল দেন পরস্পর ॥ ১২৩
নিত্যানন্দ গদাধর শ্রীপুরী-গোসাঞি। তিন প্রভুতে জল-যুদ্ধ কা'রো হারি নাঞি ॥ ১২৪

---

১ (৫ম, ৭ম) কহিয়াছেন শ্রীকৃষ্ণচৈতন্য [চ, ছ]; ২ (৬ষ্ঠ) আইসেন [ক, ছ, ঝ]; ৩ (৪র্থ) প্রেমভক্তির [ঙ, ঝ]; ৬ (৭ম) ঘণ্টা [ঘ, জ]; ৯ (৯ম) কূলে [চ, ছ, জ]; ১০ (৫ম) ভুলিলা [গ, চ, ঝ, ঞ]; ১৪ (৫ম, ৬ষ্ঠ) সভেই হইলা শ্রীগৌরাঙ্গরায় [চ], (৬ষ্ঠ) বড় গৌরাঙ্গ [ঘ]; ১১ (৮ম) যেন করে [ক্বচিৎ পাঠ]; ১৮ (৮ম) ধ্বনি [গ], (৯ম) করিলা [ছ, জ]; ১৯ (১ম) পূর্বদেশে [চ]; ২০ (১০ম) -সকলে [ঘ, জ, ঞ]; ২২ (৫ম) হইলা [ক, গ, ঘ, জ, ঞ], (৮ম) অদ্বৈত-গায়ে [জ]; ২৩ (২য়) দুই [ক, খ, গ, ঙ, ছ], (৪র্থ) পেলাপেলি [ক, খ, গ ঘ ঙ, চ, ছ, জ, ঝ, ঞ], (৭ম) দুই [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ]; ২৫ (৩য়) শ্রীপাদ- [ঙ], (৬ষ্ঠ) -কেলি [ঘ, জ]।

দত্তে-গুপ্তে জল-যুদ্ধ লাগে বারবার। পরানন্দে দুই জনে করেন হুঙ্কার ॥ ১২৫
দুই সখা—বিদ্যানিধি স্বরূপদামোদর। হাসিয়া আনন্দে জল দেন পরস্পর ॥ ১২৬
শ্রীবাস শ্রীরাম হরিদাস, বক্রেশ্বর। গঙ্গাদাস গোপীনাথ শ্রীচন্দ্রশেখর ॥ ১২৭
এইমত অন্যোহন্যে সভে দেন জল। চৈতন্য-আনন্দে সভে হইলা বিহ্বল ॥ ১২৮
শ্রীগোবিন্দ-রাম-কৃষ্ণ-বিজয় নৌকায়। লক্ষলক্ষ লোক জলে আনন্দে বেড়ায় ॥ ১২৯
সেই জলে বিষয়ী সন্ন্যাসী ব্রহ্মচারী। সভেই আনন্দে ভাসে জলক্রীড়া করি' ॥ ১৩০
হেন সে চৈতন্য-মায়া,—সে-স্থানে আসিতে। কা'রো শক্তি নাহি,—কেহো না পায় দেখিতে
অল্পভাগ্যে শ্রীচৈতন্যগোষ্ঠী নাহি পাই। কেবল ভক্তির বশ চৈতন্যগোসাঞি ॥ ১৩২
ভক্তি বিনা কেবল বিদ্যায়-তপস্যায়। কিছু নাহি হয়—সবে দুঃখমাত্র পায় ॥ ১৩৩
সাক্ষাতে দেখহ,—এই সেই নীলাচলে। এতেক চৈতন্য-সংকীর্তন কুতুহলে ॥ ১৩৪
যত মহা-মহা-নাম সন্ন্যাসিসকল। দেখিতেও ভাগ্য কা'রো নহিল কেবল ॥ ১৩৫
আরো বোলে, "চৈতন্য বেদান্তপাঠ ছাড়ি'। কি কার্যে বা করেন কীর্তন-হুড়াহুড়ি ? ১৩৬
সর্বদাই প্রাণায়াম—এই সে যতিধর্ম। নাচিমু কাদিমু এ কি সন্ন্যাসীর কর্ম ?" ১৩৭
তঁহি মধ্যে যে-সব উত্তম ন্যাসিগণ। তা'রা বোলে, "শ্রীকৃষ্ণচৈতন্য মহাজন ॥" ১৩৮
কেহো বোলে,"জ্ঞানী",কেহো বোলে,"বড় ভক্ত"। প্রশংসেন সভে—কেহো না জানেন তত্ত্ব
হেনমতে জলক্রীড়ারঙ্গ কুতুহলে। করেন ঈশ্বরসঙ্গে বৈষ্ণবসকলে ॥ ১৪০
পূর্বে যেন জল-কেলি কৈলা যমুনায়। এই সব ভক্তে লঞা এই চৈতন্যরায় ॥ ১৪১
যে-প্রসাদ পাইলেন জাহ্নবী যমুনা। নরেন্দ্রজলেরো হৈল সেই ভাগ্যসীমা ॥ ১৪২
এ-সব লীলার কভু নাহি পরিচ্ছেদ। 'আবির্ভাব' 'তিরোভাব' মাত্র কহে বেদ ॥ ১৪৩
এ-সকল লীলা জীব-উদ্ধার-কারণে।—কর্মবন্ধ ছিণ্ডে' যা'র শ্রবণে পঠনে ॥ ১৪৪
তবে প্রভু জলক্রীড়া সম্পূর্ণ করিয়া। জগন্নাথে দেখিতে চলিলা সভা' লঞা ॥ ১৪৫
জগন্নাথে দেখি' প্রভু সর্বভক্তগণ। লাগিলা করিতে সভে আনন্দ-ক্রন্দন ॥ ১৪৬
জগন্নাথে দেখি' প্রভু হয়েন বিহ্বল। আনন্দধারায় অঙ্গ তিতিল সকল ॥ ১৪৭

---

১ (২য়) ক্রীড়া [ক, খ, গ; ঘ, ঙ, ঞ], -কেলি [চ], (৫ম—৭ম) পরম আনন্দে দুঁহে [ঝ]; ৪ (৬ষ্ঠ) -উল্লাসে [ঞ]; ৫ (৭ম) হরিষে [ঞ]; ৬ (৩য়) বিলসই [খ]; ৭ (৩য়) -লীলা [খ]; ৯ (৭ম) পায় [গ]; ১০ (৭ম) -বিলাস [ক]; ১১ (২য়) যত মহা-নাম [ঘ, জ]; ১২ (১ম) মূঢ় [গ]; ১৪ (১ম) তার মধ্যে [ক্বচিৎ পাঠ], তাহাতেই [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ]; ১৫ (৬ষ্ঠ) মহা [ঘ, ঙ, ছ, জ], (১২শ) জানয়ে [ক], এই পংক্তির পর ঞ-মুদ্রিত গ্রন্থে অধিক পাঠ—"শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দচান্দ……পদযুগে গান ॥"; ১৭ (৩য়) ক্রীড়া [খ, ঞ], (৪র্থ) হৈল [খ, গ, ঘ, ঙ, ছ, জ, ঝ, ঞ], (৫ম) দ্বারকায় [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ], (১০ম) সেই [ঙ, ছ]; ১৯ (২য়) ক্রীড়ার [ক, খ, গ, ঙ, চ, ছ, জ, ঞ], (৮ম) এই [ঘ, চ, ছ, জ]; ২০ (৬ষ্ঠ) তার [ঘ, চ, জ], ইহা [ঞ], (৭ম) স্মরণে [খ, ঝ]; ২২ (৬ষ্ঠ) হরিষে [ঞ], (৭ম) প্রেমে [চ]; (৮ম) করিতে রোদন [ঞ]. -কীর্তন [জ]॥

অদ্বৈতাদি-ভক্তগোষ্ঠী দেখেন সন্তোষে। কেবল আনন্দসিন্ধুমধ্যে সভে ভাসে ॥ ১৪৮
দুইদিগে সচল নিশ্চল জগন্নাথ। দেখি' দেখি' ভক্তগোষ্ঠী হয় দণ্ডপাত ॥ ১৪৯
কাশীমিশ্র আসি' জগন্নাথের গলার। মালা আনি অঙ্গভূষা কৈলা সে সভার ॥ ১৫০
মালা লয় মহাপ্রভু ভয় ভক্তি করি'। শিক্ষাগুরু নারায়ণ ন্যাসিবেশধারী ॥ ১৫১
বৈষ্ণব তুলসী গঙ্গা প্রসাদে সে ভক্তি। তিঁহো ত জানেন,—অন্যে না ধরে' সে-শক্তি ॥ ১৫২
বৈষ্ণবের ভক্তি এই দেখিলা সাক্ষাত?—গৃহাশ্রমিও বৈষ্ণবে করে' দণ্ডপাত ॥ ১৫৩
সন্ন্যাসগ্রহণ কৈলে, হেন ধর্ম তা'র। পিতা আসি পুত্রেরে করেন নমস্কার ॥ ১৫৪
অতএব সন্ন্যাসাশ্রম সভার বন্দিত। সন্ন্যাসী সন্ন্যাসীরে নমস্করে'—সে বিহিত ॥ ১৫৫
তথাপি আশ্রমধর্ম ছাড়ি' বৈষ্ণবেরে। শিক্ষাগুরু চৈতন্য আপনে নমস্করে' ॥ ১৫৬
তুলসীর ভক্তি এবে শুন মন দিয়া। যেরূপে কৈলেন লীলা তুলসীরে লঞা ॥ ১৫৭
এক ক্ষুদ্র-ভাণ্ডে দিব্য মৃত্তিকা পূরিয়া। তুলসী দেখেন সেই ঘটে আরোপিয়া ॥ ১৫৮
প্রভু বোলে, "মুঞি তুলসীরে না দেখিলে। ভাল নাহি বাসোঁ যেন মৎস্য বিনা জলে ॥"
যবে চলে সংখ্যা-নাম করিতে গ্রহণ। তুলসীরে লঞা অগ্রে চলে একজন ॥ ১৬০
পথেও চলেন প্রভু তুলসী দেখিয়া। পড়য়ে আনন্দধারা শ্রীঅঙ্গ বহিয়া ॥ ১৬১
সংখ্যানাম লইতে যেস্থানে প্রভু বৈসে। তথায় রাখেন তুলসীরে নিজ পাশে ॥ ১৬২
তুলসীরে দেখেন, লয়েন সখ্যা-নাম। এ-ভক্তিযোগের তত্ত্ব কে বুঝিবে আন? ১৬৩
পুন শেষ সখ্যা-নাম সম্পূর্ণ করিয়া। চলেন ঈশ্বর অগ্রে তুলসী দেখিয়া ॥ ১৬৪
শিক্ষাগুরু নারায়ণ যে করায়েন শিক্ষা। ইহা যে মানয়ে সেই জন পায় রক্ষা ॥ ১৬৫
জগন্নাথে দেখি' জগন্নাথ নমস্করি'। বাসায় চলিলা গোষ্ঠীসঙ্গে গৌরহরি ॥ ১৬৬
যে-ভক্তের যেন-রূপ চিত্তের বাসনা। সেইরূপ সিদ্ধ করে' সভার কামনা ॥ ১৬৭
পুত্রপ্রায় করি' সভা' রাখিলেন কাছে। নিরবধি ভক্তসব থাকে প্রভু-পাশে ॥ ১৬৮
যতেক বৈষ্ণব—গৌড়দেশে নীলাচলে। একত্রে থাকেন সভে কৃষ্ণ-কুতূহলে ॥ ১৬৯
শ্বেতদ্বীপনিবাসীও যতেক বৈষ্ণব। চৈতন্যপ্রসাদে দেখিলেক লোক সব ॥ ১৭০
শ্রীমুখে অদ্বৈতচন্দ্র বারবার কহে।—"এ সব বৈষ্ণব—দেবতারো দৃশ্য নহে ॥" ১৭১

---

১ (২য়) দেখিলা [ঘ, ছ, জ, ঞ], (৩য়) হরিষে [ঘ], সরসে [ঙ]; ৩ (২য়) আনি [খ, গ, ঘ, ঙ, ঝ, ঞ], (৬ষ্ঠ) দিয়া [ঞ]; ৪ (৩য়) প্রভু মহা [খ, গ, ঙ, ঝ]; প্রভু বড় [ঘ, জ]; ৬ (৪র্থ) দেখ না [ঘ], দেখায়ে [ঞ]; ৭ (৪র্থ) শক্তি [খ], কর্ম [গ, ঝ]; ৮ (৫ম, ৬ষ্ঠ) সন্ন্যাসীর প্রতি [ক্বচিৎ পাঠ]; ৯ (৬ষ্ঠ) শ্রীকৃষ্ণ [ক, খ, গ, ঘ, চ, ছ, ঝ, ঞ], (৭ম) সভারে [ছ, জ]; ১০ (৮ম) করেন [ঘ, চ, জ]; ১১ (৫ম) ভরিয়া [গ]; ১৪ (৬ষ্ঠ) বহয়ে [ঝ], (৮ম) শ্রীঅঙ্গ [ক, গ, ঞ]; ১৫ (৭ম—৯ম) থোয়েন প্রভু তুলসীরে পাশে [খ, গ, ঙ, ছ, জ, ঝ]; ১৬ (৮ম) জানয়ে [ঙ], (৯ম) তাঁর [ঘ], তান [ঙ, ছ, জ, ঞ]; ১৭ (২য়) সেই [ক, ঝ], (৮ম) সঙ্গে [গ, ঘ, ঙ, চ, ঝ, ঞ]; সুখে [ছ]; ১৯ (২য়, ৩য়) জগন্নাথ বলি [ক], ২১ (৯ম) -পাছে [ঙ, জ, ঝ]; ২২ (৭ম, ৮ম) কৃষ্ণকথা- [ক্বচিৎ পাঠ]; ২৩ (২য়) এ সব [ক, খ, গ, চ]; ২৪ (২য়) চৈতন্যচন্দ্র [জ]।

ক্রন্দন করিয়া কহে চৈতন্য-চরণে। "বৈষ্ণবে দেখিলুঁ প্রভু! তোমার কারণে ॥" ১৭২
এ-সব বৈষ্ণব-অবতারে অবতারী। প্রভু অবতরেন ইঁহা-সভা' অগ্রে করি' ॥ ১৭৩
যেরূপ প্রদ্যুম্ন অনিরুদ্ধ সঙ্কর্ষণ। যেরূপ শ্রীলক্ষ্মণ ভরত শত্রুঘন ॥ ১৭৪
তাঁহারা যে-মতে প্রভুসঙ্গে অবতরে'। বৈষ্ণবেরে সেইরূপ আজ্ঞা প্রভু করে' ॥ ১৭৫
অতএব বৈষ্ণবের জন্ম-মৃত্যু নাই। সঙ্গে আইসেন, সঙ্গে যায়েন তথাই ॥ ১৭৬
কর্মবন্ধ-জন্ম বৈষ্ণবের কভু নহে। পদ্মপুরণেতে ইহা ব্যক্ত করি' কহে ॥ ১৭৭

তথা হি (পাদ্মোত্তরখণ্ডে ২৫৬।৫৭,৫৮)—

"যথা সৌমিত্রি-ভরতৌ যথা সঙ্কর্ষণাদয়ঃ। তথা তেনৈব জায়ন্তে মর্ত্যলোকং যদৃচ্ছয়া ॥ ১৭৮
পুনস্তেনৈব যাস্যন্তি তদ্বিষ্ণোঃ শাশ্বতং পদম্। ন কর্মবন্ধনং জন্ম বৈষ্ণবানাঞ্চ বিদ্যতে ॥" ১৭৯

হেনমতে ঈশ্বরের সঙ্গে ভক্তগণ। প্রেমপূর্ণ হইয়া থাকেন সর্বক্ষণ ॥ ১৮০
ভক্তি করি' যে শুনয়ে এ-সব আখ্যান। ভক্তসঙ্গে তা'রে মিলে কৃষ্ণ ভগবান্ ॥ ১৮১
শ্রী(কৃষ্ণ)চৈতন্য-নিত্যানন্দচান্দ পঁহু জান। বৃন্দাবনদাস তছু পদযুগে গান ॥ ১৮২

ইতি শ্রীচৈতন্যভাগবতে অন্ত্যখণ্ডে ভক্তগণ সম্মেলনং তথা
শ্রীনরেন্দ্র-সরোবরে জলক্রীড়াদি-বর্ণনং
নাম নবমোঽধ্যায়ঃ ॥ ৯

---

২ (৪র্থ) অবতরি [ক, ঘ, ঙ, ঞ]; ৩ (৫ম, ৬ষ্ঠ) যেরূপে শ্রীলক্ষ্মণ [ক], যেনমতে লক্ষ্মণ [খ]; ৫ (৩য়) -কর্ম [ঘ, চ, জ]; ১০ (২য়) চৈতন্যের [ক], প্রভুর [খ], বৈষ্ণবের [গ]; ১১ (১০ম) প্রভু [ঘ, ঙ, জ], গৌর [ছ, ঞ]
১২ (১ম) শ্রীকৃষ্ণচৈতন্য...... চন্দ্র, (২য়, ৩য়) জান [ক, খ, ঘ, ঙ, চ জ, ঝ, ঞ] ।

দশম অধ্যায়

জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য রমাকান্ত। জয় সর্ব-বৈষ্ণবের বল্লভ একান্ত ॥ ১
জয় জয় কৃপাময় শ্রীবৈকুণ্ঠনাথ। জীব প্রতি কর' প্রভু! শুভ-দৃষ্টিপাত ॥ ২
হেনমতে ভক্তগোষ্ঠী ঈশ্বরের সঙ্গে। থাকিলা পরমানন্দ-সংকীর্তনরঙ্গে ॥ ৩
যে-দ্রব্যে প্রভুর প্রীতি পূর্বে শিশুকালে। সকল জানেন তাহা বৈষ্ণব-মণ্ডলে ॥ ৪
সেই সব দ্রব্য সভে প্রেমযুক্ত হঞা। আনিঞা আছেন প্রভুর ভিক্ষার লাগিয়া ॥ ৫
সেই সব দ্রব্য প্রীতে করিয়া রন্ধন। তবে ঈশ্বরেরে আসি' করে' নিমন্ত্রণ ॥ ৬
যে-দিনে যে-ভক্তগৃহে হয় নিমন্ত্রণ। তথা প্রভু পরমপ্রীতে করে' ভোজন ॥ ৭
শ্রীলক্ষ্মীর অংশ—যত বৈষ্ণবগৃহিণী। কী বিচিত্র রন্ধন করেন—নাহি জানি! ৮
নিরবধি সভার নয়নে প্রেমধার। কৃষ্ণনামে পরিপূর্ণ শ্রীমুখ সভার ॥ ৯
পূর্বে ঈশ্বরের প্রীতি যে-সব ব্যঞ্জনে। নবদ্বীপে শ্রীবৈষ্ণবী সব তাহা জানে' ॥ ১০
প্রেমযোগে সেইমত করেন রন্ধন। প্রভুও পরম-প্রীতে করেন ভোজন ॥ ১১
একদিন শ্রীঅদ্বৈতসিংহ মহামতি। প্রভুরে বলিলা, "আজি ভিক্ষা মোর ইথি ॥ ১২
মুষ্ট্যেক তণ্ডুল, প্রভু! রান্ধিমু আপনে। হস্ত মোর সত্য হউ তোমার ভোজনে ॥" ১৩
প্রভু বোলে, "যে-জন তোমার অন্ন খায়। কৃষ্ণভক্তি কৃষ্ণ সেই পায় সর্বথায় ॥ ১৪
আচার্য! তোমার অন্ন আমার জীবন। তুমি খাওয়াইলে হয় কৃষ্ণের ভোজন ॥ ১৫
তুমি যে-নৈবেদ্য কর' করিয়া রন্ধন। মাগিঞাও খাইতে আমার লয় মন ॥" ১৬
শুনিঞা প্রভুর ভক্তবৎসলতা-বাণী। কী আনন্দে অদ্বৈত ভাসেন—নাহি জানি ॥ ১৭
পরমসন্তোষে প্রভু বাসায় আইলা। প্রভুর ভিক্ষার সজ্জ করিতে লাগিলা ॥ ১৮
লক্ষ্মী-অংশে জন্ম—অদ্বৈতের পতিব্রতা। লাগিলা করিতে কার্য হঞা হরষিতা ॥ ১৯
প্রভুর প্রীতির দ্রব্য গৌরদেশ হৈতে। যত আনিয়াছেন, সব লাগিলেন দিতে ॥ ২০
রন্ধনে বসিলা শ্রীঅদ্বৈত মহাশয়। চৈতন্যচন্দ্রেরে করি' হৃদয়ে বিজয় ॥ ২১
পতিব্রতা ব্যঞ্জনের পরিপাটি করে'। কতেক প্রকার করে'—যত চিত্তে স্ফুরে ॥ ২২
'শাকে ঈশ্বরের বড় প্রীতি'—ইহা জানি'। নানা শাক দিলেন—প্রকার দশ আনি' ॥ ২৩

---

১ (২য়) জয় শ্রীচৈতন্য [ঘ]; ২ (৩য়) কৃপাসিন্ধু [ঘ, চ], (৯ম) কৃপা- [খ], ৪ (৩য়) প্রীত [খ, ঙ, চ, ছ, ঝ], (৭ম) আনেন [চ], (৯ম) সকলে [ক, গ, ঙ]; ৬ (৪র্থ) সুখে [ঞ]; ৭ (৫ম) তাহাই [ক্বচিৎ পাঠ], ১০ (১ম) পূর্ব [ঝ], (৮ম) সভে [ঝ, ঞ]; ১১ (৭ম) সুখে [ঞ]; ১৩ (৮ম) ধন্য [ক্বচিৎ পাঠ], (১১শ) রন্ধনে [খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঞ], ভক্ষণে [ঝ]; ১৫ (৬ষ্ঠ, ৭ম) তুমিহ খাইলে [ছ]; ১৬ (৯ম) ইথি [ক], তথি [গ, ঘ, চ, ঝ]; ১৮ (২য়) তবে [ঝ, ঞ]; ২০ (৬ষ্ঠ, ৭ম) আনিয়াছিলেম [ঙ, ছ], (৭ম) নিয়াছেন [ক]; ২১ (৫ম) চৈতন্য-চরণ [ক্বচিৎ পাঠ]; ২২ (২য়) রন্ধনের [চ], (৫ম) যতেক [ক, খ, গ, ছ, ঝ], (৮ম) যেন [ক, গ, চ, জ, ঝ], যেবা [খ]; ২৩ (৭ম—১১শ) প্রকারে দিলেন অনেক শাক [ঘ]।

আচার্য রান্ধেন, পতিব্রতা কর্ম করে'। দুইজন ভাসে যেন আনন্দসাগরে ॥ ২৪
অদ্বৈত বোলেন, "শুন কৃষ্ণদাস-মাতা! তোমারে কহিয়ে আমি এক মনঃকথা ॥ ২৫
যত কিছু করিয়াছি এ-সব সম্ভার। কোন্ রূপে ইহা প্রভু করেন স্বীকার? ২৬
যদি আসিবেন সন্ন্যাসীর গোষ্ঠী লঞা। কিছু না খাইব তবে—জানি আমি ইহা ॥ ২৭
অপেক্ষিত যত-যত মহান্ত সন্ন্যাসী। সভেই প্রভুর সঙ্গে ভিক্ষা করে' আসি' ॥ ২৮
সভেই প্রভুরে করেন পরম অপেক্ষা। প্রভুসঙ্গে সভে আসি' প্রীতে করে' ভিক্ষা ॥"২৯
অদ্বৈত চিন্তেন মনে, "হেন পাক হয়।—একেশ্বর প্রভু আসি' করেন বিজয়! ৩০
তবে মুঞি এই সব পারি খাওয়াইতে। এ-কামনা মোর সিদ্ধ হয় কোন্ মতে ॥" ৩১
এইমত মনে চিন্তে' অদ্বৈত আচার্য। রন্ধন করেন মনে ভাবি' সেই কার্য ॥ ৩২
ঈশ্বরো করিয়া সংখ্যা-নামের গ্রহণ। মধ্যাহ্নাদি-ক্রীড়া করিবারে হৈল মন ॥ ৩৩
যে-সব সন্ন্যাসী প্রভুসঙ্গে ভিক্ষা করে'। তাঁ'রা সভেহ চলিলা মধ্যাহ্ন করিবারে ॥ ৩৪
হেন-কালে মহা ঝড়-বৃষ্টি আচম্বিতে। আরম্ভিলা দেবরাজ অদ্বৈতের হিতে ॥ ৩৫
শিলাবৃষ্টি চতুর্দিগে পড়ে ঝন্ঝনা। অসম্ভব বাতাস, বৃষ্টির নাহি সীমা ॥ ৩৬
সর্বদিগ অন্ধকার হৈল ধূলাময়। বাসায় যাইতে কেহো পথ নাহি পায় ॥ ৩৭
হেন ঝড় বহে, কেহো স্থির হৈতে নারে'। কেহো নাহি জানে'—কোথা লঞা যায় কা'রে
সভে যথা শ্রীঅদ্বৈত করেন রন্ধন। তথা মাত্র হয় অল্প ঝড় বরিষণ ॥ ৩৯
যত ন্যাসী ভিক্ষা করে' প্রভুর সংহতি। উদ্দেশো নাহিক কা'রো কেবা গেলা কতি ॥ ৪০
এথা শ্রীঅদ্বৈতসিংহ করিয়া রন্ধন। উপস্করি' থুইলেন শ্রীঅন্ন-ব্যঞ্জন ॥ ৪১
ঘৃত, দধি, দুগ্ধ, সর, নবনী, পিষ্টক। নানামত শর্করা, সন্দেশ, কদলক ॥ ৪২
সভার উপরে দিয়া তুলসীমঞ্জরী। ধ্যানে বসিলেন আনিবারে গৌরহরি ॥ ৪৩
একেশ্বর প্রভু আইসেন যেন-মতে। এইমত মনে ধ্যান করেন অদ্বৈতে ॥ ৪৪
সত্য গৌরচন্দ্র অদ্বৈতের ইচ্ছাময়। একেশ্বর মহাপ্রভু হইলা বিজয় ॥ ৪৫
"হরে কৃষ্ণ হরে কৃষ্ণ" বলি' প্রেমসুখে। প্রত্যক্ষ হইলা আসি' অদ্বৈত-সম্মুখে ॥ ৪৬
সম্ভ্রমে অদ্বৈত পাদপদ্মে নমস্করি'। আসন দিলেন, বসিলেন গৌরহরি ॥ ৪৭

---

১ (৮ম) মহা [কচিৎ পাঠ]; ৩ (৩য়, ৪র্থ) এই করি আছি এ [ক, খ, গ, ঘ], (৯ম) সব [ক, গ, ঘ, ঙ]; ৫ (৫ম) সভে [খ], (৯ম) করিবেন [খ], করেন [গ]; ৬ (৩য়) করে [ক, ঘ, চ, ঞ]; ৭ (৯ম) আজি [ঞ], (১০ম, ১১শ) করে শ্রীবিজয় [ঘ, ঞ]; ৮ (১০ম) হব [ঙ], (১১শ; ১২শ) কেন মতে [ছ], কেমনেতে [ঞ]; ৯ (৪র্থ) গোসাঞি [ক, খ, গ, ঘ, ঙ, চ, ঞ], আচার্যগোসাঞি [ছ], (৮ম) ভাবে [ক, খ, গ, ঘ], (৯ম) এই [ঘ]; ১২ (১ম) -বেলে [ক, ঙ]; -বেলায় [ঘ]: ১৩ (৩য়) বাজে [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ, ঝ, ঞ], (৫ম) অসম্ভাব্য [ক, ঘ]; ১৪ (৪র্থ) ধূলায় [ক, গ, ঝ, ঞ], (৫ম) বাসাতে [খ, ঙ, ঝ], (৯ম, ১০ম) না দেখয় [ছ]; ১৫ (১৪শ) ঝড়ে [কচিৎ পাঠ]; ১৭ (৭ম) উদ্দেশ্যো [ক, গ], উদ্দিশ [ছ],(৮ম) না জানে [ঙ]; ২১ (৫ম) এইরূপে [খ, গ, ঞ], (৮ম, ৯ম) লাগিলা করিতে [খ, ঞ]; ২২ (৪র্থ) কৃপাময় [ছ]. ২৩ (৯ম) প্রভু [ছ]।

ভিন্ন সঙ্গী কেহো নাহি—ঈশ্বর কেবল। দেখিয়া অদ্বৈত হৈলা আনন্দে বিহ্বল ॥ ৪৮
হরিষে করেন পত্নিসহিতে সেবন। পাদ প্রক্ষালি' শ্রীঅঙ্গে চন্দন ব্যজন ॥ ৪৯
বসিলেন মহাপ্রভু আনন্দে ভোজনে। অদ্বৈত করেন পরিবেশন আপনে ॥ ৫০
যতেক ব্যঞ্জন দেন অদ্বৈত সন্তোষে। প্রভুও করেন পরিগ্রহ প্রেমরসে ॥ ৫১
যতেক ব্যঞ্জন প্রভু ভোজন করেন। সভাকার কিছু কিছু অবশ্য এড়েন ॥ ৫২
অদ্বৈতের প্রতি প্রভু বোলেন হাসিয়া। "কেনে এড়ি ব্যঞ্জন,—জান কি তুমি ইহা ?৫৩
কতেক ব্যঞ্জন খাই চাহি জানিবারে। অতএব কিছু কিছু এড়িয়ে সভারে ॥" ৫৪
হাসিয়া বোলেন প্রভু, "শুনহ আচার্য! কোথায় শিখিলা তুমি এ রন্ধন-কার্য ? ৫৫
আমি ত এমত কভু নাহি খাই শাক। সকলি বিচিত্র—যত করিয়াছ পাক ॥" ৫৬
যত দেন শ্রীঅদ্বৈত, সব প্রভু খায়। ভক্তবাঞ্ছাকল্পতরু শ্রীগৌরাঙ্গরায় ॥ ৫৭
দধি, দুগ্ধ, ঘৃত, সর, সন্দেশ অপার। যত দেন, সব প্রভু করেন স্বীকার ॥ ৫৮
ভোজন করেন শ্রীচৈতন্য ভগবান্। অদ্বৈতসিংহের করি' পূর্ণ মনস্কাম ॥ ৫৯
পরিপূর্ণ হৈল যদি প্রভুর ভোজন। তখনে অদ্বৈত করে' ইন্দ্রের স্তবন ॥ ৬০
"আজি ইন্দ্র! জানিলুঁ তোমার অনুভব। আজি জানিলাঙ তুমি নিশ্চয় 'বৈষ্ণব' ॥ ৬১
আজি হৈতে তোমারে দিবাঙ পুষ্প জল। আজি ইন্দ্র! তুমি মোরে কিনিলা কেবল ॥"৬২
প্রভু বোলে, "আজি ত ইন্দ্রের বড় স্তুতি ? কী হেতু ইহার ?—কহ দেখি মোর প্রতি ॥"৬৩
অদ্বৈত বোলেন, "তুমি কর' ত ভোজন। কি কার্য তোমার ইহা করিয়া শ্রবণ ?"৬৪
প্রভু বোলে, "আর কেনে লুকাও আচার্য! যত ঝড় বৃষ্টি—সব তোমার সে কার্য ॥ ৬৫
ঝড়ের সময় নহে, কেনে অকস্মাৎ। মহাঝড় মহাবৃষ্টি মহাশিলাপাত ? ৬৬
তুমিই সে ইচ্ছা করি' এ-সব উৎপাত। করাঞাছ তাহা ত বুঝিলুঁ সাক্ষাত ॥ ৬৭
যে লাগি' ইন্দ্রের দ্বারা করাইলা ইহা। তাহো কহি' এই আমি বিদিত করিয়া ॥ ৬৮
সন্ন্যাসীর সঙ্গে আমি করিলে ভোজন। কিছু না খাইমু আমি—এ তোমার মন ॥ ৬৯
একেশ্বর আইলে সে আমারে সকল। খাওয়াইয়া নিজ ইচ্ছা করিবা সফল ॥ ৭০
অতএব এ-সকল উৎপাত সৃজিয়া। নিষেধিলা ন্যাসিগণে মনে আজ্ঞা দিয়া ॥ ৭১
ইন্দ্র আজ্ঞাকারী—এ তোমার কোন্ শক্তি ? ভাগ্য সে ইন্দ্রের—তোমারে যে করে' ভক্তি

---

২ (৫ম, ৬ষ্ঠ) পাদ প্রক্ষালিয়া দিলা [ঘ, ঙ, ছ, ঞ], (৫ম—৮ম) "পাদপদ্ম প্রক্ষালন কৈলা দুইজন ॥" [চ]; ৪ (৫ম) হরিষে [চ, ঞ]; ৫ (৬ষ্ঠ) স্বভাবেই [ক, গ, ঘ], সকলের [ঞ], (৯ম) অবশিষ্ট [গ], (১০ম) রাখেন [ঞ]; ৬ (৯ম, ১০ম) না জানহ [ছ, ঞ], না জান [ঘ]; ৭ (১ম) যতেক [ছ, ঝ]; ৮ (৯ম, ১০ম) রন্ধনের কার্য [খ, চ, ছ, ঞ]; ১০ (৭ম) ভক্ত-আর্তি বাঢ়ায়েন [ঘ, ঙ, ছ], (৮ম) শ্রীবৈকুণ্ঠরায় [ঙ]; ১১ (৯ম) তত [ঘ]; ১৫ (১০ম) আমা [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ, ঞ], ১৬ (৪র্থ) যে [ছ, ঞ]; ১৯ (৪র্থ) তবে [ক, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ]; ২০ (১০ম) দেখিল [ঘ], জানিলু [ঞ]; ২৩ (৮ম) ইষ্ট [খ], বাঞ্ছা [জ]; ২৪ (৭ম) ইন্দ্রে [চ]।

কৃষ্ণ না করেন যাঁ'র সঙ্কল্প অন্যথা। যে করিতে পারে' কৃষ্ণ-সাক্ষাত সর্বথা ॥ ৭৩
কৃষ্ণচন্দ্র যাঁ'র বাক্য করেন পালন। কি অদ্ভুত—তাঁ'র এই ঝড়-বরিষণ ? ৭৪
কাল মৃত্যু যম যাঁ'র আজ্ঞা শিরে ধরে'। যাঁ'র পদ বাঞ্ছে' যোগেশ্বর-মুনীশ্বরে ॥ ৭৫
যে তোমা'-স্মরণে সর্ববন্ধবিমোচন। কি বিচিত্র—তাঁর এ বা ঝড়-বরিষণ ? ৭৬
তোমা' জানে' হেন জন কে আছে সংসারে ? তুমি কৃপা করিলে সে ভক্তিফল ধরে' ॥"৭৭
অদ্বৈত বোলেন, "তুমি সেবকবৎসল। কায়মনোবাক্যে আমি ধরি এই বল ॥ ৭৮
সর্বকাল সিংহ আমি তোর ভক্তিবলে। এই বর 'মোরে না ছাড়িবা কোনো কালে' ॥"৭৯
এইমত দুই প্রভু বাকোবাক্য-রসে। ভোজন সম্পূর্ণ কৈল আনন্দবিশেষে ॥ ৮০
অদ্বৈতের শ্রীমুখের এ-সকল কথা। সত্য সত্য সত্য—ইথে নাহিক অন্যথা ॥ ৮১
শুনিতে এ-সব কথা যা'র প্রীতি নয়। সে অধম অদ্বৈতের অদৃশ্য নিশ্চয় ॥ ৮২
হরি-শঙ্করের যেন প্রীতি—সত্যকথা। অবুধ প্রাকৃতগণে না বুঝে' সর্বথা ॥ ৮৩
একের অপ্রীতে হয় দোঁহার অপ্রীত। হরি-হরে যেন—তেন চৈতন্য-অদ্বৈত ॥ ৮৪
নিরবধি অদ্বৈত এ-সব কথা কয়। জগতের ত্রাণ লাগি' কৃপালু-হৃদয় ॥ ৮৫
অদ্বৈতের বাক্য বুঝিবার শক্তি যাঁ'র। জানিহ ঈশ্বরসঙ্গে ভেদ নাহি তাঁ'র ॥ ৮৬
ভক্তি করি' যে শুনয়ে এ-সব আখ্যান। কৃষ্ণভক্তি হয় তা'র সর্বত্র কল্যাণ ॥ ৮৭
অদ্বৈতসিংহের করি' পূর্ণ মনস্কাম। বাসায় চলিলা শ্রীচৈতন্য ভগবান্ ॥ ৮৮
এইমত শ্রীবাসাদি-ভক্তগণ-ঘরে। ভিক্ষা করি' সভারেই পূর্ণকাম করে' ॥ ৮৯
সর্বগোষ্ঠী লঞা নিরবধি সংকীর্তন। নাচায়েন নাচেন আপনে অনুক্ষণ ॥ ৯০
দামোদরপণ্ডিত আইরে দেখিবারে। গিয়াছিলা, আই দেখি' আইলা সত্বরে ॥ ৯১
দামোদরে দেখি' প্রভু আনিঞা নিভৃতে। আইর বৃত্তান্ত লাগিলেন জিজ্ঞাসিতে ॥ ৯২
প্রভু বোলে, "তুমি যে আছিলা তান কাছে। সত্য কহ, আইর কি বিষ্ণুভক্তি আছে ?"৯৩
পরম তপস্বী নিরপেক্ষ দামোদর। শুনি' ক্রোধে লাগিলেন করিতে উত্তর ॥ ৯৪
"কি বলিলা গোসাঞি !—আইর ভক্তি আছে ? ইহাও জিজ্ঞাস' প্রভু ! তুমি কোন্ কাজে

---

১ (৪র্থ) তোমার [ঘ, ছ, জ], ২ (৩য়) আজ্ঞা [ঘ, ঙ, জ], (৮ম) তারে [ক, ঘ, চ, জ, ঝ]; ৩ (৮ম, ৯ম) যম দেবো [ক], আর দেব [গ], নারদাদি [ঝ], (৯ম) দেখা [ঘ, ঙ, চ, জ], (৯ম, ১০ম) বাঞ্ছা ইচ্ছে [ছ]. (১১শ) -মুনীবরে [খ, ঙ, ছ, জ, ঞ], ৪ (১ম, ২য়) তোমার স্মরণে [ছ], (৩য়) -তাপবিমোচন [ঘ]; (৬ষ্ঠ—৮ম) তারে এই [ক, খ চ, ছ, ঝ, ঞ]; ৫ (২য়—৬ষ্ঠ) জানিবারে হেন নাহিক [খ], (৫ম, ৬ষ্ঠ) আছে কি [চ]; ৭ (৪র্থ) তোমার কি [ক,গ,চ,ছ], (৭ম) কৃপা [ঙ], বল [চ]; ৮ (৪র্থ) হাস্যবাক্য- [ছ], (৭ম) হৈল [ক, খ, গ, ঘ, চ,জ, ঝ, ঞ], ৯ (৮ম) এই [ঙ]; ১০ (২য়—৫ম) এ-সকল প্রতীতি যার [গ]; ১১ (৩য়) প্রীতি [ক, গ, ঘ], (৭ম) প্রকৃতিগণে [কচিৎ পাঠ], (১০ম) অন্যথা [ক, গ]; ১৩ (৫ম) কহে [ক, গ, ঙ, চ, জ, ঞ],(৯ম) -হৃদয়ে [ক, গ, ঘ, ঙ, চ, জ, ঞ]; ১৪ (৫ম) কার [খ, ঙ, চ, ছ ঞ], (১০ম) যাঁর [খ, ঙ, চ, ঞ]; ১৭ (২য়) -সবভক্ত- [ঙ, ছ, ঞ); ১৯ (২য়) শ্রীআই [ঘ, ঙ, জ,]; ২১ (১০ম—১২শ) তাঁর কি কৃষ্ণেতে ভক্তি [ছ]।

আইর প্রসাদে সে তোমার কৃষ্ণভক্তি। যত কিছু তোমার—সকল তান শক্তি ॥ ৯৬
যতেক তোমার বিষ্ণুভক্তির উদয়। আইর প্রসাদে সব—জানিহ নিশ্চয় ॥ ৯৭
অশ্রু, কম্প, স্বেদ, মূর্ছা, পুলক, হুঙ্কার। যতেক আছয়ে কৃষ্ণভক্তির বিকার ॥ ৯৮
ক্ষণেকো আইর দেহে নাহিক বিরাম। নিরবধি শ্রীবদনে সবে কৃষ্ণনাম ॥ ৯৯
আইর ভক্তির কথা জিজ্ঞাস' গোসাঞি ? 'বিষ্ণুভক্তি' যা'রে বোল—দেখ সেই আই ॥ ১০০
মূর্তিমতী ভক্তি আই—কহিলুঁ তোমারে। জানিঞাও মায়া করি' জিজ্ঞাস আমারে ॥১০১
প্রাকৃত-শব্দেও যে বা বলিবেক 'আই'। 'আই'-শব্দ-প্রভাবে তা'র কোন দুঃখ নাই ॥"
দামোদরমুখে শুনি' আইর মহিমা। গৌরচন্দ্রপ্রভুর আনন্দের নাহি সীমা ॥ ১০৩
দামোদরপণ্ডিতেরে ধরি' প্রেমরসে। পুনঃপুন আলিঙ্গন করেন সন্তোষে ॥ ১০৪
"আজি দামোদর ! তুমি আমারে কিনিলা। মনের বৃত্তান্ত সব আমারে কহিলা ॥ ১০৫
যত কিছু বিষ্ণুভক্তিসম্পত্তি আমার। আইর প্রসাদে সব—দ্বিধা নাহি আর ॥ ১০৬
তাহান ইচ্ছায় আমি আছি পৃথিবীতে। তান ঋণ আমি কভু না পারি শোধিতে ॥ ১০৭
আই-স্থানে বদ্ধ আমি, শুন দামোদর ! আইরে দেখিতে আমি আছি নিরন্তর ॥" ১০৮
দামোদরপণ্ডিতেরে প্রভু কৃপা করি'। ভক্তগোষ্ঠীসঙ্গে বসিলেন গৌরহরি ॥ ১০৯
আইর যে ভক্তি আছে—জিজ্ঞাসে' ঈশ্বরে। সে কেবল শিক্ষা করায়েন জগতেরে ॥ ১১০
বান্ধবের বার্তা যেন জিজ্ঞাসে' বান্ধবে। 'কহ বন্ধু ! কি কুশলে আছে বন্ধু সভে ?' ১১১
'কুশল'-শব্দের অর্থ ব্যক্ত করিবারে। 'ভক্তি আছে ?' বলি' বার্তা লয়েন সভারে ॥ ১১২
ভক্তিযোগ থাকে তবে সকল কুশল। ভক্তি বিনা রাজা হইলেও অমঙ্গল ॥ ১১৩
ধন জন ভোগ যা'র আছয়ে সকল। ভক্তি যদি নাহি, তা'র সব—অমঙ্গল ॥ ১১৪
অন্ন খাদ্য নাহি যা'র—দরিদ্রের অন্ত। কৃষ্ণভক্তি থাকিলে, সেই সে ধনবন্ত ॥ ১১৫
ভিক্ষা-নিমন্ত্রণ-ছলে প্রভু সভা'স্থানে। ব্যক্ত করি' ইহা কহিয়াছেন আপনে ॥ ১১৬
ভিক্ষা-নিমন্ত্রণে প্রভু বোলেন হাসিয়া। "চল, আগে তুমি লক্ষেশ্বর হও গিয়া ॥ ১১৭
তথা ভিক্ষা আমার, যে হয় লক্ষেশ্বর।" শুনিঞা ব্রাহ্মণ-সব চিন্তিত-অন্তর ॥ ১১৮

---

১ (৫ম) হয় ভক্তি [খ], বিষ্ণুভক্তি [ক, খ, গ, ঘ, চ, ছ, জ, ঝ], ২ (৪র্থ) বিকার [চ], (৬ষ্ঠ—৯ম) ভক্তির পাকে সকল তোমার [চ]; ৪ (৮ম) স্মরে [ঘ, জ], হরে [চ], স্ফুরে [ঞ], বলে [ঘ, ছ, জ, ঝ, ঞ]; ৮ (৬ষ্ঠ) আনন্দে [ক, ঘ, চ, ছ, জ, ঝ, ঞ], ৯ (১ম) গৌরচন্দ্র পণ্ডিতেরে [ক], (২য়, ৩য়) প্রভু রসবশে [ঘ], প্রভুও পরশে [জ], (৪র্থ) ধনঘন [খ, ঙ, জ]; ১১ (৩য়) বিষ্ণুভক্তি দেখহ [ছ]; ১২ (৩য়, ৪র্থ) মুক্তি আছোঁ [ঝ], (১০ম, ১১শ) নারিল [ঘ,], নারিব [ছ, জ, ঞ]; ১৩ (৬ষ্ঠ) মায়েরে [ছ], (৯ম) আসি [ঞ]; ১৫ (১ম) আইরো [ক, ঝ], শচীর [ঙ, ঞ]; ১৬ (১ম—৩য়) বান্ধবেরে দেখি বার্তা [কচিৎ পাঠ [, ১৭ (৭ম) করি [ক, খ, গ, ঙ, চ, ছ, ঝ, ঞ], (৯ম) পুছেন [খ], জিজ্ঞাসে [ঘ]. ১৮ (৩য়) যদি [ঘ, চ, ছ, জ], (৮ম) ভাল [কচিৎ পাঠ]; ১৯ (২য়, ৩য়) যশ আউ [ছ], (৮ম) যার [গ, ঘ, চ, ছ, জ, ঝ, ঞ]; ২০ (২য়) ভক্ষ্য [ঙ, ছ], (৫ম, ৬ষ্ঠ) দরিদ্র অত্যন্ত [চ]; ২২ (১ম) ভিক্ষা নিমন্ত্রিলে [ঞ]; ২৩ (৭ম, ৮ম) শুনি সুব্রাহ্মণ- [ঙ, চ]।

বিপ্রগণ স্তুতি করি' বোলেন, "গোসাঞি ! লক্ষেশ্বর কি দায়, সহস্রেকো কা'রো নাঞি ॥
তুমি ভিক্ষা না করিলে গার্হস্থ্য আমার। তখনেই পুড়িয়া হউক ছাড়খার ॥" ১২০
প্রভু বোলে, "জান'—লক্ষেশ্বর বলি কা'রে ? প্রতিদিন লক্ষ-নাম যে গ্রহণ করে' ॥ ১২১
সে-জনের নাম আমি বলি 'লক্ষেশ্বর'। তথা ভিক্ষা আমার, না যাই অন্য ঘর ॥" ১২২
শুনিঞা প্রভুর কৃপা-বাক্য বিপ্রগণে। চিন্তা ছাড়ি' সভে হৈলা মহানন্দ মনে ॥ ১২৩
"লক্ষ নাম লৈমু প্রভু ! তুমি কর' ভিক্ষা। মহাভাগ্য—এমত করাও তুমি শিক্ষা ॥"১২৪
প্রতিদিন লক্ষ-নাম সর্ববিপ্রগণে। লয় চৈতন্যচন্দ্রেরে ভিক্ষার কারণে ॥ ১২৫
হেনমতে ভক্তিযোগ লওয়ায় ঈশ্বরে। বৈকুণ্ঠনায়ক ভক্তিসাগরে বিহরে' ॥ ১২৬
ভক্তি লওয়াইতে শ্রীচৈতন্য-অবতার। ভক্তি বিনা জিজ্ঞাসা না করে' প্রভু আর ॥ ১২৭
প্রভু বোলে, "যে-জনের কৃষ্ণভক্তি আছে। কুশল মঙ্গল তা'র নিত্য থাকে পাছে ॥"১২৮
যা'র মুখে ভক্তির মহিমা নাহি কথা। তা'র মুখ গৌরচন্দ্র না দেখে সর্বথা ॥ ১২৯
নিজ-গুরু শ্রীকেশবভারতীর স্থানে। 'ভক্তি জ্ঞান' দুই জিজ্ঞাসিলা একদিনে ॥ ১৩০
প্রভু বোলে, "জ্ঞান ভক্তি—দুইতে কে বড় ? বিচারিয়া, গোসাঞি ! কহ ত করি' দঢ় ॥"
কথোক্ষণে ভারতী বিচার করি' মনে। কহিতে লাগিলা গৌরসুন্দরের স্থানে ॥ ১৩২
ভারতী বোলে, "মনে বিচারিলুঁ তত্ত্ব। সভা' হৈতে বড় দেখি ভক্তির মহত্ত্ব ॥"১৩৩
প্রভু বোলে, "জ্ঞান হৈতে ভক্তি বড় কেনে ? 'জ্ঞান বড়' বলিয়া বোলয়ে ন্যাসিগণে ?"১৩৪
ভারতী বোলে, "তাঁ'রা না বুঝে বিচার। মহাজনপথে সে গমন সভাকার ॥ ১৩৫
বেদে শাস্ত্রে মহাজনপথ সে লওয়ায়। তাহা ছাড়ি অবুধ সে অন্য পথে যায় ॥ ১৩৬
ব্রহ্মা শিব নারদ প্রহ্লাদ ব্যাস শুক। সনকাদি নন্দ যুধিষ্ঠির পঞ্চরূপ ॥ ১৩৭
প্রিয়ব্রত পৃথু ধ্রুব অক্রূর উদ্ধব। 'মহাজন'-হেন নাম যত আছে সব ॥ ১৩৮
ভক্তি সে মাগেন সভে ঈশ্বরচরণে। জ্ঞান বড় হইলে, ভক্তি মাগে' কি-কারণে ? ১৩৯
বিনা বিচারিঞা কি সে সব মহাজন। মুক্তি ছাড়ি' ভক্তি কেনে মাগে' অনুক্ষণ ? ১৪০
সভার বচন এই পুরাণে প্রমাণ। কী বর মাগিলা ব্রহ্মা ঈশ্বরের স্থান ? ১৪১

---

১ (৬ষ্ঠ—১১শ) "লক্ষেশ্বর সে যাউক; সহস্রেক নাই ॥" [ঙ], (৭ম, ৮ম) সে থাকুক [ঙ]; ২ (৭ম)সেইখানে [ক], এথনেই [গ, ঘ, জ], অগ্নিতে [চ]; ৫ (৪র্থ) বিপ্রগণ [ঘ, ঙ, চ, ছ, জ, ঝ], (৭ম—১০ম) মহানন্দ হৈলা মনে মনে [ঝ], (৯ম) পরানন্দ [ঘ, ঙ], মহালভ্য [চ]; ৮ (৩য়) লওয়ান [ক, চ]; ১০ (৭ম) সকল [খ], (১১শ) আছে [চ], কাছে [ছ]; ১১ (৪র্থ) মহত্ত্ব [ক, খ, গ, ঘ, চ, ছ, ঞ]; ১৩ (১৩শ) দৃঢ় [ক, জ]; ১৫ (৪র্থ) বিচারিয়া [ঘ, ঙ, জ], (৬ষ্ঠ) জ্ঞান [চ]; ১৬ (১০ম, ১১শ) করি সে কহিল [ক, গ], করি সে কহেন [ঘ, জ], করিয়া সে কহে [ঝ, ঞ]; ১৭ (৫ম) বুঝি [ক, ঙ, জ, ঞ]; ১৮ (৮ম) অবোধ [চ, ছ, ঞ], (৯ম) যে [ঘ, চ, ছ] ১৯ (৭ম) শৌনকাদি [ক, গ, জ], (৭ম, ৮ম) সনক সনন্দ [ঘ, চ], (১০ম) পঞ্চমুখ [ঙ]; ২২ (৬ষ্ঠ) মহাজনে [চ], (১২শ) সর্বক্ষণে [চ]; ২৩ (৬ষ্ঠ—৮ম) কিবা মাগিলেন [কচিৎ পাঠ]।

তথা হি ব্রহ্মবাক্যম্ (শ্রীভা° ১০।১৪।৩০)—

"তদস্তু মে নাথ! স ভূরিভাগো, ভবেঽত্র বান্যত্র তু বা তিরশ্চাম্।
যেনাহমেকোঽপি ভবজ্জনানাং, ভূত্বা নিষেবে তব পাদপল্লবম্॥" ১৪২

"কিবা ব্রহ্মজন্ম, কিবা হউ যথা তথা। দাস হঞা যেন তোমা' সেবিয়ে সর্বথা॥" ১৪৩

এইমত যত মহাজন সম্প্রদায়। সভেই সকল ছাড়ি' ভক্তি মাত্র চায়॥ ১৪৪

তথা হি (শ্রীবিষ্ণুপুরাণে ১।২০।১৮), অন্যত্র চ—

"নাথ! যোনিসহস্রেষু যেষু যেষু ব্রজাম্যহম্। তেষু তেষ্বচ্যুতা ভক্তিরচ্যুতাস্তু সদা ত্বয়ি॥ ১৪৫

স্বকর্মফলনির্দ্দিষ্টাং যাং যাং যোনিং ব্রজাম্যহম্। তস্যাং তস্যাং হৃষীকেশ! ত্বয়ি ভক্তির্দৃঢ়াস্তু মে॥ ১৪৬

তথা চ (শ্রীভা° ১০।৪৭।৬৭)—

"কর্মভির্ভ্রাম্যমাণানাং যত্র ক্বাপীশ্বরেচ্ছয়া। মঙ্গলাচরিতৈর্দানৈ রতির্নঃ কৃষ্ণ ঈশ্বরে॥" ১৪৭

"অতএব সর্বমতে ভক্তি সে প্রধান। মহাজনপথ সর্বশাস্ত্রের প্রমাণ॥" ১৪৮

তথা হি শ্রীমহাভারতে বনপর্বণি (৩১।৩। ১১৭)—

"তর্কোঽপ্রতিষ্ঠঃ শ্রুতয়ো বিভিন্না, নাসাবৃষির্যস্য মতং ন ভিন্নম্।
ধর্মস্য তত্ত্বং নিহিতং গুহায়াং, মহাজনো যেন গতঃ স পন্থাঃ॥" ১৪৯

'ভক্তি বড়' শুনি' প্রভু ভারতীর মুখে। 'হরি' বলি' গর্জিতে লাগিলা প্রেম-সুখে॥ ১৫০

প্রভু বোলে, "আমি কথোদিন পৃথিবীতে। থাকিবাঙ, সত্য এই কহিলুঁ তোমাতে॥ ১৫১

যদি তুমি 'জ্ঞান বড়' বলিতা আমারে। প্রবেশিতাঙ আজি তবে সমুদ্রভিতরে॥ ১৫২

সন্তোষে ধরেন প্রভু গুরুর চরণে। গুরুও প্রভুরে নমস্করে' প্রীতমনে॥ ১৫৩

প্রভু বোলে, "যা'র মুখে নাহি ভক্তিকথা। তপ শিখা-সূত্র-ত্যাগ তা'র সব বৃথা॥" ১৫৪

ভক্তি বিনা প্রভুর জিজ্ঞাসা নাহি আর। ভক্তিরসময় শ্রীচৈতন্য-অবতার॥ ১৫৫

রাত্রিদিন একো না জানেন ভক্তগণ। সর্বদা করেন নৃত্য কীর্তন গর্জন॥ ১৫৬

একদিন অদ্বৈত সকল ভক্ত-প্রতি। বলিলেন পরানন্দে মত্ত হঞা অতি॥ ১৫৭

"শুন ভাই সব! এক কর' সমবায়। মুখ ভরি' গাই আজ শ্রীচৈতন্যরায়॥ ১৫৮

আজি আর কোন অবতার গাওয়া নাঞি। সর্ব অবতারময়—চৈতন্যগোসাঞি॥ ১৫৯

যে-প্রভু করিলা সর্বজগত-উদ্ধার। আমা'সভা' লাগি' যে-প্রভুর অবতার॥ ১৬০

সর্বত্র আমরা যাঁর প্রসাদে পূজিত। সংকীর্তন—হেন ধন যে কৈলা বিদিত॥ ১৬১

নাচি আমি, তোমরা চৈতন্য-যশ গাও। সিংহ হঞা বোল,—পাছে মনে ভয় পাও?" ১৬২

---

১১ (৫ম) প্রমাণ [চ], (৮ম) প্রধান [ক, চ]; ১৫ (১১শ) মহা- [ক, চ], নিজ- [খ], পূর্ণ- [ঘ, ছ, জ]; ১৭ (৫ম) বলিতে [ঙ, ঝ], (৭ম) প্রবেশিতো [খ, গ, ঝ, ঞ], (৯ম) আমি [ছ]; ২০ (৪র্থ) জিহ্বায় [ঘ, ঙ, চ, ছ, জ], ২১ (২য়) কেহ [ঞ]; ২৩ (৯ম) গাইব [খ, ঙ, ঞ]; ২৫ (৪র্থ—৭ম) "করুণাসমুদ্র যাহা বই নাহি আর॥ [ছ]; ২৬ (৭ম—১০ম) ধর্ম করিলা [খ, জ], ২৭ (৪র্থ) তাঁহার যশ [ঞ]।

প্রভু সে আপনা' লুকায়েন নিরন্তর। 'ক্রুদ্ধ পাছে হয়েন'—সভার এই ডর ॥ ১৬৩
তথাপি অদ্বৈতবাক্য অলঙ্ঘ্য সভার। গাইতে লাগিলা শ্রীচৈতন্য-অবতার ॥ ১৬৪
নাচেন অদ্বৈতসিংহ আনন্দে বিহ্বল। চতুর্দিগে গায় সভে চৈতন্যমঙ্গল ॥ ১৬৫
নব-অবতারের শুনি' সে নাম-যশ। সকল বৈষ্ণব হৈল আনন্দে বিবশ ॥ ১৬৬
আপনে অদ্বৈত চৈতন্যের গীত করি'। বোলাইঞা নাচে প্রভু জগত নিস্তারি' ॥ ১৬৭
"শ্রীচৈতন্য নারায়ণ করুণা-সাগর। দীন-দুঃখিতের বন্ধু! মোরে দয়া কর' ॥" ১৬৮
অদ্বৈতসিংহের শ্রীমুখের এই পদ। ইহার কীর্তনে বাঢ়ে সকল সম্পদ ॥ ১৬৯
কেহো বোলে, "জয় জয় শ্রীশচীনন্দন।" কেহো বোলে, "জয় গৌরচন্দ্র নারায়ণ ॥ ১৭০
জয় সংকীর্তনপ্রিয় শ্রীগৌরগোপাল। জয় ভক্তজনপ্রিয় পাষণ্ডীর কাল ॥" ১৭১
নাচেন অদ্বৈতসিংহ—পরম-উদ্দাম। সবে এক চৈতন্যের গুণ-কর্ম-নাম ॥ ১৭২

শ্রীরাগ

"পুলকে পূরিত গায়, সুখে গড়াগড়ি যায়, দেখ চৈতন্য অবতার রে।
বৈকুণ্ঠনায়ক হরি, দ্বিজরূপে অবতরি, সংকীর্তনে করেন বিহার রে ॥ ১৭৩
কনক জিনিয়া কান্তি, শ্রীবিগ্রহ শোভে অতি, আজানুলম্বিত মালা সাজে রে।
ন্যাসিবর রূপে পঁহু, আপন-রসে বিহ্বল, না জানি—কেমন সুখে নাচে রে ॥ ১৭৪
জয় জয় গৌর ইন্দু, সুন্দর করুণাসিন্ধু, জয় জয় বৃন্দাবনরায়া রে।
জয় জয় সম্প্রতিক, নবদ্বীপ-পুরন্দর, চরণকমলে দেহ' ছায়া রে ॥" ১৭৫
"হেন গৌর-সংকীর্তন, করেন যে ভক্তগণ, নাচেন অদ্বৈত মহাশয়।
নররূপ অবতারে, নৃত্য-যশ বিহরে', বৃন্দাবনদাস ইহা কয় ॥ ১৭৬
এইসব কীর্তন করেন ভক্তগণ। নাচেন অদ্বৈত ভাবি' চৈতন্য-চরণ ॥ ১৭৭
নব-অবতারের নূতন যশ শুনি'। উল্লাসে বৈষ্ণব সব করে' জয়ধ্বনি ॥ ১৭৮

---

৩ (৩য়) পরম [ক্বচিৎ পাঠ]; ৫ (৬ষ্ঠ) বিলাইয়া [চ]; ৬ (২য়) নিত্যানন্দ [চ]; ৭ (৬ষ্ঠ) শ্রবণে [জ]; ৮ (৯ম, ১০ম) জয় গৌর নারায়ণ [গ, ঙ, ছ], ১০ (৫ম) গায় [ছ], (৬ষ্ঠ) গোরাঙ্গের [খ, ঙ], শ্রীচৈতন্য [ঝ]; ১২ (২য়) রচিত [ক, ছ, জ, ঝ], (৪র্থ) সভে [ছ], (৭ম) দেখয়ে [ঞ]. ১৩ (৫ম—৭ম) "কীর্তন করেন হরে হরে রে ॥" [ক], (৬ষ্ঠ, ৭ম) করিল বিহারা [ঘ, জ]; ১৪ (৫ম, ৬ষ্ঠ) শোভে রে [ক, ঙ, ঝ], শোভে ভাঁতি [খ, জ]; মূর্তি শান্তি [ছ], শোভা ভ্রান্তি [ঞ], (৭ম—১০ম) প্রেমরসে আপনা না জানে [ছ], (৮ম) ভুজ- [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঞ]; ১৫ (১ম) রূপধর [ঞ], (১ম, ২য়) ন্যাসিরূপে আপনি, [জ], (৩য়) আপন যশে [ক], (৩য়, ৪র্থ) বিভোল আপন যশে [চ], (৫ম—১০ম) আলিঙ্গন করে দীনজনে [ছ]; ১৬ (২য়, ৩য়) গৌরসুন্দর [চ], শ্রীগৌরাঙ্গ বন্ধু] ছ], শ্রীগৌরসুন্দর [ঞ], (৩য়) শ্রীগৌরসুন্দর [ক, খ, গ], গৌরচন্দ্র সুন্দর [ঘ], গৌরচন্দ্র সুন্দরবর [জ], (৪র্থ, ৫ম) করুণাসিন্ধু জয় [ক], করুণা সিন্ধু [খ, গ, ঘ, জ], করুণার সিন্ধুময় [ঞ], (৮ম) বৃন্দাবনরায় [ক, গ, ছ, ঞ]; ১৭ (২য়, ৩য়) সুধাকর জয় [চ], (৩য়) সম্প্রতি জয় [খ], বিশ্বম্ভর [ছ], (৫ম—৮ম) প্রভু মোরে দেহ পদছায়া [ছ], (৭ম, ৮ম) বাস [ঘ], দাস [জ]. ১৯শ পংক্তির পর অধিক পাঠ—ইতি শ্রীচৈতন্যভাগবতে তৃতীয় খণ্ডে অদ্বৈতগৃহে ভিক্ষাষ্টমোঽধ্যায়ঃ। [ছ]; ২১ (৯ম) হরিধ্বনি [ক, খ, গ, চ, ঞ]।

কী অদ্ভুত হইল সে কীর্তন-আনন্দ !—সবে তাহা বর্ণিতে পারেন নিত্যানন্দ ॥ ১৭৯
পরম-উদ্দাম শুনি' কীর্তনের ধ্বনি। শ্রীবিজয় আসি' হৈলা গৌর ন্যাসিমণি ॥ ১৮০
প্রভুরে দেখি' ভক্ত সব অধিক হরিষে। গায়েন, অদ্বৈত নৃত্য করেন উল্লাসে ॥ ১৮১
আনন্দে প্রভুরে কেহো নাহি করে' ভয়। সাক্ষাতে গায়েন সভে চৈতন্য-বিজয় ॥ ১৮২
নিরবধি দাস্যভাবে প্রভুর বিহার। 'মুঞি কৃষ্ণদাস'—বিনা না বোলেন আর ॥ ১৮৩
হেন কা'রো শক্তি নাহি সম্মুখে তাহানে। 'ঈশ্বর' করিয়া বলিবেক 'দাস'-বিনে ॥ ১৮৪
তথাপিহ সভে অদ্বৈতের বল ধরি'। গায়েন নির্ভয় হঞা—'চৈতন্যশ্রীহরি' ॥ ১৮৫
ক্ষণেক থাকিয়া প্রভু আত্মস্তুতি শুনি'। লজ্জা যেন পাইতে লাগিলা ন্যাসিমণি ॥ ১৮৬
সভা' শিখাইতে শিক্ষাগুরু নারায়ণ। বাসায় চলিলা শুনি' আপন—কীর্তন ॥ ১৮৭
তথাপি কাহারো চিত্তে না জন্মিল ভয়। বিশেষে গায়েন আরো চৈতন্যবিজয় ॥ ১৮৮
আনন্দে কাহারো বাহ্য নাহিক শরীরে। সভে দেখে,—প্রভু আছে কীর্তনভিতরে ॥ ১৮৯
মত্তপ্রায় সভে চৈতন্যের যশ গায়। সুখে শুনে সুকৃতি, দুষ্কৃতি দুঃখ পায় ॥ ১৯০
শ্রীচৈতন্য-যশে প্রীতি না হয় যাহার। ব্রহ্মচর্য সন্ন্যাসে বা কি কার্য তাহার ? ১৯১
এইমত পরানন্দসুখে ভক্তগণ। সর্বকাল করেন শ্রীহরিসংকীর্তন ॥ ১৯২
এ-সব আনন্দক্রীড়া পঢ়িলে শুনিলে। এ-সব গোষ্ঠীতে আসিয়াও সেহো মিলে ॥ ১৯৩
নৃত্য গীত করি' সব মহাভক্তগণ। আইলেন প্রভুরে করিতে দরশন ॥ ১৯৪
শ্রীচৈতন্যপ্রভু নিজ—কীর্তন শুনিয়া। সভারে দেখাইয়া ভয় আছেন শুইয়া ॥ ১৯৫
সুকৃতি গোবিন্দ জানাইলেন প্রভুরে। "বৈষ্ণব সকল আসিয়াছেন দুয়ারে ॥" ১৯৬
গোবিন্দেরে আজ্ঞা হৈল সভারে আনিতে। শয়নে আছেন না চাহেন কা'রো ভিতে ॥ ১৯৭
ভয়যুক্ত হইয়া সকল ভক্তগণ। চিন্তিতে লাগিলা গৌরচন্দ্রের চরণ ॥ ১৯৮
ক্ষণেকে উঠিলা প্রভু শ্রীভক্তবৎসল। বলিতে লাগিলা, "অয়ে বৈষ্ণব-সকল ! ১৯৯
অয়ে অয়ে শ্রীনিবাসপণ্ডিত উদার ! আজি তুমিসব কি করিলা অবতার ? ২০০
ছাড়িয়া কৃষ্ণের নাম কৃষ্ণের কীর্তন। কী গাইলা আমারে ত বুঝাহ এখন ॥" ২০১
মহাবক্তা শ্রীনিবাস বোলেন, "গোসাঞি ! জীবের ত স্বতন্ত্রতা-শক্তি কিছু নাঞি ॥ ২০২
যেবা করায়েন, যেবা বোলায়েন ঈশ্বরে। সেই আজি বলিলাঙ, কহিলুঁ তোমারে ॥"২০৩
প্রভু বোলে, "তুমিসব হইয়া পণ্ডিত। লুকায় যে, তা'রে কেনে করহ বিদিত ॥" ২০৪

---

১ (৯ম) জানেন [ঘ, ঙ, জ, ঝ]; ৩ (৬ষ্ঠ) হরিষে (ঝ, ঞ]; ৫ (৭ম) বই [ক, ঝ, ঞ]; ৯ (৪র্থ) ভগবান্ [ঝ, ঞ]; ১২ (১ম, ২য়) আত্মপ্রীতে সভেই [ছ], (৯ম) অধম [ঞ], ১৩ (২য়) প্রীত [থ, ঝ, ঞ], ১৫ এই পংক্তির পর ঞ- মুদ্রিত গ্রন্থে অধিক পাঠ—"শ্রীকৃষ্ণচৈতন্য......তছু পদযুগে গান ॥"; ১৭ (৫ম—৮ম)বাসায় কপাট দিয়া রহিলা [থ, ঙ]. (৯ম) শুতিয়া [গ, ঘ, ছ], লুকাইয়া [ঙ]; ১৯ (৩য়) দিলা [ঘ], ২০ (৮ম) বদন [খ]; ২৪ (৫ম—৭ম) জীবের স্বতন্ত্রশক্তি মূলে [ঝ]; ২৫ (৩য়) যেন [ক, গ, ঘ, চ, জ. ঝ], যেই [ঞ]; ২৬ (৪র্থ) পরম [ঘ]।

শুনিঞা প্রভুর বাক্য পণ্ডিত-শ্রীবাসে। হস্তে সূর্য আচ্ছাদিয়া মনে মনে হাসে ॥ ২০৫
প্রভু বোলে, "কী সঙ্কেত কৈলা হস্ত দিয়া। তোমার সঙ্কেত তুমি কহত ভাঙ্গিয়া ?" ২০৬
শ্রীবাস বোলেন, "হস্তে সূর্য ঢাকিলাঙ। তোমারে বিদিত করি—এই কহিলাঙ ॥ ২০৭
হস্তে কি কখনো পারি' সূর্য আচ্ছাদিতে ? সেইমত অসম্ভব তোমা' লুকাইতে ॥ ২০৮
সূর্য যদি হস্তে বা হয়েন আচ্ছাদিত। তভু তুমি লুকাইতে নার' কদাচিত ॥ ২০৯
তুমিও কি লুকাইবা পৃথিবী ভিতরে।—যে নারিল লুকাইতে ক্ষীরোদ-সাগরে ? ২১০
হেম-গিরি সেতুবন্ধ পৃথিবী পর্যন্ত। তোমার নির্মল যশে পূরিল দিগন্ত ॥ ২১১
আব্রহ্মাণ্ড পূর্ণ হৈল তোমার কীর্তনে। কত জনে দণ্ড তুমি করিবা কেমনে ?" ২১২
সর্বকাল ভক্ত-জয় বাঢ়ায় ঈশ্বরে। হেন কালে অদ্ভুত হইল আসি' দ্বারে ॥ ২১৩
সহস্রসহস্র লোক—না জানি কোথার। জগন্নাথ দেখি' আইল প্রভু দেখিবার ॥ ২১৪
কেহো ত্রিপুরার, কেহো চাটীগ্রামবাসী। শ্রীহট্টিয়া লোক কেহো, কেহো বঙ্গদেশী ॥২১৫
সহস্রসহস্র লোক করেন কীর্তন। শ্রীচৈতন্য-অবতার করিয়া বর্ণন ॥ ২১৬
"জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য বনমালী। জয় জয় নিজভক্তিরস-কুতুহলী ॥ ২১৭
জয় জয় পরম সন্ন্যাসিরূপধারী। জয় জয় সংকীর্তন-রসিক মুরারি ॥ ২১৮
জয় জয় দ্বিজরাজ বৈকুণ্ঠবিহারী। জয় জয় সর্ব-জগতের উপকারী ॥ ২১৯
জয় জয় শ্রীচৈতন্য শ্রীশচীনন্দন।" এইমত গায় নাচে শতসঙ্খ্য জন ॥ ২২০
শ্রীবাস বোলেন, "প্রভু ! এবে কি করিবা ? সকল সংসার গায়, কোথা লুকাইবা ? ২২১
মুঞি কি শিখাঞাছি এইসব লোকেরে ?—এইমত গায় প্রভু ! সকল সংসারে ॥ ২২২
অদৃশ্য অব্যক্ত তুমি হইয়াও নাথ ! করুণায় হঞাছ সে জীবের সাক্ষাত ॥ ২২৩
লুকাও আপনে তুমি, প্রকাশ' আপনে। যা'রে অনুগ্রহ কর', জানে' সেই জনে ॥" ২২৪
প্রভু বোলে, "তুমি নিজশক্তি প্রকাশিঞা। বোলাহ লোকের মুখে—জানিলাঙ ইহা ॥২২৫
তোমারে হারিলুঁ আমি শুনহ পণ্ডিত ! জানিলাঙ—তুমি সর্বশক্তিসমন্বিত ॥"২২৬
সর্বকাল প্রভু বাঢ়ারেন ভক্তজয়। এ তান স্বভাব—বেদে ভাগবতে কয়' ॥ ২২৭
হাস্য-মুখে সর্ব বৈষ্ণবেরে গৌররায়। বিদায় দিলেন, সভে চলিলা বাসায় ॥ ২২৮
হেন সে চৈতন্যদেব শ্রীভক্তবৎসল। ইহানে সে কৃষ্ণ বলি গায়েন সকল ॥ ২২৯

---

২ (১০ম) ইহা [ঙ]; ৫ (৫ম) রহেন [ছ]; ৬ (৮ন) -সায়রে [ঙ]; ৭ (১ম) হিম- [ক্বচিৎ পাঠ], (৭ম) রসে [ঙ], (৯ম) অনন্ত [ঘ, জ]; ৮ (১ম) আব্রহ্মাদি [খ, গ, ঘ, ছ, জ, ঞ], শ্রীব্রহ্মাণ্ড [ঘ, জ], (২য়) পূর্ণিত [ঙ], (৬ষ্ঠ—৯ম) যত জন গায় দণ্ড [ঘ, জ]; ৯ (২য়) -যশ [খ]; ১০ (২য়) জন [ক, ঝ, ঞ]; ১১ (২য়) বা রায়পুরী [ক], বা ত্রিপুরী [খ, গ, ঘ, ছ, জ]; ১৩ (৭ম) নিজভক্তবৎসল- [চ]; ১৪ (৭ম) -লম্পট [ঞ]; ১৫ (৭ম) জয় জগতের [ঘ, ঙ; জ, ঝ]; ১৬ (২য়—৪র্থ) কৃষ্ণচৈতন্য শচীর নন্দন [খ, গ, ঝ], (৬ষ্ঠ) গাই [ক], বলি [চ]; ১৮ (২য়) নি [গ, ঝ]; ১৯ (৩য়, ৪র্থ) প্রভু তুমি সর্ব [চ], (৬ষ্ঠ) করুণায়ে [ক, ঘ চ, ঝ], করুণাময় [ছ]; ২২ (৩য়) মুঞি [ঝ]; ২৩ "তোমরা করিলে ব্যক্ত আছিনু গুপ্তেতে। আচার্য আনিল মোরে ক্ষীরোদধি হৈতে ॥" [ছ]; ২৪ (১ম) -রসে [খ], (৫ম) করিলা [ঘ, জ]।

নিত্যানন্দ-অদ্বৈতাদি যতেক প্রধান। সভে বোলে, "শ্রীকৃষ্ণচৈতন্য ভগবান্ ॥" ২৩০
এ-সকল ঈশ্বরের বচন লঙ্ঘিয়া। অন্যেরে যে বোলে 'কৃষ্ণ' সেই অভাগিয়া ॥ ২৩১
শেষশায়ী লক্ষ্মীকান্ত শ্রীবৎসলাঞ্ছন। কৌস্তুভভূষণ আর গরুড়-বাহন ॥ ২৩২
এ সব কৃষ্ণের চিহ্ন—জানিহ নিশ্চয়। গঙ্গা আর কা'রো পাদপদ্মে না জন্ময় ॥ ২৩৩
শ্রীচৈতন্য বিনা ইহা অন্যে না সম্ভবে'। এই কহে বেদে শাস্ত্রে সকল-বৈষ্ণবে ॥ ২৩৪
সর্ব-বৈষ্ণবের বাক্য যে আদরে লয়। সেই সব জনে পায় সর্বত্র বিজয় ॥ ২৩৫
হেনমতে মহাপ্রভু শ্রীগৌরসুন্দর। ভক্তগোষ্ঠী-সঙ্গে বিহরেন নিরন্তর ॥ ২৩৬
প্রভু বেড়ি' ভক্তগণ বৈসেন সকল। চৌদিগে শোভয়ে যেন চন্দ্রের মণ্ডল ॥ ২৩৭
মধ্যে শ্রীবৈকুণ্ঠনাথ ন্যাসিচূড়ামণি। নিরবধি কৃষ্ণকথা বোলে হরিধ্বনি ॥ ২৩৮
হেনই সময়ে দুই মহাভাগ্যবান্। হইলেন আসিয়া প্রভুর বিদ্যমান ॥ ২৩৯
শাকর-মল্লিক আর রূপ—দুই ভাই। দুই-প্রতি কৃপা-দৃষ্ট্যে চাহিলা গোসাঞি ॥ ২৪০
দূরে থাকি' দুই ভাই দণ্ডবত করি'। কাকুবাদ করেন দশনে তৃণ ধরি' ॥ ২৪১
"জয় জয় মহাপ্রভু শ্রীকৃষ্ণচৈতন্য। যাঁহার কৃপায় হৈল সর্বলোক ধন্য ॥ ২৪২
জয় দীনবৎসল জগতহিতকারী। জয় জয় পরম-সন্ন্যাসী- রূপধারী ॥ ২৪৩
জয় জয় সংকীর্তনবিনোদ অনন্ত। জয় জয় জয় সর্ব-আদি-মধ্য-অন্ত ॥ ২৪৪
আপনে হইয়া শ্রীবৈষ্ণব-অবতার। ভক্তি দিয়া উদ্ধারিলা সকল সংসার ॥ ২৪৫
তবে প্রভু ! মোরে না উদ্ধার' কোন্ কাজে। মুঞি কি না হঙ প্রভু ! সংসারের মাঝে ॥
আজন্ম বিষয়ভোগে হইয়া মোহিত। না ভজিলুঁ তোমার চরণ—নিজ-হিত ॥ ২৪৭
তোমার ভক্তের সঙ্গে গোষ্ঠী না করিলুঁ। তোমার কীর্তন না করিলুঁ, না শুনিলুঁ ॥ ২৪৮
রাজপাত্র করি' মোদেরে বঞ্চনা সে কৈলা। তবে মোদেরে মনুষ্যজনম কেনে দিলা ? ২৪৯
যে-মনুষ্যজন্ম লাগি' দেবেহ কাম্য করে'। হেন জন্ম দিয়াও বঞ্চিলা প্রভু মোদেরে ॥ ২৫০
এবে এই কৃপা কর' অমায়া হইয়া। বৃক্ষমূলে পড়ি' থাকি তোর নাম লঞা ॥ ২৫১
যে তোমার প্রিয়ভক্ত লওয়ায় তোমারে। অবশেষ-পাত্র যেন হঙ তাঁ'র ঘরে ॥" ২৫২
এইমত রূপ সনাতন—দুই ভাই। স্তুতি করে', শুনে প্রভু চৈতন্যগোসাঞি ॥ ২৫৩
কৃপা-দৃষ্ট্যে প্রভু দুই-ভাইরে ত চাঞা। বলিতে লাগিলা অতি সদয় সে হঞা ॥ ২৫৪
প্রভু বোলে, "ভাগ্যবন্ত তুমি দুইজন। বাহির হইলা ছিণ্ডি' বিষয়-বন্ধন ॥ ২৫৫

---

৩ (২য়) ভগবান্ [ছ], (৫ম) যাঁর [গ]; ৪ (৩য়) ছত্র [ক, গ, ঘ, ঙ, ছ]. (৭ম—১২শ) "গঙ্গাদেবী যাঁর পাদপদ্মেতে উদয় ॥" [চ], (১১শ, ১২শ) জন্ম নয় [ছ], জন্ম লয় [ঝ]; ৯ (৬ষ্ঠ) করে [ঙ], ১১ (৭ম) শুভদৃষ্টি [চ], (৭ম, ৮ম) কৃপাদৃষ্টি করিলা [ঙ], কৃপাদৃষ্টো বলিলা [ঞ]; ১২ (৭ম) কাকুতি [ক]; ১৬ (২য়) হইলা [ঘ, ছ, জ]; ১৭ (৮ম—১২শ) মো সম নারকী নাঞি [ছ]; ২১ (৩য়) বেদে [ঘ]; ২২ (১০ম) কৃষ্ণ [জ]; ২৩ (৪র্থ) 'লওয়াও [ঘ, জ], নিবেদি [চ], (৫ম) আমারে [ক], তাহারে [ঘ, জ], (৬ষ্ঠ) অবশেষ পাই [ছ]; (৮ম) হই [ছ, ঞ]; ২৪ (৬ষ্ঠ—১০ম) "প্রভু-আগে স্তুতি করে দন্তে তৃণ লই ॥"[ছ]; ২৬ (৯ম) অশেষ [গ,ঞ], সংসার- [চ, ছ]।

বিষয়বন্ধনে বদ্ধ সকল সংসার। সে-বন্ধন হৈতে তুমি দুই হৈলা পার ॥ ২৫৬
প্রেম-ভক্তি বাঞ্ছা যদি করহ এখনে। তবে ধরি' পড় এই অদ্বৈতচরণে ॥ ২৫৭
ভক্তির ভাণ্ডারী—শ্রীঅদ্বৈতমহাশয়। অদ্বৈতের কৃপায় সে কৃষ্ণভক্তি হয় ॥ ২৫৮
শুনিঞা প্রভুর বাক্য দুই মহাজনে। দণ্ডবত পড়িলেন অদ্বৈত-চরণে ॥ ২৫৯
"জয় জয় শ্রীঅদ্বৈত পতিতপাবন! মুঞি দুই পতিতেরে করহ মোচন ॥" ২৬০
প্রভু বোলে, "শুন শুন আচার্য-গোসাঞি! কলিযুগে এ-মত বিরক্ত কভু নাঞি ২৬১
রাজ্যসুখ ছাড়ি' কাঁথা করঙ্গ লইয়া। মথুরায় থাকেন কৃষ্ণের নাম লৈয়া ॥ ২৬২
অমায়ায় কৃষ্ণভক্তি দেহ' এ-দুঁহারে। জন্ম-জন্ম আর যেন কৃষ্ণ না পাসরে' ॥ ২৬৩
ভক্তির ভাণ্ডারী তুমি, বিনা তুমি দিলে। কৃষ্ণভক্তি কৃষ্ণভক্ত কৃষ্ণ কা'রে মিলে?" ২৬৪
অদ্বৈত বোলে, "প্রভু! সর্বদাতা তুমি। তুমি আজ্ঞা দিলে সে দিবারে পারি আমি ॥ ২৬৫
প্রভু আজ্ঞা দিলে সে ভাণ্ডারী দিতে পারে'। এইমত যাঁ'রে কৃপা কর' যাঁ'র দ্বারে ॥ ২৬৬
কায়-মন-বচনে আমার এই কথা। এ-দুঁহার প্রেমভক্তি হউক সর্বথা ॥" ২৬৭
শুনি' প্রভু অদ্বৈতের কৃপাযুক্ত-বাণী। উচ্চ করি' বলিতে লাগিলা হরিধ্বনি ॥ ২৬৮
দবীরখাসেরে প্রভু বলিতে লাগিলা। "এখনে তোমার কৃষ্ণপ্রেমভক্তি হৈলা ॥ ২৬৯
অদ্বৈতের প্রসাদে সে হয় প্রেমভক্তি। জানিহ অদ্বৈত—শ্রীকৃষ্ণের পূর্ণ শক্তি ॥ ২৭০
কথোদিন জগন্নাথ শ্রীমুখ দেখিয়া। তবে দুই ভাই মথুরায় থাকিহ গিঞা ॥ ২৭১
তোমা' দুহা হৈতে যত রাজস তামস। পশ্চিমা-সভারে গিয়া দেহ' ভক্তিরস ॥ ২৭২
"আমিহ দেখিমু গিয়া মথুরামণ্ডলে। মোর থাকিবার স্থান করিহ বিরলে ॥" ২৭৩
শাকর-মল্লিক-নাম ঘুচাইঞা তান। 'সনাতন অবধুত' থুইলেন নাম ॥ ২৭৪
অদ্যাপিহ দুইভাই—রূপ-সনাতন। চৈতন্যকৃপায় হৈলা বিদিত ভুবন ॥ ২৭৫
যাঁ'র যত কীর্তি ভক্তি-মহিমা উদার। চৈতন্যচন্দ্র সে-সব করেন প্রচার ॥ ২৭৬
নিত্যানন্দ-তত্ত্ব কিবা অদ্বৈতের তত্ত্ব। যত মহাপ্রিয়-ভক্তগোষ্ঠীর মহত্ত্ব ॥ ২৭৭
চৈতন্যপ্রভু সেই সব কৈলা প্রকাশে। সেই প্রভু সব ইহা করেন সন্তোষে ॥ ২৭৮
যে-ভক্ত যে-বস্তু—যাঁ'র যেন অবতার। বৈষ্ণব-বৈষ্ণবী—যাঁ'র অংশে জন্ম যা'র ॥ ২৭৯
যাঁ'র যেনমত পূজা, যাঁ'র যে-মহত্ত্ব। চৈতন্যপ্রভু সেই সব করিলেন সুব্যক্ত ॥ ২৮০

---

৪ (৩য়) আজ্ঞা [ক, খ, গ, ঙ, চ, জ, ঝ, ঞ], (৪র্থ, ৫ম) রূপ সনাতন [ছ], (৭ম) হইলেন [চ, ছ, জ], (৮ম) -চরণ [ছ]; ৫ (৬ষ্ঠ) পাতকীরে [ক, ছ]; ৬ (৫ম) অদ্বৈত- [ঘ, জ], (৯ম) ঝাট [ক, খ, ঘ, ছ, জ, ঝ, ঞ] ৭ (৮ম—১০ম) অতি বিরক্ত হইয়া [ঙ]; ৯ (৩য়—৫ম) হঞা তুমি নাহি [ঙ], (৪র্থ) বিনে [গ, চ, ছ, ঝ, ঞ]; ১২ (২য়) মোহোর [খ, গ, ঝ], (৫ম) দুইএর [ক, গ, ঘ, জ, ঞ], দুহার [চ]; ১৫ (৫ম) বিষ্ণুভক্তি [ক], কৃষ্ণ ভক্তি [চ, ঞ]; ১৮ (৫ম—৭ম) আমার রহিবারে স্থল [ছ]; ২০ (৬ষ্ঠ) বিখ্যাত [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ]; ২১ (৬ষ্ঠ—৮ম) চৈতন্যপ্রভু সে ইহা করিল [ছ], [৮ম) করিল [ঘ, ঙ, চ, জ]; ২৫ এই পংক্তির পর ঞ- মুদ্রিত গ্রন্থে অধিক পাঠ—"শ্রীকৃষ্ণচৈতন্য……তছু পদযুগে গান ॥"।

একদিন প্রভু বসি' আছে স্বপ্রকাশে। অদ্বৈত-শ্রীবাস-আদি ভক্ত চারি-পাশে ॥ ২৮১
শ্রীনিবাসপণ্ডিতেরে ঈশ্বর আপনে। আচার্যের বার্তা জিজ্ঞাসেন তাঁ'র স্থানে ॥ ২৮২
প্রভু বোলে, "শ্রীনিবাস! কহ ত আমারে। কিরূপ বৈষ্ণব তুমি বাস অদ্বৈতেরে ॥" ২৮৩
মনে ভাবি' বলিলা শ্রীবাস-মহাশয়। "শুক-বা-প্রহ্লাদ-হেন মোর চিত্তে লয় ॥" ২৮৪
অদ্বৈতের উপমা—প্রহ্লাদ-শুক হেন। শুনি' প্রভু ক্রোধে শ্রীবাসেরে মারিলেন ॥ ২৮৫
পিতা যেন পুত্রে শিখাইতে স্নেহে মারে। এইমত এক চড় হৈল শ্রীবাসেরে ॥ ২৮৬
"কি বলিলি কি বলিলি পণ্ডিত-শ্রীবাস! মোহোর নাঢ়ারে কহ শুক বা প্রহ্লাদ? ২৮৭
যে-শুকেরে মুক্ত তুমি বোল সর্বমতে। কালিকার বালক শুক নাঢ়ার অগ্রেতে ॥ ২৮৮
এত বড় বাক্য মোর নাঢ়ারে বলিলি! আজি বড় শ্রীবাসিয়া মোরে দুঃখ দিলি!" ২৮৯
এত বলি' ক্রোধে হাথে দীপযষ্টি লঞা। শ্রীবাসেরে মারিবারে যায় খেদাড়িয়া ॥ ২৯০
সম্ভ্রমে উঠিয়া শ্রীঅদ্বৈত মহাশয়। ধরিলা প্রভুর হস্ত করিয়া বিনয় ॥ ২৯১
"বালকেরে বাপ্! শিখাইবা কৃপামনে। কে আছে তোমার ক্রোধ-পাত্র ত্রিভুবনে? ২৯২
আচার্যের বাক্যে প্রভু ক্রোধ করি' দূর। আবেশে কহেন তান মহিমা প্রচুর ॥ ২৯৩
প্রভু বোলে, "তোহোর বালক শিশু তোর। এতেকে সকল ক্রোধ দূর গেল মোর ॥ ২৯৪
মোর নাঢ়া জানিবারে আছে কোন্ জন?—যে মোহরে আনিলেক ভাঙ্গিয়া শয়ন ॥" ২৯৫
প্রভু বোলে, "অরে শ্রীনিবাস মহাশয়! মোহর নাঢ়ারে এই তোমার বিনয় ॥ ২৯৬
শুক-আদি করি' সব—বালক উহার। নাঢ়ার পাছে সে জন্ম জানিহ সভার ॥ ২৯৭
অদ্বৈতের লাগি' মোর এই অবতার। মোর কর্ণে বাজে আসি' নাঢ়ার হুঙ্কার ॥ ২৯৮
শয়নে আছিলুঁ মুই ক্ষীরোদ-সাগরে। জাগাঞা আনিল মোরে নাঢ়ার হুঙ্কারে ॥ ২৯৯
অদ্বৈতের প্রতি শ্রীবাসের বড় প্রীত। প্রভুবাক্য শুনি' হৈলা অতি হরষিত ॥ ৩০০
মহাভয়ে কম্প হঞা বলেন শ্রীবাস।—অপরাধ করিলুঁ, ক্ষমহ মোরে নাথ! ৩০১
তোমার অদ্বৈততত্ত্ব জানহ তুমি সে। তুমি জানালে সে জানয় অন্যদাসে ॥ ৩০২
আজি মোর মহাভাগ্য সকল মঙ্গল। শিখাইয়া আমারে আপনে কৈলা ফল ॥ ৩০৩
এখনে সে ঠাকুরালী বলিয়ে তোমার। আজি বড় মনে বল বাঢ়িল আমার ॥ ৩০৪
এই মোর মনের সঙ্কল্প আজি হৈতে। মদিরা যবনী যদি ধরেন অদ্বৈতে ॥ ৩০৫
তথাপি করিমু ভক্তি অদ্বৈতের প্রতি। কহিলুঁ তোমারে, প্রভু! সত্য করি' অতি ॥" ৩০৬

---

১ (৫ম) সুপ্রকাশে [গ, ঘ, ঙ, চ ছ, জ, ঝ]; ৪ (৪র্থ) পণ্ডিত [ছ], অদ্বৈত- [ক্বচিৎ পাঠ]; ৬ (১০ম) মাইল [জ], মারে [ঞ]; ৮ (৬ষ্ঠ) কালির [ক, ঙ, ছ, ঝ]; ৯ (৯ম) শ্রীনিবাস [খ, ছ, জ]. ১১ (৬ষ্ঠ) হস্তে [চ, ছ, ঝ]; ১২ (৮ম) ক্রোধ ধরে [ছ]; ১৪ (৩য়, ৪র্থ) তোহার [ক, খ, গ, ঙ, ঝ, ঞ], তুমি ত [ঘ, জ], (৭ম) মোর [ঘ, জ ঞ], (৮ম) অতএব [ঘ, জ]; ১৫ (১ম—৪র্থ) প্রভু বলে মোর নাঢ়া জানে [ছ], (৫ম) হেন [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ, ঝ, ঞ], (৬ষ্ঠ) জনে [ক], (১১শ) ধেয়ানে [ক], ধেয়ান [খ]; ১৬ (১০ম) বিজয় [ছ]; ১৯ (৪র্থ) ক্ষীরোদসায়রে [ঘ]; ২৪ (১ম) এরূপে [ঞ], (৮ম, ৯ম) আনন্দ [গ], (৯ম) সুখ [ঙ]।

তুষ্ট হইলেন প্রভু শ্রীবাস-বচনে। পূর্বপ্রায় আনন্দে বসিলা তিনজনে ॥ ৩০৭
পরম-রহস্য এ-সকল পুণ্যকথা। ইহার শ্রবণে কৃষ্ণ পাইয়ে সর্বথা ॥ ৩০৮
যাঁ'র যেন প্রভাব যাঁহার যেন ভক্তি। যে বা আগে, যে বা পাছে, যাঁ'র যেন শক্তি ॥ ৩০৯
সভার সর্বজ্ঞ এক প্রভু গৌররায়। আর জানে'—যে তাহানে ভজে অমায়ায় ॥ ৩১০
বিষ্ণুতত্ত্ব যেন অবিজ্ঞেয়—বেদবাণী। এইমত বৈষ্ণবের তত্ত্ব নাহি জানি ॥ ৩১১
সিদ্ধবৈষ্ণবের অতি বিষম ব্যভার। না বুঝি' নিন্দিয়া মরে সকল সংসার ॥ ৩১২
সিদ্ধবৈষ্ণবের যেন বিষম ব্যভার। সাক্ষাতে দেখহ ভাগবত-কথা-সার ॥ ৩১৩
বৈষ্ণবপ্রধান ভৃগু—ব্রহ্মার নন্দন। অহর্নিশি মনে ভাবে' যাঁ'র শ্রীচরণ ॥ ৩১৪
সে-প্রভুর বক্ষে করিলেন পদাঘাত। তথাপি বৈষ্ণবশ্রেষ্ঠ—দেখহ সাক্ষাত ॥ ৩১৫
প্রসঙ্গে শুনহ ভাগবতের আখ্যান। যে-নিমিত্ত ভৃগু করিলেন হেন কাম ॥ ৩১৬
পূর্বে সরস্বতী-তীরে মহা-ঋষিগণ। আরম্ভিলা মহাযজ্ঞ পুরাণ-শ্রবণ ॥ ৩১৭
সভে শাস্ত্রকর্তা, সভে মহাতপোধন। অন্যোহন্যে লাগিলা ব্রহ্মবিচার-কথন ॥৩১৮
'ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর—তিন দেব-মাঝে। কে প্রধান?' বিচারেন মুনির সমাজে ॥ ৩১৯
কেহো বোলে, 'ব্রহ্মা বড়' কেহো, 'মহেশ্বর'। কেহো বোলে, 'বিষ্ণু বড় সভার উপর' ॥৩২০
পুরাণেই নানামত করেন কথন। 'শিব বড়' কোথাও, কোথাও 'নারায়ণ' ॥ ৩২১
তবে সব ঋষিগণ মিলিঞা ভৃগুরে। আদরিলা এ-প্রমাণ-তত্ত্ব জানিবারে ॥ ৩২২
"ব্রহ্মার মানসপুত্র তুমি মহাশয়! সর্বমতে তুমি জ্যেষ্ঠ শ্রেষ্ঠ তত্ত্বময় ॥ ৩২৩
তুমি ইহা জান' গিয়া করিয়া বিচার। সন্দেহ খণ্ডাহ আসি' আমা'-সভাকার ॥ ৩২৪
তুমি যে কহিবা, সেই সভার প্রমাণ।" শুনি' ভৃগু চলিলেন আগে ব্রহ্মা-স্থান ॥ ৩২৫
ব্রহ্মার সভায় গিয়া ভৃগু মুনিবর। দম্ভ করি' রহিলেন ব্রহ্মার গোচর ॥ ৩২৬
পুত্রে দেখি' ব্রহ্মা বড় সন্তোষ হইলা। সকল কুশল জিজ্ঞাসিবারে লাগিলা ॥ ৩২৭
সত্ত্ব পরীক্ষিতে' ভৃগু ব্রহ্মার নন্দন। শ্রদ্ধা করি' না শুনেন বাপের বচন ॥ ৩২৮
স্তুতি বা বিনয় বা গৌরব নমস্কার। কিছু না করেন পিতা-পুত্র-ব্যবহার ॥ ৩২৯
দেখিয়া পুত্রের অনাদর অব্যভার। ক্রোধে ব্রহ্মা হইলেন অগ্নি-অবতার ॥ ৩৩০
ভস্ম করিবেন—হেন ক্রোধ মগ্ন হৈলা। দেখিয়া পিতার মুর্তি ভৃগু পলাইলা ॥ ৩৩১

---

২ (২য়, ৩য়) যে শুনিলে কৃষ্ণকথা [চ], (৭ম) মিলিব [ঙ]; ৩ (৩য়) প্রতাপ [চ], (৬ষ্ঠ) শক্তি [ঘ, চ], (১৫শ) ভক্তি [ঘ, চ]; ৫ (১ম) বিষ্ণুভক্তি [থ, চ], বিষ্ণুভক্ত [জ, ঞ]; ৬ (৩য়) পরম [ঙ], বিনয় [চ]; ৮(৭ম) চিন্তে [ছ]; ৯ এই পংক্তির পর ঞ- মুদ্রিত গ্রন্থে অধিক পাঠ—"শ্রীকৃষ্ণচৈতন্য……পদযুগে গান ॥"; ১৩ (৪র্থ) তিনজন [ক, থ, গ, ঙ, চ,ছ, ঝ,ঞ],১৭ (৯ম) সত্ত্বময় [ক, গ], সর্বময় [চ], মহাশয় [ছ]; ১৮ (৮ম) ঘুচাহ [চ, ছ], (১০ম) আমরা সভার [থ, গ, ঙ, ঝ]; ১৯ (৭ম) তবে [ক, থ, গ, ঘ, চ, ছ, জ, ঞ], (৭ম—৯ম) তত্ত্ব বুঝিবারে গেলা [ঙ]; ২০ (৮ম) কহিলেন [ক], বসিলেন [জ]; ২১ (৪র্থ) মনে [জ], (৯ম) বার্তা পুছিতে [চ]; ২২ (১ম) সত্য [থ, গ, চ, জ], তত্ত্ব [ঙ], সভা [ঞ]; ২৩ (২য়—৪র্থ) কি বা বিনয় [ঝ]; ২৫ (৫ম) অগ্নি [ক, গ, ঘ, জ, ঞ], (১১শ) ত্রাস পাইলা [ছ]।

সভে বুঝাইলা ব্রহ্মার পা'য়ে ধরি। "পুত্রেরে কি গোসাঞি ! এমত ক্রোধ করি' ?" ৩৩২
তবে পুত্রস্নেহে ব্রহ্মা ক্রোধ পাসরিলা। জল পাঞা অগ্নি যেন নির্বাণ হইলা ॥ ৩৩৩
তবে ভৃগু ব্রহ্মারে বুঝিয়া ভালমতে। কৈলাসে আইলা মহেশ্বরে পরীক্ষিতে' ॥ ৩৩৪
ভৃগু দেখি' মহেশ্বর আনন্দিত হঞা। উঠিলা পার্বতী-সঙ্গে আদর করিঞা ॥ ৩৩৫
জ্যেষ্ঠভাই-গৌরবে আপনে ত্রিলোচন। প্রেমযোগে উঠিলা করিতে আলিঙ্গন ॥ ৩৩৬
ভৃগু বোলে, "মহেশ ! পরশ নাহি কর'। যতেক পাষণ্ডবেশ সব তুমি ধর' ॥ ৩৩৭
ভূত প্রেত পিশাচ—অস্পৃশ্য যত আছে। হেন সব পাষণ্ডীরে রাখ তুমি কাছে ॥ ৩৩৮
যতেক উৎপথ সে তোমার ব্যভার। ভস্মাস্থি-ধারণ—কোন্ শাস্ত্রের আচার ? ৩৩৯
তোমার পরশে স্নান করিতে যুয়ায়। দূরে থাক দূরে থাক অহে ভূতরায় !" ৩৪০
পরীক্ষা-নিমিত্তে ভৃগু বোলেন কৌতুকে। কভু শিবনিন্দা নাহি ভৃগুর শ্রীমুখে ॥ ৩৪১
ভৃগুবাক্যে মহাক্রোধে দেব ত্রিলোচন। ত্রিশূল তুলিয়া লইলেন্ সেইক্ষণ ॥ ৩৪২
জ্যেষ্ঠভাই-ধর্ম পাসরিলা শ্রীশঙ্কর। হইলেন যেহেন সংহার মূর্তিধর ॥ ৩৪৩
ত্রিশূল তুলিলা শিব ভৃগুরে মারিতে। আথে ব্যথে দেবী আসি' ধরিলেন হাথে ॥ ৩৪৪
চরণে ধরিয়া বুঝায়েন মহেশ্বরী। "জ্যেষ্ঠভাইরে কি প্রভু ! এত ক্রোধ করি' ॥ ৩৪৫
দেবীবাক্যে লজ্জা পাঞা বসিলা শঙ্কর। ভৃগু চলিলা বৈকুণ্ঠে—শ্রীকৃষ্ণের ঘর ॥ ৩৪৬
শ্রীরত্ন-খট্টায় প্রভু আছেন শয়ন। লক্ষ্মী সেবা করিতে আছেন শ্রীচরণ ॥ ৩৪৭
হেনই সময়ে ভৃগু আসি' অলক্ষিতে। পাদাঘাত করিলেন প্রভুর বক্ষেতে ॥ ৩৪৮
ভৃগু দেখি' মহাপ্রভু সম্ভ্রমে উঠিয়া। নমস্করিলেন প্রভু মহাপ্রীত হঞা ॥ ৩৪৯
লক্ষ্মীর সহিত প্রভু ভৃগুর চরণ। সন্তোষে লাগিলেন করিতে প্রক্ষালন ॥ ৩৫০
বসিতে দিলেন আনি' উত্তম আসন। শ্রীহস্তে তাহান অঙ্গে লেপিলা চন্দন ॥ ৩৫১
অপরাধিপ্রায় যেন হইয়া আপনে। অপরাধ মাগিয়া লয়েন তান স্থানে ॥ ৩৫২
"তোমার শুভবিজয় আমি না জানিঞা। অপরাধ করিয়াছি ক্ষম মোরে ইহা ॥ ৩৫৩
এই যে তোমার পাদোদক পুণ্যজল। তীর্থেরে করয়ে তীর্থ হেন সুনির্মল ॥ ৩৫৪
যতেক ব্রহ্মাণ্ড বৈসে আমার দেহেতে। যত লোকপাল সব আমার সহিতে ॥ ৩৫৫
পাদোদক দিয়া আজি করিলা পবিত্র। অক্ষয় হইয়া রহু তোমার চরিত্র ॥ ৩৫৬
এই যে তোমার শ্রীচরণচিহ্নধূলি। বক্ষে রাখিলাঙ আমি হঞা কুতূহলী ॥ ৩৫৭

---

২ (১০ম) সুসাম্য [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ, ঝ, ঞ]; ৪ (৮ম) আনন্দ [ছ]; ৭ (৪র্থ) অদৃশ্য [ছ], ৮ (২য়—৫ম) উৎপথ সব বৈভব তোমার [ছ], (৯ম) বিচার [খ, ঘ, চ, ছ, ঞ]; ১০ (২য়) ভূত [ক, ঘ]; ১১ (২য়, ৩য়) মহাক্রোধ হই' [ক], মহাক্রোধ হৈলা [খ, ঘ, ঙ, চ, জ, ঝ], (৮ম) ততক্ষণ [ক; খ, ঘ, ঙ, জ, ঞ], ১৩ (১ম, ২য়) শূল তুলিলেন [ক, খ, গ, ঘ, ঙ, ছ, জ, ঝ, ঞ]; ১৫ (৪র্থ) রহিলা [ক, গ, ঘ, ঙ, চ, ছ, জ], (৮ম—১০ম) শ্রী-বৈকুণ্ঠ—কৃষ্ণ ঘর [ঝ, ঞ], বৈকুণ্ঠ কৃষ্ণের গোচর [চ]; ১৬ (১ম) -মণ্ডপে [ঙ]; ২০ (৩য়) অতি [ছ], (৭ম) মুনির [ঘ, জ]; ২৪ (১ম, ২য়) যত লোকপাল [ছ]।

লক্ষ্মীসঙ্গে নিজবক্ষে দিলুঁ আমি স্থান। বেদে যেন 'শ্রীবৎসলাঞ্ছন'বোলে নাম॥" ৩৫৮
শুনিঞা প্রভুর বাক্য, বিনয় ব্যভার। কাম ক্রোধ লোভ মোহ—সকলের পার॥ ৩৫৯
দেখি' মহাঋষি পাইলেন চমৎকার। লজ্জিত হইয়া মাথা না তোলেন আর॥ ৩৬০
যাহা করিলেন সে তাহান কর্ম নয়। আবেশের কর্ম ইহা—জানিহ নিশ্চয়॥ ৩৬১
বাহ্য পাঞা প্রীত শ্রদ্ধা দেখিতে দেখিতে। ভক্তিরসে পূর্ণ হঞা লাগিলা নাচিতে॥ ৩৬২
হাস্য, কম্প, ঘর্ম, মূর্ছা, পুলক, হুঙ্কার। ভক্তিরসে মগ্ন হৈলা ব্রহ্মার কুমার॥ ৩৬৩
"সভার ঈশ্বর কৃষ্ণ, সভার জীবন।"—এই সত্য, বলি' নাচে ব্রহ্মার নন্দন॥ ৩৬৪
দেখিয়া কৃষ্ণের শান্ত-বিনয়-ব্যভার। হেন বিপ্রভক্তি কোথাও না সম্ভবে' আর॥ ৩৬৫
ভক্তিজড় হৈলা—বাক্য না আইসে বদনে। আনন্দাশ্রুধারা মাত্র বহে শ্রীনয়নে॥ ৩৬৬
সর্বভাবে ঈশ্বরেরে দেহ সমর্পিলা। পুন মুনিসভামধ্যে আসি' ত মিলিলা॥ ৩৬৭
ভৃগু দেখি' সভে হৈলা আনন্দ অপার। "কহ ভৃগু! কা'র কেমন বুঝিলা ব্যভার? ৩৬৮
তুমি যেই কহ, সেই সভার প্রমাণ।" তবে সব কহিলেন ভৃগু ভগবান॥ ৩৬৯
ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর—তিনের ব্যভার। সকল কহিয়া এই কহিলেন সার॥ ৩৭০
সর্বশ্রেষ্ঠ—শ্রীবৈকুণ্ঠনাথ নারায়ণ। সত্য সত্য সত্য—এই বলিলুঁ বচন॥ ৩৭১
সভার ঈশ্বর কৃষ্ণ—জনক সভার। ব্রহ্মা শিবো করেন যাঁহার অধিকার॥ ৩৭২
কর্তা হর্তা রক্ষিতা সভার নারায়ণ। নিঃসন্দেহে ভজ গিয়া তাঁ'র শ্রীচরণ॥ ৩৭৩
ধর্ম, জ্ঞান, পুণ্য, কীর্তি, ঐশ্বর্য, বিরক্তি। আত্মশ্রেষ্ঠ-মধ্যম—যাহার যত শক্তি॥ ৩৭৪
সকল কৃষ্ণের—ইহা জানিহ নিশ্চয়। অতএব গাও' ভজ' কৃষ্ণের বিজয়॥" ৩৭৫
সেই কৃষ্ণ সাক্ষাত—চৈতন্য ভগবান্। কীর্তনবিহারে হঞাছেন বিদ্যমান্॥ ৩৭৬
ভৃগুর বচন শুনি' সব ঋষিগণ। নিঃসন্দেহ হৈলা—'সর্বশ্রেষ্ঠ নারায়ণ'॥ ৩৭৭
ভৃগুরে পুজিয়া বোলে সব ঋষিগণ। "সংশয় ছিণ্ডিলা, তুমি ভাল কৈলা মন॥" ৩৭৮
কৃষ্ণভক্তি সভে লইলেন দৃঢ়-মনে। ভক্তরূপে ব্রহ্মা-শিবে পুজেন যতনে॥ ৩৭৯
সিদ্ধবৈষ্ণবের যেন বিষম ব্যবহার। কহিলাঙ—ইহা বুঝিবার শক্তি কা'র? ৩৮০
পরীক্ষিতে কর্ম কি না ছিল কিছু আর? তা'র লাগি' করিলেন চরণপ্রহার? ৩৮১
সৃষ্টিকর্তা ভৃগুদেব যাঁ'র অনুগ্রহে। কী সাহসে চরণ দিলেন সে হৃদয়ে? ৩৮২
'অবোধ অগম্য অধিকারীর ব্যভার।—ইহা বিনা সিদ্ধান্ত না দেখি কিছু আর॥ ৩৮৩

---

২ (৫ম) ব্যবহার [খ, ঘ, চ, ছ, জ]; ৫ (৩য়) প্রীতি [খ, ঘ, ঝ], ৬ (৮ম) পূর্ণ [ক, ঙ, চ, ছ]; ৮ (২য়) প্রভূর [ঙ], (৪র্থ—৮ম) বিপ্রভক্ত এই কথা না সম্ভবে [চ], প্রেমভক্তি যে কোথাও না শুনেন [ক্বচিৎ পাঠ]; ৯ (৮ম তাঁর [ক্বচিৎ পাঠ]; ১০ (৬ষ্ঠ) সভা মধ্যে ভৃগু [ঘ, ঙ, ছ, জ, ঝ]; ১১ (১১শ) দেখিলে [ক, ঙ, ঞ], করিলা [গ, ঘ, ছ, জ]; ১৭ (১ম) কর্ম [ক], (৭ম) আকনিষ্ঠ- [ঙ] আত্মাজ্যষ্ঠ [ছ]; ১৮ (৩য়) শক্তি [ছ]; ১৯ (২য়, ৩য়) প্রভু শ্রীকৃষ্ণ [ঝ]; ২১ (৭ম) ছিণ্ডিয়া [চ, ঝ], ২২ (৪র্থ) হর্ষ- [খ], ভাল- [ঘ, চ, জ], (৮ম) আপনে [চ, ছ]; ২৩ (৩য়) বিষয় [চ, ছ, ঞ]; ২৬ (১ম) অগাধ [ক, চ]।

মুলে কৃষ্ণ প্রবেশি' সে ভৃগু-হৃদয়েতে। করাইলা' ভক্তি মহিমা প্রকাশিতে ॥ ৩৮৪
জ্ঞানপূর্ব ভৃগুর এ-কর্ম কভু নয়। কৃষ্ণ বাঢ়ায়েন অধিকারি-ভক্ত-জয় ॥ ৩৮৫
বিরিঞ্চি-শঙ্করো বাঢ়াইতে কৃষ্ণজয়। ভৃগুরে হইলা ক্রুদ্ধ দেখাঞা মহাভয় ॥ ৩৮৬
ভক্তসব যেন গায় নিত্য কৃষ্ণজয়। কৃষ্ণ বাঢ়ায়েন ভক্তজয় অতিশয় ॥ ৩৮৭
অধিকারি-বৈষ্ণবের না বুঝি ব্যভার। যে-জন নিন্দয়ে, তা'র নাহিক নিস্তার ॥ ৩৮৮
অধমজনেরো যে-আচার যে-ধর্ম। অধিকারি-বৈষ্ণবেও করে' সেই কর্ম ॥ ৩৮৯
কৃষ্ণ-কৃপায় সে ইহা জানিবারে পারে'। এ-সব সঙ্কটে কেহো মরে, কেহো তরে' ॥ ৩৯০
সভে ইথে দেখি এক মহা-প্রতিকার। সভারে করিব স্তুতি-বিনয়-ব্যভার ॥ ৩৯১
অজ্ঞ হঞা লইবেক কৃষ্ণের শরণ। সাবধানে শুনিবেক মহান্তবচন ॥ ৩৯২
তবে কৃষ্ণ তা'রে দেন হেন দিব্যমতি। সর্বত্র নিস্তার পায়, না ঠেকয়ে কতি ॥ ৩৯৩
ভক্তি করি' যে শুনয়ে চৈতন্য-অবতার। সেইসব জন সুখে পাইব নিস্তার ॥ ৩৯৪
শ্রী(কৃষ্ণ)চৈতন্য-নিত্যানন্দচান্দ পঁহু জান। বৃন্দাবনদাস তছু পদযুগে গান ॥ ৩৯৫

ইতি শ্রীচৈতন্যভাগবতে অন্ত্যখণ্ডে শ্রীমদদ্বৈতমহিমাদি বর্ণনং
নাম দশমোঽধ্যায়ঃ ॥ ১০

১০—এই পংক্তির পর ঞ-মুদ্রিত গ্রন্থে অধিক পাঠ—"শুন শুন আরে ভাই! শ্রীকৃষ্ণের লীলা। যে নাম লইলে নাহি হয় কোন জ্বালা ॥"; ১২ (১ম) শ্রীকৃষ্ণচৈতন্য............চান্দ (চন্দ্র- ক), (২য়, ৩য়) জান [খ, থ, গ, ঘ, ঙ, চ, জ, ঝ, ঞ]।

একাদশ অধ্যায়

জয় জয় গৌরচন্দ্র শ্রীবৎসলাঞ্ছন। জয় শচীগর্ভরত্ন ধর্মসনাতন ॥ ১
জয় সংকীর্তনপ্রিয় শ্রীগৌরগোপাল। জয় শিষ্টজনপ্রিয় জয় দুষ্টকাল ॥ ২
ভক্তগোষ্ঠীসহিত গৌরাঙ্গ জয় জয়। শুনিলে চৈতন্যকথা ভক্তি লভ্য হয় ॥ ৩
হেনমতে বৈকুণ্ঠনায়ক ন্যাসিরূপে। বিহরেন ভক্তগোষ্ঠী লইয়া কৌতুকে ॥ ৪
একদিন বসিয়া আছেন প্রভু সুখে। হেনকালে শ্রীঅদ্বৈত আইলা সম্মুখে ॥ ৫
বসিলেন অদ্বৈত প্রভুরে নমস্করি'। হাসি অদ্বৈতেরে জিজ্ঞাসেন গৌরহরি ॥ ৬
সন্তোষে বোলেন প্রভু, "কহ ত আচার্য! কোথা হইতে আইলা করিলা কোন্ কার্য?" ৭
অদ্বৈত বোলেন, "দেখিলাঙ জগন্নাথ। তবে আইলাঙ এই তোমার সাক্ষাত ॥" ৮

---

১৮ (৩য়) শ্রীকৃষ্ণচন্দ্র [চ], (৬ষ্ঠ) শচীগর্ভজাত [চ]; ২৫ (৩য়) আগে দেখি- [গ], (১ম) আজি [ঙ], প্রভু [ছ]।

প্রভু বোলে, "জগন্নাথ শ্রীমুখ দেখিয়া। তবে আর কি করিলা ? কহ দেখি তাহা ?" ৯
অদ্বৈত বোলেন, "আগে দেখি' জগন্নাথ। তবে করিলাঙ প্রদক্ষিণ পাঁচ সাত ॥" ১০
প্রদক্ষিণ শুনি' প্রভু হাসিতে লাগিলা। হাসি' বোলে প্রভু, "তুমি হারিলা হারিলা ॥"১১
আচার্য বোলেন, "কি সামগ্রী হারিবারে ? লক্ষণ দেখাহ, তবে জিনিহ আমারে !"১২
প্রভু বোলে, "সামগ্রী শুনহ হারিবার। তুমি যে করিলা প্রদক্ষিণ-ব্যবহার ॥ ১৩
যতক্ষণ তুমি পৃষ্ঠদিগেরে চলিলা। ততক্ষণ তোমার সে দর্শন নহিলা ॥ ১৪
আমি যতক্ষণ ধরি' দেখি জগন্নাথ। আমার লোচন আর না যায় কোথা ত ? ১৫
কি দক্ষিণে কিবা বামে কিবা প্রদক্ষিণে। আর নাহি দেখোঁ জগন্নাথ-মুখ বিনে ॥"১৬
করজোড় করি' বোলে আচার্যগোসাঞি। "এ-রূপে সকল হারি তোমার সে ঠাঞি ॥ ১৭
এ-কথার অধিকারী আর ত্রিভুবনে—। সত্য কহিলাঙ এই—নাহি তোমা' বিনে ॥ ১৮
তুমি সে ইহার প্রভু ! এক অধিকারী। এ-কথায় তোমারে সে মাত্র আমি হারি ॥"১৯
শুনিঞা হাসেন সর্ব-বৈষ্ণবমণ্ডল। 'হরি' বলি' উঠিল মঙ্গল-কোলাহল ॥ ২০
এইমত প্রভুর বিচিত্র সর্বকথা। অদ্বৈতেরে অতি প্রীতি করেন সর্বথা ॥ ২১
একদিন গদাদরদেব প্রভুস্থানে। কহিলেন পূর্ব-মন্ত্রদীক্ষার কারনে ॥ ২২
"ইষ্টমন্ত্র আমি যে কহিলুঁ কা'রো প্রতি। সেই হৈতে আমার না স্ফুরে ভাল মতি ॥ ২৩
সেই মন্ত্র তুমি মোরে কহ পুনর্বার। তবে মন-প্রসন্নতা হইব আমার ॥" ২৪
প্রভু বোলে, "তোমার যে উপদেষ্টা আছে। সাবধান—তথা অপরাধ হয় পাছে ॥ ২৫
মন্ত্রের কি দায়, প্রাণো আমার—তোমার। উপদেষ্টা থাকিতে না হয় ব্যবহার ॥" ২৬
গদাধর বোলে, "তিহোঁ না আছেন এথা। তান পরিবর্তে তুমি করাহ সর্বথা ॥" ২৭
প্রভু বোলে, "তোমার যে গুরু বিদ্যানিধি। অনায়াসে তাহানে আনিতেছেন বিধি ॥"২৮
সর্বজ্ঞের চূড়ামণি—জানেন সকল। "গদাধর ! বিদ্যানিধি আইলা উৎকল ॥ ২৯
এথাই দেখিবা দিন-দশের ভিতরে। আইসেন কেবল আমারে দেখিবারে ॥ ৩০
নিরবধি বিদ্যানিধি হয় মোর মনে। বুঝিলাঙ—তুমি আকর্ষিয়া আন' তানে ॥" ৩১
এইমত প্রভু প্রিয়-গদাধর-সঙ্গে। তান মুখে ভাগবত শুনি' থাকে রঙ্গে ॥ ৩২
গদাধর পঢ়েন সম্মুখে ভাগবত। শুনিঞা প্রকাশে' প্রভু প্রেমভাব যত ॥ ৩৩
প্রহ্লাদচরিত্র আর ধ্রুবের চরিত্র। শতাবৃত্তি করিয়া শুনেন সাবহিত ॥ ৩৪

---

৬ (৪র্থ) চাহিলা [ক, চ]; ৯ (৪র্থ) অদ্বৈতগোসাঞি [ঙ], (৬ষ্ঠ) সকলে [চ]; ১০ (৩য়) প্রভু [খ]; ১১ (৫ম) হও [চ], একা [ছ]; ১২ (৩য়) প্রভুবৈষ্ণবমণ্ডল [ক, গ, চ, ঞ]; ১৭ (৯ম, ১০ম) অপরাধী হও [ঞ]; ১৯ (৩য়—৫ম) প্রভু তিহোঁ নাহি [ক], (৭ম) তানি [ক, চ]; ২০ (৯ম) আনিতে আছে [ক, খ, গ, ঘ], মিলাঞা দিব [ঞ], ২১ (৫ম—৭ম) বিদ্যানিধি শীঘ্রগতি আসিবে [ঞ], ২২ এই পংক্তির পর ঞ-মুদ্রিত গ্রন্থে অধিক পাঠ—"শ্রীকৃষ্ণচৈতন্য……তচ্ছু পদযুগে গান ॥"; ২৫ (৮ম) প্রৌঢ়ভাব [খ], কৃষ্ণভাব [ঝ]।

আন কার্যে প্রভুর নাহিক অবসর। নাম-গুণ বোলেন শুনেন নিরন্তর ॥ ৩৫
ভাগবত-পাঠ—গদাধরের বিষয়। দামোদরস্বরূপের কীর্তন—বিষয় ॥ ৩৬
একেশ্বর দামোদরস্বরূপ গুণ গায়। বিহ্বল হইয়া নাচে শ্রীবৈকুণ্ঠ-রায় ॥ ৩৭
অশ্রু, কম্প, হাস্য, মূর্ছা, পুলক, হুঙ্কার। যত কিছু আছে প্রেমভক্তির বিকার ॥ ৩৮
মূর্তিমন্ত সভে থাকে ঈশ্বরের স্থানে। নাচেন চৈতন্যচন্দ্র ইঁহা-সভা'-সনে ॥ ৩৯
দামোদরস্বরূপের উচ্চসংকীর্তন। শুনিলে না থাকে বাহ্য, পড়ে সেইক্ষণ ॥ ৪০
সন্ন্যাসি-পার্ষদ যত ঈশ্বরের হয়। দামোদরস্বরূপ-সমান কেহো নয় ॥ ৪১
যত প্রীতি ঈশ্বরের পুরীগোসাঞিরে। দামোদরস্বরূপেরে তত প্রীতি করে' ॥ ৪২
দামোদরস্বরূপ-সঙ্গীতরসময়। যাঁ'র ধ্বনি-শ্রবণে প্রভুর নৃত্য হয় ॥ ৪৩
অলক্ষিতরূপ—কেহো চিনিতে না পারে'। কাপড়ির রূপে যেন বুলনে নগরে ॥ ৪৪
কীর্তন করেন—যেন তুম্বুরু নারদ। একা প্রভু নাচায়েন—কী আর সম্পদ ? ৪৫
সন্ন্যাসীর মধ্যে ঈশ্বরের প্রিয়পাত্র। আর নাহি, এক পুরীগোসাঞি সে মাত্র ॥ ৪৬
দামোদরস্বরূপ পরমানন্দপুরী। সন্ন্যাসি-পার্ষদে এই দুই অধিকারী ॥ ৪৭
নিরবধি নিকটে থাকেন দুইজন। প্রভুর সন্ন্যাসে করে' দণ্ডের গ্রহণ ॥ ৪৮
পুরী ধ্যানপর, দামোদরের কীর্তন। ন্যাসি-দেহে ন্যাসিরূপে বাহু দুইজন ॥ ৪৯
অহর্নিশ গৌরচন্দ্র সংকীর্তনরঙ্গে। বিহরেন দামোদরস্বরূপের সঙ্গে ॥ ৫০
কি শয়নে কি ভোজনে কিবা পর্যটনে। দামোদর প্রভু না ছাড়েন কোনক্ষণে ॥ ৫১
পূর্বাশ্রমে 'পুরুষোত্তম-আচার্য' নাম তান। প্রিয়সখা পুণ্ডরীকবিদ্যানিধি-নাম ॥ ৫২
পথে চলিতেও প্রভু দামোদর-গানে। নাচেন বিহ্বল হঞা, পথ নাহি জানে' ॥ ৫৩
একেশ্বর দামোদরস্বরূপ-সংহতি। প্রভু সে আনন্দে পড়েন—না জানেন কতি ॥ ৫৪
কিবা জল, কিবা স্থল, কিবা বন ডাল। কিছু না জানেন প্রভু, গর্জেন বিশাল ॥ ৫৫
একেশ্বর দামোদর কীর্তন করেন। প্রভুরেও বনে—জঙ্গলে পড়িতে ধরেন ॥ ৫৬
দামোদরস্বরূপের ভাগ্যের যে-সীমা। দামোদরস্বরূপ সে তাহার উপমা ॥ ৫৭
একদিন মহাপ্রভু আবিষ্ট হইয়া। পড়িলা কূপের মাঝে আছাড় খাইয়া ॥ ৫৮
দেখিয়া অদ্বৈত-আদি সম্ভ্রম পাইঞা। ক্রন্দন করেন সভে শিরে হাথ দিয়া ॥ ৫৯

---

১ (৭ম, ৮ম) শুনেন পড়েন [ঙ]; ২ (১ম—৩য়) "ভাগবত পড়ে গদাধর মহাশয়।" [ঙ, চ]. (৪র্থ—৬ষ্ঠ) তাহা শুনি' প্রভুর চিত্তে প্রেমানন্দ হয় ॥" [ছ], দামোদরস্বরূপ কিন্নর যে নিন্দয় ॥" [ঞ], (৬ষ্ঠ) আশয় [ক্বচিৎ পাঠ]; ৩ (৮ম) শ্রীচৈতন্য- [ঘ, জ], শ্রীগৌরাঙ্গ- [ঝ, ঞ]; ৬ (৭ম) নাচে [ক, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ]; ৭ (৫ম) দামোর স্বরূপের অপ্রিয় [খ], দামোদরস্বরূপ সম প্রিয় [ঞ]; ৮ (২য়) প্রীত [ক, খ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ], (৭ম) প্রীত [ক, খ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ]; ১০ (৬ষ্ঠ) কপটীর [ক, গ, ঞ], বাউলের [জ], [কাপড়ি—কাপালিক বা বৌদ্ধ সন্ন্যাসী। কাপটী—কপট]; ১২ (৭ম) সবে [ছ]; ১৭ (৭ম) দামোদরে [খ, ঙ]; ১৯ (৬ষ্ঠ) বিবশ [ঙ], (৮ম,৯ম) আপনা না [ঙ];২১ (৭ম) টাল [ক্বচিৎ পাঠ]; ২৩ (৩য়) কি- [খ]; নাহিসীমা [ছ]; ২৫ (৩য়) সম্মোহ [ঘ,ঙ,ছ,জ,ঝ]॥

কিছু না জানেন প্রভু প্রেমভক্তিরসে। বালকের প্রায় যেন কূপে পড়ি' ভাসে ॥ ৬০
সেইক্ষণে কূপ হৈল নবনীতময়। প্রভুর শ্রীঅঙ্গে কিছু ক্ষত নাহি হয় ॥ ৬১
এ কোন্ অদ্ভুত ?—যাঁ'র ভক্তির প্রভাবে। বৈষ্ণব নাচিতে অঙ্গে কণ্টক নাহি লাগে ! ৬২
তবে অদ্বৈতাদি মিলি' সর্বভক্তগণে। তুলিলেন প্রভুরে ধরিয়া কথোক্ষণে ॥ ৬৩
পড়িলা যে কূপে—প্রভু তাহা নাহি জানে'। 'কি বোল কি কথা ?' প্রভু জিজ্ঞাসে আপনে
বাহ্য নাহি জানেন প্রভু প্রেমভক্তিরসে। অসর্বজ্ঞপ্রায় প্রভু সভারে জিজ্ঞাসে' ॥ ৬৫
শ্রীমুখের শুনি' অতি-অমৃত-বচন। আনন্দে ভাসেন অদ্বৈতাদি ভক্তগণ ॥ ৬৬
এইমত ভক্তিরসে ঈশ্বর বিহরে'। বিদ্যানিধি আইলেন জানিঞা অন্তরে ॥ ৬৭
চিত্তে মাত্র করিতে ঈশ্বর সেইক্ষণে। বিদ্যানিধি আসিয়া দিলেন দরশনে ॥ ৬৮
বিদ্যানিধিরে দেখি'প্রভু হাসিতে লাগিলা। 'বাপ্ আইলা ! বাপ্ আইলা !'বলিতে লাগিলা
বিদ্যানিধি প্রেমে হইলা আনন্দে বিহ্বল। পূর্ণ হৈল হৃদয়ের সকল মঙ্গল ॥ ৭০
শ্রীভক্তবৎসল গৌরচন্দ্র নারায়ণ। বিদ্যানিধি বক্ষে করি' করেন ক্রন্দন ॥ ৭১
সকল বৈষ্ণববৃন্দ কান্দে চারিভিতে। বৈকুণ্ঠস্বরূপ সুখ মিলিলা সাক্ষাতে ॥ ৭২
ঈশ্বরসহিত যত আছে ভক্তগণ। বিদ্যানিধি-প্রতি প্রেম বাঢ়ে অনুক্ষণ ॥ ৭৩
দামোদরস্বরূপ—তাহান পূর্বসখা। চৈতন্যের অগ্রে দুইজনে হৈল দেখা ॥ ৭৪
দুইজনে চাহেন দুঁহার পদধূলি। দুঁহে ধরাধরি ঠেলাঠেলি ফেলাফেলি ॥ ৭৫
কেহো কা'রে না পারেন, দুঁহে মহাবলী। করায়েন হাসেন গৌরাঙ্গ কুতুহলী ॥ ৭৬
তবে বাহ্য পাঞা প্রভু বিদ্যানিধি-প্রতি। কহে, "কথোদিন নীলাচলে কর' স্থিতি ॥" ৭৭
শুনি' প্রেমনিধি মহা সন্তোষ হইলা। বড় ভাগ্য মানি' প্রভু-নিকটে রহিলা ॥ ৭৮
গদাধরদেবো ইষ্টমন্ত্র পুনর্বার। প্রেমনিধিস্থানে প্রেমে কৈলেন স্বীকার ॥ ৭৯
আর কি কহিমু প্রেমনিধির মহিমা। যাঁ'র শিষ্য গদাধর—এই তা'র সীমা ॥ ৮০
যাঁ'র কীর্তি বাখানে' অদ্বৈত শ্রীনিবাস। যাঁ'র কীর্তি বোলেন মুরারি হরিদাস ॥ ৮১
হেন নাহি বৈষ্ণব—যে তানে না বাখানে'। পুণ্ডরীকো সর্বভক্ত কায়-বাক্য-মনে ॥ ৮২
অহঙ্কার তান দেহে নাহি তিলমাত্র। না বুঝি—কী অদ্ভুত চৈতন্যকৃপাপাত্র ॥ ৮৩

---

৩ (৩য়) প্রভাব [ক], ৪ (৮ম) সেইক্ষণে [ছ, ঞ]; ৬ (৬ষ্ঠ) অসম্ভব কথা [চ], ৭ (৩য়) -বিনয়- [ক]; ৯ (৮ম) মিলেন [চ]; ১১ (১ম) প্রেমনিধি [ক, গ, ঘ, ঙ, চ, জ, ঝ, ঞ], (২য়—৪র্থ) প্রেমানন্দে হইলা [ক্বচিৎ পাঠ]; ১২ (৪র্থ) প্রেমনিধি [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ, ঝ, ঞ]; ১৪ (৫ম) প্রেমনিধি [ক, খ, গ, ঘ, চ, জ, ঝ, ঞ], (৬ষ্ঠ) প্রীতে [ছ]; ১৭ (৭ম—১০ম) "দেখিয়া হাসেন যত এ ভক্তমণ্ডলী ॥" [ছ]; ১৮ (১ম—৩য়) হাসিয়া কহেন [ছ], (৬ষ্ঠ—৮ম) কথোদিন নীলাচলে তুমি [খ, গ, ঘ, চ, ঝ]; ১৯ (৬ষ্ঠ, ৭ম) ভাগ্য হেন [ক, গ, ঘ, চ, ছ, ঝ,ঞ]; ২০ (৫ম) তবে [খ]; ২১ (১০ম) প্রিয়- [ক, ঘ, ঙ, চ, জ]; ২৩ (৯ম) যশ ঘোষে [খ], এই পংক্তির পর অতিরিক্ত ক্বচিৎ পাঠ—"গদাধর ইষ্টদেব বোলে কায়-মনে। বিদ্যানিধি স্নেহ করে সন্তান-সমানে ॥"; ২৪ (৬ষ্ঠ—১০ম) "চৈতন্যের একান্ত হয়েন কৃপাপাত্র ॥" [খ]।

যেরূপ কৃষ্ণের প্রিয়পাত্র বিদ্যানিধি। গদাধর-শ্রীমুখের কথা কিছু লিখি ॥ ৮৪
বিদ্যানিধি রাখি' প্রভু আপন-নিকটে। বাসা দিলা যমেশ্বরে—সমুদ্রের তটে ॥ ৮৫
নীলাচলে রহিয়া দেখেন জগন্নাথ। দামোদরস্বরূপের বড় প্রেম-পাত্র ॥ ৮৬
দুইজনে জগন্নাথ দেখে একসঙ্গে। অন্যোঽন্যে থাকেন কৃষ্ণরসকথারঙ্গে ॥ ৮৭
যাত্রা আসি' বাজিল 'ওঢ়ন-ষষ্ঠী' নাম। নববস্ত্র পরেন জগন্নাথ ভগবান্ ॥ ৮৮
সে-দিন মাণ্ডুয়া-বস্ত্র পরেন ঈশ্বরে। তান যেই ইচ্ছা, সেইমত দাসে করে' ॥ ৮৯
শ্রীগৌরসুন্দরো লঞা সর্বভক্তগণ। আইলা দেখিতে যাত্রা শ্রীবস্ত্র-ওঢ়ন ॥ ৯০
মৃদঙ্গ, মন্দিরা, শঙ্খ, দুন্দুভি, কাহাল। ঢাক, দগড়, কাড়া বাজয়ে বিশাল ॥ ৯১
সেই দিনে নানা বস্ত্র পরেন অনন্ত। ষষ্ঠী হৈতে লাগি' হয় মকর-পর্যন্ত ॥ ৯২
বস্ত্র লাগি' হইতে লাগিলা রাত্রিশেষে। ভক্তগোষ্ঠী-সহ প্রভু দেখি' প্রেমে ভাসে ॥ ৯৩
আপনেই উপাসক, উপাস্য আপনে। কে বুঝে তাহান মন তান কৃপা বিনে ? ৯৪
রসময় দারুরূপে বসি' যোগাসনে। ন্যাসিরূপে ভক্তিযোগ করে' অনুক্ষণে ॥ ৯৫
পট্ট-নেত—শুক্ল পীত নীল নানা বর্ণে। দিব্য বস্ত্র দেন, মুক্তা রচিত সুবর্ণে ॥ ৯৬
'বস্ত্র লাগি' হৈলে দেন পুষ্প-অলঙ্কার। পুষ্পের কঙ্কণ শ্রীকিরীট পুষ্পহার ॥ ৯৭
গন্ধ পুষ্প ধূপ দীপ ষোড়শোপচারে। পুজা করি' ভোগ দিলা বিবিধপ্রকারে ॥ ৯৮
তবে প্রভু যাত্রা দেখি' সর্বগোষ্ঠী-সঙ্গে। আইলা বাসায় প্রেমানন্দ-সুখরঙ্গে ॥ ৯৯
বাসায় বিদায় দিলা বৈষ্ণব-সভারে। বিরলে রহিলা নিজানন্দে একেশ্বরে ॥ ১০০
যাঁ'র যে বাসায় সভে করিলা গমন। বিদ্যানিধি দামোদর সঙ্গে অনুক্ষণ ॥ ১০১
অন্যোঽন্যে দোঁহার যতেক মনঃকথা। নিষ্কপটে দোঁহে কহে দোঁহারে সর্বথা ॥ ১০২
মাণ্ডুয়া বসন যে পরিলা জগন্নাথ। সন্দেহ জন্মিল বিদ্যানিধির ইহাত ॥ ১০৩
জিজ্ঞাসিলা দামোদরস্বরূপের স্থানে। "মণ্ডের কাপড় ঈশ্বরেরে দেন কেনে ? ১০৪
এ-দেশে ত শ্রুতি স্মৃতি সকল প্রচুরে। তবে কেনে বিনা ধোতে মণ্ডবস্ত্র পরে' ?" ১০৫
দামোদরস্বরূপ বোলেন, "শুন কথা। দেশাচারে ইথে দোষ না লয়েন এথা ॥ ১০৬
শ্রুতি-স্মৃতি যে জানে', সে না করে' সর্বথা। এ-যাত্রায় এইমত সর্বকাল এথা ॥ ১০৭

---

১ (৮ম) শুনি' [খ], এই পংক্তির পর ঞ- মুদ্রিত গ্রন্থে অধিক পাঠ—"শ্রীকৃষ্ণচৈতন্য…তছু পদযুগে গান ॥"; ৪ (৭ম) শ্রীকৃষ্ণকথারঙ্গে [ক, গ]; ৫ (৬ষ্ঠ) নয়াবস্ত্র [খ, ঙ, ছ, ঝ]; ৭ (৪র্থ—৭ম) "আইলেন দেখিবারে যাত্রা শ্রীওঢ়ন [খ], ৮ (২য়) মুহুরী [ক, ঘ, ছ, জ], মুহরী [খ, গ, ঙ, ঝ], মুঞ্জরী [ঞ]; (৬ষ্ঠ) ঢাকঢোল [ঙ], (৭ম) ডগড়া [ঞ]; ৯ (১০ম) রহে [খ, ছ, ঝ]. ১০ (২য়) পরাইতে [খ], যাত্রা-[ছ], (৫ম) রাত্রিদিশে [ঘ ঙ, ছ, জ],(৬ষ্ঠ—১০ম) -সহিতে দেখিয়া প্রেমে হাসে [ঘ, জ]; ১২ (১ম) এই প্রভু [ঞ]; ১৫ (১ম—৩য়) বস্ত্র পরাইয়া [খ]; ১৬ (৮ম) প্রেম-আনন্দতরঙ্গে [ঘ, ঙ, ছ, জ]; ১৭ (৩য়) হৈল [ঘ, ঙ, জ]; ২০ (১ম) মাণ্ডুয়া· [ঞ], (৪র্থ) ধরিলা [ক, গ, ঙ, ঝ, ঞ]; ২১ (৬ষ্ঠ, ৭ম) ঈশ্বর পরেন [খ]; ২২ (৬ষ্ঠ) প্রচারে [ক, খ, গ, ঙ, ছ, ঞ], আচারে [ঘ], আছয়ে [জ], (১২শ) ধরে [ক, ঙ]; ২৪ (৫ম) বা [ক], (৮ম—১১শ) "লওয়ায়েন জগন্নাথ এই মনঃকথা ॥" [ঙ], (১১শ) প্রথা [গ]।

ঈশ্বরের ইচ্ছা যদি না থাকে অন্তরে। তবে দেখ রাজা কেনে নিষেধ না করে' ?" ১০৮
বিদ্যানিধি বোলে, "ভাল, করুন ঈশ্বরে। ঈশ্বরের যে-কর্ম, সেবকে কেনে করে' ? ১০৯
পুজাপাণ্ডা, পশুপাল, পড়িছা, বেহারা। অপবিত্র-বস্ত্র কেনে ধরে' বা ইহারা ? ১১০
জগন্নাথ--ঈশ্বর; সম্ভবে' সব তানে। তান আচরণ কি করিব সর্বজনে॥ ১১১
মণ্ডবস্ত্র স্পর্শে হস্ত ধুইলে সে শুদ্ধি। ইহা বা না করে' কেনে হইয়া সুবুদ্ধি ? ১১২
রাজপাত্র অবুধ যে—ইহা না বিচারে। রাজাও মাণ্ডুয়া-বস্ত্র দেন নিজশিরে!" ১১৩
দামোদরস্বরূপ বোলেন, "শুন ভাই ! হেন বুঝি—এ ওঢ়ন-যাত্রায় দোষ নাই॥ ১১৪
পরংব্রহ্ম—জগন্নাথরূপে অবতার। বিধি বা নিষেধ এথা না করে' বিচার। ১১৫
বিদ্যানিধি বোলে, "ভাই শুন এক কথা। পরংব্রহ্ম—জগন্নাথবিগ্রহ সর্বথা॥ ১১৬
তান দোষ নাহি বিধি-নিষেধ লঙ্ঘিলে। এ-গুলাও ব্রহ্ম হৈল থাকি' নীলাচলে ? ১১৭
ইহারাও ছাড়িলেক লোকব্যবহার। সভেই হইল ব্রহ্মরূপ-অবতার ?" ১১৮
এত বলি' সর্বপথে হাসিঞা হাসিঞা। যায় দুইজন বড় হাস্যযুক্ত হঞা॥ ১১৯
দুই সখা হাথাহাথি করিয়া হাসেন। জগন্নাথ-দাসেরেও আচার দোষেন॥ ১২০
সভে না জানেন সর্বদাসের স্বভাব। কৃষ্ণ সে জানেন—যা'র যত অনুরাগ॥ ১২১
ভ্রম করায়েন কৃষ্ণ আপন-দাসেরে। ভ্রমোচ্ছেদো করে পাছে সদয় অন্তরে॥ ১২২
ভ্রম করাইলা বিদ্যানিধিরে আপনে। ভ্রমচ্ছেদ-কৃপাও শুনিবা এইক্ষণে॥ ১২৩
এইমত রঙ্গে ঢঙ্গে দুই প্রিয়সখা। চলিলেন কৃষ্ণকার্যে—যাঁ'র যথা বাসা॥ ১২৪
ভিক্ষা করি' আইলেন গৌরাঙ্গের স্থানে। প্রভুস্থানে আসি' দুই রহিলা শয়নে॥ ১২৫
সকল জানেন প্রভু চৈতন্যগোসাঞি। জগন্নাথরূপে স্বপ্নে গেলা তাঁ'র ঠাঞি॥ ১২৬
স্বপনে দেখেন বিদ্যানিধি-মহাশয়। জগন্নাথ আসি' হৈলা সম্মুখে বিজয়॥ ১২৭
ক্রোধরূপ জগন্নাথে বিদ্যানিধি দেখে। আপনে ধরিয়া তান চড়ায়েন মুখে॥ ১২৮
দুই ভাই মিলি' চড় মারে দুই গালে। হেন দঢ় চড় যে অঙ্গুলি গালে ফুলে॥ ১২৯
দুঃখ পাঞা প্রেমনিধি 'কৃষ্ণ রক্ষ' বোলে। 'অপরাধ ক্ষম' ' বলি পড়ে পদতলে॥ ১৩০
"কোন্ অপরাধে মোরে মারহ গোসাঞি !" প্রভু বোলে, "তোর অপরাধের অন্ত নাঞি॥
মোর জাতি, মোর সেবকের জাতি নাঞি। সকল জানিলা তুমি রহি' এই ঠাঞি॥ ১৩২
তবে কেন রহিয়াছ জাতিনাশা স্থানে। জাতি রাখি' চল তুমি আপন-ভবনে॥ ১৩৩

---

৩ (৩য়, ৪র্থ) পড়িহারি যাহারা [ক]; ৫ (২য়] ছুঁই [খ], (২য়—৬ষ্ঠ) হস্তপরশ হইলে অশুদ্ধি [ঙ]; ৬(১ম) রাজাপাত্র [খ, ঙ, ঞ], (৭ম—১০ম) "রাজা হঞা মাণ্ডুয়ার বসন পরে শিরে॥" [খ]; ৮ (৭ম) তার [খ], ইহা [ঘ] কিছু [ছ]; ১১ (৪র্থ) সর্বলোক [ছ]; ১২ (৬ষ্ঠ—৯ম) যায়েন যেহেন হাস্যাবেশযুক্ত [ক, গ, ঝ, ঞ], নিন্দেন ওঢ়ন-যাত্রা রসযুক্ত [ছ], ১৩ (৬ষ্ঠ) -সেবকের [খ]; ১৪ (৫ম) প্রভাব [চ]; ১৬ (৫ম—৭ম) "ভ্রমচ্ছেদ করাইতে কৃপা সেইক্ষণে॥" [ক]; ১৭ (৭ম) নিজকার্যে [খ, চ]; ১৮ (৮ম) সভে [ঝ, ঞ]; ২০ (১ম) অপ্রীত [ঘ], অদ্ভুত [জ], (৫ম) প্রভু [ছ], বলাই [কচিৎ পাঠ]।

আমি যে করিয়াছি এ-যাত্রার নির্বন্ধ। তাহাতেও ভাব' অনাচারের সম্বন্ধ ? ১৩৪
আমারে করিয়া ব্রহ্ম সেবকে নিন্দিয়া। মাড়ুয়া কাপড়-স্থানে দোষদৃষ্টি দিয়া ?" ১৩৫
স্বপ্নে বিদ্যানিধি মহাভয় পাঞা মনে। ক্রন্দন করেন ধরি' শিরে শ্রীচরণে ॥ ১৩৬
"সব অপরাধ প্রভু ! ক্ষম' পাপিষ্ঠেরে। ঘাটিলুঁ ঘাটিলুঁ প্রভু ! বলিলুঁ তোমারে ॥ ১৩৭
যে-মুখে হাসিলুঁ প্রভু ! তোর সেবকেরে। সে-মুখের শাস্তি, প্রভু ! ভাল কৈলা মোরে ॥
ভালদিন হৈল মোর আজি সুপ্রভাত। মুখ কপোলের ভাগ্যে বাজিল শ্রীহাত ॥" ১৩৯
প্রভু বোলে, "তোরে অনুগ্রহের লাগিয়া। তোমারে করিলুঁ শাস্তি সেবক দেখিয়া ॥" ১৪০
স্বপ্নে প্রেমনিধিপ্রতি কৃপাদৃষ্টি করি'। দেউলে আইলা দুইভাই—রাম হরি ॥ ১৪১
স্বপ্ন দেখি' বিদ্যানিধি জাগিয়া উঠিলা। গালে চড় সব দেখি' হাসিতে লাগিলা ॥ ১৪২
শ্রীহস্তের চড়ে সব ফুলিয়াছে গাল। দেখি' বিদ্যানিধি বোলে, "বড় ভাল ভাল ॥ ১৪৩
যেন কৈলুঁ অপরাধ, তা'র শাস্তি পাইলুঁ। ভালই করিলা প্রভু ! অল্পে এড়াইলুঁ ॥" ১৪৪
দেখ দেখ এই বিদ্যানিধির মহিমা। সেবকেরে দয়া যত, তা'র এই সীমা ॥ ১৪৫
পুত্র যে প্রদ্যুম্ন তাহারেও হেন-মতে। চড় নাহি মারেন আপনার শ্রীহাথে ॥ ১৪৬
জানকী-রুক্মিণী-সত্যভামা-আদি যত। ঈশ্বর ঈশ্বরী আর আছে কত কত ॥ ১৪৭
সাক্ষাতেই মারে যা'র অপরাধ হয়। স্বপ্নের প্রসাদ-শাস্তি দৃশ্য কভু নয় ॥ ১৪৮
স্বপ্নে দণ্ড পায়, কিবা অর্থলাভ হয়। জাগিলে পুরুষ, সেই দুই কিছু নয় ॥ ১৪৯
শাস্তি বা প্রসাদ স্বপ্নে যাঁ'রে প্রভু করে'। সে যদি সাক্ষাতে লোকে দেখে ফল ধরে' ॥ ১৫০
তাঁ'র বড় ভাগ্যবান নাহিক সংসারে। স্বপ্নেহো না কহে, প্রভু অভক্তজনেরে ॥ ১৫১
সাক্ষাতে এ-সব তত্ত্ব বুঝহ বিচারে।—এই যে যবনগণ নিন্দা হিংসা করে' ॥ ১৫২
তাহারাও স্বপ্নে অনুভব-মাত্র চায়। নিন্দা হিংসা করে' দেখি' স্বপ্ন নাহি পায় ॥ ১৫৩
যবনের কি দায়, যে ব্রাহ্মণ সজ্জন। তা'রা যত অপরাধ করে' অনুক্ষণ ॥ ১৫৪
অপরাধ হৈলে দুই লোকে দুঃখ পায়। স্বপ্নেও অভক্ত পাপিষ্ঠেরে না শিখায় ॥ ১৫৫
স্বপ্নে প্রত্যাদেশ প্রভু করেন যাঁহারে। সেই মহাভাগ্য—হেন মানে' আপনারে ॥ ১৫৬

---

১ (৩য়) করিয়া আছি [খ, ঝ, ঞ]; (৮ম) জাতিনাশের [খ, জ], লোকাচারের [চ], (৯ম) নির্বন্ধ [ঞ], ২ (৬ষ্ঠ) মাণ্ডুয়া কাপড় [খ, ঙ, ঝ, ঞ]; ৩ (৮ম, ৯ম) ধরি সেবি [ঘ], ধরি শীতল [চ], বড় ধরি [ছ]; ৪ (৮ম) এই [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, ঞ]; ৬ (৭ম) ভাগ্য [ঘ]; ৮ (৩য়) প্রেমদৃষ্টি [ঝ, ঞ]; ৯ (৬ষ্ঠ—৮ম) সব গালে চড় [ঞ], (৮ম) চিহ্ন [চ]; (৮ম, ৯ম) দেখি সভে [ছ]; ১০ (৭ম) প্রেমনিধি [ক, গ, ঘ, ঙ, জ, ঝ, ঞ], ১২ (১০ম) নাহি [ঙ, চ]; ১৩ (৫ম) এন- [ক, ঙ], এই- (গ, ছ], (৭ম—৯ম) লাথি না মারেন শ্রীপদে [ক], (৯ম) না ফেলান [ঙ, ঝ], (৯ম, ১০ম) শিখায়েন শ্রীহস্তে [ছ]; ১৫ (১ম, ২য়) সাক্ষাত না রহে [খ]; ১৬ (১০ম) সত্য [ছ]; ১৮ (১ম) তাঁরে [ঘ, ছ, ঝ], (২য়) বাড়া [চ, ঞ], (৯ম) কিছু [ক, খ, গ, ঙ, চ, জ, ঝ, ঞ]; ১৯ (২য়—৩য়) যে সেই সভে [ক], সে এই সব [ঙ, ঝ, ঞ]; ২২ (২য়) হৈতে [খ]; ২৩ (৪র্থ) কহেন [খ, গ, ঘ, ছ], (৭ম, ৮ম) মহাভাগ্যবান্ [ছ]।

সাক্ষাতে আপনে স্বপ্নে মারিল তাঁহারে। এ-প্রাসাদ সভে দেখি' শ্রীপ্রেমনিধিরে ॥১৫৭
তবে পুণ্ডরীকদেব উঠিলা প্রভাতে। চড়ে গাল ফুলিয়াছে—দেখে দুই হাথে ॥ ১৫৮
প্রতিদিন দামোদরস্বরূপ আসিয়া। জগন্নাথ দেখে দুঁহে একসঙ্গ হঞা ॥ ১৫৯
স্বরূপ বোলেন, "জগন্নাথ-দরশনে। আজি শয্যা হৈতে নাহি উঠ কি-কারণে ?" ১৬০
বিদ্যানিধি বোলে, "ভাই! এথাই আইস। কহিমু সকল কথা, খানিক বইস ॥" ১৬১
দামোদর আসি' দেখে—তান দুই গাল। ফুলিয়াছে, চড়চিহ্ন দেখেন বিশাল ॥ ১৬২
দামোদরস্বরূপ জিজ্ঞাসে, "এ কি কথা? কেনে গাল ফুলিয়াছে, কিবা পাইলা ব্যথা ?"
হাসিয়া বোলেন বিদ্যানিধি মহাশয়। শুন ভাই! কালি গেল যতেক সংশয় ॥ ১৬৪
মাড়ুয়া-বস্ত্রেরে যে করিলুঁ অবজ্ঞান। তা'র শাস্তি গালে এই দেখ বিদ্যমান ॥ ১৬৫
আজি স্বপ্নে আসি' জগন্নাথ বলরাম। দুই-দণ্ড চড়ায়েন—নাহিক বিশ্রাম ॥ ১৬৬
'মোর পরিধানবস্ত্র করিলি নিন্দন!' এত বলি' গালে চড়ায়েন দুই জন ॥ ১৬৭
গালে যত বাজিয়াছে অঙ্গুলের অঙ্গুরী। ভালমতে উত্তরো করিতে না পারি ॥ ১৬৮
লজ্জায় কাহারেও সম্ভাসা নাহি করি। গাল ভাল হৈলে সে বাহির হৈতে পারি ॥ ১৬৯
এই কথা অন্যত্র কহিতে যোগ্য নয়। বড় ভাগ্য হেন ভাই! মানিলুঁ হৃদয় ॥ ১৭০
ভাল শাস্তি পাইলুঁ অপরাধ-অনুরূপে। এ নহিলে পড়িতাঙ মহা অন্ধকূপে ॥" ১৭১
বিদ্যানিধি-প্রতি দেখি স্নেহের উদয়। আনন্দে ভাসেন দামোদর মহাশয় ॥ ১৭২
সখার সম্পদে হয় সখার উল্লাস। দুইজনে হাসেন পরমানন্দহাস ॥ ১৭৩
দামোদরস্বরূপ বোলেন, "শুন ভাই! এমত অদ্ভুত দণ্ড দেখি শুনি নাই!! ১৭৪
স্বপ্নে আসি' শাস্তি করে' আপন সাক্ষাতে। আর শুনি নাই, সবে দেখিলুঁ তোমাতে ॥"
হেনমতে দুই সখা পরম সন্তোষে। রাত্রি-দিন না জানেন কৃষ্ণকথা-রসে ॥ ১৭৬
হেন পুণ্ডরীক-বিদ্যানিধির প্রভাব। ইহানে সে গৌরচন্দ্রপ্রভু বোলে "বাপ্" ॥ ১৭৭
পাদস্পর্শভয়ে না করেন গঙ্গাস্নান। সবে গঙ্গা দেখেন, করেন জলপান ॥ ১৭৮
এ-ভক্তের নাম লঞা শ্রীগৌরসুন্দর। 'পুণ্ডরীক' নাম ধরি' কান্দেন বিস্তর ॥ ১৭৯

---

১ (৩য়) হস্ত [খ], প্রভু [চ]; ৩ এই পংক্তির পর অধিক পাঠ—"প্রত্যহ আইসে স্বরূপ সে দিনও আইলা। আসিয়া তাহানে কিছু কহিতে লাগিলা ॥" [ঞ]; ৪ আজি কেনে বিদ্যানিধি হৈল এত বেলা। আজি জগন্নাথদেব দেখিতে না গেলা ?" [ছ], (১ম, ২য়) সকালে আইস [ক, খ, গ, ঘ, ঙ, জ, ঝ, ঞ], ৭ "দামোদর বোলে, "কেনে ফুলা দুই গাল। ইহার সন্দর্ভকথা কহিমু সকল ॥" [ছ]; ৮ (৭ম) রাত্রে [ঘ, জ]. (৯ম] কালির [ছ]; ৯ (১ম) মাণ্ডুয়া- [ঙ; চ, ঝ, ঞ], (৬ষ্ঠ) সাক্ষী [ঘ, জ]; ১০ (৬ষ্ঠ, ৭ম) দুই জনে চড়াইলেন [চ]; ১২ (২য়) চড় [ঙ, চ]; ১৪ (১ম) এ ত [ঝ, ঞ], (৫ম, ৬ষ্ঠ) না যুয়ায় [খ], ১৫ (৩য়) কৈল [খ], (৮ম) -ভবকূপে [গ]; ১৯ (৫ম) আপনে [ঝ], (৬ষ্ঠ) সম্মুখে [ঙ], (১২শ) তোমাকে [ঙ]; ২০ (৪র্থ) ভাসেন [ক, ঙ, ঝ, ঞ],ভাবেন [ঘ, চ, জ]; ২১ (৩য়) স্বভাব [ক], (৪র্থ—৬ষ্ঠ) এই সে কারণে গৌরচন্দ্র [ছ]; ২৩ (৮ম—৯ম) কান্দে নিরন্তর [ঙ, জ]।

পুণ্ডরীকবিদ্যানিধিচরিত্র শুনিলে। অবশ্য তাহারে কৃষ্ণপাদপদ্ম মিলে' ॥ ১৮০
শ্রী(কৃষ্ণ)চৈতন্য-নিত্যানন্দচান্দ পঁহু জান। বৃন্দাবনদাস তছু পদযুগে গান ॥ ১৮১

ইতি শ্রীচৈতন্যভাগবতে অন্ত্যখণ্ডে শ্রীপুণ্ডরীকবিদ্যানিধিপাদ-চরিত-বর্ণনং
নাম একাদশোঽধ্যায়ঃ ॥ ১১

সমাপ্তশ্চায়ং অন্ত্যখণ্ডঃ

ইতি শ্রীশ্রীব্যাসাবতার-শ্রীশ্রীল-বৃন্দাবনদাস-ঠকুর-বিরচিতং
শ্রীশ্রীচৈতন্যভাগবতং সম্পূর্ণম্ ॥

২ (১ম) শ্রীকৃষ্ণচৈতন্য- ………………… চান্দ (চন্দ্র-ক), (২য়, ৩য়) জান [ক, খ, ঙ, চ, ঝ, ঞ]।